ব্যাখ্যা MS Word a text-এর যে কোনো অংশ কপি করতে চাইলে ঐ অংশ সিলেক্ট করে (drag করে) কী বোর্ডে ctrl + c কমান্ড চাপতে হয়। পরবর্তীতে সেটা Paste করতে চাইলে Ctrl + v কমান্ড চাপতে হয়।

59. প্রিন্ট করার শর্টকাট কমান্ড কোনটি?

ⓐ ctrl + shift ⓑ ctrl + p
ⓒ shift + p ⓓ alt + p

ব্যাখ্যা কম্পিউটারে কোনো ডকুমেন্ট দ্রুত প্রিন্ট দিতে Ctrl + P কমান্ড চাপতে হয়। এতে একটি ডায়ালগ বক্স আসে, যেখানে প্রয়োজনমত বিভিন্ন অপশন নির্বাচন করে Print বাটনে প্রেস করলে ডকুমেন্ট প্রিন্ট হয়। এছাড়া ডকুমেন্ট পেইজের ফাইল মেনু থেকেও প্রিন্ট করা যায়।

60. WAN-এর পূর্ণরূপ কি?

ⓐ World Area Network
ⓑ Wide Area Network
ⓒ Wild Area Network
ⓓ White Area Network

ব্যাখ্যা WAN-এর পূর্ণরূপ হলো Wide Area Network। দূরবর্তী ল্যানসমূহকে নিয়ে গড়ে ওঠা নেটওয়ার্ককে ওয়াইড এরিয়া নেটওয়ার্ক বলে। সাধারণত দুটি ভিন্ন ভিন্ন দেশের মধ্যে এ ধরনের নেটওয়ার্ক গড়ে ওঠে। এ ধরনের নেটওয়ার্কে ব্যবহৃত ডিভাইসগুলো হলো রাউটার, মডেম ইত্যাদি।

উত্তর

| | |
|---|---|
| 56 | c |
| 57 | b |
| 58 | b |
| 59 | b |
| 60 | b |

## 'খ' বিভাগ

[প্রশ্ন নং ৬১-৭০ উত্তর করার জন্য লিখিত উত্তরপত্র ব্যবহার করুন]

সময়কাল : ৪৫ মিনিট; মান : ৪০

### বাংলা (মান-১২)

61. 'বাংলাদেশের আন্তর্জাতিক বাণিজ্য : শুল্ক এবং অশুল্ক বাধা' বিষয়ে (২০০ শব্দের মধ্যে) একটি প্রবন্ধ লিখুন। ৮

62. Translate the following into Bangla : ৪

a. The economy of Bangladesh is one of the fastest growing economics in the world.
উত্তর : বাংলাদেশের অর্থনীতি বিশ্বের দ্রুত বিকশিত অর্থনীতির মধ্যে একটি।

b. Black will take no other hue.
উত্তর : কয়লা ধুলে ময়লা যায় না।

c. The US has imposed fresh tariffs on $112bn of Chinese imported goods.
উত্তর : আমদানিকৃত চীনা পণ্যের উপর যুক্তরাষ্ট্র ১১২ বিলিয়ন ডলার নতুন শুল্ক আরোপ করেছে।

d. Chittagong Port, the country's premier seaport, has grown in the capacity of container handling and others over the years.
উত্তর : চট্টগ্রাম বন্দর দেশের প্রধান সমুদ্রবন্দর, বছরের পর বছর ধরে কনটেইনার নিয়ন্ত্রণ ও অন্যান্য কিছুতে সক্ষমতা অর্জন করেছে।

### ইংরেজি (মান- ১২)

63. Write a paragraph (about 150 words) on "Graduation from LDC to Middle Income Country : Impact on Foreign Trade of Bangladesh". ৮

64. ইংরেজিতে অনুবাদ করুন : ৪

A. বিশ্বের সবচেয়ে বড় চিরহরিৎ বনাঞ্চল আমাজন।
Ans : The Amazon is the largest evergreen forest of the world.

B. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে বৈদেশিক বিনিয়োগের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।
Ans : The foreign investment is playing an important role in the development of the economy of Bangladesh.

C. দ্রষ্টার চোখেই সৌন্দর্য থাকে।

Ans : Beauty lies the eye of the beholder.

D. মৌসুমের আগেই বাজারে ইলিশের সরবরাহ বেড়েছে।

Ans : The supply of hilsa is increasing in the market before the season.

## গণিত (মান- ২ × ৪ = ০৮)

65. একজন মাঝির দাঁড় বেয়ে ১৫ কি.মি. যেতে এবং সেখান থেকে ফিরে আসতে ৪ ঘণ্টা সময় লাগে। সে স্রোতের অনুকূলে যতক্ষণে ৫ কি.মি. যায়, স্রোতের প্রতিকূলে ততক্ষণে ৩ কি.মি. যায়। দাঁড়ের বেগ ও স্রোতের বেগ নির্ণয় কর।

**সমাধান** মনে করি, নৌকার বেগ x কিমি/ঘণ্টা এবং স্রোতের বেগ y কিমি/ঘণ্টা

ধরি, স্রোতের অনুকূলে t ঘণ্টায় যায় ৫ কিমি

∴ " " ১ " " $\frac{৫}{t}$ "

এবং স্রোতের প্রতিকূল t ঘণ্টায় যায় ৩ কিমি

∴ " " ১ " " $\frac{৩}{t}$ "

অর্থাৎ $x+y=\frac{৫}{t}$ .............. (i)

$x-y=\frac{৩}{t}$ .............. (ii)

প্রশ্নমতে, $\frac{১৫}{x+y}+\frac{১৫}{x-y}=৪$

$\Rightarrow \frac{১৫}{\frac{৫}{t}}+\frac{৫}{\frac{৩}{t}}=৪$

$\Rightarrow ১৫\times\frac{t}{৫}+১৫\times\frac{t}{৩}=৪$

$\Rightarrow ৩t+৫t=৪$

$\Rightarrow ৮t=৪$

$\Rightarrow t=\frac{১}{২}$

t এর মান (i) নং ও (ii) নং এ বসিয়ে পাই,

$x+y=১০$ .............. (iii)

$x-y=৬$ ................ (iv)

(iii) নং ও (iv) নং যোগ করে পাই

$x+y=১০$

$\underline{x-y=৬}$

$২x=১৬$

$\Rightarrow x=\frac{১৬}{২}=৮$

x এর মান (iii) নং সমীকরণে বসিয়ে পাই,

$৮+y=১০$

$\Rightarrow y=১০-৮$

$\Rightarrow y=২$

∴ নৌকার বেগ ৮ কিমি/ঘণ্টা এবং স্রোতের বেগ ২ কিমি/ঘণ্টা

66. একটি সমিতির নেতা নির্বাচনে দুইজন প্রতিপক্ষের মধ্যে কবির সাহেব ৪ : ৩ ভোটে জয়লাভ করলেন। যদি মোট সদস্য সংখ্যা ৫৮১ হয় এবং ৯১ জন সদস্য ভোট না দিয়ে থাকেন, তবে কবির সাহেবের প্রতিপক্ষ কত ভোটের ব্যবধানে পরাজিত হয়েছেন?

**সমাধান** মনে করি,

কবির সাহেব পেয়েছেন ভোট ৪ক এবং তার অপর প্রতিপক্ষ পেয়েছেন ভোট ৩ক

মোট ভোট দেয় = (৫৮১ − ৯১) জন = ৪৯০ জন

প্রশ্নমতে, ৪ক + ৩ক = ৪৯০

⇒ ৭ক = ৪৯০

⇒ ক = $\frac{৪৯০}{৭}$ = ৭০ জন

∴ কবির সাহেবের প্রতিপক্ষ পরাজিত হয়েছেন

= (৪ক − ৩ক) ভোটের ব্যবধানে

= (৪ × ৭০ − ৩ × ৭০) " "

= ২৮০ − ২১০ " "

= ৭০ ভোটের ব্যবধানে।

## সাধারণ জ্ঞান (মান- ৪ × ২ = ০৮)

67. হ্যানয় কোন দেশের রাজধানী?

উত্তর : দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশ ভিয়েতনামের রাজধানী হ্যানয়।

68. রোলস-রয়েস কোন দেশের মোটরযান উৎপাদনকারী প্রতিষ্ঠান?

উত্তর : রোলস-রয়েস একটি ব্রিটিশ মোটরযান উৎপাদনকারী প্রতিষ্ঠান।

69. তুরস্কের মুদ্রার নাম কি?

উত্তর : পশ্চিম এশিয়ার রাষ্ট্র তুরস্কের মুদ্রার নাম লিরা।

70. ২০১৮ সালে বাংলাদেশের চামড়া রপ্তানির পরিমাণ কত?

উত্তর : ২০১৮ সালে বাংলাদেশের চামড়া রপ্তানির পরিমাণ ১৮৩ মিলিয়ন মার্কিন ডলার।

## ০৯ বাংলাদেশ ডাক বিভাগের মেইল অপারেটর, স্টেনো টাইপিস্ট কাম কম্পিউটার অপারেটর, নিম্নমান সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ২০১৯

পরীক্ষার তারিখ : ২৩.০৮.২০১৯; সময় : ৪৫ মিনিট; পূর্ণমান : ৭০; সেট-১

[বি.দ্র.– সকল প্রশ্নের মান সমান। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ নম্বর কাটা যাবে।]

১. 'গায়ক'-এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ⓚ গা + ওক ⓚ গা + অক
ⓖ গা + য়ক ⓖ গৈ + অক

(ব্যাখ্যা) এ, ঐ, ও, ঔ-কারের পর এ, ঐ স্থানে যথাক্রমে অয়, আয়, এবং ও, ঔ স্থানে যথাক্রমে অব্ ও আব্ হয়। যেমন— গৈ + অক = গায়ক, নৈ + অক = নায়ক, পৌ + অক = পাবক।

২. 'কুলি' শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি?
ⓚ কামিন ⓚ কামিনী ⓖ কুলিনী ⓖ কুলিনা

(ব্যাখ্যা) 'কুলি' শব্দের অর্থ ভার বহন যার পেশা, মুটে। এর স্ত্রীবাচক শব্দ কামিন।

৩. 'ন্যাকামিটা এখন রাখো'। বাক্যে 'ন্যাকামি' শব্দের সঙ্গে 'টা' যুক্ত হয়ে কোন অর্থ প্রকাশ করে?
ⓚ নিরর্থকতা ⓚ সার্থকতা
ⓖ দ্বার্থকতা ⓖ ভিন্নার্থকতা

(ব্যাখ্যা) কয়েকটি অব্যয় বা প্রত্যয় কোনো না কোনো পদের আশ্রয়ে বা পরে সংযুক্ত হয়ে নির্দিষ্টতা জ্ঞাপন করে, এগুলোকে পদাশ্রিত অব্যয় বা পদাশ্রিত নির্দেশক বলে। যেমন—টা, টি, খানা, গুলি, গুলা ইত্যাদি। 'ন্যাকামিটা এখন রাখ'। এ বাক্যে ন্যাকামি শব্দের সঙ্গে 'টা' পদাশ্রিত নির্দেশকটি নিরর্থকতা অর্থে ব্যবহৃত হয়েছে।

৪. 'শৈশব'-এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ⓚ শিশু + ষ্ণ ⓚ শিশু + জ্ঞ ⓖ শিশু + শব ⓖ শৈ + শব

(ব্যাখ্যা) সংস্কৃত তদ্ধিত প্রত্যয় যোগে গঠিত শব্দ 'শৈশব'-এর সঠিক প্রকৃতি ও প্রত্যয় শিশু + ষ্ণ। এরূপ— গুরু + ষ্ণ = গৌরব, কিশোর + ষ্ণ = কৈশোর।

৫. 'ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি'— এক কথায় কি হবে?
ⓚ ইতিহাসবেত্তা ⓚ ঐতিহাসিক
ⓖ ইতিহাস স্রষ্টা ⓖ ইতিহাস রচয়িতা

(ব্যাখ্যা) এক কথায় প্রকাশ : ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি— ইতিহাসবেত্তা আর ইতিহাস রচনা করেন যিনি—ঐতিহাসিক।

৬. কোনো শ্রদ্ধেয় ব্যক্তিকে বিদায়ানুষ্ঠানে যে শ্রদ্ধার্ঘ্য পত্র দেয়া হয়, তাকে কি বলে?
ⓚ বিদায়পত্র ⓚ মানপত্র ⓖ শ্রদ্ধাঞ্জলি ⓖ সম্মানপত্র

(ব্যাখ্যা) কোনো শ্রদ্ধেয় ব্যক্তিকে বিদায়ানুষ্ঠানে যে শ্রদ্ধার্ঘ্য পত্র দেয়া হয় তাকে মানপত্র বলে। মানপত্র সাধারণত সামাজিক, আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানে প্রচুর দর্শক-শ্রোতার উপস্থিতিতে পাঠ করে সংবর্ধেয় ব্যক্তির হাতে তুলে দেয়া হয়।

৭. 'ফুলকুমারী' সমস্তপদটির সঠিক ব্যাসবাক্য কোনটি?
ⓚ ফুলের ন্যায় কুমারী ⓚ কুমারী ফুলের ন্যায়
ⓖ ফুল রূপ কুমারী ⓖ কুমারী ফুল

(ব্যাখ্যা) সাধারণ গুণের উল্লেখ না করে উপমেয় পদের সঙ্গে উপমানের যে সমাস হয় তাকে উপমিত কর্মধারয় সমাস বলে। যেমন—কুমারী ফুলের ন্যায় = ফুলকুমারী, চরণ কমলের ন্যায় = চরণকমল।

৮. মৌলিক ধাতুর অপর নাম কি?
ⓚ নাম ধাতু ⓚ প্রযোজক ধাতু
ⓖ সাধিত ধাতু ⓖ সিদ্ধ ধাতু

(ব্যাখ্যা) যেসব ধাতু বিশ্লেষণ করা সম্ভব নয়, সেগুলোকে মৌলিক ধাতু বলে। মৌলিক ধাতুকে সিদ্ধ বা স্বয়ংসিদ্ধ ধাতুও বলা হয়। যেমন—চল্, পড়্, কর্, শো, হ্, খা ইত্যাদি।

৯. 'লাজুক' কোন ধরনের শব্দ?
ⓚ মৌলিক ⓚ রূঢ়ি ⓖ যোগরূঢ় ⓖ যৌগিক

(ব্যাখ্যা) যে সকল শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ একই রকম, সেগুলোকে যৌগিক শব্দ বলে। যেমন— লাজ + উক = লাজুক। আরও কয়েকটি যৌগিক শব্দ— বাবুয়ানা, বাড়িওয়ালা, পাঠক, গায়ক, বিদ্যালয়।

১০. 'মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন'—এখানে 'কিংবা' শব্দ কোন অব্যয়?
ⓚ অনুকার অব্যয় ⓚ বিয়োজক অব্যয়
ⓖ সমুচ্চয়ী অব্যয় ⓖ সংযোজক অব্যয়

(ব্যাখ্যা) যে অব্যয় পদ একটি বাক্যের সঙ্গে অন্য একটি বাক্যের অথবা বাক্যস্থিত একটি পদের সঙ্গে অন্য একটি পদের সংযোজন, বিয়োজন বা সংকোচন ঘটায়, তাকে সমুচ্চয়ী অব্যয় বা সম্বন্ধবাচক অব্যয় বলে। যেমন— 'মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন'। এ বাক্যে 'কিংবা' শব্দটি বিয়োজক অব্যয়।

১১. 'ঘোটকের গাড়ি' এটি কোন দোষে দুষ্ট?
ⓚ গুরুচণ্ডালী ⓚ বাহুল্য
ⓖ দুর্বোধ্যতা ⓖ কোনোটিই নয়

(ব্যাখ্যা) তৎসম শব্দের সঙ্গে দেশীয় শব্দের প্রয়োগ কখনো কখনো গুরুচণ্ডালী দোষ সৃষ্টি করে। এ দোষে দুষ্ট শব্দ তার যোগ্যতা হারায়। যেমন—ঘোড়ার গাড়ি, গরুর গাড়ি, শবদাহ প্রভৃতি স্থলে যথাক্রমে ঘোটকের গাড়ি, গরুর শকট, শবপোড়া প্রভৃতির ব্যবহার গুরুচণ্ডালী দোষ সৃষ্টি করে।

উত্তর

| | |
|---|---|
| ১ | ঘ |
| ২ | ক |
| ৩ | ক |
| ৪ | ক |
| ৫ | ক |
| ৬ | খ |
| ৭ | খ |
| ৮ | ঘ |
| ৯ | ঘ |
| ১০ | খ |
| ১১ | ক |

১২. কোন সাহিত্যিক ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর শহীদ হন?
ক জহির রায়হান খ নিজাম উদ্দিন
গ অধ্যাপক গিয়াস উদ্দিন ঘ মুনীর চৌধুরী

ব্যাখ্যা মুনীর চৌধুরী ২৭ নভেম্বর ১৯২৫ মানিকগঞ্জ জেলায় জন্মগ্রহণ করেন। তার পৈতৃক নিবাস নোয়াখালী জেলায়। তার রচিত কয়েকটি নাটক—রক্তাক্ত প্রান্তর, কবর, দণ্ডকারণ্য, কেউ কিছু বলতে পারে না, রূপার কৌটা। তিনি ১৪ ডিসেম্বর ১৯৭১ আলবদর বাহিনী কর্তৃক অপহৃত ও নিখোঁজ হন।

১৩. সুনীল গঙ্গোপাধ্যায়ের ছদ্মনাম কি?
ক নীললোহিত খ কালকূট
গ কালপেঁচা ঘ চেনাকণ্ঠ

ব্যাখ্যা সুনীল গঙ্গোপাধ্যায়ের ছদ্মনাম 'নীললোহিত' ও 'সনাতন পাঠক'। সমরেশ বসুর ছদ্মনাম 'কালকূট'।

১৪. 'শত্রুকে দমন করে যে'— এক কথায় কি হবে?
ক শত্রুঘ্ন খ অরিন্দম গ শত্রুহন্তা ঘ কৃতঘ্ন

ব্যাখ্যা এককথায় প্রকাশ : শত্রুকে দমন করে যে—অরিন্দম; শত্রুকে হত্যা করে যে—শত্রুঘ্ন; উপকারীর অপকার করে যে—কৃতঘ্ন।

১৫. কোন বানানটি শুদ্ধ?
ক পিপিলিকা খ পিপীলিকা
গ পীপিলিকা ঘ পিপিলীকা

ব্যাখ্যা শুদ্ধ বানান পিপীলিকা। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ শুদ্ধ বানান—মনীষী, সমীচীন, মুহুর্মুহু, মুমূর্ষু, নিশীথিনী, স্বায়ত্তশাসন।

১৬. কোনটি যৌগিক শব্দ?
ক তৈল খ রেশম গ দৌহিত্র ঘ মহাযাত্রা

ব্যাখ্যা যে সকল শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ একই রকম, সেগুলোকে যৌগিক শব্দ বলে। যেমন— দুহিতা + ষ্ণ্য = দৌহিত্র। আরও কয়েকটি যৌগিক শব্দ— গায়ক, কর্তব্য, বাবুয়ানা, মধুর, চিকামারা। তৈল—রূঢ়ি, মহাযাত্রা— যোগরূঢ় ও রেশম— ফারসি শব্দ।

১৭. নিচের কোনটি বহুবচন বাচক শব্দ নয়?
ক গ্রাম খ কুল গ সভা ঘ মঙ্গল

ব্যাখ্যা 'বচন' অর্থ সংখ্যার ধারণা। বচন দুই প্রকার। যথা : একবচন ও বহুবচন। মঙ্গল বহুবচন বাচক শব্দ নয়। অন্যদিকে গ্রাম, কুল ও সভা বহুবচন বাচক শব্দ। যেমন— গুণগ্রাম, কবিকুল ও ব্রাহ্মসভা।

১৮. Which of the following word can be used as a verb?
ক mister খ master গ mistress ঘ mastery

ব্যাখ্যা Option-এর সব word মূলত—noun হিসেবে ব্যবহৃত হয় কিন্তু master (মালিক; প্রভু) শব্দটি noun ছাড়াও verb হিসেবে ব্যবহৃত হয়। Verb হিসেবে master অর্থ আয়ত্ত করা।

১৯. I will phone you when I — the news.
ক am getting খ get
গ will get ঘ will be getting

ব্যাখ্যা When দ্বারা যুক্ত দুটি clause-এর একটি future tense-এ হলে অপর clause টি present indefinite tense-এ হবে। Get যোগে বাক্যটির বাংলা : যখন আমি খবরটি পাবো তখন আমি তোমাকে ফোন দিবো।

২০. I — to his house yesterday but could not meet him.
ক went খ would go
গ have gone ঘ was gone

ব্যাখ্যা Past indefinite tense নির্দেশক word yesterday বাক্যে থাকায় বাক্যে verb-এর past form বসবে। Go এর past form হলো went।

২১. The correct passive form of 'I know him.' is—
ক He is known by me. খ He was known to me.
গ He has been known by me. ঘ He is known to me.

ব্যাখ্যা Main verb know যুক্ত Present Indefinite tense এর passive voice-এর structure হলো : Ob-এর subjective form + is /are + known (verb-এর p.p) + to + sub-এর objective form। সুতরাং প্রদত্ত বাক্যটির সঠিক correct form হলো : He is known to me।

২২. The correct passive form of 'Open the window.' is—
ক The window should be opened.
খ Let the window be opened.
গ Let the window be opened by you.
ঘ The window must be opened.

ব্যাখ্যা Imperative বাক্যটির passive voice-এর structure : Let + ob কে sub + be + verb-এর p.p.। সুতরাং সঠিক passive form : Let the window be opened।

২৩. The meaning of 'starch' is —
ক to reinforce খ be weak
গ smooth out ঘ put an end to

ব্যাখ্যা Starch (অনমনীয় করে তোলা)-এর সমার্থক শব্দ হলো to reinforce (দৃঢ়তর করা; জোরদার করা)। অন্যদিকে be weak অর্থ দুর্বল হওয়া, smooth out অর্থ মসৃণ করা আর put an end to অর্থ সমাপ্তি টানা।

২৪. The synonym of 'delude' is —
ক demand খ permit গ aggravate ঘ deceive

ব্যাখ্যা Delude এবং deceive অর্থ প্রতারণা করা। অন্যদিকে demand অর্থ দাবি করা; permit অর্থ অনুমতি দান করা আর aggravate অর্থ অবনতি ঘটানো।

২৫. The meaning of 'Soft soap' is —
ক flattery for self-motive
খ speaking ill of others
গ speaking highly of others
ঘ recognizing good deed of others

ব্যাখ্যা Soft soap অর্থ নিজের উদ্দেশ্য হাসিলের জন্য তোষামোদ phrase টির অর্থ প্রকাশ পায় flattery for self-motive দ্বারা।

উত্তর

| | |
|---|---|
| ১২ | ঘ |
| ১৩ | ক |
| ১৪ | খ |
| ১৫ | খ |
| ১৬ | গ |
| ১৭ | ঘ |
| ১৮ | খ |
| ১৯ | খ |
| ২০ | ক |
| ২১ | ঘ |
| ২২ | খ |
| ২৩ | ক |
| ২৪ | ঘ |
| ২৫ | ক |

**২৬. The meaning of 'white elephant' is —**

ⓚ an elephant of white color
ⓚ a black marketer
ⓖ a very costly and troublesome possession
ⓖ a hoarder

(ব্যাখ্যা) *'White elephant' phrase টির অর্থ কাজে আসে না অথচ দামি ও অসুবিধাজনক (a very costly troublesome possession)।*

**২৭. Translate into English :**
**'কেটলিতে পানি টগবগ করছে।'**

ⓚ The water is simmering in the kettle.
ⓚ The water is boiling in the kettle.
ⓖ The water is rising high in the kettle.
ⓖ The kettle is over flowing.

(ব্যাখ্যা) *'প্রায় টগবগিয়ে ফোটা'- এর ইংরেজি হলো simmer। সুতরাং প্রদত্ত বাক্যটির ইংরেজি হলো : The water is simmering in the kettle।*

**২৮. Translate into English : 'আমি এটা না করে পারলাম না।'**

ⓚ I could not help do it. ⓚ I could not help doing it.
ⓖ I could not help to do it. ⓖ I could not but he did it.

(ব্যাখ্যা) *Could not help-এর পর verb + ing বসে আর could not but-এর পর verb-এর base form বসে। সুতরাং প্রদত্ত বাক্যটির ইংরেজি অনুবাদ হলো : I could not help doing it।*

**২৯. The passive form of 'Do you know him?' is —**

ⓚ Is he known by you? ⓚ Does he known by you?
ⓖ Is he known to you? ⓖ Is he known with you?

(ব্যাখ্যা) *Know যুক্ত present indefinte tense interrogative বাক্যের passive voice-এর structure হলো : Am/is/are + ob কে sub + known + to + sub কে Ob + interrogative sign। সুতরাং প্রদত্ত বাক্যটির সঠিক passive voice হলো : Is he known to you?*

**৩০. Change the speech :**
**'What do you want?' She asked him.**

ⓚ She asked him what he wanted.
ⓚ She asked him what he wants.
ⓖ She asks him what he wants.
ⓖ She wanted him.

(ব্যাখ্যা) *Wh question যুক্ত interrogativ বাক্যের indirect narration হলো wh word + sub (him কে follow করে) + verb-এর past form (যেহেতু বাক্যটি present indefinite tense-এ আছে)। সুতরাং বাক্যটির indirect form হলো : She asked him what he wanted।*

**৩১. The noun of the word 'believe' is —**

ⓚ belief ⓚ believable
ⓖ believing ⓖ believably

(ব্যাখ্যা) *Believe (বিশ্বাস করা; আস্থা রাখা)-এর noun form হলো belief (বিশ্বাস; আস্থা)। অন্যদিকে believe- এর adjective এবং adverb form হলো যথাক্রমে believable এবং believably। অন্যদিকে believing হলো believe- এর present participle।*

**৩২. The passive form of 'You are to color this picture.' is —**

ⓚ This picture has to be colored by you.
ⓚ This picture is to be color by you.
ⓖ This picture is to be colored by you.
ⓖ This picture is being colored by you.

(ব্যাখ্যা) *Be + to + verb-এর base form যুক্ত বাক্যের passive voice- এর structure হলো : ob-কে sub + be + to be + verb-এর p.p + by + sub-কে ob। সুতরাং বাক্যটি passive form হলো : This picture is to be colored by you।*

**৩৩. Modern farms are much larger than — of former times.**

ⓚ that ⓚ those ⓖ this ⓖ these

(ব্যাখ্যা) *Modern firms হলো plural noun। বাক্যে modern farms- এর সাথে আগেকার সময়ের farms- এর তুলনা বোঝাচ্ছে। সুতরাং those হবে সঠিক word।*

**৩৪. The prefix 'poly' in word 'polygamy' expressed is the sense—**

ⓚ some ⓚ one ⓖ many ⓖ more

(ব্যাখ্যা) *Polygamy (বহুবিবাহ; বহুপত্নীত্ব) শব্দের poly prefix টির অর্থ বহু (many)। Poly যোগে আরও কয়েকটি word হলো polyglot (বহুভাষিক), polyarchy (বহুব্যক্তির শাসন ব্যবস্থা), polygon (বহুভুজ), polymath (বহুভাষায় কৃতবিদ্যা বা বহুবিদ্যাজ্ঞ)।*

**৩৫. The prefix 'mis' can be added to —**

ⓚ fool ⓚ fire ⓖ obey ⓖ personal

(ব্যাখ্যা) *Option গুলোর মধ্যে যে শব্দটির পূর্বে mis prefix টি যোগ করা যায় সেটি হলো fire। Misfire অর্থ (বন্দুক) গুলি না ছোটা।*

**৩৬. কোনো ত্রিভুজের দুটি কোণ ১০° এবং ৮০° হলে, ত্রিভুজটি হবে—**

ⓚ সূক্ষ্মকোণ ⓚ সমকোণী ⓖ স্থূলকোণী ⓖ কোনোটিই নয়

(ব্যাখ্যা) *সমকোণী ত্রিভুজের একটি কোণের মান ৯০° এবং অন্য দুটির সমষ্টি ৯০° হয়। এখানে কোণ দুটি ১০° + ৮০° = ৯০°।*
*∴ এটি সমকোণী ত্রিভুজ।*

**৩৭. নিচের কোনটি মৌলিক সংখ্যা?**

ⓚ ৯২ ⓚ ৮৭ ⓖ ৬৩ ⓖ ৫৯

(ব্যাখ্যা) *এখানে ৫৯-এর ১ ও ৫৯ ছাড়া অন্য কোনো উৎপাদক নেই। তাই ৫৯ হচ্ছে অমৌলিক সংখ্যা।*

**৩৮. একটি সংখ্যার তিনগুণের সাথে দ্বিগুণ যোগ করলে ৯০ হয়। সংখ্যাটি কত?**

ⓚ ১৬ ⓚ ১৭ ⓖ ১৮ ⓖ ২৪

(ব্যাখ্যা) *ধরি, সংখ্যাটি ক*

*∴ ৩ক + ২ক = ৯০*

*⇒ ক = ১৮*

উত্তর

| | |
|---|---|
| ২৬ | গ |
| ২৭ | ক |
| ২৮ | খ |
| ২৯ | গ |
| ৩০ | ক |
| ৩১ | ক |
| ৩২ | গ |
| ৩৩ | খ |
| ৩৪ | গ |
| ৩৫ | খ |
| ৩৬ | খ |
| ৩৭ | ঘ |
| ৩৮ | গ |

৩৯. একটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত ৩ : ৪ : ৫ হলে, কোণ তিনটিকে ডিগ্রীতে প্রকাশ করুন?

(ক) ৪৫°, ৬০°, ৭৫° (খ) ৩০°, ৪০°, ৫০°
(গ) ৪২°, ৫৬°, ৭০° (ঘ) ৪৮°, ৬৪°, ৮০°

ব্যাখ্যা কোণগুলো হবে ৩ক, ৪ক ও ৫ক

∴ ৩ক + ৪ক + ৫ক = ১৮০°

⇒ ক = ১৫°

∴ কোণ তিনটি ৩ × ১৫°, ৪ × ১৫° এবং ৫ × ১৫°

অর্থাৎ ৪৫°, ৬০° এবং ৭৫°।

৪০. একটি যোগ করতে কম্পিউটারের ৫০ ন্যানো সেকেন্ড সময় লাগলে সেকেন্ডে এটা কত কোটি যোগ করতে পারবে?

(ক) ৫ (খ) ৪ (গ) ৩ (ঘ) ২

ব্যাখ্যা ১ ন্যানো সেকেন্ড = $১০^{-৯}$ সেকেন্ড

∴ ৫০ " " = ৫০ × $১০^{-৯}$ "

অতএব ৫০ × $১০^{-৯}$ সেকেন্ডে করে ১টি যোগ

∴ ১ " " $\frac{১}{৫০ \times ১০^{-৯}}$ " "

= ২,০০,০০,০০০ " "

= ২ কোটি যোগ

৪১. একটি ট্রেন ঘণ্টায় ৮৪ কিমি বেগে চলে। ট্রেনটি ৮০০ মিটার দীর্ঘ একটি প্লাটফর্ম ১ মিনিটে অতিক্রম করে। ট্রেনটির দৈর্ঘ্য কত মিটার?

(ক) ৯০০ (খ) ৭৫০ (গ) ৬০০ (ঘ) ৫০০

ব্যাখ্যা ট্রেনের বেগ = ৮৪ কিমি/ঘণ্টা

$= ৮৪ \times \frac{৫}{১৮}$ মি/সে

= ২৩.৩৩ মি/সে

ট্রেনের দৈর্ঘ্য, ক মিটার হলে, ট্রেনকে মোট অতিক্রম করতে হবে (ক + ৮০০) মিটার পথ।

মোট সময় = ১ মিনিট = ৬০ সেকেন্ড

আমরা জানি, দূরত্ব = বেগ × সময়

∴ ক + ৮০০ = ২৩.৩৩ × ৬০

⇒ ক = ১৪০০ − ৮০০ = ৬০০ মিটার।

৪২. ঘণ্টায় ৪ কিমি গতি বৃদ্ধি করায় ৩২ কিমি পথ অতিক্রম করতে ৪ ঘণ্টা সময় কম লাগে। বৃদ্ধির পূর্বে গতি কত কিমি ছিল?

(ক) ৮ (খ) ১২ (গ) ৭ (ঘ) ৪

ব্যাখ্যা ধরি,

পূর্বের বেগ = ক কিমি/ঘণ্টা

$\frac{৩২}{ক} - ৪ = \frac{৩২}{ক+৪}$

$\Rightarrow \frac{৩২ - ৪ক}{ক} = \frac{৩২}{ক+৪}$

⇒ ৩২ ক = (৩২ − ৪ক) (ক + ৪)

⇒ ৩২ ক = ৩২ক + ১২৮ − ৪ক² − ১৬ক

⇒ ৪ক² + ১৬ক − ১২৮ = ০

⇒ ক² + ৪ক − ৩২ = ০

⇒ ক² + ৮ক − ৪ক − ৩২ = ০

⇒ ক (ক + ৮) − ৪ (ক + ৮) = ০

⇒ (ক + ৮) (ক − ৪) = ০

∴ ক + ৮ = ০ ⇒ ক = − ৮ গ্রহণযোগ্য না

অথবা, ক − ৪ = ০ ⇒ ক = ৪

∴ পূর্বের বেগ ছিল ৪ কিমি/ঘণ্টা।

৪৩. $a^4 + 4$ এর উৎপাদক কোনটি?

(ক) $(a^2 + 2a + 2)(a^2 - 2a + 2)$
(খ) $(a^2 + 2a - 2)(a^2 - 2a + 2)$
(গ) $(a^2 - 2a + 2)(a^2 - 2a + 2)$
(ঘ) $(a^2 + 2a + 2)(a^2 + 2a + 2)$

ব্যাখ্যা $a^4 + 4$

$= (a^2)^2 + 2.a^2.2 + (2)^2 - 4a^2$

$= (a^2 + 2)^2 - (2a)^2$

$= (a^2 + 2a + 2)(a^2 - 2a + 2)$

৪৪. ১ + ২ + ৩ + ............ + ৯৯ = কত?

(ক) ৫০০০ (খ) ৫০৫০ (গ) ৫১০০ (ঘ) ৪৯৫০

ব্যাখ্যা আমরা জানি, n সংখ্যক স্বাভাবিক সংখ্যার সমষ্টি

$= \frac{n(n+১)}{২}$

∴ সমষ্টি $= \frac{৯৯(৯৯+১)}{২}$

= ৪৯৫০

৪৫. যদি $(x - y, 3) = (0, x + 2y)$ হয়, তবে $(x, y)$ = কত?

(ক) (1, 1) (খ) (−1, −1) (গ) (1, 3) (ঘ) (−1, 3)

ব্যাখ্যা $(x - y, 3) = (0, x + 2y)$

$\therefore x - y = 0$ ............ (i)

$x + 2y = 3$ ........... (ii)

(ii) নং সমীকরণ থেকে (i) নং বিয়োগ করি,

$x + 2y = 3$
$x - y = 0$
$= \; + \; -$
$3y = 3$

$\Rightarrow y = 1$

y = 1 (i) নং সমীকরণে বসাই,

$x - 1 = 0$

$\Rightarrow x = 1$

$\therefore (x, y) = (1, 1)$

৪৬. একটি চাকার ব্যাস ৪.২ মিটার। চাকাটি ৩৩০ মিটার পথ অতিক্রম করতে, কত বার ঘুরবে?

(ক) ২০ (খ) ২৫ (গ) ৩০ (ঘ) ৩৫

উত্তর

| | |
|---|---|
| ৩৯ | ক |
| ৪০ | ঘ |
| ৪১ | গ |
| ৪২ | ঘ |
| ৪৩ | ক |
| ৪৪ | ঘ |
| ৪৫ | ক |
| ৪৬ | খ |

**ব্যাখ্যা** চাকার পরিধি = ব্যাস × π

= ৪.২π

∴ ৪.২π মিটার পথ যাবে ১ বার ঘুরলে

∴ ৩৩০ " " " $\frac{৩৩০}{৪.২\pi}$ " "

= ২৫ বার

**৪৭. একটি ঘনকে কয়টি সমকোণ থাকে?**

ক ৪ খ ৮ গ ১৬ ঘ ২৪

**ব্যাখ্যা** একটি ঘনকে ৬টি তল থাকে এবং প্রতি তলে ৪টি সমকোণ উৎপন্ন হয়।

সুতরাং মোট সমকোণ = ৬ × ৪ = ২৪ টি

**৪৮. শতকরা বার্ষিক ৭ টাকা হারে সরল মুনাফায়, ৬৫০ টাকার ৬ বছরের মুনাফা কত টাকা?**

ক ৩৯ খ ৪৫ গ ২৭০ ঘ ২৭৩

**ব্যাখ্যা** $I = pnr$

$= ৬৫০ \times ৬ \times \frac{৭}{১০০}$

= ২৭৩ টাকা

এখানে, $p$ = ৬৫০ টাকা
$n$ = ৬ বছর
$r = \frac{৭}{১০০}$
$I$ = মুনাফা/সুদ

**৪৯. $6a^2bc$, $8ab^2c$, $6a^2b^2c$ এর ল. সা. গু. কোনটি?**

ক $48a^2b^2c^2$ খ $48abc$ গ $24a^2b^2c$ ঘ $6abc$

**ব্যাখ্যা**

2 | 6, 8, 6
3 | 3, 4, 3
  1, 4, 1

অর্থাৎ 6, 8, 6 এর ল. সা. গু. = 24

আবার, $a^2bc$, $ab^2c$ এবং $a^2b^2c$ এর ল.সা.গু. = $a^2b^2c$

∴ ল.সা.গু. = $24a^2b^2c$

**৫০. ৭ : ৫ এবং ৮ : ৯ দুটি অনুপাত হলে, এদের ধারাবাহিক অনুপাত—**

ক ৫৬:৪০:৭২ খ ৫৬:৪০:৫৪
গ ৫৬:৪০:৬৩ ঘ ৫৬:৪০:৪৫

**ব্যাখ্যা** ৭ : ৫ = ৫৬ : ৪০

৮ : ৯ = ৪০ : ৪৫

⇒ ৫৬ : ৪০ : ৪৫

**৫১. ১ + ২ + ৩ + ৪ + ............... + ১৯ = কত?**

ক ১৮০ খ ১৮৪ গ ১৮৮ ঘ ১৯০

**ব্যাখ্যা** ১ + ২ + ৩ + ........ + ১৯ = $\frac{১৯(১৯+১)}{২}$

$= \frac{১৯ \times ২০}{২}$

= ১৯০

**৫২. একটি ত্রিভুজের তিন কোণের অনুপাত ১ : ২ : ৩ হলে, ত্রিভুজটি হবে—**

ক সমবাহু খ সূক্ষ্মকোণী গ স্থূলকোণী ঘ সমকোণী

**ব্যাখ্যা** কোণগুলো হবে, ১ক, ২ক ও ৩ক

∴ ১ক + ২ক + ৩ক = ১৮০°

⇒ ৬ক = ১৮০°

⇒ ক = ৩০°

∴ কোণগুলো হবে ৩০°, ২ × ৩০°, ৩ × ৩০°

অর্থাৎ ৩০°, ৬০°, ৯০°

যা সমকোণী ত্রিভুজ নির্দেশ করে।

**৫৩. শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজী পার্ক কোথায় অবস্থিত?**

ক যশোর খ গোপালগঞ্জ গ ফরিদপুর ঘ খুলনা

**ব্যাখ্যা** শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্ক যশোরের বেজ পাড়ায় অবস্থিত। ১০ ডিসেম্বর ২০১৭ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এটি উদ্বোধন করেন।

**৫৪. ২০১৮ সালের রাশিয়া ফুটবল বিশ্বকাপের মাসকটের নাম কি ছিল?**

ক মিশুক খ পান্ডা গ জাবিভাকা ঘ নারুহিতো

**ব্যাখ্যা** ২০১৮ সালের রাশিয়া ফুটবল বিশ্বকাপের মাসকট ছিল জাবিভাকা। ১৯৮৫ সালে ঢাকায় অনুষ্ঠিত সাফ গেমসের মাসকট ছিল—হরিণ শাবক (এর নাম দেয়া হয় মিশুক)।

**৫৫. ইন্টারনেট কত সালে চালু হয়?**

ক ১৯৮১ খ ১৯৭০ গ ১৯৬০ ঘ ১৯৬৯

**ব্যাখ্যা** অরপানেট (ARPANET) দিয়ে ইন্টারনেটের প্রাথমিক কার্যক্রম শুরু হয়। ১৯৬৯ সালে যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা বিভাগ প্রথম একটি গবেষণা প্রকল্পের আওতায় দেশের চারটি বিশ্ববিদ্যালয়কে পরীক্ষামূলক কম্পিউটার নেটওয়ার্কের মাধ্যমে সংযুক্ত করে।

**৫৬. বাংলাদেশে স্থাপিত প্রথম কম্পিউটার এর নাম কি?**

ক আইবিএম-৩৬০ সিরিজ খ আইবিএম-১৬২০ সিরিজ
গ আইবিএম-১৬০০ সিরিজ ঘ আইবিএম-৪৩০০ সিরিজ

**ব্যাখ্যা** ১৯৬৪ সালে পরমাণু শক্তি কেন্দ্র, ঢাকায় বাংলাদেশের প্রথম কম্পিউটার হিসেবে IBM–1620 সিরিজের মেইনফ্রেম কম্পিউটার স্থাপন করা হয়।

**৫৭. বাংলাদেশের প্রথম পারমাণবিক কেন্দ্রের ইউনিট কয়টি?**

ক ১ খ ৪ গ ৩ ঘ ২

**ব্যাখ্যা** বাংলাদেশের নির্মীয়মান প্রথম পরমাণুবিদ্যুৎ কেন্দ্র রূপপুর বিদ্যুৎ কেন্দ্রের দুটি ইউনিট। প্রতিটি ইউনিট ১,২০০ মেগাওয়াট ক্ষমতার। প্রথমটি ২০২৩ সালে ও দ্বিতীয়টি ২০২৪ সালে চালু হওয়ার কথা রয়েছে।

**৫৮. ভিওআইপি কী?**

ক ভয়েস ওভার ইন্টারনেট প্রোগ্রাম
খ ভয়েস ওভার ইন্টারনেট প্রটোকল
গ ভয়েস ওভার ইন্ট্রানেট প্রটোকল
ঘ ভিডিও ওভার ইন্টারনেট প্রটোকল

**ব্যাখ্যা** ভিওআইপি (VOIP)-এর পূর্ণরূপ—Voice Over Internet Protocal। ইন্টারনেট টেকনোলজি এবং মাল্টিমিডিয়া এপ্লিকেশন ব্যবহার করে ভয়েস ডেটা এবং ভিডিও আদান-প্রদান করার পদ্ধতিই হলো VOIP।

**উত্তর**

| | |
|---|---|
| ৪৭ | ঘ |
| ৪৮ | ঘ |
| ৪৯ | গ |
| ৫০ | ঘ |
| ৫১ | ঘ |
| ৫২ | ঘ |
| ৫৩ | ক |
| ৫৪ | গ |
| ৫৫ | ঘ |
| ৫৬ | খ |
| ৫৭ | ঘ |
| ৫৮ | খ |

৫৯. CPU কে কত ভাগে ভাগ করা যায়?

ক ৩ খ ৪ গ ৫ ঘ ৬

ব্যাখ্যা সিপিইউকে (CPU) কম্পিউটারের ব্রেইন বা মস্তিষ্ক বলা হয়। CPU এর ৩টি ভাগ—

ক. গাণিতিক যুক্তি ইউনিট

খ. নিয়ন্ত্রণ ইউনিট

গ. রেজিস্টার স্মৃতি।

৬০. MRT-এর পূর্ণ রূপ কি?

ক Massive Rapid Transit

খ Mass Raid Transit

গ Mass Rapid Transport

ঘ Mass Road Transit

[Note : MRT-এর পূর্ণরূপ— Mass Rapid Transit। ঢাকায় মেট্রোরেল নির্মাণ হচ্ছে—ঢাকা মাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্টের অধীনে।]

৬১. রামপাল কয়লাভিত্তিক তাপবিদ্যুৎ কেন্দ্রের ক্যাপাসিটি কত মেগাওয়াট?

ক ১৩৭০ খ ১৩২০

গ ১২৭০ ঘ ১২২০

ব্যাখ্যা বাগেরহাট জেলার সাপমারীতে নির্মাণ করা হচ্ছে রামপাল তাপ বিদ্যুৎ কেন্দ্র। ভারতের ন্যাশনাল থারমাল পাওয়ার কোম্পানির সহায়তায় নির্মাণাধীন এ প্রকল্পের উৎপাদন ক্ষমতা ধরা হয়েছে ১,৩২০ মেগাওয়াট।

৬২. জি-৭ এর ৪২তম শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?

ক যুক্তরাজ্য খ যুক্তরাষ্ট্র

গ জাপান ঘ রাশিয়া

ব্যাখ্যা বিশ্বের ধনী দেশগুলোর সংগঠন জি-৭ এর ৪২তম সম্মেলন অনুষ্ঠিত হয় জাপানে (২০১৬ এর ২৬-২৭ মে)। জি-৭ এর সর্বশেষ ৪৫তম সম্মেলন অনুষ্ঠিত হয় ২৪-২৫ আগস্ট ২০১৯ ফ্রান্সে।

৬৩. বাংলাদেশের সংবিধান গণপরিষদে উত্থাপিত হয় ১৯৭২ সালের —।

ক ১০ অক্টোবর খ ১২ অক্টোবর

গ ১৪ ডিসেম্বর ঘ ১৬ ডিসেম্বর

ব্যাখ্যা স্বাধীন বাংলাদেশের জন্য সংবিধান প্রণয়নের কমিটি গঠিত হয় ১১ এপ্রিল ১৯৭২। কমিটির খসড়া সংবিধান গণপরিষদে উত্থাপিত হয় ১২ অক্টোবর ১৯৭২। ৪ নভেম্বর ১৯৭২ তা গণপরিষদে গৃহীত হয় এবং ১৬ ডিসেম্বর ১৯৭২ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান কার্যকর হয়।

৬৪. বিশ্বের বৃহত্তম বইমেলা অনুষ্ঠিত হয় কোথায়?

ক ঢাকা খ কলকাতা

গ ফ্রাঙ্কফুর্ট ঘ মাদ্রিদ

ব্যাখ্যা বিশ্বে বইমেলার জন্য বিখ্যাত জার্মানির শহর ফ্রাঙ্কফুর্ট। এখানে পৃথিবীর সবচেয়ে বড় বইমেলা অনুষ্ঠিত হয়।

৬৫. মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট কে প্রতিষ্ঠা করেন?

ক শেখ হাসিনা

খ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

গ তাজউদ্দীন আহমেদ

ঘ শেরে বাংলা এ কে ফজলুল হক

ব্যাখ্যা মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ১৯৭২ সালের সেপ্টেম্বরে প্রতিষ্ঠা করেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। এটি ২০০১ সালের পূর্বে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে ছিল। ২০০১ সালের পর হতে এটি মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের অধীন পরিচালিত হয়।

৬৬. বাংলাদেশের কোন পণ্য সর্বপ্রথম ভৌগোলিক নির্দেশক (জিআই) সনদ পায়?

ক ইলিশ মাছ খ জামদানি শাড়ি

গ পাট পণ্য ঘ আম

ব্যাখ্যা বাংলাদেশে মোট ৩টি ভৌগোলিক নির্দেশক বা Geographical Indication (GI) পণ্য আছে। এদের মধ্যে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় যথাক্রমে জামদানি শাড়ি, ইলিশ মাছ ও ক্ষীরশাপাতি আম ভৌগোলিক নির্দেশক পণ্যের সনদ লাভ করে।

৬৭. মাইক্রো প্রসেসরের কোন অংশটি ডাটা প্রসেসিং-এ ব্যবহৃত হয়?

ক Control Unit খ Register Array

গ Accumulator ঘ ALU

ব্যাখ্যা মাইক্রো প্রসেসরের Arithmetic Logic Unit (ALU) ডাটা প্রসেসিং এর কাজ করে। কন্ট্রোল ইউনিটে কম্পিউটারের সকল অংশ নিয়ন্ত্রিত হয়। রেজিস্টার স্মৃতি ডাটা প্রসেসিং এর সময় অল্প কিছুক্ষণের জন্য তথ্য সংরক্ষণ করে।

৬৮. ১৪তম G20 শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?

ক জাপান খ যুক্তরাষ্ট্র গ কানাডা ঘ সুইজারল্যান্ড

ব্যাখ্যা G-20-এর ১৪তম শীর্ষ সম্মেলন (২৮-২৯ জুন ২০১৯) অনুষ্ঠিত হয় জাপানের ওসাকা শহরে। পরবর্তী ১৫তম সম্মেলন অনুষ্ঠিত হবে (২১-২২ নভেম্বর ২০২০) সৌদি আরবের রাজধানী রিয়াদে।

৬৯. বাংলাদেশে প্রথম লোহার খনি আবিষ্কৃত হয় কোথায়?

ক নওগা খ পাবনা গ দিনাজপুর ঘ বান্দরবান

ব্যাখ্যা দিনাজপুরের হাকিমপুর উপজেলা থেকে ১১ কিমি পূর্বে ইসবপুর গ্রামে উন্নতমানের লোহার আকরিকের সন্ধান পায় বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (GSB)। ৬-১০ বর্গ কিমি ব্যাপী লোহার এ খনিতে ৫০-৬০ মিলিয়ন টন লোহাসহ মূল্যবান খনিজ পদার্থের সন্ধান মিলেছে।

৭০. কোন দেশের মন্ত্রীসভার অর্ধেক সদস্যই নারী?

ক দক্ষিণ আফ্রিকা খ সিঙ্গাপুর

গ তিউনিশিয়া ঘ আর্জেন্টিনা

ব্যাখ্যা দক্ষিণ আফ্রিকার দল-আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস (ANC) নির্বাচনে বিজয়ী হয়ে মন্ত্রীসভা গঠনের সময় অর্ধেক আসন নারীদের জন্য বরাদ্দ রাখে। ২৮ সদস্যের মন্ত্রীসভায় ১৪ জন নারী সদস্য নিয়ে মন্ত্রীসভা গঠন করে ইতিহাস সৃষ্টি করে।

উত্তর

| | |
|---|---|
| ৫৯ | ক |
| ৬০ | Note |
| ৬১ | খ |
| ৬২ | গ |
| ৬৩ | খ |
| ৬৪ | গ |
| ৬৫ | খ |
| ৬৬ | খ |
| ৬৭ | ঘ |
| ৬৮ | ক |
| ৬৯ | গ |
| ৭০ | ক |

# ক্রীড়া মন্ত্রণালয়ের অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ২০১৯

পরীক্ষার তারিখ : ০৭.০৭.২০১৯; সময় : ৭০ মিনিট; পূর্ণমান : ৭০

*[প্রার্থীকে সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি সঠিক উত্তরের জন্য নম্বর ১।]*

## সাধারণ জ্ঞান (নম্বর : ২৫ × ১ = ২৫)

১. আগরতলা ষড়যন্ত্র মামলার প্রধান আসামী কে ছিলেন?

ⓐ এম.এ.জি. ওসমানী
ⓑ তাজউদ্দীন আহমদ
ⓒ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
ⓓ এ. কে. ফজলুল হক

(ব্যাখ্যা) *বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে প্রধান আসামী করে ১৯৬৮ সালের জানুয়ারিতে আগরতলা ষড়যন্ত্র মামলা করা হয়। বঙ্গবন্ধুসহ মোট ৩৫ জন এ মামলার আসামী ছিলেন। ২২ ফেব্রুয়ারি ১৯৬৯ এ মামলা প্রত্যাহার করা হয়।*

২. বাংলাদেশের অস্থায়ী সরকার গঠিত হয়েছিল কোথায়?

ⓐ গোপালগঞ্জ
ⓑ সোহরাওয়ার্দী উদ্যান (রেসকোর্স ময়দান)
ⓒ গাজীপুর
ⓓ কুষ্টিয়ার মেহেরপুর

(ব্যাখ্যা) *১০ এপ্রিল ১৯৭১ তৎকালীন কুষ্টিয়া জেলার মেহেরপুরের বৈদ্যনাথতলায় (বর্তমান মুজিবনগর) বাংলাদেশের অস্থায়ী সরকার গঠিত হয়। ১৭ এপ্রিল ১৯৭১ এ সরকার আনুষ্ঠানিকভাবে শপথ গ্রহণ করেন।*

৩. রূপপুর পারমাণবিক কেন্দ্র কোন জেলায় অবস্থিত?

ⓐ পাবনা ⓑ দিনাজপুর
ⓒ বরিশাল ⓓ সিলেট

(ব্যাখ্যা) *বাংলাদেশের একমাত্র পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র পাবনা জেলার রূপপুরে নির্মাণাধীন। এ প্রকল্পের কাজে রাশিয়া ছাড়াও ভারত সহযোগিতা করছে।*

৪. মহাস্থানগড় কোন নদীর তীরে অবস্থিত?

ⓐ মাতামুহুরি ⓑ করতোয়া
ⓒ যমুনা ⓓ সাঙ্গু

(ব্যাখ্যা) *বাংলাদেশের সর্বপ্রাচীন ও সর্ববৃহৎ নগর মহাস্থানগড় (পুন্ড্রনগর) করতোয়া নদীর তীরে গড়ে উঠেছিল। খোদাই পাথর ভিটা, বৈরাগীর ভিটা, গোবিন্দ ভিটা, শাহ সুলতান বলখীর মাজার মহাস্থানগড়ে অবস্থিত।*

৫. মিয়ানমার হতে যে নদীগুলো বাংলাদেশে প্রবেশ করেছে সেগুলোর নাম কী?

ⓐ পদ্মা, নাফ, মাতামুহুরি
ⓑ সাঙ্গু, নাফ, মাতামুহুরি
ⓒ সাঙ্গু, নাফ, যমুনা
ⓓ মেঘনা, নাফ, সুরমা

(ব্যাখ্যা) *বাংলাপিডিয়া অনুসারে বাংলাদেশের আন্তঃসীমান্ত নদীর সংখ্যা ৫৮। এদের মধ্যে ভারতের সাথে ৫৫টি ও মিয়ানমারের সাথে ৩টি (সাঙ্গু, মাতামুহুরি ও নাফ)।*

৬. আমেরিকার গৃহযুদ্ধকালীন কে প্রেসিডেন্ট ছিলেন?

ⓐ জর্জ ওয়াশিংটন
ⓑ আব্রাহাম লিঙ্কন
ⓒ থমাস জেফারসন
ⓓ অ্যান্ড্রু জ্যাকসন

(ব্যাখ্যা) *আমেরিকার গৃহযুদ্ধ চলে ১৮৬১-৬৫ সাল পর্যন্ত। এ সময় যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ছিলেন আব্রাহাম লিঙ্কন (১৬তম)। তিনি আমেরিকার কৃতদাস প্রথা বিলুপ্ত করেন।*

৭. ২০২২ সালের ফিফা বিশ্বকাপ ফুটবল কোথায় অনুষ্ঠিত হবে?

ⓐ ইংল্যান্ড ⓑ ব্রাজিল
ⓒ কাতার ⓓ আর্জেন্টিনা

(ব্যাখ্যা) *২২তম ফিফা বিশ্বকাপ ফুটবল ২০২২ সালে অনুষ্ঠিত হবে কাতারে। ২৩তম বিশ্বকাপ ফুটবল ২০২৬ সালে অনুষ্ঠিত হবে যৌথভাবে যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকোতে।*

৮. এবারের ক্রিকেট বিশ্বকাপের আয়োজক দেশ কারা?

ⓐ ইংল্যান্ড ও স্কটল্যান্ড
ⓑ ইংল্যান্ড ও ওয়েলস
ⓒ ইংল্যান্ড ও আয়ারল্যান্ড
ⓓ অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ড

(ব্যাখ্যা) *১২তম বিশ্বকাপ ক্রিকেটের (২০১৯) স্বাগতিক দেশ তথা আয়োজক দেশ ছিল—ইংল্যান্ড ও ওয়েলস। ১২তম বিশ্বকাপ জয়ী দেশ হলো ইংল্যান্ড। ১৩তম বিশ্বকাপ ক্রিকেটের (২০২৩) আয়োজক দেশ ভারত।*

৯. 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' গানটির রচয়িতা কে?

ⓐ হুমায়ূন আহমেদ
ⓑ আবদুল গাফফার চৌধুরী
ⓒ কাজী নজরুল ইসলাম
ⓓ ইমদাদুল হক মিলন

(ব্যাখ্যা) *'আমার ভাইয়ের রক্তে রাঙানো ২১ শে ফেব্রুয়ারি' বিখ্যাত এ গানটি মূলত গাফফার চৌধুরী রচিত একটি কবিতা। এটি প্রথম প্রকাশিত হয় হাসান হাফিজুর রহমান সম্পাদিত 'একুশে ফেব্রুয়ারি' (১৯৫৩) গ্রন্থে। প্রথমে এতে সুরারোপ করেন আব্দুল লতিফ। বর্তমানে এ গানের সুরকার আলতাফ মাহমুদ।*

উত্তর

| | |
|---|---|
| ১ | c |
| ২ | d |
| ৩ | a |
| ৪ | b |
| ৫ | b |
| ৬ | b |
| ৭ | c |
| ৮ | b |
| ৯ | b |

১০. কোন বছর ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছিল?
ⓐ ১৮২১ ⓑ ১৯১১
ⓒ ১৯২১ ⓓ ১৯৩১
(ব্যাখ্যা) নাথান কমিশনের সাহায্যে ব্রিটিশ সরকার ১৯২১ সালের ১ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করে।

১১. দ্বৈত শাসন ব্যবস্থার প্রবর্তক কে ছিলেন?
ⓐ লর্ড কার্জন ⓑ লুই আই কান
ⓒ লর্ড ক্লাইভ ⓓ জর্জ হ্যারিসন
(ব্যাখ্যা) রাজ্যের দেওয়ানি ও শাসনকার্যের ভার যথাক্রমে কোম্পানি ও নবাবের হাতে অর্পণ করাকে ইতিহাসে দ্বৈত শাসন ব্যবস্থা বলা হয়। ১৭৬৫ সালে লর্ড ক্লাইভ উপমহাদেশে দ্বৈত শাসন ব্যবস্থা চালু করেন।

১২. ইতালির রাজধানীর নাম কী?
ⓐ রোম ⓑ রিয়াদ
ⓒ কুয়ালালামপুর ⓓ কলম্বো
(ব্যাখ্যা) ইতালির রাজধানী রোম। রিয়াদ ও কুয়ালালামপুর যথাক্রমে সৌদি আরব ও মালয়েশিয়ার রাজধানীর নাম। শ্রীলঙ্কার সাবেক রাজধানী কলম্বো। বর্তমানে শ্রীলঙ্কার রাজধানী শ্রী জয়াবর্ধনেপুরা কোটে।

১৩. OIC-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
ⓐ ইসলামাবাদ ⓑ জেদ্দা
ⓒ মক্কা ⓓ দোহা
(ব্যাখ্যা) OIC-এর পূর্ণরূপ— Organization Of Islamic Cooperation। ২৫ সেপ্টেম্বর ১৯৬৯ মরক্কোর রাজধানী রাবাতে এটি গঠিত হয়। এর সদর দপ্তর জেদ্দা, সৌদি আরব।

১৪. চীনের মুদ্রার নাম কী?
ⓐ রিঙ্গিত ⓑ দিনার
ⓒ লিরা ⓓ আরএমবি
(ব্যাখ্যা) রেনমিনবি (Renminbi) হলো চীনের সরকারি মুদ্রার নাম। আর Renminbi-এর সংক্ষিপ্ত কোড হিসেবে ব্যবহৃত হয় RMB। ইউয়ান হলো মুদ্রার বেসিক ইউনিট।

১৫. মিয়ানমারে রোহিঙ্গারা নাগরিকত্ব হারায় কত সালে?
ⓐ ১৯৭২ ⓑ ১৯৮২
ⓒ ১৯৯২ ⓓ ২০১৮
(ব্যাখ্যা) ১৯৮২ সালের বার্মিজ নাগরিকত্ব আইনে মিয়ানমারের জান্তা সরকার রোহিঙ্গাদের নাগরিকত্ব বাতিল করে।

১৬. বাংলাদেশের জাতীয় সঙ্গীতের রচয়িতা কে?
ⓐ হুমায়ূন আহমেদ
ⓑ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓒ কাজী নজরুল ইসলাম
ⓓ ইমদাদুল হক মিলন
(ব্যাখ্যা) বঙ্গভঙ্গের প্রেক্ষাপটে রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'আমার সোনার বাংলা' কবিতার প্রথম ১০ লাইনকে বাংলাদেশের জাতীয় সংগীত হিসেবে স্বীকৃতি দেয়া হয় ১৯৭২ সালের ১৩ জানুয়ারি।

১৭. কোন কম্পিউটার সফটওয়্যার কোম্পানি স্প্রেডশীট, ওয়ার্ড এবং পাওয়ার পয়েন্টের মতো প্রোগ্রামগুলোকে তৈরি করেছে?
ⓐ IBM ⓑ Apple
ⓒ Dell ⓓ Microsoft
(ব্যাখ্যা) Microsoft Corporation MS word, MS Powerpoint, Ms Excel (স্প্রেডশীট), Ms Access প্রোগ্রামগুলি প্রস্তুত করেছে।

১৮. কোনটি স্প্রেডশিট সফটওয়্যার?
ⓐ Excel ⓑ SQL
ⓒ Power Point ⓓ Visual Studio
(ব্যাখ্যা) পৃথিবীর প্রথম স্প্রেডশীট প্রোগ্রাম Visicalc। বর্তমানে সবচেয়ে জনপ্রিয় স্প্রেডশীট প্রোগ্রাম—Ms Excel এছাড়াও লোটাস 1-2-3, নাম্বারস, মাল্টিপ্লান, কোরেল কোয়াট্রো-প্রো, সুপারক্যাল্ক কয়েকটি সুপরিচিত স্প্রেডশীট প্রোগ্রাম।

১৯. LAN-এর পূর্ণরূপ কী?
ⓐ Local Area Network
ⓑ Local Action Network
ⓒ Local Active Network
ⓓ Local Auction Network
(ব্যাখ্যা) LAN-এর পূর্ণরূপ— Local Area Network। সাধারণত ১ কিমি বা তার কম এরিয়ার মধ্যে বেশ কিছু কম্পিউটারের মধ্যে সংযোগ সাধনে LAN নেটওয়ার্ক প্রস্তুত করা হয়।

২০. Ctrl + [ এই কী-বোর্ড কমান্ড দিয়ে কী করা হয়?
ⓐ Font সাইজ ছোট করা হয়
ⓑ Centering করা হয়
ⓒ Font সাইজ বড় করা হয়
ⓓ Copy করা হয়
(ব্যাখ্যা) 'Ctrl + [' শর্টকার্ট কী দ্বারা Word Processing সফটওয়্যারের লেখার ফন্ট/সাইজ ছোট করা এবং 'Ctrl + ]' দ্বারা ফন্ট বড় করা হয়।

২১. Ctrl + B এই কী-বোর্ড কমান্ড দিয়ে কী করা হয়?
ⓐ Font সাইজ ছোট করা হয়
ⓑ Bold করা হয়
ⓒ Font সাইজ বড় করা হয়
ⓓ Copy করা হয়
(ব্যাখ্যা) Word Processing প্রোগ্রামে Ctrl + B দ্বারা লেখা বোল্ড করা, Ctrl + C দ্বারা কপি করা হয়।

২২. Ctrl + C এই কী-বোর্ড কমান্ড দিয়ে কী করা হয়?
ⓐ Font সাইজ ছোট করা হয়
ⓑ Centering করা হয়
ⓒ Font সাইজ বড় করা হয়
ⓓ Copy করা হয়

উত্তর

| | |
|---|---|
| ১০ | c |
| ১১ | c |
| ১২ | a |
| ১৩ | b |
| ১৪ | d |
| ১৫ | b |
| ১৬ | b |
| ১৭ | d |
| ১৮ | a |
| ১৯ | a |
| ২০ | a |
| ২১ | b |
| ২২ | d |

২৩. একটি কম্পিউটারে ব্যবহৃত দ্রুততম মেমরি কী?

ⓐ ডিস্ক ড্রাইভ ⓑ কী-বোর্ড
ⓒ মনিটর ⓓ Register

(ব্যাখ্যা) *অপশনগুলোর মনিটর ও কী বোর্ড যথাক্রমে আউটপুট ও ইনপুট ডিভাইস। ডিস্ক ড্রাইভ বড় ধারণক্ষমতা সম্পন্ন ধীরগতির মেমোরি এবং রেজিস্টার মেমোরি ক্ষুদ্র ধারণক্ষমতা সম্পন্ন দ্রুতগতির মেমোরি।*

২৪. কম্পিউটারের কোন অংশে তথ্য সংরক্ষণ করতে সাহায্য করে?

ⓐ ডিস্ক ড্রাইভ ⓑ কী-বোর্ড
ⓒ মনিটর ⓓ প্রিন্টার

(ব্যাখ্যা) *মনিটর, প্রিন্টার আউটপুট ডিভাইস ও কীবোর্ড ইনপুট ডিভাইস। ডিস্ক ড্রাইভে কম্পিউটারের তথ্য উপাত্ত সংরক্ষিত থাকে।*

২৫. মাউস কী রকম ডিভাইস?

ⓐ ইনপুট ডিভাইস
ⓑ আউটপুট ডিভাইস
ⓒ অভ্যন্তরীণ ডিভাইস
ⓓ বহিরাগত ডিভাইস

(ব্যাখ্যা) *কয়েকটি ইনপুট ডিভাইস হলো—মাউস, কী বোর্ড, জয়স্টিক, লাইট পেন, স্ক্যানার ইত্যাদি। অন্যদিকে আউটপুট ডিভাইসের উদাহরণ : মনিটর, প্রিন্টার, প্লটার ইত্যাদি।*

## গণিত (নম্বর : ১৫ × ১ = ১৫)

২৬. ১ থেকে ২০ পর্যন্ত কয়টি মৌলিক সংখ্যা আছে?

ⓐ ৭টি ⓑ ৮টি
ⓒ ৯টি ⓓ ১০টি

(ব্যাখ্যা) *১ থেকে ২০ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলো হলো : ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭ এবং ১৯ অর্থাৎ ৮টি।*

২৭. ৬টি পরপর সংখ্যা দেয়া আছে। যদি প্রথম ৩টি সংখ্যার যোগফল ১৮৩ হয়, তবে শেষ ৩টি সংখ্যার যোগফল কত?

ⓐ ১৯০ ⓑ ১৯৬
ⓒ ১৯২ ⓓ ২০২

(ব্যাখ্যা) *ধরি,*

*সংখ্যাগুলো যথাক্রমে* $x, x+১, x+২, x+৩, x+৪, x+৫$।

$\therefore x + x + ১ + x + ২ = ১৮৩$

$\Rightarrow ৩x = ১৮০$

$\therefore x = ৬০$

*সুতরাং,*

*শেষ ৩টি সংখ্যার যোগফল* $= (x+৩+x+৪+x+৫)$

$= ৩x + ১২$

$= (৩ \times ৬০) + ১২$

$= ১৮০ + ১২$

$= ১৯২$

২৮. কোনো সম্পত্তির $\frac{৮}{৫}$ অংশের মূল্য ১,২০,০০০ টাকা হলে, সমুদয় সম্পত্তির মূল্য কত টাকা?

ⓐ ১,২৭,০০০ টাকা ⓑ ১,৯২,০০০ টাকা
ⓒ ৭৫,০০০ টাকা ⓓ ৫৭,০০০ টাকা

(ব্যাখ্যা) *সম্পত্তির* $\frac{৮}{৫}$ *অংশের মূল্য* $= ১,২০,০০০$ *টাকা*

$\therefore$ " ১ " " $= \frac{১,২০,০০০ \times ৫}{৮}$ *টাকা*

$= ৭৫,০০০$ *টাকা*

২৯. এক ব্যক্তি মাসিক বেতনের ১/৪০ অংশে মহার্ঘ ভাতা পান। তাঁর মাসিক বেতন ১৬০০ টাকা হলে, তাঁর মহার্ঘ ভাতা কত?

ⓐ ৩০ টাকা ⓑ ৪ টাকা
ⓒ ৪০ টাকা ⓓ ৮০ টাকা

(ব্যাখ্যা) *মহার্ঘ ভাতা* $= \left(১৬০০ \text{ এর } \frac{১}{৪০}\right)$ *টাকা*

$= ৪০$ *টাকা*

৩০. ২টি সংখ্যার যোগফল ১৩০ এবং বিয়োগফল ১০ হলে, বৃহত্তম সংখ্যাটি কত?

ⓐ ৬০ ⓑ ৭০
ⓒ ৮০ ⓓ ৯০

(ব্যাখ্যা) *ধরি,*

*সংখ্যা দুটি যথাক্রমে* $x$ *এবং* $y$ *[যেখানে* $x > y$*]*

$\therefore x + y = ১৩০$

$x - y = ১০$

$(+)$ *করে* $\Rightarrow ২x = ১৪০$

$\therefore x = ৭০$

৩১. $\sqrt{0.000009}$ = কত?

ⓐ ০.০৩ ⓑ ০.৩
ⓒ ০.০০৩ ⓓ ০.০০০৩

(ব্যাখ্যা) $\sqrt{0.000009}$

$= \sqrt{(0.003)^2}$

$= 0.003$

৩২. ১টি মোবাইল ৭২০০ টাকায় বিক্রয় করায় ২০% লাভ হয়। মোবাইলটির ক্রয়মূল্য কত ছিল?

ⓐ ৭০০০ টাকা ⓑ ৬০০০ টাকা
ⓒ ৫৫০০ টাকা ⓓ ৫০০০ টাকা

(ব্যাখ্যা) *ধরি, মোবাইলের ক্রয়মূল্য ১০০ টাকা*

$\therefore$ *২০% লাভে বিক্রয়মূল্য = (১০০ + ২০) বা ১২০ টাকা*

$\therefore$ *বিক্রয়মূল্য ১২০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা*

$\therefore$ " ১ " " " $\frac{১০০}{১২০}$ "

$\therefore$ " ৭২০০ " " " $\frac{১০০ \times ৭২০০}{১২০}$ "

$= ৬০০০$ *টাকা*

উত্তর

| | |
|---|---|
| ২৩ | d |
| ২৪ | a |
| ২৫ | a |
| ২৬ | b |
| ২৭ | c |
| ২৮ | c |
| ২৯ | c |
| ৩০ | b |
| ৩১ | c |
| ৩২ | b |

৩৩. If $P = 5+\sqrt{2}$, then $p^2 = ?$

ⓐ $25+10\sqrt{2}$ ⓑ $20+5\sqrt{2}$
ⓒ $27+10\sqrt{2}$ ⓓ 27

(ব্যাখ্যা) $P = 5+\sqrt{2}$

$\Rightarrow p^2 = (5+\sqrt{2})^2$ [বর্গ করে]

$\Rightarrow p^2 = (5)^2 + 2.5.\sqrt{2} + (\sqrt{2})^2$

$= 25 + 10\sqrt{2} + 2$

$= 27 + 10\sqrt{2}$

৩৪. ১ হতে ৪৯ পর্যন্ত ক্রমিক সংখ্যাগুলোর গড় কত?

ⓐ ২৩ ⓑ ২৫
ⓒ ২৭ ⓓ ৩৩

(ব্যাখ্যা)

১ থেকে ৪৯ পর্যন্ত ক্রমিক সংখ্যার গড় $= \frac{৪৯(৪৯+১)}{২\times৪৯}$

$= ২৫$

৩৫. বার্ষিক ৬.৫% হারে সাধারণ সুদে ৭৫০ টাকার ৪ বছরের সুদ কত?

ⓐ ১৯৮ টাকা ⓑ ১৯৭ টাকা
ⓒ ১৯৫ টাকা ⓓ ১৯৯ টাকা

(ব্যাখ্যা) $I = Pnr$

$= ৭৫০\times৪\times\frac{৬.৫}{১০০}$ টাকা

$= ১৯৫$ টাকা

৩৬. $a+b=6$ এবং $a-b=4$ হলে, ab-এর মান কত?

ⓐ 2 ⓑ 5
ⓒ 3 ⓓ 4

(ব্যাখ্যা) $ab = \left(\frac{a+b}{2}\right)^2 - \left(\frac{a-b}{2}\right)^2$

$= \left(\frac{6}{2}\right)^2 - \left(\frac{4}{2}\right)^2$

$= 3^2 - 2^2 = 9-4 = 5$

৩৭. ৭, ১৪, ২৮, ৫৬, — ক্রমধারায় পরবর্তী সংখ্যাটি কত?

ⓐ ৫৮ ⓑ ৮৪
ⓒ ১১২ ⓓ ১২০

(ব্যাখ্যা) $৭\times২ = ১৪$

$১৪\times২ = ২৮$

$২৮\times২ = ৫৬$

$\therefore$ পরবর্তী সংখ্যাটি $= ৫৬\times২ = ১১২$।

৩৮. একটি পণ্য ২০% ক্ষতিতে ৫৫২ টাকায় বিক্রয় করা হয়। পণ্যটির ক্রয়মূল্য কত?

ⓐ ৬৪২ ⓑ ৬৯০
ⓒ ৬০০ ⓓ ৫৮০

(ব্যাখ্যা) ধরি,

পণ্যটির ক্রয়মূল্য ১০০ টাকা

$\therefore$ ২০% ক্ষতিতে বিক্রয়মূল্য = (১০০ − ২০) বা ৮০ টাকা

$\therefore$ বিক্রয়মূল্য ৮০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

$\therefore$ " ১ " " " $\frac{১০০}{৮০}$ "

$\therefore$ " ৫৫২ " " " $\frac{১০০\times৫৫২}{৮০}$ "

$= ৬৯০$ টাকা

৩৯. ১৫টি গরুর মূল্য ৫টি ঘোড়ার মূল্যের সমান। ২টি ঘোড়ার মূল্য ৩,০০০ টাকা হলে ১টি গরুর মূল্য কত?

ⓐ ৬০০ টাকা ⓑ ৬৫০ টাকা
ⓒ ৫০০ টাকা ⓓ ৭০০ টাকা

(ব্যাখ্যা) ২টি ঘোড়ার মূল্য ৩০০০ টাকা

$\therefore$ ১ " " $\frac{৩০০০}{২}$ "

$\therefore$ ৫ " " $\frac{৩০০০\times৫}{২}$ "

$= ৭৫০০$ "

সুতরাং,

১৫টি গরুর মূল্য = ৭৫০০ টাকা

$\therefore$ ১ " " $= \frac{৭৫০০}{১৫}$ টাকা

$= ৫০০$ টাকা

৪০. পিতা ও মাতার বয়সের গড় ৪৫ বছর। আবার পিতা, মাতা ও পুত্রের বয়সের গড় ৩৬ বছর। পুত্রের বয়স কত?

ⓐ ২০ বছর ⓑ ১৪ বছর
ⓒ ১৮ বছর ⓓ ১৬ বছর

(ব্যাখ্যা)

পিতা, মাতা ও পুত্রের মোট বয়স = (৩৬ × ৩) বা ১০৮ বছর

পিতা ও মাতার " " = (৪৫ × ২) বা ৯০ "

(−) করে ⇒ পুত্রের বয়স = ১৮ বছর

## বাংলা (নম্বর : ১৫ × ১ = ১৫)

৪১. নিচের কোন বাগধারাটির অর্থ ভিন্ন?

ⓐ অহিনকুল সম্বন্ধ ⓑ আদায় কাঁচকলায়
ⓒ তাসের ঘর ⓓ সাপে-নেউলে

(ব্যাখ্যা) অহিনকুল সম্বন্ধ, আদায় কাঁচকলায় ও সাপে-নেউলে বাগধারার অর্থ ভীষণ শত্রুতা। অন্যদিকে, 'তাসের ঘর' বাগধারার অর্থ ক্ষণস্থায়ী বস্তু।

উত্তর

| | |
|---|---|
| ৩৩ | c |
| ৩৪ | b |
| ৩৫ | c |
| ৩৬ | b |
| ৩৭ | c |
| ৩৮ | b |
| ৩৯ | c |
| ৪০ | c |
| ৪১ | c |

৪২. অনুকরণ করার ইচ্ছা-কে এক কথায় কী বলে?

ⓐ অপচিকীর্ষা ⓑ জিঘাংসা
ⓒ অনুচিকীর্ষা ⓓ অনুভিসা

(ব্যাখ্যা) *এক কথায় প্রকাশ : অনুকরণ করার ইচ্ছা— অনুচিকীর্ষা; হনন করার ইচ্ছা— জিঘাংসা; অপকার করার ইচ্ছা—অপচিকীর্ষা।*

৪৩. 'চাপে পড়ে কাবু হওয়া'-এর অর্থ প্রকাশক বাগধারা কোনটি?

ⓐ অকাল কুষ্মাণ্ড
ⓑ চোরা না শোনে ধর্মের কাহিনী
ⓒ ঠেলার নাম বাবাজি
ⓓ রাবণের চিতা

(ব্যাখ্যা) *'অকাল কুষ্মাণ্ড' বাগধারার অর্থ অপদার্থ, অকেজো। 'রাবণের চিতা' বাগধারার অর্থ চির অশান্তি। 'চোরে না শোনে ধর্মের কাহিনী' প্রবাদ-প্রবচনের অর্থ দুষ্ট লোক সৎপরামর্শ শোনে না।*

৪৪. 'দিতে হবে'– কে এক কথায় কী বলে?

ⓐ ভূতপূর্ব ⓑ দেয়
ⓒ জিতেন্দ্রিয় ⓓ অনাদায়

(ব্যাখ্যা) *এক কথায় প্রকাশ : যা পূর্বে ছিল এখন নেই— ভূতপূর্ব; ইন্দ্রিয়কে জয় করেছে যে— জিতেন্দ্রিয়; আদায়ের অভাব— অনাদায়।*

৪৫. 'সংযম' শব্দের সন্ধি বিচ্ছেদ কী?

ⓐ সং + যম ⓑ সম + যম
ⓒ সম্ + যম ⓓ সৎ + যম

(ব্যাখ্যা) *ম্-এর পর অন্তঃস্থ ধ্বনি য, র, ল, ব, কিংবা শ, ষ, স, হ থাকলে, ম্ স্থলে অনুস্বার (ং) হয়। যেমন– সম্ + যম = সংযম, সম্ + বাদ = সংবাদ, সম্ + লাপ = সংলাপ, সম্ + শয় = সংশয় ইত্যাদি।*

৪৬. 'মালা' শব্দের স্ত্রীলিঙ্গ কোনটি?

ⓐ মালিকা ⓑ মালী
ⓒ মালীনী ⓓ মালিনী

(ব্যাখ্যা) *ক্ষুদ্রার্থে ইকা যোগে গঠিত 'মালা' শব্দের স্ত্রীলিঙ্গ মালিকা। এরূপ নাটক–নাটিকা, গীত–গীতিকা, পুস্তক–পুস্তিকা ইত্যাদি।*

৪৭. নিচের কোনটির বানান সঠিক?

ⓐ পুনঃরুজ্জীবন ⓑ পুনরুজ্জীবণ
ⓒ পুনরুজ্জীবন ⓓ পূনরুজ্জীবন

(ব্যাখ্যা) *সঠিক বানান পুনরুজ্জীবন; যার অর্থ নতুন জীবনলাভ।*

৪৮. নিচের কোনটি সঠিক বানান?

ⓐ বাস্পীয় ⓑ বাষ্পীয়
ⓒ বাস্পিয় ⓓ বাষ্পিয়

(ব্যাখ্যা) *সঠিক বানান বাষ্পীয়; যার অর্থ বাষ্প শক্তির সাহায্যে চলে এমন।*

৪৯. 'অবনত' শব্দটির বিপরীত শব্দ কোনটি?

ⓐ সংশয় ⓑ উষা
ⓒ ছায়ালোক ⓓ উন্নত

(ব্যাখ্যা) *বিপরীত শব্দ : অবনত—উন্নত, সংশয়—নিশ্চয়, উষা—সন্ধ্যা।*

৫০. 'ঝুনা' শব্দটির বিপরীত শব্দ কোনটি?

ⓐ কচি ⓑ নাগ
ⓒ কনী ⓓ শশধর

৫১. কোনটি সাপ-এর সমার্থক শব্দ নয়?

ⓐ সর্প ⓑ ফণী
ⓒ অলক ⓓ নাগ

(ব্যাখ্যা) *সর্প, ফণী, নাগ ছাড়াও সাপ-এর আরও কয়েকটি সমার্থক শব্দ—অহি, উরগ, ভুজগ, ভুজঙ্গম, আশীবিষ, পন্নগ। অলক-এর সমার্থক শব্দ—চুল, চিকুর, কুন্তল, কেশ।*

৫২. Like priest, like pupil-এর বাংলা প্রবচন কোনটি?

ⓐ যেমন কর্ম তেমন ফল
ⓑ যেমন পাওয়া তেমন খাওয়া
ⓒ যেমন গুরু তেমন চেলা
ⓓ যেমন কুকুর তেমন মুগুর

৫৩. চায়ের বাগান কোন সমাস?

ⓐ কর্মধারয় সমাস
ⓑ সংখ্যাবাচক সমাস
ⓒ ষষ্ঠী তৎপুরুষ সমাস
ⓓ দ্বিগু সমাস

(ব্যাখ্যা) *পূর্বপদে ষষ্ঠী বিভক্তির (র, এর) লোপ হয়ে যে সমাস হয়, তাকে ষষ্ঠী তৎপুরুষ সমাস বলে। যেমন— চায়ের বাগান = চাবাগান, রাজার পুত্র = রাজপুত্র, খেয়ার ঘাট = খেয়াঘাট ইত্যাদি।*

৫৪. 'ওখানে যাস না'— কী অর্থে অনুজ্ঞার ব্যবহার হয়েছে?

ⓐ প্রার্থনা ⓑ উপদেশ
ⓒ অভিশাপ ⓓ আদেশ

(ব্যাখ্যা) *যে বাক্যে আদেশ, অনুরোধ, উপদেশ, নিষেধ ইত্যাদি অর্থ প্রকাশ পায় তাকে অনুজ্ঞা বাক্য বলে। যেমন—ওখানে যাস না। তোমরা এখন যাও। এ দুই বাক্যে আদেশ অর্থে অনুজ্ঞার ব্যবহার হয়েছে।*

৫৫. নিচের কোন শব্দটির কোনো পুরুষবাচক নেই?

ⓐ কামারিনী ⓑ সতিন
ⓒ ননদ ⓓ অতিশর্বী

(ব্যাখ্যা) *কতকগুলো শব্দ নিত্য স্ত্রীবাচক হয়। এগুলোর পুরুষবাচক শব্দ নেই। যেমন— সতিন, সৎমা, এয়ো, দাই, সধবা ইত্যাদি। অন্যদিকে, কামার-কামারনী, দেবর-ননদ।*

**উত্তর**

| | |
|---|---|
| ৪২ | c |
| ৪৩ | c |
| ৪৪ | b |
| ৪৫ | c |
| ৪৬ | a |
| ৪৭ | c |
| ৪৮ | b |
| ৪৯ | d |
| ৫০ | a |
| ৫১ | c |
| ৫২ | c |
| ৫৩ | c |
| ৫৪ | d |
| ৫৫ | b |

## ইংরেজি (নম্বর : ১৫ × ১ = ১৫)

৫৬. নিচের কোনটি সঠিক বানানযুক্ত শব্দ?
ⓐ Comission ⓑ Commition
ⓒ Commitions ⓓ Commission

(ব্যাখ্যা) সঠিক বানান যুক্ত word হলো com-mis-sion যার অর্থ ক্ষমতা অর্পণের ঘটনা।

৫৭. নিচের কোনটি সঠিক বানানযুক্ত শব্দ?
ⓐ Hippopotemus ⓑ Hippopotamas
ⓒ Hippopotamus ⓓ Hippopotamos

(ব্যাখ্যা) Hippopotamus হলো সঠিক বানান যুক্ত word। Hippopotamus শব্দের অর্থ জলহস্তী।

৫৮. **Himel stared— me.**
ⓐ of ⓑ at
ⓒ to ⓓ with

(ব্যাখ্যা) Stare at somebody অর্থ কারো দিকে স্থির দৃষ্টিতে তাকানো; কারো দিকে চোখ বড় বড় করে তাকানো। At যোগে বাক্যটির বাংলা : হিমেল আমার দিকে চোখ বড় বড় করে তাকালো।

৫৯. **Her speech is void— any meaning.**
ⓐ at ⓑ to
ⓒ of ⓓ with

(ব্যাখ্যা) Void of something অর্থ কোনো কিছু বর্জিত। Of যোগে প্রদত্ত বাক্যের অর্থ : তার বক্তব্য অর্থ শূন্য।

৬০. **I don't care— your opinion.**
ⓐ at ⓑ of
ⓒ to ⓓ about

(ব্যাখ্যা) Care about something অর্থ কোনো কিছু নিয়ে মাথা ব্যথা/পরোয়া থাকা। About যোগে বাক্যটির বাংলা : তোমার মতামত নিয়ে আমার কোনো মাথা ব্যথা নেই।

৬১. 'Optimistic' শব্দটির বিপরীত শব্দ কোনটি?
ⓐ Hopeful ⓑ Positive
ⓒ Pessimistic ⓓ Confident

(ব্যাখ্যা) Optimistic (আশাবাদী)-এর বিপরীত হলো pessimistic (নৈরাশ্যবাদী), অন্যদিকে hopeful অর্থ আশাবাদী, positive অর্থ ইতিবাচক আর confident অর্থ আত্মবিশ্বাসী।

৬২. Prohibit শব্দটির বিপরীত শব্দ কোনটি?
ⓐ Forbid ⓑ Permit
ⓒ Bar ⓓ Present

(ব্যাখ্যা) Prohibit (নিষেধ করা; বারণ করা)-এর বিপরীত শব্দ হলো permit (অনুমতি দেয়া)। Forbid অর্থ নিষেধ করা, bar অর্থ প্রতিবন্ধকতা সৃষ্টি করা আর present অর্থ উপস্থাপন করা।

৬৩. 'Quiet'-এর সমার্থক শব্দ কোনটি?
ⓐ Good ⓑ Noisy
ⓒ Silent ⓓ Attractive

(ব্যাখ্যা) Quiet এবং silent অর্থ নীরব, ... noisy অর্থ কোলাহলপূর্ণ আর attractive অর্থ আকর্ষণীয়।

৬৪. 'Notorious'-এর সমার্থক শব্দ কোনটি?
ⓐ Praiseworthy ⓑ infamous
ⓒ Notable ⓓ Popular

(ব্যাখ্যা) Notorious এবং infamous শব্দদ্বয় সমার্থক। এদের অর্থ কুখ্যাত, কুপ্রসিদ্ধ, অখ্যাত। Praiseworthy অর্থ প্রশংসাযোগ্য; notable অর্থ লক্ষণীয় আর popular অর্থ জনপ্রিয়।

৬৫. আন্ডারলাইনযুক্ত শব্দের অর্থ প্রকাশ করে কোনটি?
**Karim really <u>takes after</u> his grandmother.**
ⓐ Takes care ⓑ Looks after
ⓒ Resembles ⓓ Loves

(ব্যাখ্যা) Take after somebody অর্থ (বিশেষত বাবা-মা বা আত্মীয় স্বজনের সঙ্গে চেহারা বা চরিত্রের) মিল থাকা; অনুরূপ হওয়া। Phrase টির অর্থ resemble (অনুরূপ হওয়া) দ্বারা প্রকাশ পায়।

৬৬. আন্ডারলাইনযুক্ত শব্দের অর্থ প্রকাশ করে কোনটি?
**Please <u>look into</u> the matter.**
ⓐ Take care of ⓑ Investigate
ⓒ Praise ⓓ Observe

(ব্যাখ্যা) Look into অর্থ তদন্ত করা (investigate)। Take care of অর্থ যত্ন নেয়া, praise অর্থ প্রশংসা করা আর observe অর্থ লক্ষ্য করা।

৬৭. কোনটি সঠিক বাগধারা?
ⓐ In accordance to ⓑ With accordance to
ⓒ In accordance with ⓓ In accordance of

(ব্যাখ্যা) সঠিক বাগধারা হলো In accordance with যার অর্থ অনুযায়ী; অনুসারে; মাফিক।

৬৮. কোনটি **'In view of the fact that'** বাগধারার অর্থ প্রকাশ করে?
ⓐ Frequently ⓑ Because
ⓒ Seldom ⓓ Even Though

(ব্যাখ্যা) 'In view of the fact that' বাগধারাটি অর্থ কারণে। বাগধারাটির অর্থ প্রকাশ পায় because দ্বারা।

৬৯. কোনটি 'In very few cases' বাগধারার অর্থ প্রকাশ করে?
ⓐ Frequently ⓑ Even though
ⓒ Seldom ⓓ If seldom ever

(ব্যাখ্যা) In very few cases বাগধারাটির অর্থ স্বল্প পরিস্থিতিতে। বাগধারাটির অর্থ প্রকাশ পায় seldom দ্বারা যার অর্থ কদাচিৎ।

৭০. কোনটি সঠিক বাক্য?
ⓐ He looks excellently. ⓑ He looks good.
ⓒ He looks well. ⓓ He looks goodly.

(ব্যাখ্যা) Look verb-এর পরে adjective বসে adverb নয়। সুতরাং সঠিক বাক্য he looks good।

উত্তর

| | |
|---|---|
| ৫৬ | d |
| ৫৭ | c |
| ৫৮ | b |
| ৫৯ | c |
| ৬০ | d |
| ৬১ | c |
| ৬২ | b |
| ৬৩ | c |
| ৬৪ | b |
| ৬৫ | c |
| ৬৬ | b |
| ৬৭ | c |
| ৬৮ | b |
| ৬৯ | c |
| ৭০ | b |

# ৩৪ বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর উপজেলা আনসার ও ভিডিপি প্রশিক্ষক/প্রশিক্ষিকা/অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর ২০১৯

পরীক্ষার তারিখ : ১৩.০৯.২০১৯; সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ৭০; সেট : ক

১. শুদ্ধ বানান লিখুন : ৫

ক. মনোজগত; খ. প্রত্যাপোকার; গ. কটুক্তি; ঘ. বর্ধণ; ঙ. মনকষ্ট

উত্তর :

| প্রদত্ত বানান | শুদ্ধরূপ |
|---|---|
| ক. মনোজগত | মনোজগৎ |
| খ. প্রত্যাপোকার | প্রত্যুপকার |
| গ. কটুক্তি | কটূক্তি |
| ঘ. বর্ধণ | বর্ধন |
| ঙ. মনকষ্ট | মনঃকষ্ট |

২. ব্যাসবাক্যসহ সমাসের নাম লিখুন : ৫

ক. বিলাতফেরত; খ. উপশহর; গ. তোমরা; ঘ. হাতাহাতি; ঙ. ত্রিফলা

উত্তর :

| প্রদত্ত শব্দ | ব্যাসবাক্য | সমাসের নাম |
|---|---|---|
| ক. বিলাতফেরত | বিলাত থেকে ফেরত | পঞ্চমী তৎপুরুষ |
| খ. উপশহর | শহরের সদৃশ | অব্যয়ীভাব |
| গ. তোমরা | সে ও তুমি | একশেষ দ্বন্দ্ব |
| ঘ. হাতাহাতি | হাতে হাতে যে যুদ্ধ | ব্যতিহার বহুব্রীহি |
| ঙ. ত্রিফলা | তিন ফলের সমাহার | দ্বিগু |

৩. এককথায় প্রকাশ করুন : ৫

(ক) অন্য গাছের উপর যে গাছ জন্মে; (খ) পট আঁকে যে; (গ) জানবার ইচ্ছা; (ঘ) একই মায়ের সন্তান; (ঙ) যে নারীর হাসি সুন্দর

উত্তর : এককথায় প্রকাশ :

ক. অন্য গাছের উপর যে গাছ জন্মে—পরগাছা।

খ. পট আঁকে যে—পটুয়া।

গ. জানবার ইচ্ছা—জিজ্ঞাসা।

ঘ. একই মায়ের সন্তান—সহোদর।

ঙ. যে নারীর হাসি সুন্দর—সুস্মিতা।

৪. 'বাংলাদেশ আনসার ও ভিডিপি' সম্পর্কে পাঁচটি বাক্য লিখুন। ৫

বাংলাদেশ আনসার ও ভিডিপি

বাংলাদেশ আনসার ও ভিডিপি বাংলাদেশের অভ্যন্তরীণ নিরাপত্তা, আইন প্রয়োগ ও সংরক্ষণের জন্য গঠিত একটি বাহিনী। এটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয় দ্বারা পরিচালিত হয়। এ বাহিনীর স্লোগান— শান্তি, শৃঙ্খলা, উন্নয়ন, নিরাপত্তায় সর্বত্র আমরা। এ বাহিনীর প্রধান কার্যালয় ঢাকায় অবস্থিত। জাতীয় নির্বাচনকালে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার উদ্দেশ্যে এ বাহিনীর সদস্যদের নিয়োগ করা হয়।

৫. Translate into English. ৫

ক. তুমি কি জান সে কোথায় বাস করে?

Ans : Do you know where he lives?

খ. বালিকাটি নাচতে নাচতে চলে গেল।

Ans : The girl went away dancing.

গ. মূর্খ ব্যক্তিকে কেউ পছন্দ করে না।

Ans : Nobody likes an ignorant person.

ঘ. বাংলাদেশের রাজধানী ঢাকা একটি খুব প্রাচীন শহর।

Ans : Dhaka, the capital of Bangladesh is an old city.

ঙ. এখন দশটা বাজতে সাত মিনিট বাকি।

Ans : It is seven minutes to ten.

৬. Fill in the blanks : ৫

a. Shafiq is — M.A. of the University.
b. The room is filled — smoke.
c. I always hanker — wealth.
d. It has been raining — 10 p.m.
e. He was absent — the school.

Ans : (a) an, (b) with, (c) after, (d) since, (e) from.

৭. **Transform the following sentences.** ৫

a. **It is very beautiful bird. (Exclamatory)**

Ans : What a beautiful bird it is!

b. **Though he is poor, he is honest. (Simple)**

Ans : In spite of his poverty, he is honest.

c. **You are not a fool. (Interrogative)**

Ans : Are you a fool?

d. **The boy satisfied us. (Passive)**

Ans : We were satisfied with the boy.

e. **If you work hard, you will shine in life. (Compound)**

Ans : Work hard and you will shine in life.

৮. **Write 10 sentences on 'Our Liberation War'.** ৫

## Our Liberation War

Liberation is the birth-right of man. But the deprivation and exploitation of the Pakistani rulers created grievances and resentment among the people of East Pakistan (Present day Bangladesh). They revolted against the Pakistan oppressors. The people of Bangladesh were discriminated in govt. services, in business and in getting govt. right and privileges. So Bangladesh wanted freedom from Pakistan. But Bangladesh had to pay heavy price for its liberation. Many heroic sons of this soil fought bravely and achieved martyrdom to liberate our country. About three millions of lives had been sacrificed for it. After nine months bloody struggle, the Pakistani

করা সরকারের অন্যতম দায়িত্ব। এ জন্য সরকার বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। যেমন : দুস্থ জনগোষ্ঠীর জন্য বিনা মূল্যে খাদ্য সরবরাহ, ভিজিএফ, জিআর, ওএমএস, দুর্যোগকালীন ত্রাণ সহায়তা ইত্যাদি।

১০. খাদ্য মজুদ : আপদকালীন পরিস্থিতি মোকাবেলায় সরকার পর্যাপ্ত খাদ্য গুদাম নির্মাণ করছে।

পরিশেষে বলা যায়, খাদ্য সংকটের ফলে খাদ্য নিরাপত্তা বিঘ্নিত হয়। এ সংকট কাটিয়ে উঠতে বাংলাদেশ সরকার অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপন করেছে— তবে তা পর্যাপ্ত নয়। খাদ্য নিরাপত্তায় সরকারের সক্ষমতা ও প্রচেষ্টা আরও বৃদ্ধি পেলে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব।

৯. Write an essay about 'Life of village boy'. ১×১৫ = ১৫

## Life of Village Boy

A boy who lives in village is called a village boy. Life in a village is friendly, simple and easy. Boys in the village can have more scope for natural pastime which cannot be expected in the city life. Most of the people living in the villages are poor but there are some people who are of the rich and middle classes. So the poor people in the village lead a different life from the rich and middle class people. In the same way poor village boys lead their lives differently from the boys who were born in rich and middle class families.

A poor village boy starts his morning going to field with his father while a village boy from rich and middle class family starts his morning going to school or studying at home. The poor village boys are deprived of basic education, have lack of proper clothes and care of their parents. As their parents lead miserable lives, they also lead miserable lives. Uneducated and poor parents cannot send their sons in schools. Boys from rich and middle classes go to schools and complete the study learning to different teachers. In the afternoon all village boys get changes in playing different kinds of outdoor and indoor games. They enjoy the quite and calm weather which is rarely found in city lives. The village boys return home before sunset. Going home some start reading, some take food and some go sleeping. Educated parents in the village teach the village boys in the evening but those who are not educated cannot teach them.

Lives of village boys are totally different from those of town boys. Village boys are very close to the nature, intimate with people who are their relatives and neighbours. They have close relationship with the lands. They are easy going and co-operative. They understand their parents inability and poor condition and have sympathy to their near and dear ones. They try to remain happy with what their parents have. They remain busy from the morning to sunset in doing different things. As they work in the fields or swim in the river and take part in different physical activities, they look strong.

Though village boys don't get enough opportunites like city boys, they in village lead lives in healthier environment free from polution and some incidents.

y এর মান (ii) নং সমীকরণে বসিয়ে পাই,

$$\therefore x = \frac{৪ \times ৭২}{৬} = ৪৮$$

∴ একটি কলমের মূল্য ৪৮ টাকা

৭. নানার বয়স নাতির বয়স এর ১০ গুণ। ৫ বছর আগে তাদের বয়সের পার্থক্য ৫৪ বছর। বর্তমানে তাদের বয়স কত? ১×৩ = ৩

**সমাধান** ধরি, নাতির বর্তমান বয়স x বছর

∴ নানার " " ১০x "

∴ ৫ বছর আগে নানার বয়স = (১০x − ৫) বছর

৫ " " নাতির " = (x − ৫) বছর

প্রশ্নমতে,

$$(১০x - ৫) - (x - ৫) = ৫৪$$
$$\Rightarrow ১০x - ৫ - x + ৫ = ৫৪$$
$$\Rightarrow ৯x = ৫৪$$
$$\Rightarrow x = \frac{৫৪}{৯}$$
$$\therefore x = ৬$$

∴ নাতির বয়স ৬ বছর এবং নানার বয়স ১০ × ৬ = ৬০ বছর।

৮. রচনা লিখ ... খাদ্য নিরাপত্তা প্রচেষ্টা ১×১০ = ১০

## খাদ্য নিরাপত্তা প্রচেষ্টা

বিশ্বব্যাপী বিরাজমান সংকটগুলোর মধ্যে অন্যতম সংকট হলো খাদ্য সংকট। খাদ্য নিরাপত্তাহীনতার ফলে দিন দিন সারা বিশ্বে দরিদ্র জনগোষ্ঠীর সংখ্যা বেড়েই চলেছে। বর্তমান পরিস্থিতিতে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা বড় চ্যালেঞ্জ হিসেবে দেখা দিয়েছে। বিগত বছরগুলোতে খাদ্য উৎপাদন ও জনসংখ্যা সারা বিশ্বেই বৃদ্ধি পেয়েছে। কিন্তু আবাদযোগ্য জমির পরিমাণ হ্রাস পেয়েছে। বাংলাদেশও এর ব্যতিক্রম নয়। খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার জন্য অনেক সমস্যা থাকলেও পাশাপাশি উপযুক্ত সমাধানও রয়েছে।

**খাদ্য নিরাপত্তা কি?**

খাদ্য নিরাপত্তা বা Food Secrity বলতে আমরা বুঝি, যখন খাদ্যের যথেষ্ট মজুদ থাকবে, মানুষ যখন খাদ্য চাইবে তখন তার হাতের কাছে পাবে। ১৯৯৬ সালে বিশ্ব খাদ্য সম্মেলনে বলা হয়,

Food security as the state in which people at all times have physical, social, and economic access to sufficient and nutritious food that meets their dietary needs for a healthy and active life.

অর্থাৎ খাদ্য নিরাপত্তা হলো এরূপ একটি অবস্থা যেখানে জনগণ সবসময় ভৌত, সামাজিক এবং অর্থনৈতিকভাবে পর্যাপ্ত পুষ্টিসমৃদ্ধ খাদ্যে প্রবেশাধিকার লাভ করে যা তাদের সুস্বাস্থ্য ও কর্মময় জীবনের জন্য স্বাস্থ্যবিধি সম্মত প্রয়োজন মেটায়।

**বাংলাদেশে খাদ্য নিরাপত্তা পরিস্থিতি**

বিশ্ব খাদ্য নিরাপত্তা সূচক ২০১৯-এর তথ্যানুযায়ী বিশ্বখাদ্য নিরাপত্তা সূচকে ১১৩টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ৮৩তম। দক্ষিণ এশিয়াতে খাদ্য নিরাপত্তা সূচকে বাংলাদেশ সর্বনিম্ন। রিপোর্টে বাংলাদেশের অর্জিত স্কোর ৫৩.২ (১০০-এর মধ্যে)। অর্থনৈতিক সমীক্ষা ২০১৯-এর তথ্যানুযায়ী, দেশে দারিদ্র্যের হার ২১.৮%, চরম দারিদ্র্যের হার ১১.৩%। শিশু মৃত্যুর হার প্রতি হাজারে ২৪ জন। এ সকল পরিসংখ্যান বাংলাদেশে খাদ্য নিরাপত্তা পরিস্থিতি উন্নতির চিহ্ন বহন করে।

**খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে বাংলাদেশ সরকারের গৃহীত পদক্ষেপ**

খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে বাংলাদেশ সরকার বহুমুখী কর্মসূচি গ্রহণ করেছে এবং প্রচেষ্টা অব্যহত আছে। খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে বাংলাদেশ সরকারের গৃহীত পদক্ষেপগুলো নিম্নরূপ:

১. **নীতি প্রণয়ন :** বিশ্বখাদ্য সম্মেলন ১৯৯৬ পরবর্তী সরকার এবং দাতাদেশ ও সংস্থা বাংলাদেশে খাদ্য নীতি প্রণয়নে উদ্যোগী হয় এবং সে লক্ষ্য National Food Policy Plan of Action এবং Investment Plan for Food Security and Nutrition প্রণয়ন করা হয়।

২. **দেশীয় উৎপাদন বৃদ্ধি :** খাদ্যশস্য উৎপাদন ব্যতীত শুধুমাত্র আমদানির উপর নির্ভর করে খাদ্য নিরাপত্তা সম্ভব নয়। তাই সরকার দেশীয় উৎপাদন বৃদ্ধির প্রতি সর্বোচ্চ গুরুত্ব আরোপ করেছে।

৩. **কৃষি উন্নয়ন :** কৃষির উন্নয়নের জন্য সরকার সেচ সম্প্রসারণ, জলাবদ্ধতা নিরসন, উন্নত মানের ও উচ্চ ফলনশীল বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রভৃতি কার্যক্রম গ্রহণ করেছে।

৫. **কৃষি জমির আওতা সম্প্রসারণ :** জলাবদ্ধতা দূরীকরণ ও হাওর এলাকায় পরিকল্পিত পানি নিষ্কাশনের মাধ্যমে কৃষি জমির আওতা সম্প্রসারণ করা হচ্ছে।

৬. **খাদ্যশস্যের মূল্য নিয়ন্ত্রণ :** খাদ্য নিরাপত্তার সাথে সমাজের সকলের জন্য সহজে খাদ্য প্রাপ্তি নিবিড়ভাবে সম্পর্কিত। তাই কেউ যাতে কারসাজি করে দ্রব্যমূল্য বাড়াতে না পারে সে জন্য সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে।

৭. **মঙ্গা ও মৌসুমী দারিদ্র্য নিরসনে পদক্ষেপ :** মঙ্গা ও মৌসুমী দারিদ্র্য নিরসনে অতিদরিদ্রদের জন্য সরকার '১০০ দিনের কর্মসংস্থান কর্মসূচি' নামে বিশেষ প্রকল্প গ্রহণ করেছে।

৮. **আন্তর্জাতিক সহায়তা :** খাদ্য নিরাপত্তায় বাংলাদেশ সরকারের গৃহীত পদক্ষেপ আন্তর্জাতিক ক্ষেত্রে অনুকরণীয় দৃষ্টান্ত হিসেবে স্বীকৃতি পায়, ফলে আন্তর্জাতিক সহযোগিতার পথ সুগম হয়।

৯. **নিম্ন আয় ও দরিদ্র জনগোষ্ঠীর খাদ্য প্রাপ্তি কর্মসূচি :** দেশের দরিদ্র জনগোষ্ঠীর জন্য খাদ্য প্রাপ্তির নিশ্চয়তা বিধান

চ. পানে কোন ব্যাক্টেরিয়ার জন্য রপ্তানিতে নিষেধাজ্ঞা করেছে?

উত্তর : সম্প্রতি বাংলাদেশের পানে ক্ষতিকারক ব্যাকটেরিয়া 'সালমোনেলার' উপস্থিতি টের পেয়ে ইউরোপীয় ইউনিয়ন বাংলাদেশী পান আমদানিতে নিষেধাজ্ঞা আরোপ করে।

ছ. ইউরিয়ার রাসায়নিক সংকেত কি?

উত্তর : ইউরিয়ার রাসায়নিক সংকেত $(NH_2)_2CO$।

জ. স্বাধীনতা যুদ্ধে মুজিবনগর কত নম্বর সেক্টরে ছিলো?

উত্তর : স্বাধীনতা যুদ্ধে মুজিবনগর ৮নং সেক্টরের অধীনে ছিলো। বৃহত্তর কুষ্টিয়া বর্তমান মেহেরপুর, যশোর, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ ও রাজবাড়ী নিয়ে ৮নং সেক্টর গঠিত হয়।

ঝ. কৃষির অর্থনৈতিক অঞ্চল কয়টি?

উত্তর : কৃষিভিত্তিক অর্থনীতির উপর ভিত্তি করে বাংলাদেশকে ৩০টি ভৌগোলিক অঞ্চলে বিভক্ত করা হয়েছে।

ঞ. পরবর্তী কোন সময়ে ইলিশ ধরা নিষিদ্ধ করা হয়েছে?

উত্তর : প্রতি বছরের ন্যায় ২০১৯ সালে পরবর্তী দফায় অক্টোবর মাসের ২২ দিন (৯-৩০ অক্টোবর) পর্যন্ত ইলিশ মাছ ধরা নিষিদ্ধ করেছে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

৪. প্রতিটি প্রশ্নের মান সমান $১ \times ১০ = ১০$

ক. ভারত চাঁদে যে যান পাঠিয়েছে তার নাম কি?

উত্তর : চাঁদে অনুসন্ধানকারী ভারতের দ্বিতীয় যান হলো চন্দ্রযান-২।

খ. কদম কোন কালের ফুল?

উত্তর : কদম হলো এক ধরনের কাষ্ঠল কাণ্ডবিশিষ্ট দ্বিবীজপত্রী বিটপী। কদমফুল ফোটে বর্ষাকালে।

গ. পরবর্তী ক্রিকেট বিশ্বকাপ কত সালে?

উত্তর : পরবর্তী ক্রিকেট বিশ্বকাপ অনুষ্ঠিত হবে ২০২৩ সালে ভারতে।

ঘ. সুপার রাইসে কোন ভিটামিন থাকে?

উত্তর : সুপার রাইস হলো ভিটামিন এ সমৃদ্ধ ধান যা ধানের জীনগত পরিবর্তনের মাধ্যমে উৎপাদন করা হয়।

ঙ. যুক্তরাজ্য এর প্রধানমন্ত্রীর নাম কি?

উত্তর : যুক্তরাজ্যের বর্তমান প্রধানমন্ত্রী বরিস জনসন।

চ. সুখ সাগর পেঁয়াজ উৎপাদনের জন্য কোন জেলা বিখ্যাত?

উত্তর : সুখসাগর পেঁয়াজ উৎপাদনে বিখ্যাত জেলা মেহেরপুর।

ছ. রোহিঙ্গা মিয়ানমারের কোন প্রদেশের অধিবাসী?

উত্তর : মিয়ানমার সরকার কর্তৃক জাতিগত নিধনের স্বীকার হওয়া রোহিঙ্গা জনগোষ্ঠী মিয়ানমারের আরাকান রাজ্যের অধিবাসী।

জ. পৃথিবীর সবচেয়ে ঘনবসতিপূর্ণ শহর কোনটি?

উত্তর : পৃথিবীর সবচেয়ে ঘনবসতিপূর্ণ শহর ভারতের মুম্বাই।

ঝ. এক সেকেন্ড সমান কত ন্যানো (Nano) সেকেন্ড?

উত্তর : এক ন্যানোসেকেন্ড (1nm) সমান হলো $10^{-9}$ এর সমান।

ঞ. UNDFA-এর পূর্ণরূপ কি?

উত্তর : UNDFA নামের কোনো আন্তর্জাতিক সংগঠন নেই, তবে উগান্ডার একটি সমিতির নাম রয়েছে— Uganda National Dairy Farmers' Association (UNDFA)। UNDAF নামে জাতিসংঘের একটি কর্মশালা আছে যার পূর্ণরূপ- The United Nations Development Assistance Framework।

৫. ১০০০ কেজি চালের কিছু অংশের উপর ৮% এবং অবশিষ্ট চালের উপর ১৮% লাভ করে। মোটের উপর ১৪% লাভ করে। ১৮% লাভে চালের পরিমাণ কত? $১ \times ৫ = ৫$

**সমাধান** মনে করি,

x কেজি চালের উপর ১৮% লাভ করে

∴ (১০০০ − x) " " " ৮% লাভ করে

প্রশ্নমতে,

$$\left(x+\frac{১৮x}{১০০}\right)+\left\{১০০০-x+\frac{(১০০০-x)\times ৮}{১০০}\right\}=১০০০+১০০০\times\frac{১৪}{১০০}$$

$$\Rightarrow \frac{১০০x+১৮x}{১০০}+\frac{১০০০০০-১০০x+৮০০০-৮x}{১০০}=১০০০+১৪০$$

$$\Rightarrow ১১৮x+১০৮০০০-১০৮x=১১৪০\times ১০০$$

$$\Rightarrow ১০x=১১৪০০০-১০৮০০০$$

$$\Rightarrow x=\frac{৬০০০}{১০}$$

$$=৬০০ \text{ কেজি}$$

∴ ১৮% লাভে চালের পরিমাণ ৬০০ কেজি।

৬. একটি পেন্সিল এর ক্রয়মূল্য এর ১/৪ অংশ একটি কলমের ক্রয়মূল্য এর ১/৬ অংশের সমান এবং মোট মূল্য ১২০ টাকা হলে একটি কলমের মূল্য কত? $১ \times ২ = ২$

**সমাধান** ধরি, পেন্সিলের ক্রয়মূল্য x টাকা

এবং কলমের " y টাকা

∴ $x+y=১২০$ .................. (i)

এবং x এর $\frac{১}{৪}$ = y এর $\frac{১}{৬}$

$$\Rightarrow \frac{x}{৪}=\frac{y}{৬}$$

$$\Rightarrow x=\frac{৪y}{৬} \text{ ........... (ii)}$$

(i) নং ও (ii) নং থেকে পাই,

$$\frac{৪y}{৬}+y=১২০$$

$$\Rightarrow \frac{৪y+৬y}{৬}=১২০$$

$$\Rightarrow ১০y=১২০\times ৬$$

$$\Rightarrow y=\frac{১২০\times ৬}{১০}=৭২$$

# দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর ২০১৯

পরীক্ষার তারিখ : ২২.০৩.২০১৯; সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ৭০

[প্রত্যেক প্রশ্নের ঠিক উত্তরটি নির্বাচন করুন। সকল প্রশ্নের মান সমান।]

১. 'বিধু' শব্দটির অর্থ কী?
ⓚ আকাশ ⓔ বাতাস
ⓖ চাঁদ ⓘ তারা

(ব্যাখ্যা) বিধু সংস্কৃত শব্দ; যার অর্থ চাঁদ। তারা শব্দের অর্থ নক্ষত্র।

২. 'যা ভাষায় প্রকাশ করা যায় না'— তাকে এক কথায় বলে—
ⓚ অনির্বাচ্য ⓔ অনির্দেশ্য
ⓖ অনির্বচনীয় ⓘ অনির্ণেয়

(ব্যাখ্যা) এককথায় প্রকাশ : যা ভাষায় প্রকাশ করা যায় না– অনির্বাচ্য; নির্দিষ্ট করা যায় না এমন– অনির্দেশ্য; বর্ণনা করা যায় না এমন– অনির্বচনীয়; নির্ণয় করা যায় না এমন– অনির্ণেয়।

৩. কোনটি উপসর্গযোগে গঠিত শব্দ নয়?
ⓚ হরহামেশা ⓔ হররোজ
ⓖ হরতাল ⓘ হরদম

(ব্যাখ্যা) গুজরাটি ভাষার শব্দ হরতাল উপসর্গযোগে গঠিত হয়।

৪. কোনটি শুদ্ধ বানান?
ⓚ সমীচীন ⓔ সমচীন
ⓖ সমীচিন ⓘ সমিচিন

৫. কোন শব্দটি 'ইক' প্রত্যয়যুক্ত নয়?
ⓚ ধনিক ⓔ বণিক
ⓖ মাসিক ⓘ ভাষিক

(ব্যাখ্যা) 'ইক' প্রত্যয়যুক্ত শব্দ নয় বণিক। বণিক-এর সঠিক প্রকৃতি প্রত্যয় √বণ্‌ + ইজ্‌। অন্যদিকে ধন + ইক = ধনিক, মাস + ইক = মাসিক ও ভাষা + ইক = ভাষিক ইক প্রত্যয়যুক্ত গঠিত শব্দ।

৬. 'পিশাচ → পিচাশ'–এরূপ পরিবর্তনকে বলা হয়—
ⓚ স্বরভক্তি ⓔ স্বরসংগতি
ⓖ ধ্বনি বিপর্যয় ⓘ ধ্বনিবিকার

(ব্যাখ্যা) শব্দের মধ্যে দুটি ব্যঞ্জনের পরস্পর পরিবর্তন ঘটলে তাকে ধ্বনি বিপর্যয় বলে। যেমন– পিশাচ > পিচাশ, লাফ > ফাল, রিকসা > রিসকা।

৭. নিত্য মূর্ধন্য ণ-বাচক শব্দ কোনটি?
ⓚ তৃণ ⓔ গ্রহণ
ⓖ লক্ষণ ⓘ লবণ

(ব্যাখ্যা) কতকগুলো শব্দে স্বভাবতই 'ণ' হয়। যেমন– লবণ, চাণক্য, মাণিক্য, বাণিজ্য, বিপণি, আপণ, লাবণ্য, নিপুণ, বেণু, বীণা ইত্যাদি।

৮. 'তারিখ' শব্দটি বাংলায় এসেছে কোন ভাষা থেকে?
ⓚ আরবি ⓔ ফারসি
ⓖ সংস্কৃত ⓘ হিন্দি

[Note : তারিখ শব্দটি বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান অনুযায়ী আরবি শব্দ এবং বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি বোর্ড বই অনুযায়ী ফারসি শব্দ।]

৯. নিচের কোন বানানটি অশুদ্ধ?
ⓚ নারীত্ব ⓔ কৃতিত্ব
ⓖ সতিত্ব ⓘ ব্যক্তিত্ব

(ব্যাখ্যা) সতিত্ব বানানের শুদ্ধরূপ সতীত্ব।

১০. সমুদ্র শব্দটির সমার্থ—
ⓚ সলিল ⓔ জলধি
ⓖ সৈকত ⓘ তটিনী

(ব্যাখ্যা) সমুদ্র শব্দের সমার্থক শব্দ– জলধি, বারিধি, অর্ণব, সাগর, পারাবার, পাথার, রত্নাকর, সিন্ধু ইত্যাদি। সলিল শব্দের সমার্থ– পানি। সৈকত শব্দের সমার্থ– পুলিন, তট। তটিনী শব্দের সমার্থ– নদী, সরিৎ।

১১. Attested–এর বাংলা পরিভাষা—
ⓚ সংযুক্ত ⓔ স্বাক্ষরযুক্ত
ⓖ নিবন্ধিত ⓘ সত্যায়িত

১২. নিচের কোনটি কর্মধারয় সমাস?
ⓚ মিশকালো ⓔ করপল্লব
ⓖ অতলজল ⓘ জ্ঞানবৃক্ষ

[Note : মিশির (পোড়া তামাক) মতো কালো = মিশকালো (উপমান কর্মধারয়), কর পল্লবের ন্যায় = করপল্লব (উপমিত কর্মধারয়) ও জ্ঞান রূপ বৃক্ষ = জ্ঞানবৃক্ষ (রূপক কর্মধারয় সমাস)।]

১৩. নিচের কোনটি অর্থগত দিক থেকে সাদৃশ্যপূর্ণ নয়?
ⓚ অলক ⓔ চিকুর
ⓖ কবরী ⓘ লোচন

(ব্যাখ্যা) অলক, চিকুর ও কবরী হলো চুল শব্দের সমার্থক। লোচন শব্দের অর্থ চোখ, নয়ন, নেত্র।

১৪. কেবল জন্তুর বহুবচনে ব্যবহৃত হয় এমন শব্দ হলো—
ⓚ আবলি ⓔ গণ
ⓖ সকল ⓘ পাল

(ব্যাখ্যা) পাল ও যূথ শব্দ দুটি কেবল জন্তুর বহুবচনে ব্যবহৃত হয়। যেমন– রাখাল গরুর পাল লয়ে যায় মাঠে। হস্তিযূথ মাঠের ফসল নষ্ট করছে।

উত্তর

| | |
|---|---|
| ১ | গ |
| ২ | ক |
| ৩ | গ |
| ৪ | ক |
| ৫ | খ |
| ৬ | গ |
| ৭ | ঘ |
| ৮ | Note |
| ৯ | গ |
| ১০ | খ |
| ১১ | ঘ |
| ১২ | Note |
| ১৩ | ঘ |
| ১৪ | ঘ |

৩৬. ১টি দ্রব্য ৪৫০ টাকায় বিক্রয় করলে ২০% লাভ হয়। দ্রব্যটির ক্রয়মূল্য কত?
ⓚ ২৫০ টাকা ⓛ ২৭৫ টাকা
ⓜ ৩৭৫ টাকা ⓝ ৪০০ টাকা

(ব্যাখ্যা) ২০% লাভে বিক্রয়মূল্য = (১০০ + ২০) টাকা = ১২০ টাকা
বিক্রয়মূল্য ১২০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা
∴ " ১ " " " $\frac{১০০}{১২০}$ "
∴ " ৪৫০ " " " $\frac{১০০ \times ৪৫০}{১২০}$ "
= ৩৭৫ টাকা।

৩৭. ৫% মুনাফায় ৫০০ টাকা ৩ বছরের জন্য জমা রাখলে সরল মুনাফা কত হবে?
ⓚ ৭৫ টাকা ⓛ ২৫ টাকা ⓜ ৫০ টাকা ⓝ ১০০ টাকা

(ব্যাখ্যা) সরল মুনাফা I = pnr
$= ৫০০ \times ৩ \times \frac{৫}{১০০}$
= ৭৫ টাকা
যেখানে,
$r = ৫\% = \frac{৫}{১০০}$
n = ৩ বছর

৩৮. বাংলাদেশের সংবিধান দিবস কবে?
ⓚ ১০ এপ্রিল ⓛ ১৭ মার্চ
ⓜ ৪ নভেম্বর ⓝ ১৬ ডিসেম্বর

(ব্যাখ্যা) বাংলাদেশের সংবিধান গণপরিষদে গৃহীত হয় ৪ নভেম্বর ১৯৭২। তাই ৪ নভেম্বরকে বাংলাদেশের সংবিধান দিবস হিসেবে পালন করা হয়। ১৯৭২ সালের ১৬ ডিসেম্বর হতে বাংলাদেশ সংবিধান কার্যকর হয়।

৩৯. 'পাসওয়ার্ড' এর অর্থ কী?
ⓚ সংকেত ⓛ নমুনা শব্দ ⓜ লুকানো শব্দ ⓝ চিহ্ন শব্দ

(ব্যাখ্যা) পাসওয়ার্ড (Password) শব্দের অর্থ গুপ্তশব্দ বা লুকানো শব্দ।

৪০. চা পাতায় কী ভিটামিন থাকে?
ⓚ ভিটামিন-এ ⓛ ভিটামিন-সি
ⓜ ভিটামিন-বি কমপ্লেক্স ⓝ ভিটামিন-ডি

(ব্যাখ্যা) চা পাতায় ভিটামিন-বি কমপ্লেক্স থাকে। ভিটামিন এ থাকে ঘি, মাখন, যকৃত, ইলিশ, লালশাক, টমেটো, গাজর ইত্যাদিতে। ভিটামিন ডি এর উৎস মাছের তেল, ডিমের কুসুম, ঘি, মাখন ইত্যাদি। ভিটামিন সি সাধারণত টক জাতীয় ফল যেমন— লেবু, আমলকি, লিচু, কামরাঙা, আনারস ইত্যাদিতে পাওয়া যায়।

৪১. ওয়াশিংটন ডি. সি. বানানে ডি. সি. এর পূর্ণরূপ কী?
ⓚ ডিস্ট্রিক্ট অব কলম্বিয়া ⓛ ডিস্ট্রিক্ট অব কমেডি
ⓜ ডিস্ট্রিক্ট অব কেনেডি ⓝ ডিস্ট্রিক্ট অব ক্যালিফোর্নিয়া

(ব্যাখ্যা) যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডি. সি. বানানে ডিসির পূর্ণরূপ ডিস্ট্রিক্ট অব কলম্বিয়া।

৪২. বাংলাদেশের মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক কে ছিলেন?
ⓚ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ⓛ কর্নেল তাহের
ⓜ জিয়াউর রহমান ⓝ জেনারেল এমএজি ওসমানী

(ব্যাখ্যা) বাংলাদেশের মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও প্রধান সেনাপতি ছিলেন জেনারেল এম এ জি ওসমানী।

৪৩. মুজিবনগর সরকার কখন গঠিত হয়?
ⓚ ১০ এপ্রিল ১৯৭১ ⓛ ২৫ মার্চ ১৯৭১
ⓜ ৭ মার্চ ১৯৭১ ⓝ ১ এপ্রিল ১৯৭১

(ব্যাখ্যা) মেহেরপুর জেলার বৈদ্যনাথতলায় ১৯৭১ সালের ১০ এপ্রিল বাংলাদেশের প্রথম সরকার গঠিত হয়। ১৭ এপ্রিল মুজিবনগর সরকার শপথ গ্রহণ করেন।

৪৪. বাংলাদেশের স্বাধীনতা দিবস কবে?
ⓚ ১৬ ডিসেম্বর ⓛ ২৫ মার্চ ⓜ ২৬ মার্চ ⓝ ২১ ফেব্রুয়ারি

(ব্যাখ্যা) ২৬ মার্চ ১৯৭১ সালের প্রথম প্রহরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন। তাই ২৬ মার্চকে বাংলাদেশের স্বাধীনতা দিবস হিসেবে ঘোষণা করা হয়।

৪৫. দীনবন্ধু মিত্র নীল বিদ্রোহ নিয়ে ১৮৫৯ সালে যে নাটক রচনা করেন তার নাম কী?
ⓚ নীল কুঠি ⓛ বৈকুণ্ঠের উইল
ⓜ কবর ⓝ নীল দর্পণ

(ব্যাখ্যা) ব্রিটিশ নীলকরদের অত্যাচার ও নীল বিদ্রোহ নিয়ে দীনবন্ধু মিত্র রচনা করেন 'নীল দর্পণ' নাটক। এটি ঢাকা হতে প্রকাশিত প্রথম গ্রন্থ।

৪৬. SIM এর পূর্ণরূপ কী?
ⓚ Standard Identification Module
ⓛ Subscriber Ideal Module
ⓜ Subscriber Identification Module
ⓝ Subscriber Identification Module

(ব্যাখ্যা) SIM-এর পূর্ণরূপ—Subscriber Identification Module.

৪৭. ২০১৯ সালের BPL-এ সর্বোচ্চ উইকেট শিকারী কে?
ⓚ সাকিব আল হাসান ⓛ তাসকিন আহমেদ
ⓜ মাশরাফি বিন মর্তুজা ⓝ রুবেল হোসেন

(ব্যাখ্যা) BPL ২০১৯-এর সর্বোচ্চ উইকেট শিকারী ঢাকা ডায়নামাইটের খেলোয়াড় সাকিব আল হাসান। তিনি ২৩টি উইকেট পেয়েছেন। উল্লেখ্য, বঙ্গবন্ধু BPL ২০১৯-এ (১১ ডিসেম্বর ২০১৯-১৭ জানুয়ারি ২০২০) সর্বোচ্চ উইকেট শিকারী ৪ জন (২০টি করে)। তারা হলেন– ১. মোস্তাফিজুর রহমান, ২. মোহাম্মদ আমির, ৩. রুবেল হোসেন ও ৪. রবার্ট ফ্রাইলিঙ্ক।

৪৮. ২০১৮ সালের ফুটবল বিশ্বকাপের চ্যাম্পিয়ন কোন দেশ?
ⓚ জার্মানি ⓛ ফ্রান্স ⓜ স্পেন ⓝ ক্রোয়েশিয়া

(ব্যাখ্যা) ২১তম ফুটবল বিশ্বকাপ ২০১৮ তে বিশ্বকাপজয়ী দল ফ্রান্স ও রানার্সআপ হয় ক্রোয়েশিয়া। স্পেন ও জার্মানি যথাক্রমে ২০১০ ও ২০১৪ সালের বিশ্বকাপ জয়ী দেশ।

৪৯. জাতিসংঘের বর্তমান মহাসচিব কে?
ⓚ বান কি মুন ⓛ রবার্ট জোয়ালিক
ⓜ অ্যান্টনিও গুতেরেস ⓝ এলিসন

(ব্যাখ্যা) জাতিসংঘের নবম মহাসচিব পর্তুগালের সাবেক প্রধানমন্ত্রী অ্যান্টনিও গুতেরেস। বান কি মুন ছিলেন দক্ষিণ কোরিয়ার নাগরিক ও জাতিসংঘের অষ্টম মহাসচিব।

৫০. কোরিয়ার মুদ্রার নাম কী?
ⓚ ওন ⓛ ডলার ⓜ রুপি ⓝ দিনার

(ব্যাখ্যা) উত্তর ও দক্ষিণ কোরিয়ার মুদ্রার নাম ওন।

উত্তর

| | |
|---|---|
| ৩৬ | গ |
| ৩৭ | ক |
| ৩৮ | গ |
| ৩৯ | গ |
| ৪০ | গ |
| ৪১ | ক |
| ৪২ | ক |
| ৪৩ | ক |
| ৪৪ | গ |
| ৪৫ | ঘ |
| ৪৬ | গ |
| ৪৭ | ক |
| ৪৮ | খ |
| ৪৯ | গ |
| ৫০ | ক |

২৭. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে ৪, ৫ ও ৬ দ্বারা ভাগ করলে প্রতি ক্ষেত্রে ১ অবশিষ্ট থাকবে?

ⓚ ৩১ ⓚ ৫৯ ⓖ ৬১ ⓘ ১২১

(ব্যাখ্যা)

$$\begin{array}{r|l} ২ & ৪, ৫, ৬ \\ \hline & ২, ৫, ৩ \end{array}$$

৪, ৫, ৬ এর ল. সা. গু. = ২ × ২ × ৩ × ৫ = ৬০

∴ সংখ্যাটি হবে = ৬০ + ১ = ৬১

২৮. ১৫টি ভেড়ার মূল্য ৫টি গরুর মূল্যের সমান। ২টি গরুর মূল্য ৩,০০০ টাকা হলে ৩টি ভেড়ার মূল্য কত টাকা?

ⓚ ১,৪০০ ⓚ ১,৫০০

ⓖ ১,৬০০ ⓘ ১,৭০০

(ব্যাখ্যা) ২টি গরুর মূল্য ৩০০০ টাকা

∴ ১টি " " $= \frac{৩০০০}{২} =$ ১৫০০ টাকা

∴ ৫টি " " = ১৫০০ × ৫ = ৭৫০০ টাকা

অর্থাৎ ১৫টি ভেড়ার মূল্য ৭৫০০ টাকা

∴ ১টি " " $= \frac{৭৫০০}{১৫}$ "

∴ ৩টি " " $= \frac{৭৫০০ \times ৩}{১৫}$

= ১৫০০ টাকা

উত্তর : ১৫০০ টাকা।

২৯. $x^2 - (a+b)x + ab = 0$ সমীকরণের সমাধান সেট কোনটি?

ⓚ $\{a, b\}$ ⓚ $\{a, -b\}$ ⓖ $\{-a, b\}$ ⓘ $\{-a, -b\}$

(ব্যাখ্যা) $x^2 - (a+b)x + ab = 0$

$\Rightarrow x^2 - ax - bx + ab = 0$

$\Rightarrow x(x-a) - b(x-a) = 0$

$\Rightarrow (x-a)(x-b) = 0$

∴ $x - a = 0$ | অথবা, $x - b = 0$

$\Rightarrow x = a$ | $\Rightarrow x = b$

∴ নির্ণেয় সমাধান সেট = $\{a, b\}$

৩০. $x + y = 5$ ও $xy = 6$ এবং $x > y$ হলে $2(x^2 + y^2) = ?$

ⓚ 24 ⓚ 26 ⓖ 28 ⓘ 30

(ব্যাখ্যা) $2(x^2 + y^2)$

$= 2\{(x+y)^2 - 2xy\}$

$= 2\{(5)^2 - 2 \times 6\}$

$= 2(25 - 12)$

$= 2 \times 13$

$= 26$

৩১. 4 + 7 + 10 + 13 + ....... ধারাটির কোন পদ 301?

ⓚ 80 ⓚ 90 ⓖ 95 ⓘ 100

(ব্যাখ্যা) 4 + 7 + 10 + 13 + ..... ধারার মনে করি $n$ তম পদ হচ্ছে 301

ধারাটির প্রথম পদ, $a = 4$

সাধারণ অন্তর $d = 7 - 4 = 3$

∴ $a + (n-1)d = n$ তম পদ

$\Rightarrow 4 + (n-1)3 = 301$

$\Rightarrow (n-1)3 = 301 - 4 = 297$

$\Rightarrow n - 1 = \frac{297}{3} = 99$

$\Rightarrow n = 99 + 1$

∴ $n = 100$

৩২. যদি $3x + 5y = 14$ ও $x - y = 6$ হয় তাহলে $x$ ও $y$ এর গড় কত?

ⓚ 3.5 ⓚ 3 ⓖ 2.5 ⓘ 2

(ব্যাখ্যা) $3x + 5y = 14$ .......... (i)

$x - y = 6$ ............ (ii)

(i) নং + 5 × (ii) নং ⇒

$$\begin{aligned} 3x + 5y &= 14 \\ 5x - 5y &= 30 \\ \hline 8x &= 44 \end{aligned}$$

$\Rightarrow x = \frac{44}{8} = 5.5$

$x$ এর মান (ii) নং এ বসাই

$5.5 - y = 6$

$\Rightarrow -y = 6 - 5.5$

$\Rightarrow -y = 0.5$

$\Rightarrow y = -0.5$

∴ $x$ ও $y$ এর গড় $= \frac{5.5 + (-0.5)}{2}$

$= 2.5$

৩৩. $f(x) = x^4 + 5x^2 - 3$ হলে $f(-1)$ এর মান কত?

ⓚ 3 ⓚ 1 ⓖ −7 ⓘ 11

(ব্যাখ্যা) $f(x) = x^4 + 5x^2 - 3$

∴ $f(-1) = (-1)^4 + 5(-1)^2 - 3$

$= 1 + 5 - 3$

$= 3$

৩৪. $y = x^2 - 4x + 3$ ফাংশনে (i) $x^2 - 2x$ স্বাধীন চলক, (ii) $x$ স্বাধীন চলক, (iii) $y$ অধীন চলক। উপরের তথ্যের আলোকে নিচের কোনটি সঠিক?

ⓚ (i) ⓚ (ii) ⓖ (i) ও (iii) ⓘ (ii) ও (iii)

(ব্যাখ্যা) $y = x^2 - 4x + 3$ ফাংশনের $x$ হচ্ছে স্বাধীন চলক এবং $y$ হচ্ছে অধীন চলক। অতএব এখানে সঠিক উত্তর (d) (ii) ও (iii)

৩৫. দৈনিক ৬ ঘণ্টা পরিশ্রম করে ১০ জন লোক একটি কাজ ৭ দিনে করতে পারে। দৈনিক কত ঘণ্টা পরিশ্রম করে ১৪ জনে ৬ দিনে ঐ কাজটি করতে পারবে?

ⓚ ৫ ঘণ্টা ⓚ ১৫ ঘণ্টা ⓖ ১০ ঘণ্টা ⓘ ৭ ঘণ্টা

(ব্যাখ্যা) ১০ জন লোক ৭ দিনে কাজটি করে দৈনিক ৬ ঘণ্টা পরিশ্রমে

∴ ১ " " ৭ " " " " ৬ × ১০ " "

∴ ১ " " ১ " " " " ৬ × ১০ × ৭ " "

∴ ১৪ " " ১ " " " " $\frac{৬ \times ১০ \times ৭}{১৪}$ " "

∴ ১৪ " " ৬ " " " " $\frac{৬ \times ১০ \times ৭}{১৪ \times ৬}$ " "

= ৫ ঘণ্টা পরিশ্রম।

উত্তর

| | |
|---|---|
| ২৭ | গ |
| ২৮ | খ |
| ২৯ | ক |
| ৩০ | খ |
| ৩১ | ঘ |
| ৩২ | গ |
| ৩৩ | ক |
| ৩৪ | ঘ |
| ৩৫ | ক |

ব্যাখ্যা *Clamp down on somebody* অর্থ বিশেষ করে অপরাধ দমনে কারো উপর দৃঢ় পদক্ষেপ নেয়া। On যোগে বাক্য বাংলা : পুলিশ মাদক ব্যবসায়ীদের দমন করতে যাচ্ছে।

১৬. **We can't go on holiday together if your dates don't fit in — mine.**

ক of  খ on  গ about  ঘ with

ব্যাখ্যা *Fit in with somebody/something* অর্থ কারো সাথে বা কোনো কিছুর সাথে সামঞ্জস্যপূর্ণ/উপযোগী হওয়া। আমরা একত্রে অবকাশে যেতে পারবো না যদি না তোমার তারিখ আমার তারিখের সাথে মিলে।

১৭. **The cars are going — the tunnel.**

ক in  খ for  গ on  ঘ through

ব্যাখ্যা *Go through something* অর্থ কোনো কিছু মধ্য দিয়ে চলা। Through যোগে বাক্যটির বাংলা : গাড়িগুলো ট্যানেলের মধ্য দিয়ে যাচ্ছে।

১৮. **Mr. Safayet is brilliant — crosswords.**

ক at  খ in  গ of  ঘ on

ব্যাখ্যা *Brilliant at crosswords* অর্থ শব্দ-সাজানোর ধাঁধায় অতি চতুর।

**Choose the sentence that is closest in meaning to the given sentence(s). (১৯-২০)**

১৯. **I am going to the capital. I wanted to find a good job.**

ক I am going to the capital to finding a good job.

খ I am going to the capital in finding a good job.

গ I am going to the capital for finding a good job.

ঘ I am going to the capital to find a good job.

ব্যাখ্যা প্রদত্ত বাক্যদ্বয়ের একই অর্থবোধক বাক্য হলো *I am going to the capital to find a good job* : উদ্দেশ্য বোঝাতে to + verb-এর base form ব্যবহৃত হয়।

২০. **He didn't work hard, so he failed the exam.**

ক If he hadn't worked hard, he would have failed the exam

খ If he worked hard, he wouldn't fail the exam.

গ He wouldn't have failed the exam if he had worked hard.

ঘ He hadn't failed the exam if he would have worked hard.

ব্যাখ্যা *He didn't work hard, so he failed the exam* : অর্থ সে কঠোর পরিশ্রম করেনি, সুতরাং সে পরীক্ষায় ফেল করল। বাক্যটির একই অর্থবোধক শব্দ হলো *If he worked hard, he wouldn't fail the exam*। (যদি সে কঠোর পরিশ্রম করত তাহলে সে ফেল করত না)। Second conditional বাক্যের যে অর্থ তার বিপরীত অর্থ প্রকাশ করে।

***Choose the correct form of indirect speech of the given direct speech (es). (২১-২২)***

২১. **She said, 'I was studying in the library.' She said that —.**

ক I had been studying  খ I was studying

গ She was studying  ঘ She had been studying.

ব্যাখ্যা *Reported speech-এ sub first person* থাকলে তা *reporting verb-এর sub* অনুযায়ী পরিবর্তিত হয় আর *past continuous tense* এ থাকলে *past perfect continuous tense* এ হয়। সুতরাং সঠিক *expression* হলো *She had been studying.*

২২. **He said, "The earth moves round the sun." He said that the earth — round the sun.**

ক move  খ moves

গ moved  ঘ would move

ব্যাখ্যা *Reported speech* চিরসত্য বাক্য হলে *indirect* এ *verb* এর কোনো রূপ পরিবর্তন হয় না। সুতরাং *moves* হবে সঠিক *verb form*।

২৩. **Ancient people believed that — with a sun and a rotating around it.**

ক the earth was the center of the universe

খ the earth is the center of the universe

গ the center of the universe is earth

ঘ the universe has earth at the center

ব্যাখ্যা *That* পূর্ববর্তী *clause*টি *past tense* এ হওয়ায় *that* পরবর্তী *clause* টিও *past tense* এ হবে। সুতরাং সঠিক *expression* হলো *The earth was the center of the universe*।

**Choose the alternative which best expresses the meaning of the idiom/phrase. (২৪-২৫)**

২৪. **Mr. MMZ *Washed his hands* of the matter long ago.**

ক Refused to change the decision

খ Took the responsibility

গ Refused to accept responsibility for

ঘ Overcame the difficulties

ব্যাখ্যা প্রদত্ত বাক্যটির অর্থ জনাব এমএমজেড অনেক আগে বিষয়টির জন্য দায়ী নয় এ কথা বলেছিলেন। *Wash one's hands of something* কোনো কিছুর জন্য দায় স্বীকার করতে অস্বীকার করা অর্থাৎ *phrase* টির অর্থ প্রকাশ পায় *Refused to accept responsibility for*।

২৫. **Criminals could be easily arrested because the police were *tipped off* in advance.**

ক Toppled over  খ Bribed

গ Threatened  ঘ Given advance information.

ব্যাখ্যা *Tip off* অর্থ হুঁশিয়ারি বা ইঙ্গিত দেয়া। *Tipped off phrase* টির অর্থ প্রকাশ পায় *given advance information* দ্বারা।

২৬. **১২.৫% সরল সুদে কোন মূলধন কত বছরে সুদে-আসলে ২ গুণ হবে?**

ক ৬ বছরে  খ ৭ বছরে  গ ৮ বছরে  ঘ ৯ বছরে

ব্যাখ্যা মনে করি, আসল = P এবং সময় = n

$\therefore$ সুদ-আসল = ২P

$\therefore$ ২P = P(১ + rn)

$\Rightarrow$ ১ + rn = ২

$\Rightarrow$ rn = ২ − ১ = ১

$\Rightarrow n = \frac{১}{r} = \frac{১}{০.১২৫} = ৮$

এখানে, r = ১২.৫%

$= \frac{১২.৫}{১০০}$

$= ০.১২৫$

উত্তর

| | |
|---|---|
| ১৬ | ঘ |
| ১৭ | ঘ |
| ১৮ | ক |
| ১৯ | ঘ |
| ২০ | খ |
| ২১ | ঘ |
| ২২ | খ |
| ২৩ | ক |
| ২৪ | গ |
| ২৫ | ঘ |
| ২৬ | গ |

# পানিসম্পদ মন্ত্রণালয়ের অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর ২০১৮

তারিখ : ২৭.০৭.২০১৮; সময় : ৯০ মিনিট; পূর্ণমান : ১০০

[বি]দ্র: পরীক্ষার পর প্রশ্নপত্র আবশ্যিকভাবে জমা দিতে হবে। অন্যথায় উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে। ডান পাশের সংখ্যা মান জ্ঞাপক।

[স]ন্ধি বিচ্ছেদ করুন : ৫

ক. বৃষ্টি, খ. সংসার, গ. গবেষণা, ঘ. ষড়যন্ত্র, ঙ. উচ্ছেদ।

উত্তর:

| প্রদত্ত শব্দ | সন্ধি বিচ্ছেদ |
|---|---|
| ক. বৃষ্টি | বৃষ্ + তি |
| খ. সংসার | সম্ + সার |
| গ. গবেষণা | গো + এষণা |
| ঘ. ষড়যন্ত্র | ষট্ + যন্ত্র |
| ঙ. উচ্ছেদ | উৎ + ছেদ |

[কা]রক নির্ণয় করুন : ৫

ক. ডাক্তার ডাক; খ. আকাশে চাঁদ উঠেছে; গ. এ কলমে ভালো লেখা হয়; ঘ. সমিতিতে চাঁদা দাও; ঙ. পাপে বিরত হও।

উত্তর:

| প্রদত্ত শব্দ | কারক |
|---|---|
| ক. ডাক্তার ডাক | কর্ম কারক |
| খ. আকাশে চাঁদ উঠেছে | অধিকরণ কারক |
| গ. এ কলমে ভালো লেখা হয় | করণ কারক |
| ঘ. সমিতিতে চাঁদা দাও | সম্প্রদান কারক |
| ঙ. পাপে বিরত হও | অপাদান কারক |

[এক]কথায় প্রকাশ করুন : ৫

উত্তর : ক. মৃতের মত অবস্থা যার— মুমূর্ষু।

খ. ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি— ইতিহাসবেত্তা।

গ. যা কোথাও উঁচু কোথাও নিচু— বন্ধুর।

ঘ. যা আঘাত পায়নি— অনাহত।

ঙ. যে সকল অত্যাচারই সয়ে যায়— সর্বংসহা।

[অ]র্থসহ বাক্য রচনা করুন : ৫

ক. আমড়া কাঠের ঢেঁকি (অপদার্থ)— ও হচ্ছে ধনীর দুলাল, আমড়া কাঠের ঢেঁকি, ওকে দিয়ে কিছুই হবে না।

খ. আটকপালে (হতভাগ্য)— আমার মতো আটকপালের ভাগ্যে কি ওই চাকরি জুটবে?

গ. একাদশে বৃহস্পতি (সৌভাগ্যের বিষয়)— এখন তার একাদশে বৃহস্পতি, ধুলোমুঠোও সোনামুঠো হচ্ছে।

ঘ. ঠোঁটকাটা (স্পষ্টভাষী)— এমন ঠোঁটকাটা লোক আর দেখিনি। গুরুজনদের সামনেও মুখে কিছু আটকায় না।

ঙ. বর্ণচোরা (কপট ব্যক্তি)— লোকটা বর্ণচোরা, তার আসল রূপ ধরা যায় না।

৫. বিপরীত শব্দ লিখুন : ৫

ক. অন্ত, খ. সরস, গ. বিরত, ঘ. ভূত, ঙ. লঘু।

উত্তর :

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| অন্ত | অনন্ত |
| সরস | নীরস |
| বিরত | নিরত |
| ভূত | ভবিষ্যৎ |
| লঘু | গুরু |

৬. ভাব-সম্প্রসারণ করুন : ৫

## জন্ম হোক যথাতথা, কর্ম হোক ভালো

আপন জন্মের ব্যাপারে মানুষের নিজের কোনো ভূমিকা থাকে না। উঁচু বা নিচু, ধনী বা দরিদ্র পরিবারে তার জন্ম হওয়াটা তার ইচ্ছা বা কর্মের ওপর নির্ভর করে না। কিন্তু কর্মজীবনে তার ভূমিকা ও অবদানের দায় তার নিজের ওপর বর্তায়। তাই পৃথিবীতে মানুষের প্রকৃত বিচারে তার জন্ম-পরিচয় তেমন গুরুত্ব বহন করে না। বরং কর্ম-অবদানের মাধ্যমেই মানুষ পায় মর্যাদার আসন, হয় বরণীয়-স্মরণীয়। সমাজে একদল লোক আছেন যারা বংশ আভিজাত্যে নিজেদের সম্ভ্রান্ত মনে করেন। তারা বংশ মর্যাদার অজুহাতে সমাজে বিশেষ মর্যাদা দাবি করেন। কিন্তু তাদের এই প্রয়াস বাস্তবতা বিবর্জিত ও হাস্যকর। সমাজের নিচুতলায় জন্ম নিয়েও মানুষ কর্ম ও অবদানে বড় হতে পারে। মানব সমাজের ইতিহাসে এ রকম উদাহরণ অজস্র। পদ্মফুলের সৌন্দর্যই বড়। পঙ্কে জন্মেছে বলে তাকে হেয় গণ্য করা হয় না। তেমনি মানুষের কর্মের সাফল্যই বড়, জন্ম-পরিচয়ে মানুষের বিচার হীনম্মন্যতারই পরিচায়ক। বস্তুত প্রকৃতির রাজ্যে মানুষে মানুষে কোনো ভেদ নেই। একদল মানুষ মানুষের ওপর আধিপত্য কায়েমের জন্য সমাজে বড়-ছোট, ধনী-দরিদ্র ইত্যাদি ব্যবধান সৃষ্টি করেছে। ধর্মীয় ব্যবধান রচনা করেছে মানুষই। ফলে সমাজে মানুষে মানুষে আপাতদৃষ্টে ভেদাভেদ সৃষ্টি হয়েছে। তাই যে কোনো পেশা, যে কোনো কাজ মানুষ করুক না কেন তা সমাজে গুরুত্বহীন নয়। তাকে অপ্রয়োজনীয় ও অবজ্ঞেয় করা সুস্থতার পরিচায়ক নয়। মানুষ যেখানেই জন্মাক, যে কাজই করুক, সে সততা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করছে কিনা সেটাই বিবেচ্য। মানুষের কল্যাণে, সমাজের অগ্রগতিতে সে যতটা অবদান রাখে তার ভিত্তিতেই তাকে মূল্যায়ন করা হয়। সেই অনুযায়ী তাকে সমাজে স্বীকৃতি দিতে হয়। বংশ-পরিচয়ের অজুহাতে উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত সম্পদ, ক্ষমতা ও দম্ভের শক্তিতে মানুষের ওপর জবরদস্তি করে সমাজে মর্যাদার আসন লাভ করা যায় না।

তাই জন্ম-পরিচয়ের ঊর্ধ্বে আপন কর্ম-পরিচয় তুলে ধরাই হওয়া উচিত মানুষের জীবন-ব্রত। তাহলেই সুকর্মের মাধ্যমে মানুষ গৌরব ও মর্যাদার আসনে আসীন হতে পারে।

৭. **Translate into English :** ১০

ক. আমাদের দেশের অধিকাংশ মানুষ গ্রামে বসবাস করে।
— Most of the people of our country live in villages.

খ. যে দেশকে ভালবাসে সে একজন দেশপ্রেমিক।
— He who loves his country is a patriot.

গ. একটি বাগান কেবল সৌন্দর্যের উৎস নয়।
— A garden is not only source of beauty.

ঘ. আমি চা অপেক্ষা দুধ পছন্দ করি।
— I prefer milk to tea.

ঙ. আমি, তুমি ও সে একত্রে যাব।
— You, he and I will go together.

৮. **Fill in the blanks with appropriate word :** ৫

a. Thailand is —— the east of Bangladesh.
b. He called —— my home yesterday.
c. The baby takes —— her mother.
d. His health has broken ——.
e. Wait for —— hours more.

**Ans :** a. to; b. at; c. after; d. down; e. some.

৯. **Correct the following sentences :** ৫

a. **One of the books was lost.**
— One of my books is/was lost.

b. **Eighty miles are a long distance.**
— Eighty miles is a long distance.

c. **He is my cousin brother.**
— He is my cousin.

d. **The food was very tasteful.**
— The food is very tasty.

e. **I'm living in Dhaka for the last two years.**
— I have been living in Dhaka for the last two years.

১০. **Write a paragraph on 'Digital Bangladesh'.** ১০

**Digital Bangladesh**

Digital Bangladesh is now the most pronounced phrase in our country. Digital Bangladesh means digitalizing Bangladesh by ensuring an ICT based society. The present government in our country has declared the 'Vision 2021' in the election manifesto. It targets to establish technology based Bangladesh by 2021. The government has taken up an initiative for setting up Union Information Centres in 1000 unions. The programme aims towards reaching information technology facilities to the door steps of rural people. The people of Bangladesh are getting advantage of digitalization in all government sectors. Digitalization has largely changed banking and financial activities. The motto of Digital Bangladesh is to establish technology based digital governance, e-commerce, e-agriculture, e-production, e-education etc. The ambitious dream for a digital Banladesh will remain a dream if the government cannot equip the people with the technology needed for establishing the digital area.

১১. ১০ বছর পূর্বে পিতার বয়স পুত্রের বয়সের ৪ গুণ ছিল। ৪ বছর পর পিতার বয়স পুত্রের বয়সের ২ গুণ হবে। বর্তমানে কার বয়স কত?

**সমাধান** ধরি,

১০ বছর পূর্বে পুত্রের বয়স ছিল $= x$ বছর

$\therefore$ ১০ " " পিতার " " $= ৪x$ "

$\therefore$ বর্তমানে পুত্রের বয়স $= x + ১০$ বছর

" পিতার " $= ৪x + ১০$ "

$\therefore$ ৪ বছর পর পুত্রের বয়স হবে $= x + ১৪$ বছর

$\therefore$ " " পিতার " " $= ৪x + ১৪$ "

প্রশ্নমতে,

$$৪x + ১৪ = ২(x + ১৪)$$

$$\Rightarrow ৪x + ১৪ = ২x + ২৮$$

$$\Rightarrow ২x = ১৪$$

$$\therefore x = ৭$$

$\therefore$ বর্তমানে পুত্রের বয়স $৭ + ১০$ বা ১৭ বছর

এবং " পিতার " $৪ \times ৭ + ১০$ বা ৩৮ বছর

১২. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য বিস্তারের ৩/২ গুণ এবং ক্ষেত্রফল ২১৬ বর্গমিটার। পরিসীমা কত?

**সমাধান** ধরি,

আয়তাকার ঘরের বিস্তার $২x$ মিটার

$\therefore$ " " " দৈর্ঘ্য $২x \times \frac{৩}{২}$ বা $৩x$ মিটার

প্রশ্নমতে, $২x \times ৩x = ২১৬$

$$\Rightarrow x^২ = \frac{২১৬}{৬}$$

$$\Rightarrow x^২ = ৩৬$$

$$\therefore x = ৬$$

$\therefore$ ঘরের বিস্তার, $২x = ২ \times ৬$ বা ১২ মিটার

" দৈর্ঘ্য, $৩x = ৩ \times ৬$ বা ১৮ "

$\therefore$ ঘরের পরিসীমা $= ২(১২ + ১৮)$ মিটার

$= ৬০$ মিটার

**উত্তর :** ৬০ মিটার।

...পাদকে বিশ্লেষণ করুন : ৫

ক. $x^2+x+1$

সমাধান $x^2+x+1$

$$= x^2+2.x.1+1^2-x$$
$$= (x+1)^2-\left(\sqrt{x}\right)^2$$
$$= \left(x+\sqrt{x}+1\right)\left(x-\sqrt{x}+1\right) \text{ (Ans.)}$$

খ. $x^4-6x^2y^2+y^4$

সমাধান $x^4-6x^2y^2+y^4$

$$= (x^2)^2-2.x^2.y^2+(y^2)^2-4x^2y^2$$
$$= (x^2-y^2)^2-(2xy)^2$$
$$= (x^2-y^2+2xy)\,(x^2-y^2-2xy) \text{ (Ans.)}$$

সমাধান করুন : $\dfrac{5}{4x-15}=\dfrac{2}{3x+1}$ ৫

সমাধান $\dfrac{5}{4x-15}=\dfrac{2}{3x+1}$

$$\Rightarrow 15x+5=8x-30$$
$$\Rightarrow 15x-8x=-30-5$$
$$\Rightarrow 7x=-35$$
$$\Rightarrow x=\frac{-35}{7}$$
$$\therefore x=-5 \text{ (Solved)}$$

২. সংক্ষেপে উত্তর দিন : ২০

ক. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে কোন তারিখে জাতির জনক উপাধি প্রদান করা হয়?

উত্তর : ১৯৭১ সালের ৩ মার্চ পল্টন ময়দানে সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদ আয়োজিত জনসভায় পঠিত স্বাধীনতার ইশতেহারে 'জাতির জনক' হিসেবে শেখ মুজিবের নাম ঘোষণা করা হয়।

খ. বাংলাদেশের জাতীয় পতাকার নকশাকার কে এবং প্রথম কবে উত্তোলিত হয়?

উত্তর : শিব নারায়ণ দাস ৬ জুন ১৯৭০ প্রথম বাংলাদেশের পতাকার নকশা করেন এবং ১৯৭১ সালের ২ মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বটতলায় এক ছাত্র সভায় তৎকালীন ডাকসু ভিপি আ স ম আব্দুর রব প্রথম পতাকা উত্তোলন করেন।

গ. মুক্তিযুদ্ধে কোন সেক্টরটি নৌ-সেক্টর হিসেবে পরিচিত ছিল?

উত্তর : মুক্তিযুদ্ধে ১০ নং সেক্টরটি নৌ-সেক্টর হিসেবে পরিচিত ছিল। নৌ-বাহিনীর ৮ জন বাঙালী কর্মকর্তার উদ্যোগে গঠিত হয় সেক্টরটি।

ঘ. কোন সংস্থা 'বিশ্ব ঐতিহ্য এলাকা' ঘোষণা করে? বাংলাদেশে 'বিশ্ব ঐতিহ্য এলাকা' ঘোষিত একটি স্থানের নাম লিখুন।

উত্তর : বিশ্ব ঐতিহ্য এলাকা ঘোষণা করে জাতিসংঘের অঙ্গ সংস্থা UNESCO। ১৯৭৮ সাল হতে মোট তিন ধরনের বিশ্ব ঐতিহ্য এলাকা ঘোষণা করে আসছে সংস্থাটি। বাগেরহাটের ষাট গম্বুজ মসজিদ UNESCO কর্তৃক ঘোষিত বিশ্ব ঐতিহ্যের একটি স্থান।

ঙ. পৃথিবীর বৃহত্তম ম্যানগ্রোভ বন কোনটি?

উত্তর : পৃথিবীর বৃহত্তম ম্যানগ্রোভ বন বাংলাদেশের সুন্দরবন। খুলনা, বাগেরহাট ও সাতক্ষীরা এলাকার প্রায় ৬,০১৭ বর্গ কিমি. এলাকা নিয়ে গঠিত সুন্দরবন। ১৯৯৭ সালের ৬ ডিসেম্বর UNESCO সুন্দরবনকে বিশ্ব ঐতিহ্যের তালিকায় অন্তর্ভুক্ত করে।

চ. 'হাকালুকি' কি ও কোথায় অবস্থিত?

উত্তর : 'হাকালুকি' বাংলাদেশের সর্ববৃহৎ হাওরের নাম। হাকালুকি হাওর সিলেট জেলার ফেঞ্চুগঞ্জ, গোপালগঞ্জ ও বিয়ানিবাজার এবং মৌলভীবাজার জেলার বড়লেখা ও কুলাউড়া উপজেলা জুড়ে বিস্তৃত। এ হাওরের আয়তন প্রায় ২৪,২৯২ হেক্টর।

ছ. ২০১৮ সালের ফুটবল বিশ্বকাপে অংশগ্রহণকারী ২টি এশীয় দলের নাম লিখুন।

উত্তর : ২০১৮ সালের ফুটবল বিশ্বকাপে অংশগ্রহণকারী এশীয় দলগুলোর মধ্যে দুটি দেশ–সৌদি আরব এবং জাপান। সৌদি আরব ১৯৯৪ সালে এবং জাপান ১৯৯৮ সালে প্রথম বিশ্বকাপ খেলে। উল্লেখ্য ২০১৮ সালের বিশ্বকাপে এশিয়ার মোট ৪টি দল অংশগ্রহণ করে।

জ. স্কাইপি কী? ব্যবহার লিখুন।

উত্তর : স্কাইপি একটি ভিওআইপি সেবা এবং সফটওয়্যার অ্যাপ্লিকেশন প্রোগ্রাম। এ সেবার মাধ্যমে ব্যবহারকারী ইন্টারনেটে যুক্ত হয়ে পরস্পরের সাথে ভয়েস, ভিডিও কল এবং তাৎক্ষণিক বার্তার মাধ্যমে যোগাযোগ করতে পারে। এর কয়েকটি উল্লেখযোগ্য ব্যবহার নিম্নরূপ :

i. ভিডিও চ্যাটিং-এ ব্যবহার করা যায়।
ii. ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অনেকের সাথে সরাসরি যোগাযোগ করা যায়।
iii. টেলিমেডিসিনে ব্যবহার করা যায়।
iv. শিক্ষা, কৃষিক্ষেত্রে এর ব্যাপক ব্যবহার রয়েছে।

ঝ. ফোর্থ এস্টেট কী?

উত্তর : একটি রাষ্ট্রের সংবাদ মাধ্যমকে ফোর্থ এস্টেট বলা হয়। আইন, শাসন ও বিচার এই তিন বিভাগকে একটি রাষ্ট্রের মূল উপাদান হিসেবে বিবেচনা করা হয়। গণমাধ্যমের অপরিহার্যতার কারণে চতুর্থ উপাদান হিসেবে ফোর্থ এস্টেট নামকরণ হয়।

ঞ. বাংলাদেশের আন্তর্জাতিক নদী কয়টি? নদী গবেষণা ইনস্টিটিউট কোথায় অবস্থিত?

উত্তর : বাংলাদেশের আন্তর্জাতিক নদী মোট ৫৭টি। এদের মধ্যে ৫৪টি ভারত থেকে এবং ৩টি মিয়ানমার থেকে বাংলাদেশে প্রবেশ করেছে। বর্তমানে নদী গবেষণা ইনস্টিটিউট ফরিদপুর জেলার হারুন্দি এলাকায় অবস্থিত।

## ৭২ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ২০১৮

পরীক্ষার তারিখ : ১১.০৫.২০১৮; সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০

### বাংলা-৩০

১. বাক্য সংকোচন করুন : ৫

অর্থ নেই যার, উপস্থিত বুদ্ধি আছে যার, ঘুমিয়ে আছে যা, চোখে দেখা যায় যা, যা বলার যোগ্য নয়।

উত্তর : অর্থ নেই যার— নিরর্থক।
উপস্থিত বুদ্ধি আছে যার— প্রত্যুৎপন্নমতি।
ঘুমিয়ে আছে যা— ঘুমন্ত।
চোখে দেখা যায় যা— চাক্ষুষ।
যা বলার যোগ্য নয়— অকথ্য।

২. অর্থসহ বাক্য রচনা করুন : ৫

অক্ষয় বট, অন্ধের যষ্টি, সোনার পাথর বাটি, অরণ্যে রোদন, আমড়া কাঠের ঢেঁকি।

উত্তর : অক্ষয় বট (প্রাচীন ব্যক্তি)— বুড়ো বেঁচে আছে অক্ষয় বট হয়ে।

অন্ধের যষ্টি (অপরিহার্য অবলম্বন)— শেষ বয়সে নাতিটিই বুড়ির অন্ধের যষ্টি হয়ে রইল।

সোনার পাথর বাটি (অলীক বস্তু)— আমার সাধ্যে কুলালে নিশ্চয় দেব কিন্তু তুমি যদি এখন সোনার পাথর বাটি চাও তবে আমি অপারগ।

অরণ্যে রোদন (নিষ্ফল আবেদন)— কৃপণের নিকট চাঁদা চাওয়া অরণ্যে রোদন মাত্র।

আমড়া কাঠের ঢেঁকি (অপদার্থ)— তোমার মতো আমড়া কাঠের ঢেঁকি দিয়ে কিছুই হবে না।

৩. শুদ্ধ বানান লিখুন : মন্ত্রীসভা, অপরাহ্ন, ষ্টেশন, দুরত্ব, শ্রদ্ধাঞ্জলী। ৫

উত্তর :

| প্রদত্ত শব্দ | শুদ্ধ বানান |
|---|---|
| মন্ত্রীসভা | মন্ত্রিসভা |
| অপরাহ্ন | অপরাহ্ণ |
| ষ্টেশন | স্টেশন |
| দুরত্ব | দূরত্ব |
| শ্রদ্ধাঞ্জলী | শ্রদ্ধাঞ্জলি |

৪. বিপরীত শব্দ লিখুন : অপচয়, অর্পণ, আবশ্যিক, কঠিন, সুন্দর। ৫

উত্তর :

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| অপচয় | সঞ্চয় |
| অর্পণ | গ্রহণ |
| আবশ্যিক | ঐচ্ছিক |
| কঠিন | কোমল |
| সুন্দর | অসুন্দর |

৫. বাংলায় অনুবাদ লিখুন : ৫

Time is very valuable. One should not neglect it. The success of the man who makes proper use of time is sure to come. All the great men of the world have made proper use of time. Time and tide wait for none.

অনুবাদ : সময় খুব মূল্যবান। কারো সময়কে অবজ্ঞা করা উচিত নয়। যে ব্যক্তি সময়ের যথাযথ ব্যবহার করে তার সফলতা অনিবার্য। পৃথিবীর মহান ব্যক্তিরা সময়ের সঠিক ব্যবহার করেছেন। সময় এবং স্রোত কারো জন্য অপেক্ষা করে না।

৬. অনুচ্ছেদ লিখুন : ৫

#### সামাজিক বনায়নের গুরুত্ব

ভারসাম্যমূলক প্রাকৃতিক পরিবেশের জন্য একটি দেশের মোট ভূমির ২৫ শতাংশ বনভূমি থাকা উচিত। দেশের অর্থনীতিতে যেমন বনাঞ্চলের ভূমিকা আছে তেমনি আবহাওয়া ও জলবায়ু, প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য রক্ষায় বনজ সম্পদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

বৃক্ষের বিভিন্নমুখী অবদানকে বাদ দিয়ে মানবসভ্যতার ক্রমবিবর্তন বা উত্তরণের কথা কল্পনাই করা যায় না। বৃক্ষ প্রাণীকূলের খাদ্যের উৎস, শক্তির উৎস। বৃক্ষ তার সুবিশাল শাখা-প্রশাখা বিস্তার করে ছায়াদান করে উত্তপ্ত ধরণিকে সুশীতল রাখে। বৃক্ষ মানুষকে অক্সিজেন দান করে মানুষের ত্যাগ করা কার্বন ডাই-অক্সাইড গ্রহণ করে সমগ্র জীবকে রক্ষা করে চলেছে। আমাদের নিত্যপ্রয়োজনীয় সামগ্রী যেমন– আসবাবপত্র, জ্বালানি কাঠ, গৃহনির্মাণ, রেল লাইনের স্লিপার, নৌকা, লঞ্চ, বাঁধ ইত্যাদি নির্মাণ করতে যে বিপুল পরিমাণ কাঠের প্রয়োজন হয় তা বৃক্ষ থেকে আসে। বিভিন্ন শিল্পদ্রব্যের কাঁচামাল যেমন— রেয়ন, পেন্সিল, কাগজের মণ্ড, দেশলাইয়ের কাঠি ও বাক্স, কর্পূর, রবার ইত্যাদি বৃক্ষ থেকে আসে। বৃক্ষ গ্রিনহাউস প্রতিক্রিয়া রোধ করে। গবেষণা ও শিক্ষাবিস্তারে বৃক্ষের অবদান অনস্বীকার্য। বৃক্ষ জীবনরক্ষাকারী ভেষজ ওষুধ তৈরির মূল্যবান উপাদান সরবরাহ করে। কাজেই মানবজীবনে বৃক্ষের প্রয়োজনীয়তার কথা কোনোক্রমেই অস্বীকার করার উপায় নাই।

### ইংরেজি-৩০

৭. ইংরেজিতে অনুবাদ করুন : ৫

এইতো আমার মা। আমার মায়ের মতো আর কেউ নেই। তিনি আমাকে কত স্নেহ করেন। তিনি সর্বদা আমার যত্ন নেন। আমি অসুস্থ হলে মা বড়ই উদ্বিগ্ন হন।

Translate : This is my mother. There is no one like my mother. She loves me much. She always takes care of me. If I becomes sick, she becames much worried.

Write five sentences on 'Corruption'. ৫

Ans : Corruption means adopting unfair means for achieving personal gain by the people, especially people in power. It is a social malady. Corruption is becoming unbridled day by day. People become corrupted mainly out of greed for money, wealth and power. There is hardly any sphere of daily life where there is no practice of corruption. Businessmen, lawyers, doctors, serviceholders, politicians, engineers and teachers are not free from corruption. Corruption has a cancerous effect on our society. It is worse than a prostitute. Because a prostitute destroys the very fibre of the character of an individual where as corruption destroys the very fibre of the character of a society. Although it is not easy to root out corruption, steps should be taken immediately to stop it. The mass media can play a significent role in this regard. The common people of the country should also raise their voice against corruption. Anti-corruption commission has been working hard to root out corruption from all spheres of life. But its success depends on the willingness of the government to let it work independently and give it all types of support it needs.

Write correct form of the words :

a. He is accustomed to (swim) in the river. ১
   Ans : swimming.
b. He (reached) the station before the train (leave). ২
   Ans : had reached; left.
c. It (rain) since 9 a.m. today. ১
   Ans : has been raining.
d. He would (do) all his works in time. ১
   Ans : do.

Correct the following sentences : ৫

a. United States of America is a big country.
   Ans : The United States of America is a big country.
b. He was hung for murder.
   Ans : He was hanged for murder.
c. We have faith with God.
   Ans : We have faith in God.
d. I wish his success in life.
   Ans : I wish him to succeed in life.
e. Though he is poor, but he is honest.
   Ans : Though he is poor, he is honest.

১১. Fill in the gaps : ৫

a. He is blind — his son's guilt.
b. He is engrossed — studies.
c. Can you vouch — his honesty?
d. He is — M.A.
e. My feeling for him is akin — pity.

**Ans :** (a) to; (b) in; (c) for; (d) an; (e) to.

১২. **Make sentences with following phrases :** ৫

a. aware of b. bad blood c. with an eye to d. on the verge of e. rainy day.

**Ans :**

a. Aware of— The person is aware of his fault.
b. Bad blood— There is a bad blood between two brothers.
c. With an eye to— He reads more with an eye to getting a good job.
d. On the verge of— Many animals in the Sundarbans are on the verge of extintion.
e. Rainy day— You should save something against rainy days.

## গণিত-২০

১৩. কোনো আসল ৩ বছরে মুনাফা-আসলে ৫৫০০ টাকা হয়। মুনাফা, আসলের $\frac{৩}{৮}$ অংশ হলে, আসল ও মুনাফার হার নির্ণয় করুন। ৬

**সমাধান** ধরি, আসল = ৮x টাকা

∴ মুনাফা = ৮x × $\frac{৩}{৮}$ = ৩x টাকা

∴ মুনাফা – আসল = (৮x + ৩x)
= ১১x টাকা

এখন,

মুনাফা-আসল ১১x টাকা হলে আসল = ৮x টাকা

∴ " ১ " " " = $\frac{৮x}{১১x}$ "

∴ " ৫৫০০ " " " = $\frac{৮x \times ৫৫০০}{১১x}$
= ৪০০০ টাকা

∴ ৩ বছরের মুনাফা = (৫৫০০ – ৪০০০) = ১৫০০ টাকা

এখন,

৪০০০ টাকার ৩ বছরের মুনাফা = ১৫০০ টাকা

∴ ১ " ১ " " = $\frac{১৫০০}{৩ \times ৪০০০}$ "

∴ ১০০ " ১ " " = $\frac{১৫০০ \times ১০০}{৩ \times ৪০০০}$ "
= ১২.৫ টাকা

সুতরাং আসল ৪০০০ টাকা এবং মুনাফা ১২.৫%।

১৪. $x - y = 10$ এবং $xy = 30$ হলে $x^3 - y^3$ এর মান নির্ণয় করুন। ৪

**সমাধান**

দেয়া আছে, $x - y = 10$

$xy = 30$

এখানে, $x^3 - y^3$

$= (x - y)^3 + 3xy\,(x - y)$

$= (10)^3 + 3 \times 30 \times 10$

$= 1000 + 900 = 1900$

১৫. $3x^2 + x - 10$ কে উৎপাদকে বিশ্লেষণ করুন। ৪

**সমাধান** $3x^2 + x - 10$

$= 3x^2 + 6x - 5x - 10$

$= 3x\,(x + 2) - 5(x + 2)$

$= (x + 2)\,(3x - 5)$

১৬. চিত্রসহ সংজ্ঞা লিখুন : ৬

ক. প্রবৃদ্ধ কোণ খ. সূক্ষ্মকোণী ত্রিভুজ গ. রম্বস

**সমাধান**

ক. প্রবৃদ্ধ কোণ : ১৮০°-এর চেয়ে বড় কিন্তু ৩৬০°-এর চেয়ে ছোট কোণকে প্রবৃদ্ধ কোণ বলে।

অর্থাৎ, $360° > x > 180°$ হলে x একটি প্রবৃদ্ধ কোণ।



খ. সূক্ষ্মকোণী ত্রিভুজ : যে ত্রিভুজের তিনটি কোণই সূক্ষ্মকোণ (৯০°-এর চেয়ে ছোট) তাকে সূক্ষ্মকোণী ত্রিভুজ বলে। চিত্রে ΔABC একটি সূক্ষ্মকোণী ত্রিভুজ।



গ. রম্বস : যে চতুর্ভুজের প্রত্যেকটি বাহু সমান কিন্তু একটি কোণও সমকোণ নয় এবং বিপরীতকোণগুলো পরস্পর সমান, ঐ চতুর্ভুজকে রম্বস বলে।



এখানে, $AB = BC = CD = AD$ ও $\angle ABC = \angle ADC$ এবং $\angle BAD = \angle BCD$

## সাধারণ জ্ঞান-২০

১৭. ১৭ এপ্রিল ১৯৭১ কেন বিখ্যাত? ১

উত্তর : ১৭ এপ্রিল ১৯৭১ দেশের প্রথম সরকার/মুজিবনগর সরকারের শপথ গ্রহণের জন্য বিখ্যাত।

১৮. বাংলাদেশের সংবিধান কত তারিখ হতে কার্যকর হয়? ১

উত্তর : ১৬ ডিসেম্বর ১৯৭২।

১৯. আন্তর্জাতিক মাতৃভাষা দিবস কত তারিখ উদ্যাপন করা হয়? ১

উত্তর : ২১ ফেব্রুয়ারি।

২০. পদ্মা সেতুর দৈর্ঘ্য কত? ১

উত্তর : ৬.১৫ কিলোমিটার।

২১. ২০১৮ সালের আগামী বিশ্বকাপ ফুটবল কোন দেশে অনুষ্ঠিত হবে? ১

উত্তর : ২০১৮ সালের বিশ্বকাপ ফুটবল রাশিয়ায় অনুষ্ঠিত হয় (উল্লেখ্য, ২০২২ সালের বিশ্বকাপ ফুটবল কাতারে অনুষ্ঠিত হবে)।

২২. শব্দগুলোর পূর্ণরূপ লিখুন : **HTTP, UNESCO, WHO, SDG, EPI.** ৫

উত্তর : HTTP— Hyper Text Transfer Protocol

UNESCO— United Nations Educational, Scientific and Cultural Organization

WHO— World Health Organization

SDG— Sustainable Development Goal

EPI— Expanded Program on Immunization

২৩. মডেম কী? ১

উত্তর : মডেম হলো এক ধরনের ইলেক্ট্রনিক্স ডিভাইস যা একই সাথে মডুলেশন ও ডিমডুলেশন-এর কাজ করতে পারে।

২৪. স্যাটেলাইট কী? ১

উত্তর : স্যাটেলাইট বা কৃত্রিম উপগ্রহ হলো মহাকাশে উৎক্ষেপিত বৈজ্ঞানিক প্রক্রিয়ায় উদ্ভাবিত উপগ্রহ।

২৫. অপটিক্যাল ফাইবার কী? ১

উত্তর : অপটিক্যাল ফাইবার হলো ভিন্ন প্রতিসরাঙ্কের ডাই-ইলেকট্রিক পদার্থ দিয়ে তৈরি এক ধরনের সরু ও নমনীয় কাচতন্তু আলোক নল যা আলো নিবন্ধনকরণ ও পরিবহনে সক্ষম।

২৬. রাউটার কী? ১

উত্তর : দুটি ভিন্ন প্রকৃতির নেটওয়ার্কের পারস্পরিক সংযুক্তির জন্য যে ব্যবস্থা বা ডিভাইস ব্যবহৃত হয় তাকে রাউটার বলা হয়।

২৭. VIRUS কী? ১

উত্তর : VIRUS-এর পূর্ণরূপ Vital Information Resources Under Seize। ভাইরাস হলো কম্পিউটারের একটি ক্ষতিকারক প্রোগ্রাম।

২৮. **RAM ও ROM এর পূর্ণরূপ লিখুন।** ২

উত্তর : RAM এর পূর্ণরূপ—Random Access Memory।

ROM এর পূর্ণরূপ— Read Only Memory।

২৯. **Copy এবং Paste এর Short-cut Key লিখুন।** ২

উত্তর : Copy এর Short-cut Key বা কী-বোর্ড কমান্ড Ctrl+C এবং Paste এর Short-cut key বা কী-বোর্ড কমান্ড Ctrl+V।

৩০. **দুটি Mobile Operating System এর নাম লিখুন।** ১

উত্তর : দুটি Mobile Operating System এর নাম হলো Android ও Windows Phone।

# পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন একটি বাড়ি একটি খামার প্রকল্পের কম্পিউটার অপারেটর কাম অফিস সহকারী ও কম্পিউটার অপারেটর কাম হিসাব সহকারী ২০১৭

পরীক্ষার তারিখ : ১০.১১.২০১৭; সময় : ৬০ মিনিট; পূর্ণমান : ৭৫; সেট : ক

*[প্রত্যেক প্রশ্নের মান ১, সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. অভিধানে কোন শব্দটি আগে আসবে?
ⓚ চাঁপা ⓚ চাঁটি
ⓖ চায়না ⓖ চালা

(ব্যাখ্যা) অভিধান অনুযায়ী প্রদত্ত অপশনের 'চাঁটি' শব্দটি আগে আসবে। চাঁটি বিশেষ্য শব্দের অর্থ—করাঘাত বা চপেটাঘাত।

২. Choose the correct sentence :
ⓚ Everybody have gone there
ⓚ Everybody are gone there
ⓖ Everybody has gone there
ⓖ Everybody has went there

(ব্যাখ্যা) Everybody-এর পর sigular verb বসে। আর present perfect tense হলে has-এর পর verb এর p.p বসবে। আর এদিক দিয়ে সঠিক উত্তর গ। Option (ক) তে everybody-এর পর have বসেছে যা ভুল। option (খ) তে everybody-এর পর are বসেছে যা ভুল। Option (খ) তে everybody-এর পর are এবং go verb টি passive voice হিসেবে হয়েছে যা ভুল। option (ঘ) তে has-এর পর went ব্যবহৃত হয়েছে কিন্তু has-এর পর verb-এর p.p বসে।

৩. কোনটি এন্টিভাইরাস প্রোগ্রাম নয়?
ⓚ AVG ⓚ PHP
ⓖ eScan ⓖ Kaspersky

(ব্যাখ্যা) PHP এন্টিভাইরাস প্রোগ্রাম নয়। এটি একটি প্রোগ্রামিং ভাষা। AVG, eScan, Kaspersky, McAfee, Norton, Symantec, Panda, AVAST ইত্যাদি জনপ্রিয় Antivirus Program।

৪. ১০ টাকায় ১২টি করে জিনিস ক্রয় করে ১০ টাকায় ৮টি করে বিক্রি করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে?
ⓚ ৫০% লাভ ⓚ ৫০% ক্ষতি
ⓖ ২৫% লাভ ⓖ ৩৫% লাভ

(ব্যাখ্যা) ১২ ও ৮ এর ল. সা. গু. = ৯৬

১২টি জিনিসের ক্রয়মূল্য ১০ টাকা

$\therefore$ ৯৬টি " " $= \frac{১০ \times ৯৬}{১২}$ "

$= ৮০$ "

৮টি জিনিসের বিক্রয়মূল্য ১০ টাকা

$\therefore$ ৯৬টি " " $\frac{১০ \times ৯৬}{৮}$ "

$= ১২০$ "

$\therefore$ লাভের হার $\left(\frac{১২০-৮০}{৮০} \times ১০০\right)\%$

$= \left(\frac{৪০}{৮০} \times ১০০\right)\%$

$= ৫০\%$

৫. নিচের কোনটি ইনপুট ডিভাইস?
ⓚ OMR ⓚ COM
ⓖ Plotter ⓖ Monitor

(ব্যাখ্যা) OMR একটি ইনপুট ডিভাইস। OMR-এর পূর্ণরূপ Optical Mark Reader। ওএমআর আলোর প্রতিফলনের সাহায্যে কোনো বিষয়কে মার্ক করে শুধুমাত্র তার চিহ্নগুলো পাঠ করে কম্পিউটারকে জানায়। অপরদিকে Plotter, Monitor আউটপুট ডিভাইস।

৬. 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারী'—গানটির সুরকার কে?
ⓚ আপেল মাহমুদ ⓚ আলতাফ মাহমুদ
ⓖ আব্দুল গাফফার চৌধুরী ⓖ সমর দাশ

(ব্যাখ্যা) 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারী'—গানটির প্রথম সুরকার আব্দুল লতিফ এবং বর্তমান সুরকার আলতাফ মাহমুদ। এ গানটির রচয়িতা আবদুল গাফ্ফার চৌধুরী।

৭. It takes two— make a quarrel
ⓚ too ⓚ for
ⓖ to ⓖ In order to

(ব্যাখ্যা) It takes two to make a quarrel একটি প্রবাদবাক্য যার বাংলা অর্থ এক হাতে তালি বাজে না।

৮. কোন লেখক 'বনফুল' ছদ্মনামে লিখতেন?
ⓚ প্রমথ চৌধুরী ⓚ দীনবন্ধু মিত্র
ⓖ বলাইচাঁদ মুখোপাধ্যায় ⓖ বিনয়কৃষ্ণ মুখোপাধ্যায়

(ব্যাখ্যা) বলাইচাঁদ মুখোপাধ্যায়ের ছদ্মনাম—বনফুল। অন্যদিকে প্রমথ চৌধুরী ও বিনয়কৃষ্ণ মুখোপাধ্যায়-এর ছদ্মনাম যথাক্রমে বীরবল ও যাযাবর। দীনবন্ধু মিত্রের উপাধি—রায়বাহাদুর।

৯. যদি তেলের মূল্য ২৫% বৃদ্ধি পায় তবে তেলের ব্যবহার শতকরা কত ভাগ কমালে তেল বাবদ খরচ বৃদ্ধি পাবে না।
ⓚ ২৫% ⓚ ২০% ⓖ ১০% ⓖ ১৫%

(ব্যাখ্যা) তেলের মূল্য ২৫% বৃদ্ধিতে,

১২৫ টাকায় কমাতে হবে ২৫ টাকা

$\therefore$ ১০০ " " " $\frac{১০০ \times ২৫}{১২৫}$ "

$= ২০$ "

উত্তর

| | |
|---|---|
| ১ | খ |
| ২ | গ |
| ৩ | খ |
| ৪ | ক |
| ৫ | ক |
| ৬ | খ |
| ৭ | গ |
| ৮ | গ |
| ৯ | খ |

১০. UNIX অপারেটিং সিস্টেমের উদ্ভাবক কোন প্রতিষ্ঠান?

ⓚ মাইক্রোসফট ⓚ আইবিএম
ⓖ বেল ল্যাব ⓖ ইনটেল

(ব্যাখ্যা) ইউনিক্স অপারেটিং সিস্টেম প্রধানত একটি উচ্চ পর্যায়ের অপারেটিং সিস্টেম। মাল্টি টাস্কিং ও মাল্টি ইউজার এপ্লিকেশন এর জন্য এটি খুবই উপযোগী। সত্তর দশকের প্রথমার্ধে AT&T বেল ল্যাবরেটরিতে এ অপারেটিং সিস্টেমের উন্নয়ন করা হয়। এর সোর্সকোড সবার জন্য বিনামূল্যে উন্মুক্ত।

১১. ১ বিলিয়ন সংখ্যায় প্রকাশ করতে ১ এর পর কতটি শূন্য লাগবে?

ⓚ ৬টি ⓚ ৭টি
ⓖ ৯টি ⓖ ১০টি

(ব্যাখ্যা) ১ বিলিয়ন = ১০০ কোটি
= ১০০,০০,০০,০০০

∴ ১ বিলিয়ন সংখ্যায় প্রকাশ করতে ১ এর পর ৯টি শূন্য লাগে। আন্তর্জাতিক পদ্ধতিতে তিন ডিজিট পর পর কমা বসাতে হয়। যেমন- ১ মিলিয়ন = ১,০০০,০০০; ১ বিলিয়ন = ১,০০০,০০০,০০০; ১ ট্রিলিয়ন = ১,০০০,০০০,০০০,০০০ ইত্যাদি।

১২. 'লাজ' শব্দটি কোন পদ?

ⓚ বিশেষ্য ⓚ বিশেষণ
ⓖ ক্রিয়া বিশেষণ ⓖ সর্বনাম

১৩. The passive form of 'Don't do it' is—

ⓚ Let it not be done ⓚ Let not it be done
ⓖ Let it be done ⓖ Let it be not done

(ব্যাখ্যা) Negative imperative বাক্যকে passive voice-এ রূপান্তর করতে let not + object + be + verb এর p.p বসে। সুতরাং সঠিক উত্তর (খ)।

১৪. Spread sheet প্রোগ্রাম দিয়ে কি কাজ করা হয়?

ⓚ ওয়ার্ড প্রসেসিং ⓚ হিসাব নিকাশ
ⓖ ডিজাইন ⓖ তথ্য ব্যবস্থাপনা

(ব্যাখ্যা) Spreadsheet প্রোগ্রাম দিয়ে হিসাব-নিকাশ, ও ডাটা এন্ট্রির কাজ করা হয়। MS Excel একটি spreadsheet program। এর একটি page মানে একটি worksheet। MS Excel এর একটি worksheet-এর ৮ম-১১তম ভার্সন পর্যন্ত Row সংখ্যা ৬৫৫৩৬ ও Column সংখ্যা ২৫৬।

১৫. ৫৩D কোন ধরনের শব্দ?

ⓚ বাইনারী ⓚ ডেসিমেল
ⓖ অকটাল ⓖ হেক্সাডেসিমেল

(ব্যাখ্যা) ৫৩D হেক্সাডেসিমেল শব্দ। বাইনারী, ডেসিমেল, অক্টাল এবং হেক্সাডেসিমেল সংখ্যা পদ্ধতির ভিত্তি যথাক্রমে ২ (০, ১), ১০(০, ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯) এবং ৮(০, ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭) এবং ১৬ (০, ১,২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, A, B, C, D, E, F)।

১৬. ১ ন্যানো সেকেন্ড সমান কত?

ⓚ ১ সেকেন্ডের ১০০০ ভাগের এক ভাগ
ⓚ ১ সেকেন্ডের ১০০ ভাগের এক ভাগ
ⓖ ১ সেকেন্ডের ১০ লক্ষ ভাগের এক ভাগ
ⓖ ১ সেকেন্ডের ১০০ কোটি ভাগের এক ভাগ

(ব্যাখ্যা) ১ ন্যানো সেকেন্ড সমান এক সেকেন্ডের ১০০ কোটি ভাগের এক ভাগ। কম্পিউটারের কাজের গতি হিসাব করা হয় ন্যানো সেকেন্ড এককে।

১৭. 'জায়া' শব্দের সমার্থক শব্দ—

ⓚ নন্দিনী ⓚ অর্ধাঙ্গী
ⓖ কন্যা ⓖ ভগিনী

(ব্যাখ্যা) 'জায়া' শব্দের সমার্থক শব্দ : অর্ধাঙ্গী, অর্ধাঙ্গিনী, স্ত্রী, পত্নী, সহধর্মিনী, গৃহিণী, বধূ, বনিতা। অন্যদিকে নন্দিনী ও কন্যা হলো মেয়ের সমার্থক শব্দ। ভগিনী হলো বোনের সমার্থক শব্দ।

১৮. 'May Allah help you' what kind of sentence?

ⓚ Assertive ⓚ Imperative
ⓖ Optative ⓖ Exclamatory

(ব্যাখ্যা) May দ্বারা শুরু হওয়া বাক্যে যদি question mark না থাকে এবং বাক্যটি দ্বারা যদি প্রার্থনা বা ইচ্ছা প্রকাশ পায় তাহলে সেই বাক্যটি optative sentence। 'May Allah help you' বাক্যটি দ্বারা প্রার্থনা বোঝাচ্ছে তাই বাক্যটি optative sentence।

১৯. MS Excel এ লেখা সঠিক ফরমুলা কোনটি?

ⓚ Sum(C9:C12) ⓚ Sum (C9+C12)
ⓖ Sum = (C9 : C12) ⓖ = Sum(C9:C12)

(ব্যাখ্যা) ফরমুলা হলো ইকুয়েশন যা ওয়ার্কসিটের ভেলুর ক্যালকুলেশন করে। ফর্মুলার সংক্ষিপ্ত রূপকে বলে ফাংশন। ওয়ার্কসিটের C9 থেকে C12 পর্যন্ত সেল সংখ্যাগুলোর যোগফল বের করার জন্য সঠিক ফরমুলা হলো = SUM (C9 : C12)।

২০. একটি শ্রেণিতে ছাত্র ও ছাত্রীর সংখ্যার অনুপাত ৯ : ৫। মোট শিক্ষার্থীর সংখ্যা ১০৫০ জন হলে ছাত্রের সংখ্যা কত?

ⓚ ৮৯০ ⓚ ৭৮৫
ⓖ ৭৩৫ ⓖ ৬৭৫

(ব্যাখ্যা) ধরি, ছাত্র ও ছাত্রী সংখ্যা যথাক্রমে ৯x ও ৫x

∴ ৯x + ৫x = ১০৫০

⇒ ১৪x = ১০৫০

$\Rightarrow x = \frac{১০৫০}{১৪}$

∴ x = ৭৫

∴ ছাত্র সংখ্যা = (৯ × ৭৫) জন

= ৬৭৫ "

উত্তর

| | |
|---|---|
| ১০ | গ |
| ১১ | গ |
| ১২ | ক |
| ১৩ | খ |
| ১৪ | খ |
| ১৫ | ঘ |
| ১৬ | ঘ |
| ১৭ | খ |
| ১৮ | গ |
| ১৯ | ঘ |
| ২০ | ঘ |

২১. 'কেতা দুরস্ত' বাগধারার অর্থ কি?
ক অলস খ পরিশ্রমী
গ পরিপাটি ঘ দীর্ঘজীবী

ব্যাখ্যা 'কেতাদুরস্ত' বাগধারার অর্থ—পরিপাটি। অন্যদিকে 'গোঁফ খেজুরে' ও 'ভুশণ্ডির কাক' বাগধারার অর্থ যথাক্রমে—নিতান্ত অলস ও দীর্ঘজীবী বা অভিজ্ঞ ব্যক্তি।

২২. What is the most frequently used English word in writing?
ক And খ is
গ the ঘ to

ব্যাখ্যা লেখার ক্ষেত্রে সবচেয়ে বেশি বা বারবার ব্যবহৃত English word হলো the।

২৩. এমএস ওয়ার্ডে প্রতিটি শব্দ আলাদাভাবে আন্ডারলাইন করার কমান্ড হলো—
ক Alt + Ctrl + U খ Ctrl + U
গ Shift + Ctrl = W ঘ Ctrl + Alt + W

ব্যাখ্যা এমএস ওয়ার্ড ফাইলে টেক্সট এর নির্দিষ্ট কোনো অংশ আন্ডার লাইন করতে ঐ অংশ মার্ক করে শর্টকাট হিসেবে Ctrl+U চাপতে হয়।

২৪. বাংলাদেশ গণপরিষদের ১ম অধিবেশন কত তারিখে শুরু হয়?
ক ১০ এপ্রিল ১৯৭১ খ ১৭ এপ্রিল ১৯৭১
গ ২৭ মার্চ ১৯৭২ ঘ ১০ এপ্রিল ১৯৭২

ব্যাখ্যা সদ্য স্বাধীন বাংলাদেশের জন্য সংবিধান রচনার লক্ষ্যে ১৯৭২ সালের ২৩ মার্চ রাষ্ট্রপতি কর্তৃক 'বাংলাদেশ গণপরিষদ আদেশ' জারি করা হয়। ৪০৩ সদস্য বিশিষ্ট এ গণপরিষদের প্রথম অধিবেশন বসে ১০ এপ্রিল ১৯৭২। বাংলাদেশ গণপরিষদের প্রথম স্পিকার নির্বাচিত হন শাহ আবদুল হামিদ এবং ডেপুটি স্পিকার নির্বাচিত হন মোহাম্মদ উল্লাহ।

২৫. ক্রিয়া পদের মূল অংশকে কি বলা হয়?
ক বিভক্তি খ কারক
গ ধাতু ঘ উপসর্গ

ব্যাখ্যা ক্রিয়া পদের মূল অংশকে বলা হয় ধাতু। ধাতু তিন প্রকার। যথা : মৌলিক, সাধিত ও যৌগিক বা সংযোগমূলক ধাতু।

২৬. Change the word 'clear' into verb
ক Clearly খ clarification
গ cleanse ঘ clarify

ব্যাখ্যা Clear (পরিষ্কার)-এর verb form হলো clarify (পরিষ্কার করা; বিশুদ্ধ করে তোলা)। Clearly এবং clarification হলো যথাক্রমে clear-এর adverb ও noun form। Cleanse হলো clean-এর verb form।

২৭. কম্পিউটার হতে কম্পিউটারে তথ্য আদান প্রদানের প্রযুক্তিকে কি বলা হয়?
ক ই-মেইল খ ইন্টারকম
গ ইন্টারনেট ঘ নেটওয়ার্ক

ব্যাখ্যা আধুনিক যোগাযোগ ব্যবস্থা ব্যবহার করে সারা বিশ্বে ছড়িয়ে থাকা অসংখ্য কম্পিউটার নেটওয়ার্কে পরস্পর সম্পর্কযুক্ত করে তাদের মধ্যে যে আন্তঃসম্পর্ক বা যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলা হয় তাকে ইন্টারনেট বলে। বিশ্বব্যাপী তথ্য আদান-প্রদানের অতি আধুনিক প্রযুক্তি হলো ইন্টারনেট।

২৮. বীরশ্রেষ্ঠ মহিউদ্দিন জাহাঙ্গীর কত তারিখে শহীদ হন?
ক ১৪ এপ্রিল ১৯৭২ খ ১৪ এপ্রিল ১৯৭১
গ ১০ ডিসেম্বর ১৯৭১ ঘ ১৪ ডিসেম্বর ১৯৭১

ব্যাখ্যা মুক্তিযুদ্ধের সময় ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর পাকিস্তানের পশ্চিম কারাকোরাম এলাকায় ১৭৩ নং ইঞ্জিনিয়ার ব্যাটেলিয়নের ক্যাপ্টেন ছিলেন। পরবর্তীতে তিনি মুক্তিবাহিনীর ৭নং সেক্টরের মেহেদীপুর সাব-সেক্টর কমান্ডার হিসেবে যোগ দেন। ১৪ ডিসেম্বর ১৯৭১ চাঁপাইনবাবগঞ্জ ঘাঁটি দখলের সময় এ বীর সেনা শহীদ হন।

২৯. Download dialog box এর কি বোর্ডে কমান্ড কোনটি?
ক Alt + D খ Ctrl + D
গ Alt + G ঘ Ctrl + J

ব্যাখ্যা ব্রাউজার চালু অবস্থায় Ctrl + J কমান্ড চাপলে ডাউনলোডেড ডায়ালগ বক্স ওপেন হয়। এছাড়া মেন্যুবার এ Tools অপশন থেকেও এটি ওপেন করা যায়। MS Word ডকুমেন্টে Ctrl + J দ্বারা ডকুমেন্ট জাস্টিফাই করা অর্থাৎ Justify Alignment বুঝায়।

৩০. গোঁফ খেজুরে– কোন সমাস?
ক দ্বিগু খ বহুব্রীহি
গ ব্যতিহার বহুব্রীহি ঘ মধ্যপদলোপী বহুব্রীহি

ব্যাখ্যা বহুব্রীহি সমাসের পূর্বপদ এবং পরপদ কোনোটিই যদি বিশেষণ না হয়, তবে তাকে বলে ব্যধিকরণ বহুব্রীহি সমাস। যেমন : গোঁফে খেজুর যার = গোঁফ খেজুরে। আরো কয়েকটি ব্যধিকরণ বহুব্রীহি সমাস : আশীবিষ, কথাসর্বস্ব, বীণাপাণি, পদ্মনাভ, দুকানকাটা।

৩১. What is the antonym of 'famous'?
ক illiterate খ Immature
গ obscure ঘ literate

ব্যাখ্যা Famous (খ্যাতনামা)-এর antonym হলো obscure (অখ্যাত)। অন্যদিকে illiterate অর্থ অশিক্ষিত; immature অর্থ অপরিণত; অপরিপক্ক আর literate অর্থ শিক্ষিত।

৩২. একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য ২৩ মিটার এবং প্রস্থ ১৭ মিটার হলে বাগানটির পরিসীমা কত?
ক ৪০ মিটার খ ৪০০ মিটার
গ ১৬০ মিটার ঘ ৮০ মিটার

ব্যাখ্যা আয়তাকার বাগানের দৈর্ঘ্য = ২৩ মিটার
" " " প্রস্থ = ১৭ "
∴ " " পরিসীমা = ২ (২৩ + ১৭) মিটার
= ৮০ "

| উত্তর | |
|---|---|
| ২১ | গ |
| ২২ | গ |
| ২৩ | খ |
| ২৪ | ঘ |
| ২৫ | গ |
| ২৬ | ঘ |
| ২৭ | গ |
| ২৮ | ঘ |
| ২৯ | ঘ |
| ৩০ | খ |
| ৩১ | গ |
| ৩২ | ঘ |

৩৩. মুজিবনগর স্মৃতিসৌধের স্থপতি কে?

ক) মৃনাল হক  খ) নিতুন কুন্ডু

গ) হামিদুজ্জামান  ঘ) তানভীর করিম

(ব্যাখ্যা) বাংলাদেশের অস্থায়ী সরকারের গঠন, অস্থায়ী সরকারের শপথ গ্রহণ, অস্থায়ী সরকারের সচিবালয় ও অস্থায়ী রাজধানী মেহেরপুর জেলার বৈদ্যনাথতলায় (মুজিবনগর) অবস্থিত মুজিবনগর স্মৃতিসৌধ কমপ্লেক্সের স্থপতি তানভীর করিম। ১৭ এপ্রিল ১৯৮৭ এ কমপ্লেক্সের উদ্বোধন করেন তৎকালীন প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ।

৩৪. 'লোকটি ধনী কিন্তু কৃপণ'— কোন ধরনের বাক্য?

ক) জটিল  খ) যৌগিক

গ) সরল  ঘ) মিশ্র

(ব্যাখ্যা) দুই বা ততোধিক বাক্য যখন ও, এবং, আর, কিন্তু, তথাপি ইত্যাদি অব্যয়ের সাহায্যে যুক্ত থাকে, তখন তাকে যৌগিক বাক্য বলে। যেমন : লোকটি ধনী কিন্তু কৃপণ।

৩৫. আমার লেখার কোনো কলম নেই— সঠিক ইংরেজি ট্রান্সলেট—

ক) I have no pen to write

খ) I have no writing pen

গ) I have no pen for writing

ঘ) I have no pen to write with

(ব্যাখ্যা) আমার লেখার কোনো কলম নেই-এর সঠিক ইংরেজি I have no pen to write with। কলমের মাধ্যমে লেখা হয় বলে write-এর পরে with বসবে।

৩৬. Del চাপ দিলে কি হয়?

ক) কার্সরের পরের শব্দ মুছে যায়

খ) কার্সরের পরের অক্ষর মুছে যায়

গ) কার্সরের পরের লাইন মুছে যায়

ঘ) কোনোটি হয় না

(ব্যাখ্যা) Del-এর পূর্ণরূপ delete-এর অর্থ 'মুছে ফেলা'। কম্পিউটারে কোনো সংক্ষিপ্ত ডেটা মুছে ফেলতে এটি ব্যবহার করা যায়। ওয়ার্ড প্রোসেসিং-এর ক্ষেত্রে কার্সর যে স্থানে থাকা অবস্থায় Del press করা হয় সেই স্থানের পরবর্তী letter টি মুছে যায়।

৩৭. MS Word এ Copy করে সেটি Paste করার কমান্ড কি?

ক) Ctrl + P  খ) Ctrl + C

গ) Ctrl + V  ঘ) Ctrl + Z

(ব্যাখ্যা) MS Word-এ কোনো তথ্য কপি করার জন্য Ctrl + C key press করতে হয় এবং যে কোনো স্থানে paste করতে Ctrl + V key press করতে হয়। Ctrl + P key press করতে হয় তথ্য প্রিন্ট করতে এবং Ctrl + Z কমান্ডটি ব্যবহৃত হয় কোনো সম্পাদনা undo করতে।

৩৮. 'ফুলে ফুলে ঘর ভরেছে'— কোন কারকে কোন বিভক্তি?

ক) কর্মে ৭মী  খ) করণে ৭মী

গ) অপাদানে ৭মী  ঘ) অধিকরণে ৭মী

(ব্যাখ্যা) ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলা হয়। অন্যভাবে বলা যায় বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে 'কীসের দ্বারা' বা 'কী উপায়ে' প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তা-ই করণ কারক। যেমন : ফুলে ফুলে ঘর ভরেছে। এখানে ফুলে ফুলে করণে ৭মী। আর এ বাক্যে 'কীসের দ্বারা' ঘর ভরেছে প্রশ্ন করলে উত্তর পাওয়া যায় 'ফুল' দ্বারা।

৩৯. সঠিক বানানের শব্দ কোনটি?

ক) Personale  খ) Personel

গ) Parsonel  ঘ) Personnel

৪০. এক ব্যক্তি তার স্ত্রীর চেয়ে ৫ বছরের বড়। স্ত্রীর বয়স ছেলের বয়সের চারগুণ হলে ঐ ব্যক্তির বর্তমান বয়স কত?

ক) ৬৫ বছর  খ) ৬০ বছর

গ) ৫৩ বছর  ঘ) ৬২ বছর

[Note : প্রশ্নটিতে তথ্য কম রয়েছে। এখানে ছেলের বয়স দেয়া থাকলে ঐ ব্যক্তির বয়স বের করা যাবে। এক্ষেত্রে ছেলের বয়স ১৫ হলে, ব্যক্তিটির স্ত্রীর বয়স (১৫ × ৪) বছর বা ৬০ বছর।

∴ ব্যক্তির বয়স = (৬০ + ৫) বছর বা ৬৫ বছর।

অথবা, ছেলের বয়স ১২ হলে, ব্যক্তিটির স্ত্রীর বয়স (১২ × ৪) বছর বা ৪৮ বছর।

∴ ব্যক্তির বয়স = (৪৮ + ৫) বছর বা ৫৩ বছর।]

৪১. বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' কে লিখেছেন?

ক) শেখ হাসিনা  খ) শেখ লুৎফর রহমান

গ) শেখ রেহানা  ঘ) বঙ্গবন্ধু নিজে

(ব্যাখ্যা) ১৯৬৭-৬৯ সালে ঢাকা কেন্দ্রীয় কারাগারে অন্তরিন অবস্থায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক লেখা একটি আত্মজীবনীমূলক গ্রন্থ হলো 'অসমাপ্ত আত্মজীবনী'। ১৮ জুন ২০১২ এ গ্রন্থটি প্রকাশিত হয়।

৪২. বাংলাদেশ জাতীয় সংসদে ১ম স্পিকার কে ছিলেন?

ক) খন্দকার মোশতাক  খ) মোহাম্মদ উল্লাহ

গ) শামছুল হুদা চৌধুরী  ঘ) আব্দুল মালেক উকিল

(ব্যাখ্যা) বাংলাদেশ জাতীয় সংসদের প্রথম স্পিকার ছিলেন মোহাম্মদ উল্লাহ। তিনি ৭ এপ্রিল ১৯৭৩ থেকে ২৬ জানুয়ারি ১৯৭৪ পর্যন্ত এ দায়িত্ব পালন করেন। জাতীয় সংসদের প্রথম ডেপুটি স্পিকার ছিলেন মোহাম্মদ বায়তুল্লাহ। উল্লেখ্য বাংলাদেশ গণ পরিষদের (১৯৭২) প্রথম স্পিকার ছিলেন শাহ আবদুল হামিদ ও ডেপুটি স্পিকার ছিলেন মোহাম্মদ উল্লাহ।

৪৩. নিচের কোনটি তৎসম শব্দ?

ক) হারাম  খ) চন্দ্র

গ) নক্ষত্র  ঘ) সূর্য

[Note : প্রদত্ত অপশনে চন্দ্র, নক্ষত্র ও সূর্য তিনটিই তৎসম শব্দ। অন্যদিকে হারাম আরবি শব্দ।]

উত্তর

| | |
|---|---|
| ৩৩ | ঘ |
| ৩৪ | খ |
| ৩৫ | ঘ |
| ৩৬ | খ |
| ৩৭ | গ |
| ৩৮ | খ |
| ৩৯ | ঘ |
| ৪০ | Note |
| ৪১ | ঘ |
| ৪২ | খ |
| ৪৩ | Note |

৪৪. 'kith and kin' means—

ⓚ good relation ⓛ blood relation

ⓖ bad relation ⓘ neighbour

(ব্যাখ্যা) 'Kith and kin' phraseটির অর্থ রক্তের সাথে সম্পর্কিত আত্মীয়তার সম্পর্ক। অর্থাৎ blood relation।

৪৫. ১ থেকে ৯৯ পর্যন্ত সংখ্যাসমূহের গড় কত?

ⓚ ২৫ ⓛ ৩৫

ⓖ ৫০ ⓘ ৭৫

(ব্যাখ্যা) n সংখ্যক স্বাভাবিক সংখ্যার সমষ্টি $= \frac{n(n+১)}{২}$;

যেখানে n = শেষ পদ ও পদ সংখ্যা।

১ থেকে ৯৯ পর্যন্ত সংখ্যার সমষ্টি $= \frac{৯৯ \times (৯৯+১)}{২}$

$= ৯৯ \times ৫০$

∴ ১ থেকে ৯৯ পর্যন্ত সংখ্যার গড় $= \frac{৯৯ \times ৫০}{৯৯}$

$= ৫০$

৪৬. ঐতিহাসিক ৬ দফা দাবী প্রণয়ন হয়েছিল—

ⓚ ১৯৬২ সালে ⓛ ১৯৬৫ সালে

ⓖ ১৯৬৯ সালে ⓘ ১৯৬৬ সালে

(ব্যাখ্যা) ১৯৬৬ সালের ৫-৬ ফেব্রুয়ারি লাহোরে বিরোধী দলসমূহের জাতীয় সম্মেলনে শেখ মুজিবুর রহমান কর্তৃক পূর্ব পাকিস্তানের রাজনৈতিক, অর্থনৈতিক ও প্রতিরক্ষা দাবি সম্বলিত ৬ দফাভিত্তিক এক কর্মসূচি ঘোষণা করা হয়। ইতিহাসে এটিই 'ছয় দফা কর্মসূচি' নামে পরিচিত।

৪৭. ২০১৭ সালে শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছেন কে?

ⓚ International Organization for Abolishment of Nuclear Weapon

ⓛ International Campaign to Abolish Nuclear Weapons

ⓖ International Organization for Control of Nuclear Weapon

ⓘ Richard H. Thaler

(ব্যাখ্যা) উল্লেখ্য, ২০১৯ সালে শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছেন ইথিওপিয়ার বর্তমান প্রধানমন্ত্রী আবি আহমেদ আলী।

৪৮. সারাংশ লিখনে একাধিক অনুচ্ছেদ থাকা—

ⓚ বাঞ্ছনীয় ⓛ অপরিহার্য

ⓖ অপ্রয়োজনীয় ⓘ আবশ্যক

৪৯. In the sentence 'Cycling is certainly healthier than driving. The world 'certainly' is a/an

ⓚ verb ⓛ adverb

ⓖ preposition ⓘ adjective

(ব্যাখ্যা) Certainly (নিশ্চিতভাবে) শব্দটি adverb কেননা সাধারণত ly দ্বারা যুক্ত word adverb হয় আর certainly শব্দটি comparative adjective healthier কে modify করেছে।

৫০. দুটি বৃত্তের ব্যাসের অনুপাত ৩ : ২ হলে বৃত্ত দুটির ক্ষেত্রফলের অনুপাত কত হবে?

ⓚ ২ : ৩ ⓛ ৪ : ৯

ⓖ ৯ : ৪ ⓘ ৬ : ৪

(ব্যাখ্যা) দুটি বৃত্তের ব্যাসের অনুপাত ৩ : ২ হলে,

বৃত্ত দুটির ক্ষেত্রফলের অনুপাত $৩^২ : ২^২$

$= ৯ : ৪$

৫১. বাংলাদেশকে স্বীকৃতিদানকারী ১ম অনারব মুসলিম দেশ কোনটি?

ⓚ মালদ্বীপ ⓛ ওমান

ⓖ ইন্দোনেশিয়া ⓘ মালয়েশিয়া

[Note : বাংলাদেশকে স্বীকৃতিদানকারী ১ম অনারব মুসলিম দেশ সেনেগাল (১ ফেব্রুয়ারি ১৯৭২)। ইন্দোনেশিয়া ও মালয়েশিয়া ২৫ ফেব্রুয়ারি ১৯৭২ বাংলাদেশকে স্বীকৃতি দেয়। মালদ্বীপ স্বীকৃতি দেয় ১২ এপ্রিল ১৯৭২।]

৫২. ১টি রম্বসের কর্ণদ্বয় ৫ ও ৬ সে.মি. হলে এর ক্ষেত্রফল কত?

ⓚ ১৫ বর্গ সে.মি. ⓛ ৩০ বর্গ সে.মি.

ⓖ ১৮ বর্গ সে.মি. ⓘ ৪৫ বর্গ সে.মি.

(ব্যাখ্যা) রম্বসের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ কর্ণদ্বয়ের গুণফল

$= \frac{১}{২} \times ৫ \times ৬$ বর্গ সেমি

$= ১৫$ " "

৫৩. Noun কত প্রকার?

ⓚ ৫ প্রকার ⓛ ৪ প্রকার

ⓖ ২ প্রকার ⓘ ৩ প্রকার

৫৪. দুটি রাশির অনুপাত ৭ : ১২। উত্তর রাশি ৯৬ হলে পূর্ব রাশি কত?

ⓚ ৪৭ ⓛ ৮৪

ⓖ ৫৬ ⓘ ৬০

(ব্যাখ্যা) ধরি, পূর্ব রাশি ৭x

উত্তর " ১২x

∴ ১২x = ৯৬

⇒ $x = \frac{৯৬}{১২}$

∴ x = ৮

∴ পূর্ব রাশি = (৭ × ৮) বা ৫৬

৫৫. সৈয়দ শামসুল হকের লেখা নাটক কোনটি?

ⓚ কবর ⓛ পায়ের আওয়াজ পাওয়া যায়

ⓖ খেলা রাম খেলে যা ⓘ ওরা কদম আলী

(ব্যাখ্যা) সৈয়দ শামসুল হক রচিত মুক্তিযুদ্ধভিত্তিক কাব্যনাটক 'পায়ের আওয়াজ পাওয়া যায়'। তার আরো কয়েকটি কাব্যনাটক : নূরলদীনের সারা জীবন, গণনায়ক, এখানে এখন, ঈর্ষা। 'খেলা রাম খেলে যা' তার উপন্যাস। অন্যদিকে 'কবর' ও 'ওরা কদম আলী' নাটকের রচয়িতা যথাক্রমে মুনীর চৌধুরী ও মামুনুর রশীদ।

উত্তর

| | |
|---|---|
| ৪৪ | খ |
| ৪৫ | গ |
| ৪৬ | ঘ |
| ৪৭ | খ |
| ৪৮ | গ |
| ৪৯ | খ |
| ৫০ | গ |
| ৫১ | Note |
| ৫২ | ক |
| ৫৩ | ক |
| ৫৪ | গ |
| ৫৫ | খ |

৫৬. ০, ৩, ৮, ১৪, ২৪, ... ... ... ধারাটির পরবর্তী পদ কোনটি?
ⓚ ৫০ ⓚ ৪৫
ⓖ ৩৫ ⓖ ৪০
[Note : ধারাটির ১৪ এর পরিবর্তে ১৫ হলে উত্তর হবে ৩৫।]
(ব্যাখ্যা) ধারা : ০, ৩, ৮, ১৫, ২৪, <u>৩৫</u>
অন্তর : ৩ ৫ ৭ ৯ <u>১১</u>
∴ ধারাটির পরবর্তী পদ (২৪ + ১১) বা ৩৫

৫৭. 'বঙ্গবন্ধু স্মৃতি ভবন' কোথায় অবস্থিত?
ⓚ ধানমন্ডি ৩২ নম্বরে ⓚ টুঙ্গিপাড়া
ⓖ লন্ডন ⓖ কলকাতা
(ব্যাখ্যা) কলকাতায় অবস্থিত ইসলামিয়া কলেজের (বর্তমান নাম মাওলানা আজাদ কলেজ) ছাত্র অবস্থায় বঙ্গবন্ধুর স্মৃতিবিজড়িত বেকার হোস্টেলের নবনির্মিত বর্ধিত ভবনকেই সম্প্রতি 'বঙ্গবন্ধু স্মৃতিভবন' হিসেবে ঘোষণা করা হয়। ছাত্রাবস্থায় এ হোস্টেলের ২৪নং কক্ষই ছিল বঙ্গবন্ধুর কক্ষ।

৫৮. Which one of the following is a reflexive pronoun?
ⓚ They ⓚ Himself
ⓖ Who ⓖ Me
(ব্যাখ্যা) Personal pronoun-এর সাথে self বা selves যুক্ত হয়ে reflexive pronoun গঠিত হয়। সুতরাং option গুলোর মধ্যে reflexive pronoun হলো himself।

৫৯. হাসান বই পড়ছে— কোন বর্তমান কালের উদাহরণ?
ⓚ ঘটমান ⓚ পুরাঘটিত
ⓖ সাধারণ ⓖ নিত্যবৃত্ত
(ব্যাখ্যা) সে কাজ শেষ হয়নি, এখনও চলছে, সে কাজ বোঝানোর জন্য ঘটমান বর্তমান কাল ব্যবহৃত হয়। যেমন : হাসান বই পড়ছে। নীরা গান গাইছে।

৬০. ১ বর্গফুটে কত বর্গ সেন্টিমিটার?
ⓚ ৯.২৫ ⓚ ৬.৪৫
ⓖ ১০.৭৬ ⓖ ৯.৫০
(ব্যাখ্যা) ১ ফুট = ২.৫৪ সেন্টিমিটার
∴ ১ বর্গফুট = (২.৫৪ × ২.৫৪) বর্গ সেন্টিমিটার
= ৬.৪৫ " "

৬১. স্বাধীন বাংলাদেশ সরকার শপথ গ্রহণ করে কত তারিখে?
ⓚ ১০ এপ্রিল ১৯৭১ ⓚ ১৭ এপ্রিল ১৯৭১
ⓖ ২৬ মার্চ ১৯৭২ ⓖ ২ মার্চ ১৯৭১
(ব্যাখ্যা) ১৯৭১ সালের ১০ এপ্রিল বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে রাষ্ট্রপতি করে সার্বভৌম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ঘোষণা করা হয়। ১৯৭১ সালের ১৭ এপ্রিল মেহেরপুর জেলার বৈদ্যনাথতলার (বর্তমান মুজিবনগর) আমবাগানে এ সরকার শপথ গ্রহণ করে এবং স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করেন অধ্যাপক এম ইউসুফ আলী।

৬২. একটি চাকার পরিধি ৫ মিটার। ৮০ কিলোমিটার পথ যেতে চাকাটি কত বার ঘুরবে?
ⓚ ৪০০০০ ⓚ ১৬০০
ⓖ ১৬০০০ ⓖ ৮০০০
(ব্যাখ্যা) ৮০ কিলোমিটার = (৮০ × ১০০০) মিটার
= ৮০০০০ "
৫ মিটার পথ যেতে চাকাটি ১ বার ঘুরে
∴ ৮০০০০ " " " $\frac{৮০০০০ \times ১}{৫}$ " "
= ১৬০০০ " "

৬৩. সরল সুদের হার শতকরা কত হলে যে কোনো মূলধন ৮ বছরে সুদে আসলে তিনগুণ হবে?
ⓚ ১২.৫% ⓚ ১৫%
ⓖ ২০% ⓖ ২৫%
(ব্যাখ্যা) ধরি, আসল ১০০ টাকা
∴ সুদ-আসল (১০০ × ৩) "
= ৩০০ "
∴ সুদ (৩০০ – ১০০) টাকা
= ২০০ "
∴ সুদের হার (r) = $\frac{I \times ১০০}{pn}$%
= $\frac{২০০ \times ১০০}{১০০ \times ৮}$%
= ২৫%

৬৪. 'ক্ষুধার্ত' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ⓚ ক্ষুৎ + আর্ত ⓚ ক্ষুদা + আর্ত
ⓖ ক্ষুধা + ঋত ⓖ ক্ষুধ + আর্ত
(ব্যাখ্যা) অ-কার কিংবা আ-কারের পর 'ঋত' শব্দ থাকলে (অ, আ + ঋ) উভয় মিলে 'আর' হয় এবং বানানে পূর্ববর্তী বর্ণে আ ও পরবর্তী বর্ণে রেফ লেখা হয়। যেমন : ক্ষুধা + ঋত = ক্ষুধার্ত; শীত + ঋত = শীতার্ত; তৃষ্ণা + ঋত = তৃষ্ণার্ত।

৬৫. Prison শব্দটির verb—
ⓚ Prison ⓚ Prisoner
ⓖ Imprison ⓖ Enprison
(ব্যাখ্যা) Prison (জেল; কারাগার) শব্দের পূর্বে 'Im' prefix যোগ করে verb এ রূপান্তর করা যায়। Imprison শব্দের অর্থ কারারুদ্ধ করা; বন্দি করা।

৬৬. ৬০ মিটার দৈর্ঘ্য বিশিষ্ট বাঁশকে ৩ : ৭ : ১০ ভাগ করলে টুকরোগুলোর সাইজ হবে—
ⓚ ৯ : ২১ : ৩০ মিটার ⓚ ১২ : ২০ : ৩০ মিটার
ⓖ ৮ : ২০ : ৩০ মিটার ⓖ ১০ : ২০ : ৩০ মিটার

উত্তর

| | |
|---|---|
| ৫৬ | Note |
| ৫৭ | ঘ |
| ৫৮ | খ |
| ৫৯ | ক |
| ৬০ | খ |
| ৬১ | খ |
| ৬২ | গ |
| ৬৩ | ঘ |
| ৬৪ | গ |
| ৬৫ | গ |
| ৬৬ | ক |

(ব্যাখ্যা) অনুপাতের রাশিগুলোর যোগফল (৩ + ৭ + ১০) বা ২০

∴ ১ম টুকরোর দৈর্ঘ্য $\left(৬০ \text{এর } \frac{৩}{২০}\right)$ মিটার

= ৯ "

২য় " " $\left(৬০ \text{এর } \frac{৭}{২০}\right)$ "

= ২১ "

৩য় " " $\left(৬০ \times \frac{১০}{২০}\right)$ "

= ৩০ "

∴ টুকরোগুলোর দৈর্ঘ্যের অনুপাত ৯ : ২১ : ৩০

**৬৭. ০.৪ × ০.০২ × ০.০৭ = কত হবে?**

ক ০.০৫৬ খ ০.০৬৪
গ ০.০০৬৪ ঘ ০.০০০৫৬

(ব্যাখ্যা) $০.৪ \times ০.০২ \times ০.০৭ = \frac{৪}{১০} \times \frac{২}{১০০} \times \frac{৭}{১০০}$

$= \frac{৫৬}{১০০০০০}$

$= ০.০০০৫৬$

**৬৮. শব্দের আগে বসে—**

ক প্রত্যয় খ অনুসর্গ
গ উপসর্গ ঘ বিভক্তি

(ব্যাখ্যা) *শব্দের আগে বসে উপসর্গ। বাংলা ভাষায় উপসর্গ তিন প্রকার। যথা : খাঁটি বাংলা, তৎসম বা সংস্কৃত এবং বিদেশি উপসর্গ। খাঁটি বাংলা উপসর্গ একুশটি এবং তৎসম বা সংস্কৃত উপসর্গ বিশটি।*

**৬৯. Who taught you English বাক্যটির passive form হবে—**

ক By whom were you taught English?
খ By whom had you been tought English?
গ By whom had you taught English?
ঘ By whom was you taught English?

(ব্যাখ্যা) *Who দ্বারা শুরু হয় past indefinite tense-এর passive voice-এর structure হলো By whom + was/were+ object কে subject + verb এর p.p + Extension। আর এ নিয়ম অনুযায়ী সঠিক উত্তর (ক)। Option (ঘ) সঠিক হতো যদি you-এর পূর্বে was না থেকে were থাকত।*

**৭০. ই-মেইল ঠিকানায় @ এর পরের অংশটিকে কি বলে?**

ক ডোমেইন খ ইউজার নেম
গ ডোমেইন নেম ঘ ডোমেইন নেম এ্যালার্ট

(ব্যাখ্যা) *ই-মেইল হলো ইলেক্ট্রনিক মেইল-এর সংক্ষিপ্ত রূপ। ইমেইল ঠিকানায় দুইটি অংশ থাকে। একটি User name এবং অপরটি Domain name। ই-মেইল ঠিকানায় @ এর পরের অংশটিকে বলে ডোমেইন নেম।*

**৭১. দুটি সংখ্যার গ. সা. গু ৬ এবং ল. সা. গু ৩৬। একটি সংখ্যা ১২ হলে অপরটি কত?**

ক ৯ খ ১২
গ ১৫ ঘ ১৮

(ব্যাখ্যা)

অপর সংখ্যাটি $= \frac{\text{সংখ্যা দুটির (গ. সা. গু.} \times \text{ল. সা. গু.)}}{১২}$

$= \frac{৬ \times ৩৬}{১২}$

$= ১৮$

**৭২. Choose the correct spelling**

ক etiquette খ ettiquettee
গ etiquete ঘ ettiquete

(ব্যাখ্যা) *Option চারটির মধ্যে সঠিক বানানযুক্ত word etiquette (শিষ্টাচার; আদবকায়দা)।*

**৭৩. পরীক্ষায় 'ক' এর প্রাপ্ত নম্বর যথাক্রমে ৮২, ৮৫ ও ৯২। ৪র্থ পরীক্ষা কত নম্বর পেলে তার গড় প্রাপ্ত নম্বর হবে ৮৭।**

ক ৮৭ খ ৮৯
গ ৮৬ ঘ ৯১

(ব্যাখ্যা) *ধরি, ৪র্থ পরীক্ষায় x নম্বর পেতে হবে।*

$\therefore \frac{৮২ + ৮৫ + ৯২ + x}{৪} = ৮৭$

$\Rightarrow ২৫৯ + x = ৩৪৮$

$\Rightarrow x = ৩৪৮ - ২৫৯$

$\therefore x = ৮৯$

**৭৪. TCP দিয়ে কোনটি বোঝানো হয়?**

ক প্রোগ্রাম খ প্রোগ্রামিং
গ প্রটোকল ঘ ফ্লোচার্ট

(ব্যাখ্যা) *TCP একটি ইন্টারনেট প্রোটোকল। TCP প্রোটোকল উদ্ভাবন করা হয় ১৯৮২ সালে। কম্পিউটারের সাহায্যে কোনো সমস্যা সমাধানের বিভিন্ন নিয়মকানুনকে একত্রে বলে প্রোগ্রাম। Algorithm-এর চিত্ররূপকে বলে— Flow chart.*

**৭৫. পরপর তিনটি সংখ্যার গুণফল ১২০ হলে তাদের যোগফল কত?**

ক ৯ খ ১৫
গ ২৫ ঘ ১২

(ব্যাখ্যা) *সংখ্যাগুলো হতে পারে : ১, ২ ও ৩; ২, ৩, ও ৪; ৩, ৪ ও ৫; ৪, ৫ ও ৬; ৫, ৬ ও ৭ প্রভৃতি।*

*কিন্তু ৪ × ৫ × ৬ = ১২০ [ যা প্রদত্ত শর্তকে সিদ্ধ করে]*

∴ সংখ্যা তিনটির যোগফল = (৪ + ৫ + ৬) = ১৫

উত্তর

| | |
|---|---|
| ৬৭ | ঘ |
| ৬৮ | গ |
| ৬৯ | ক |
| ৭০ | গ |
| ৭১ | ঘ |
| ৭২ | ক |
| ৭৩ | খ |
| ৭৪ | গ |
| ৭৫ | খ |

## ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর ২০১৭

পরীক্ষার তারিখ : ১৮.০৮.২০১৭; সময় : ১ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান : ১০০; সেট কোড : ত্রি

*প্রত্যেক প্রশ্নের সঠিক উত্তরটি নির্বাচন করুন। সকল প্রশ্নের মান সমান।*

1. 'চপল'-এর বিপরীতার্থক শব্দ—
ⓐ শুদ্ধ ⓑ গম্ভীর
ⓒ লৌকিক ⓓ অবাস্তব

(ব্যাখ্যা) *চপল-এর বিপরীতার্থক শব্দ গম্ভীর। এরূপ স্তব্ধ—সচল, লৌকিক-অলৌকিক, অবাস্তব-বাস্তব।*

2. মৈমনসিংহ গীতিকা কী ধরনের রচনা?
ⓐ কাব্য ⓑ প্রবন্ধ
ⓒ উপন্যাস ⓓ গানের সংকলন

(ব্যাখ্যা) *বাংলা সাহিত্যে তিন ধরনের গীতিকা প্রচলিত রয়েছে। যথা : নাথ গীতিকা, মৈমনসিংহ গীতিকা ও পূর্ববঙ্গ গীতিকা। মৈমনসিংহ-গীতিকা' ময়মনসিংহ অঞ্চলের প্রাচীন পালাগানের সংকলন। ১৯২৩ সালে এটি গ্রন্থাগারে প্রকাশিত হয়।*

3. বাংলায় অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তন করেন—
ⓐ মাইকেল মধুসূদন দত্ত ⓑ ফররুখ আহমদ
ⓒ সত্যেন্দ্রনাথ দত্ত ⓓ রবীন্দ্রনাথ ঠাকুর

(ব্যাখ্যা) *বাংলা সাহিত্যে অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক মাইকেল মধুসূদন দত্ত। তিনি তার পদ্মাবতী (১৮৬০) নাটকে প্রথম অমিত্রাক্ষর ছন্দের প্রয়োগ ঘটান। তবে অমিত্রাক্ষর ছন্দের সফল প্রয়োগ ঘটান 'তিলোত্তমাসম্ভব' কাব্যে।*

4. রবীন্দ্রনাথ ঠাকুরের রচিত উপন্যাস নয় কোনটি?
ⓐ রাজর্ষি ⓑ মালঞ্চ
ⓒ বিসর্জন ⓓ শেষের কবিতা

(ব্যাখ্যা) *রবীন্দ্রনাথ ঠাকুর রচিত বিসর্জন একটি ভাবশ্রেয়ী ট্র্যাজেডি নাটক।*

5. সে বলল, "দয়া করে ভেতরে আসুন।" এর পরোক্ষ উক্তি কোনটি?
ⓐ সে বলল যে, দয়া করে ভেতরে আসুন।
ⓑ সে আমাকে ভেতরে যেতে অনুরোধ করল।
ⓒ সে আমাকে ভেতরে যেতে নির্দেশ দিল।
ⓓ সে আমাকে বলল যে, ভেতরে আসুন।

(ব্যাখ্যা) *অনুজ্ঞাসূচক বাক্য যদি প্রত্যক্ষ উক্তির উপস্থাপিত অংশ হয় তাহলে, পরোক্ষ উক্তিতে আদেশ করা, অনুরোধ করা, প্রার্থনা করা অথবা বলা ক্রিয়াপদগুলো ব্যবহৃত হয়। অতঃপর খণ্ড বাক্যের ক্রিয়াকে ভাব অনুসারে পরিবর্তন করতে হয়। যেমন— প্রত্যক্ষ : শিক্ষক তাকে বললেন, 'চুপকর'। পরোক্ষ : শিক্ষক তাকে চুপ করতে আদেশ করলেন।*

6. কোন বানানটি শুদ্ধ?
ⓐ সায়াহ্ন ⓑ অপরাহ্ন
ⓒ মধ্যাহ্ন ⓓ পূর্বাহ্ন

(ব্যাখ্যা) *মধ্যাহ্ন শব্দটি শুদ্ধ। 'অপরাহ্ন' বানানটির শুদ্ধ রূপ অপরাহ্ণ। এরূপ-সায়াহ্ন এর শুদ্ধরূপ সায়াহ্ন ও পূর্বাহ্ন এর শুদ্ধরূপ পূর্বাহ্ণ।*

7. 'মেঘ' শব্দের সমার্থক নয় কোনটি?
ⓐ জলদ ⓑ বারিদ ⓒ উদক ⓓ নীরদ

(ব্যাখ্যা) *মেঘ শব্দের সমার্থক শব্দ নয় উদক। উদক শব্দের অর্থ—পানি, জল, বারি ইত্যাদি।*

8. 'রিক্‌শা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ⓐ জাপানি ⓑ পর্তুগিজ ⓒ ওলন্দাজ ⓓ হিন্দি

(ব্যাখ্যা) *'রিকশা' জাপানি শব্দ। আরো কয়েকটি জাপানি শব্দ হলো—হারিকিরি, প্যাগোডা, জুডো, হাসনাহেনা ইত্যাদি।*

9. নিচের কোনটি ভাষার মূল উপাদান?
ⓐ শব্দ ⓑ ধ্বনি ⓒ বর্ণ ⓓ বাক্য

(ব্যাখ্যা) *ধ্বনি ভাষার মূল উপাদান। মানুষের কণ্ঠনিঃসৃত বাক্ সংকেতের সংগঠনকে ভাষা বলা হয়। অর্থাৎ বাগযন্ত্র দ্বারা সৃষ্ট অর্থবোধক ধ্বনির সংকেতের সাহায্যে মানুষের ভাব প্রকাশের মাধ্যম হলো ভাষা।*

10. নিচের কোন বানানটি শুদ্ধ?
ⓐ দুর্ভিক্ষ ⓑ বৈপরীত্য ⓒ সূর্য্য ⓓ ধ্বস

(ব্যাখ্যা) *বৈপরীত্য বানানটি শুদ্ধ। দুর্ভিক্ষ, সূর্য্য, ধ্বস বানানগুলো অশুদ্ধ। এগুলোর শুদ্ধরূপ যথাক্রমে—দুর্ভিক্ষ, সূর্য, ধস।*

11. অশুদ্ধ বানান কোনটি?
ⓐ ইতঃপূর্বে ⓑ ইতিমধ্যে
ⓒ দুর্গা ⓓ শাশ্বত

(ব্যাখ্যা) *ইতিমধ্যে বানানটি অশুদ্ধ। শুদ্ধ বানানটি হলো ইতোমধ্যে।*

12. 'সমাস' শব্দের অর্থ কী?
ⓐ বিশ্লেষণ ⓑ সংক্ষেপণ
ⓒ সংযোজন ⓓ সংশোধনী

(ব্যাখ্যা) *সমাস শব্দের অর্থ হচ্ছে সংক্ষেপন, মিলন, একাধিক পদের একপদীকরণ। পরস্পর অর্থসঙ্গতি সম্পন্ন দুই বা ততোধিক পদের এক পদে পরিণত হওয়াকে সমাস বলে।*

13. কোনটি শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস?
ⓐ দেনাপাওনা ⓑ পথগ্রাম
ⓒ ইন্দিরা ⓓ নৌকাডুবি

(ব্যাখ্যা) *'দেনা-পাওনা' উপন্যাসটি শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচনা করেন। 'নৌকাডুবি' উপন্যাসের রচয়িতা রবীন্দ্রনাথ ঠাকুর, 'ইন্দিরা' উপন্যাসের রচয়িতা বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়। অনেকে এটিকে বড় গল্প বলে থাকেন।*

14. 'Can you recall his name?'-এর বঙ্গানুবাদ কী?
ⓐ তুমি কি তার নাম মনে করতে পার?
ⓑ তুমি কি তার নাম মনে রাখতে পার?
ⓒ তুমি কি তার নাম ধরে ডাকতে পার?
ⓓ তুমি কি তার নাম জান?

(ব্যাখ্যা) *Recall অর্থ মনে করা বা স্মরণ করা। Can you recall his name? অর্থ 'তুমি কি তার নাম মনে করতে পারো?*

**উত্তর**

| | |
|---|---|
| 1 | b |
| 2 | d |
| 3 | a |
| 4 | c |
| 5 | b |
| 6 | c |
| 7 | c |
| 8 | c |
| 9 | b |
| 10 | b |
| 11 | b |
| 12 | b |
| 13 | a |
| 14 | a |

15. কাজী নজরুল ইসলামের গল্পগ্রন্থ কোনটি?
ⓐ কুহেলিকা ⓑ বাঁধন-হারা
ⓒ মৃত্যুক্ষুধা ⓓ ব্যথার দান
ব্যাখ্যা কাজী নজরুল ইসলাম রচিত তিনটি গল্পগ্রন্থ হলো— ব্যথার দান (১৯২২), রিক্তের বেদন (১৯২৫), শিউলিমালা (১৯৩১)। অপরদিকে বাঁধনহারা (১৯২৭), মৃত্যুক্ষুধা (১৯৩০) এবং কুহেলিকা (১৯৩১) তার রচিত উপন্যাস।

16. 'গড্ডলিকা প্রবাহ' এর সঠিক অর্থ—
ⓐ স্রোতধারা ⓑ লণ্ড-ভণ্ড
ⓒ হাতির দল ⓓ অন্ধ-অনুকরণ
ব্যাখ্যা 'গড্ডলিকা প্রবাহ' অর্থ ভেড়ার পালের মতো একের দ্বারা অন্যকে অনুসরণ, ভালোমন্দ না বুঝে অন্ধের ন্যায় অনুসরণ, গতানুগতিকতা, প্রচলিত ধারার অনুগামিতা ইত্যাদি।

17. 'আবার আসিব ফিরে ধানসিঁড়িটির তীরে'— কোন কবির কবিতা থেকে নেয়া?
ⓐ রবীন্দ্রনাথ ঠাকুর ⓑ জীবনানন্দ দাস
ⓒ গিরিশ চন্দ্র সেন ⓓ মাইকেল মধুসূদন দত্ত
ব্যাখ্যা ১৯৫৭ সালে প্রকাশিত 'রূপসী বাংলা' কাব্যগ্রন্থটির রচয়িতা জীবনানন্দ দাস। এ কাব্যের বিখ্যাত কবিতা 'আবার আসিব ফিরে' থেকে নেয়া হয়েছে উল্লিখিত পঙ্‌ক্তিটি।

18. পৃথিবীর সমার্থক শব্দ—
ⓐ সবিতা ⓑ মিহির ⓒ ভূধর ⓓ বসুধা
ব্যাখ্যা পৃথিবীর সমার্থক শব্দ বসুধা, ধরা, ধরণী, ধরিত্রী, অবনী, বসুন্ধরা, ভুবন, অখিল ইত্যাদি। অন্যদিকে সবিতা বা মিহির অর্থ সূর্য, রবি, তপন এবং ভূধর অর্থ পর্বত।

19. বাংলা ভাষায় ব্যাকরণ গ্রন্থ রচনা করেছেন—
ⓐ ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ ⓑ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓒ মাইকেল মধুসূদন দত্ত ⓓ প্রমথ চৌধুরী
ব্যাখ্যা বাংলা ভাষায় ব্যাকরণ গ্রন্থ রচনা করেন ড. মুহম্মদ শহীদুল্লাহ। তার রচিত ভাষাতত্ত্ব বিষয়ক রচনা ভাষা ও সাহিত্য, বাংলা ব্যাকরণ, বাংলা ভাষার ইতিবৃত্ত ইত্যাদি।

20. 'ফুলে ফুলে ভরেছে বাসর।' বাক্যে 'ফুলে ফুলে' কোন কারকে কোন বিভক্তি?
ⓐ কর্মে সপ্তমী ⓑ কর্তায় সপ্তমী
ⓒ করণে সপ্তমী ⓓ অপাদানে সপ্তমী
ব্যাখ্যা ক্রিয়াকে কিসের সাহায্যে, দ্বারা বা কি উপায়ে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় সেটিই করণ কারক। যেমন— আমি কলম দ্বারা লিখি। এখানে 'কলম' করণ কারক।

21. 'পর্বত' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?
ⓐ অবনী ⓑ অচল ⓒ পাহাড় ⓓ গিরি
ব্যাখ্যা 'পর্বত' শব্দের সমার্থক শব্দ নয় অবনী। অবনী শব্দের অর্থ পৃথিবী।

22. 'অমাবস্যার চাঁদ'—বাগধারাটির অর্থ কী?
ⓐ দুর্লভ বস্তু ⓑ আলোকিত হওয়া
ⓒ দিশেহারা হওয়া ⓓ সুলভ বস্তু
ব্যাখ্যা অমাবস্যার চাঁদ দুর্লভ বস্তু, অদর্শনীয় ইত্যাদি। যেমন— কি হে মিলন, ভালো চাকরি পেয়ে অমাবস্যার চাঁদ হয়েছে, তোমাকে দেখাই যায় না।

23. 'উপকারীর অপকার করে যে' বাক্যটির এক কথায় প্রকাশ—
ⓐ কৃতজ্ঞ ⓑ কৃতঘ্ন
ⓒ অকৃতজ্ঞ ⓓ বিশ্বাসঘাতক
ব্যাখ্যা উপকারীর উপকার স্বীকার করে যে—কৃতজ্ঞ। উপকারীর অপকার করে যে—কৃতঘ্ন। উপকারীর উপকার স্বীকার করে না যে—অকৃতজ্ঞ।

24. 'Editor' শব্দটির সঠিক পরিভাষা কোনটি?
ⓐ সাংবাদিক ⓑ সম্পাদক
ⓒ নির্বাচক ⓓ সম্পাদকীয়
ব্যাখ্যা Editor হলো সম্পাদক, Edition হলো সংস্করণ, Editorial হলো সম্পাদকীয়।

25. নিচের কোনটি নিত্য নারীবাচক শব্দ?
ⓐ যোগিনী ⓑ বৃদ্ধা ⓒ বিধবা ⓓ মানবী
ব্যাখ্যা কতগুলো শব্দ নিত্য স্ত্রীবাচক। এগুলোর পুরুষবাচক শব্দ নেই। যেমন—সতীন, সৎমা, দাই, সধবা, বিধবা ইত্যাদি।

26. যিনি বক্তৃতা দানে পটু, তাকে বলা হয়—
ⓐ বাকপটু ⓑ বাগ্মী
ⓒ সুবক্তা ⓓ অনলবর্ষী

27. 'সপ্তাহ' কোন সমাস?
ⓐ দ্বিগু ⓑ দ্বন্দ্ব ⓒ অব্যয়ীভাব ⓓ তৎপুরুষ
ব্যাখ্যা যে সমাসে পূর্বপদটি সংখ্যাবাচক বিশেষণ হয়ে সমাহার বা সমষ্টি বোঝায় এবং পরপদের অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয় তাকে দ্বিগু সমাস বলে। যেমন—ত্রি (তিন) পদের সমাহার = ত্রিপদী। সপ্ত অহের (দিনের) সমাহার = সপ্তাহ ইত্যাদি।

28. 'জনপদ' শব্দের সঠিক অর্থ কোনটি?
ⓐ মানুষের হাঁটার রাস্তা ⓑ মানুষের পায়ের ছাপ
ⓒ জনগণের পা ⓓ লোকালয়
ব্যাখ্যা জনপদ শব্দের অর্থ হলো— লোকালয়, লোকের বসতিস্থান, গ্রামদেশ, দেহাত, মফস্বল, দেশ, রাজ্য ইত্যাদি।

29. সঠিক বানান কোনটি?
ⓐ বিনিত ⓑ বিনীত ⓒ বীনিত ⓓ বিণীত
ব্যাখ্যা সঠিক বানান হলো—বিনীত। বিনীত শব্দের অর্থ বিনম্র, বিনয়ী, সংযত, শান্ত।

30. সঠিক বাক্য কোনটি?
ⓐ শিক্ষক ছাত্রদের বই পড়ান।
ⓑ শিক্ষক সকল ছাত্রদেরকে বই পড়ান।
ⓒ শিক্ষক সকল ছাত্রদের পড়ান।
ⓓ শিক্ষক সকল ছাত্রদের বই পড়ান।
ব্যাখ্যা সঠিক বাক্য হলো শিক্ষক ছাত্রদের বই পড়ান। অন্য বাক্যগুলো বহুবচনের অপপ্রয়োগজনিত কারণে অশুদ্ধ। বাক্যগুলোতে বহুবচনের দ্বিত্ব প্রয়োগ হয়েছে।

উত্তর

| | |
|---|---|
| 15 | d |
| 16 | d |
| 17 | b |
| 18 | d |
| 19 | a |
| 20 | c |
| 21 | a |
| 22 | a |
| 23 | b |
| 24 | b |
| 25 | c |
| 26 | b |
| 27 | a |
| 28 | d |
| 29 | b |
| 30 | a |

31. Change the narration. He said, "Do it right now."
ⓐ He told to do it now.
ⓑ He told to do now
ⓒ He said to do this now.
ⓓ He asked to do that right now.

(ব্যাখ্যা) *Imperative sentence-কে indirect করতে order, request আবার কখনো ask হয় এবং it-এর পরিবর্তে that হয়। সুতরাং He asked to do that right now বাক্যটি সঠিক।*

32. Superlative degree of 'bad' is :
ⓐ worst ⓑ worse ⓒ bader ⓓ badest

(ব্যাখ্যা) *Bad (খারাপ)-এর comperative form 'worse' এবং superlative form 'worst'।*

33. We had — students than the last semester.
ⓐ less ⓑ fewer ⓒ little ⓓ small

(ব্যাখ্যা) *Student একটি countable noun যার পূর্বে determiner হিসেবে fewer বসবে। Little এবং less বসে uncountable noun-এর পূর্বে।*

34. It is high time we — this for our people.
ⓐ did ⓑ do
ⓒ must do ⓓ should do

(ব্যাখ্যা) *It is high time-এর পর subject + verb এর past form হয়। তাই সঠিক উত্তর (a)।*

35. No one can — that he is clever.
ⓐ deny ⓑ defy
ⓒ denounce ⓓ discard

(ব্যাখ্যা) *Deny অর্থ অস্বীকার করা। সে যে চালাক তা কেউ অস্বীকার করতে পারে না।*

36. He acted wisely. Make it negative.
ⓐ He could not act wisely.
ⓑ He did not act foolishly.
ⓒ He did not but act wisely.
ⓓ He acted foolishly.

37. The passive form of 'Shut the door' is :
ⓐ The door is to be shut.
ⓑ Let the door be shut.
ⓒ The door may be shut.
ⓓ The door will be shut.

(ব্যাখ্যা) *Imperative sentence-কে passive করতে let + object (the door) + be + $verb_3$ গঠন (structure) হয়। সুতরাং গঠন অনুযায়ী (b) অপশনের বাক্যটি সঠিক।*

38. Bina said to her father, "I shall go to college now." The indirect form of this sentence is : Bina told her father that she—
ⓐ should go to college now.
ⓑ would go to college now.
ⓒ will go to college then.
ⓓ would go to college then.

(ব্যাখ্যা) *Reporting Verb past হলে indirect করার সময় Reported speech-এর shall-এর পরিবর্তে would এবং now-এর পরিবর্তে then হয়। Bina told her father that she would go to college then.*

39. Translate in English 'আমার আত্মীয় নাই বললেই চলে।'
ⓐ I have not many relatives.
ⓑ I have no relative
ⓒ I have less relatives.
ⓓ I have few relatives

(ব্যাখ্যা) *Few অর্থ 'নেই বললেই চলে'। আমার আত্মীয় নেই বললেই চলে। এর সঠিক ইংরেজি অনুবাদ হলো—I have few relatives।*

40. The examination is knocking at the door.— Choose appropriate translation for this sentence:
ⓐ পরীক্ষা শুরু হয়েছে। ⓑ পরীক্ষা শীঘ্র শুরু হতে পারে।
ⓒ পরীক্ষা খুবই নিকটবর্তী। ⓓ পরীক্ষা শেষ হতে চলেছে।

(ব্যাখ্যা) *Knock at the door অর্থ আসন্ন বা নিকটবর্তী হওয়া। The examination is knocking at the door-এর সঠিক বাংলা হলো পরীক্ষা খুবই নিকটবর্তী।*

41. 'It has been drizzling since morning'– Translate this sentence in Bangla :
ⓐ সকাল থেকে মেঘ ডাকছে।
ⓑ সকাল থেকেই বৃষ্টি পড়ছে।
ⓒ সকাল থেকে আকাশ মেঘাচ্ছন্ন।
ⓓ সকাল থেকে গুঁড়িগুঁড়ি বৃষ্টি পড়ছে।

(ব্যাখ্যা) *Drizzle—গুঁড়ি গুঁড়ি বৃষ্টি হওয়া। It has been drizzling since morning-এর বাংলা অনুবাদ হলো—সকাল থেকে গুঁড়িগুড়ি বৃষ্টি পড়ছে।*

42. 'In black and white' means :
ⓐ Clearly ⓑ Conficiently
ⓒ Properly ⓓ to writing

(ব্যাখ্যা) *In black and white—লিখিতভাবে বা in writing।*

43. We asked him why he — telephoned earlier.
ⓐ did not ⓑ has not
ⓒ had not ⓓ was not

(ব্যাখ্যা) *'Why have you not telephoned earlier?' বাক্যটিকে indirect করলে হয় We asked him why he had not telephoned earlier। সুতরাং সঠিক উত্তর (c)।*

44. What is the synonym of 'cordial'?
ⓐ close ⓑ intimate
ⓒ nearest ⓓ sincere

(ব্যাখ্যা) *Cordial (আন্তরিক)-এর Synonym হলো sincere (আন্তরিক)।*

45. Technically, glass is a mineral and —
ⓐ water so ⓑ water is so.
ⓒ so is water. ⓓ so water is

(ব্যাখ্যা) *Affirmative statement + and + so + auxiliary verb + subject হয়। সুতরাং সঠিক উত্তর (c) so is water।*

উত্তর

| | |
|---|---|
| 31 | d |
| 32 | a |
| 33 | b |
| 34 | a |
| 35 | a |
| 36 | b |
| 37 | b |
| 38 | d |
| 39 | d |
| 40 | c |
| 41 | d |
| 42 | d |
| 43 | c |
| 44 | d |
| 45 | c |

46. — virtuous are happy.
ⓐ The ⓑ A
ⓒ An ⓓ No article
ব্যাখ্যা Adjective (virtuous)-এর পূর্বে article the যুক্ত হলে plural noun হয়। The virtuous অর্থ ধার্মিকেরা।

47. While the boy — in the street, a person met him.
ⓐ waked ⓑ is walking
ⓒ walks ⓓ was walking
ব্যাখ্যা While-এর পর Subject + past continuous tense + subject + past indefinite tense হয়। সুতরাং সঠিক উত্তর (d) was walking।

48. She cannot help — this.
ⓐ to do ⓑ doing
ⓒ did ⓓ have done
ব্যাখ্যা Cannot help-এরপর verb + ing হয়। সুতরাং সঠিক উত্তর (b)।

49. Look forward — the president.
ⓐ to meet with ⓑ meeting
ⓒ to met ⓓ to meeting
ব্যাখ্যা With a view to, look forward to + present participle (verb + ing) হয়।

50. The antonym of the word 'hate' is :
ⓐ Admire ⓑ Abher
ⓒ Concern ⓓ Careful
ব্যাখ্যা Hate (ঘৃণা করা)-এর antonym হলো admire (প্রশংসা করা)।

51. 'I shall do it — pleasure.
ⓐ in ⓑ at ⓒ with ⓓ to
ব্যাখ্যা With pleasure অর্থ আনন্দের সাথে। বাক্যটির পূর্ণ অর্থ- এটি আমি আনন্দের সাথে (বা সানন্দে) করব।

52. He is not bad — cricket.
ⓐ at ⓑ in ⓒ with ⓓ about
ব্যাখ্যা Bad at—অদক্ষ, মন্দ। বাক্যটির পূর্ণ অর্থ- সে ক্রিকেট খেলায় মন্দ নয়।

53. My mother distributed the pencils — the two orphans.
ⓐ over ⓑ in between
ⓒ between ⓓ among
ব্যাখ্যা দুয়ের মধ্যে বুঝালে between হয়। আর দুয়ের অধিকের মধ্যে বোঝালে among হয়।

54. Please come— my office.
ⓑ by ⓑ at
ⓒ on ⓓ to
ব্যাখ্যা Come by— কোনো স্থানে (my office) সাক্ষাৎ করা।

55. My father took — short sleep.
ⓐ the ⓑ an
ⓒ a ⓓ no article
ব্যাখ্যা A short sleep—এক সংক্ষিপ্ত ঘুম (nap)।

56. The word 'Competent' means.
ⓐ Critica ⓑ Prudent
ⓒ Capable ⓓ Charming
ব্যাখ্যা Competent এবং capable শব্দ দুটির একই অর্থ উপযুক্ত বা সক্ষম।

57. Which of the following sentences is correct?
ⓐ He speaks Chinese like Chinese
ⓑ His friend is an M.A.
ⓒ Look out the word in the book.
ⓓ Each of the students have done well.
ব্যাখ্যা অপশন (a) তে জাতি বোঝাতে Chinese--এর পূর্বে the না থাকায়, (c) তে look up (বই এ শব্দ খোঁজা) এর পরিবর্তে look out থাকায় এবং (d) তে Each of the + plural noun এর পর has এর পরিবর্তে have থাকায় বাক্যগুলো ভুল। Subject Singular হলে Verb is এবং এম.এ (M.A) Abbreviated wordটির প্রথম letter 'M' উচ্চারণে প্রথমেই Vowel (A) চলে আসে বিধায় এর পূর্বে article an হয়। তাই (b) অপশনের বাক্যটি সঠিক।

58. Find the correct sentence from the following :
ⓐ She insisted me to go to library.
ⓑ She insisted on my going to library.
ⓒ She insisted on my going library.
ⓓ She insisted for my going to library.
ব্যাখ্যা Insist on + pronoun-এর possessive form + verb + ing এবং go-এর পর to হয়। সুতরাং সঠিক উত্তর (b)।

59. Which one is correct?
ⓐ I suffered from fever for a week.
ⓑ He has assured me of safety.
ⓒ He was to clever too miss the point.
ⓓ I sold my furnitures.
ব্যাখ্যা Assure + sb + of + sth হয়। সুতরাং সঠিক বাক্য (b)।

60. My brother kept on (enjoy) as he passed.
ⓐ enjoying ⓑ to enjoy
ⓒ enjoyed ⓓ enjoyable
ব্যাখ্যা একটি simple বাক্যে দুটি verb থাকলে দ্বিতীয় verb এর সাথে ing যুক্ত হয়।

61. কোনো ত্রিভুজের শিরঃকোণের সমদ্বিখণ্ডক যদি ভূমির ওপর লম্ব হয় তবে ত্রিভুজটি—
ⓐ সমবাহু ⓑ সমকোণী
ⓒ সমদ্বিবাহু ⓓ বিষমবাহু
ব্যাখ্যা সমদ্বিবাহু ত্রিভুজের শিরঃকোণের সমদ্বিখণ্ডক ভূমির ওপর লম্ব হয়।

62. বার্ষিক 12% সরল মুনাফায় কত বছরে 10000 টাকার মুনাফা 4800 টাকা হবে?
ⓐ 3 ⓑ 4
ⓒ 5 ⓓ 6

উত্তর

| | |
|---|---|
| 46 | a |
| 47 | d |
| 48 | b |
| 49 | d |
| 50 | a |
| 51 | c |
| 52 | a |
| 53 | c |
| 54 | a |
| 55 | c |
| 56 | c |
| 57 | b |
| 58 | b |
| 59 | b |
| 60 | a |
| 61 | c |
| 62 | b |

(ব্যাখ্যা) সরল মুনাফার ক্ষেত্রে

$$n = \frac{I \times 100}{Pr} = \frac{4800 \times 100}{10000 \times 12}$$

$\therefore n = 4$ বছর

এখানে,
$p = 10,000$
$I = 4,800$
$r = 12\%$
$n = ?$

**63. কোনো ভগ্নাংশের লবের সাথে 7 যোগ করলে ভগ্নাংশটির মান 2 হয় এবং হর থেকে 2 বাদ দিলে ভগ্নাংশটির মান 1 হয়। ভগ্নাংশটি কত?**

ⓐ $\frac{3}{4}$ ⓑ $\frac{3}{5}$ ⓒ $\frac{5}{7}$ ⓓ $\frac{5}{6}$

(ব্যাখ্যা) ধরি, ভগ্নাংশটির লব $x$ এবং হর $y$

$\therefore$ ভগ্নাংশটি $\frac{x}{y}$

$\therefore \frac{x+7}{y} = 2$

বা, $x + 7 = 2y$

বা, $x - 2y = -7$ ...... (i)

আবার, $\frac{x}{y-2} = 1$

বা, $x = y - 2$ ....... (ii)

(ii) নং হতে $x$ এর মান (i) নং এ বসিয়ে পাই,

$y - 2 - 2y = -7$ বা, $-y = -5$

$\therefore y = 5$

$y$ এর মান (i) নং এ বসিয়ে পাই, $x - 2 \times 5 = -7$

বা, $x = 3$

$\therefore$ ভগ্নাংশটি $= \frac{x}{y} = \frac{3}{5}$

**64. নিচের কোনটি রম্বসের বৈশিষ্ট্য?**

ⓐ কর্ণদ্বয়ের সমান ⓑ প্রত্যেক কোণ সমকোণ
ⓒ বিপরীত কোণদ্বয় অসমান ⓓ প্রত্যেক বাহুই সমান

(ব্যাখ্যা) যে চতুর্ভুজের চারটি বাহুই সমান কিন্তু কোণগুলো সমকোণ নয় তাকে রম্বস বলে।

**65. 11, 12, 13, 15, 16, 18-এই সংখ্যাগুলোর মধ্যক কত?**

ⓐ 13 ⓑ 15
ⓒ 14 ⓓ 13 ও 15 উভয়

(ব্যাখ্যা) 11, 12, 13, 15, 16, 18

এখানে $n = 6$ (জোড় সংখ্যা)

মধ্যক $= \dfrac{\frac{n}{2} \text{ ও } \left(\frac{n}{2}+1\right) \text{তম পদ দুটির যোগফল}}{2}$

$= \dfrac{\frac{6}{2} \text{ ও } \left(\frac{6}{2}+1\right) \text{তম পদ দুটির যোগফল}}{2}$

$= \dfrac{\text{3 ও 4 তম পদ দুটির যোগফল}}{2} = \dfrac{13+15}{2} = 14$

**66. কোনো বাগানে 1296টি পেয়ারা গাছ আছে। বাগানের দৈর্ঘ্য ও প্রস্থের উভয়দিকের প্রত্যেক সারিতে সমান সংখ্যক পেয়ারা গাছে থাকলে প্রত্যেক সারিতে গাছের সংখ্যা কত?**

ⓐ 44 ⓑ 66 ⓒ 36 ⓓ 56

(ব্যাখ্যা) বাগানে পেয়ারা গাছ বর্গাকারে সাজানো। সুতরাং দৈর্ঘ্য বা প্রস্থ বরাবর গাছের সংখ্যা 1296 এর বর্গমূলের সমান।

এখন,

| | |
|---|---|
| 2 | 1296 |
| 2 | 648 |
| 2 | 324 |
| 2 | 162 |
| 3 | 81 |
| 3 | 27 |
| 3 | 9 |
| | 3 |

$1296 = (2 \times 2) \times (2 \times 2) \times (3 \times 3) \times (3 \times 3)$

$\therefore \sqrt{1296} = 2 \times 2 \times 3 \times 3 = 36$

$\therefore$ প্রত্যেক সারিতে গাছের সংখ্যা 36টি।

**67. পাড়সহ একটি পুকুরের দৈর্ঘ্য 80 মিটার ও প্রস্থ 50 মিটার। যদি পুকুরের প্রত্যেক পাড়ের বিস্তার 4 মিটার হয়, তবে পাড়ের ক্ষেত্রফল কত বর্গ মিটার?**

ⓐ 950 ⓑ 976 ⓒ 996 ⓓ 940

(ব্যাখ্যা) পাড়সহ পুকুরের ক্ষেত্রফল $= (80 \times 50)$ বর্গমিটার
$= 4000$ বর্গমিটার

পাড় বাদে পুকুরের দৈর্ঘ্য $= (80 - 4 \times 2)$ মিটার $= 72$ মিটার

" " " প্রস্থ $= (50 - 4 \times 2)$ " $= 42$ "

$\therefore$ " " ক্ষেত্রফল $= (72 \times 42)$ বর্গমিটার $= 3024$ বর্গমিটার

$\therefore$ পাড়ের ক্ষেত্রফল $= (4000 - 3024) = 976$ বর্গমিটার

**68. $2x^2 - 7xy + 6y^2$ কে $x - 2y$ দ্বারা ভাগ করলে ভাগফল কত?**

ⓐ $3x + 2y$ ⓑ $3x - 2y$
ⓒ $2x - 3y$ ⓓ $2x + 3y$

(ব্যাখ্যা) $\dfrac{2x^2 - 7xy + 6y^2}{x - 2y} = \dfrac{2x^2 - 4xy - 3xy + 6y^2}{x - 2y}$

$= \dfrac{2x(x-2y) - 3y(x-2y)}{x-2y}$

$= \dfrac{(x-2y)(2x-3y)}{(x-2y)} = 2x - 3y$

**69. $8x^2yz^2$ এবং $10x^3y^2z^3$ এর গ. সা. গু. কত?**

ⓐ $Zx^3y^2z^3$ ⓑ $10x^3y^2z^3$
ⓒ $80x^2yz^2$ ⓓ $2x^2yx^2$

[Note : $8x^2yz^2 = 2.4.x^2.y.z^2$

$10x^3y^2z^3 = 2.5.x^2.x.y.y.z^2.z$

: গ. সা. গু $= 2x^2yz^2$

অর্থাৎ অপশনে সঠিক উত্তর নেই। অপশন (ঘ)-এ $2x^2yx^2$-এর স্থলে $2x^2yz^2$ হলে সঠিক হতো।]

| উত্তর | |
|---|---|
| 63 | b |
| 64 | d |
| 65 | c |
| 66 | c |
| 67 | b |
| 68 | b |
| 69 | Note |

70. $\Delta ABC$-এ $AC > AB$ হলে নিচের কোনটি সত্য?

ⓐ $\angle ABC > \angle ACB$ ⓑ $\angle ABC < \angle ACB$

ⓒ $\angle ACB > \angle BAC$ ⓓ $\angle ACB < \angle BAC$

(ব্যাখ্যা) ত্রিভুজের বৃহত্তর বাহুর বিপরীত কোণ ক্ষুদ্রতর বাহুর বিপরীত কোণ অপেক্ষা বৃহত্তর।




$\Delta ABC$ এর $AC > AB$

$\therefore \angle ABC > \angle ACB$

71. একটি বৃত্তের পরিধি $10\pi$ সেমি হলে বৃত্তের ব্যাস কত সে.মি.?

ⓐ 12 ⓑ 10 ⓒ 8 ⓓ 6

(ব্যাখ্যা) আমরা জানি,

বৃত্তের পরিধি $= 2\pi r$

বৃত্তের ব্যাস $= 2r$

$\therefore 2\pi r = 10\pi$

$\Rightarrow 2r = 10$

$\therefore$ বৃত্তের ব্যাস $= 10$ সেমি

72. অর্ধবৃত্তস্থ কোণের মান কত?

ⓐ 45° ⓑ 60° ⓒ 75° ⓓ 90°

(ব্যাখ্যা)




অর্ধবৃত্তস্থ $\angle BAC = \frac{1}{2}\angle BOC =$ এক সমকোণ $= 90°$

[$\because \angle BOC =$ ১ সরল কোণ $=$ ২ সমকোণ]

73. 1 থেকে 22 পর্যন্ত 3 দ্বারা বিভাজ্য সংখ্যাগুলোর মধ্যক কত?

ⓐ 12 ⓑ 15 ⓒ 18 ⓓ 21

(ব্যাখ্যা) 1 থেকে 22 পর্যন্ত 3 দ্বারা বিভাজ্য সংখ্যাগুলো হলো 3, 6, 9, 12, 15, 18 ও 21.

এখানে $n = 7$ বিজোড় সংখ্যা

মধ্যক $= \frac{n+1}{2} = \frac{7+1}{2} = 4$ তম পদের মান

এখানে, 4তম রাশিটি 12, $\therefore$ মধ্যক 12

74. $\log_x \frac{9}{16} = -\frac{1}{2}$ হয় তবে $x = ?$

ⓐ $\frac{3}{4}$ ⓑ $\frac{3}{4}$ ⓒ $\frac{81}{256}$ ⓓ $\frac{256}{81}$

(ব্যাখ্যা) $\log_x \frac{9}{16} = -\frac{1}{2}$

$\Rightarrow x^{-\frac{1}{2}} = \frac{9}{16}$

$\Rightarrow \frac{1}{\sqrt{x}} = \frac{9}{16}$

$\Rightarrow x = \left(\frac{16}{9}\right)^2$

$\therefore x = \frac{256}{81}$

75. ক ও খ এর আয়ের অনুপাত 4:3। 'খ' ও 'গ'-এর আয়ের অনুপাত 5 : 4 । 'ক'-এর আয় 120 টাকা হলে গ' এর আয় কত?

ⓐ 120 টাকা ⓑ 72 টাকা

ⓒ 80 টাকা ⓓ 70 টাকা

(ব্যাখ্যা) ক : খ $= 4:3 = 4\times5 : 3\times5 = 20:15$

খ : গ $= 5:4 = 5\times3 : 4\times3 = 15:12$

$\therefore$ ক : খ : গ $= 20:15:12$

$= 20\times6 : 15\times6 : 12\times6$ [$\because$ ক-এর বেতন 120 টাকা]

$= 120:90:72$

$\therefore$ গ-এর বেতন 72 টাকা

76. দুইটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর 25। সংখ্যা দুইটি কত?

ⓐ 11,12 ⓑ 13,14 ⓒ 12,13 ⓓ 14,15

(ব্যাখ্যা) $13^2 - 12^2 = (13+12)(13-12) = 25\times1 = 25$

$\therefore$ সংখ্যা দুটি 12 ও 13

77. একটি গুণোত্তর ধারার প্রথম পদ $\frac{1}{2}$ এবং ষষ্ঠ পদ $\frac{1}{64}$ হলে, সাধারণ অনুপাত কত?

ⓐ $\frac{1}{4}$ ⓑ $\frac{1}{2}$ ⓒ 1 ⓓ 2

(ব্যাখ্যা) ধরি, সাধারণ অনুপাত $= q$

$\therefore aq^{6-1} = \frac{1}{64}$ [যেখানে $a =$ প্রথম পদ]

$\Rightarrow \frac{1}{2}q^{6-1} = \frac{1}{64}$

$\Rightarrow q^5 = \frac{1}{32}$

$\Rightarrow q^5 = \frac{1}{2^5}$

$\Rightarrow q^5 = \left(\frac{1}{2}\right)^5$

$\therefore q = \frac{1}{2}$

78. সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য 4 সেমি হলে এর উচ্চতা কত সেমি?

ⓐ $2\sqrt{3}$ ⓑ $4\sqrt{3}$ ⓒ $216\sqrt{3}$ ⓓ $32\sqrt{3}$

উত্তর

| | |
|---|---|
| 70 | a |
| 71 | b |
| 72 | d |
| 73 | a |
| 74 | d |
| 75 | b |
| 76 | c |
| 77 | b |
| 78 | a |

(ব্যাখ্যা)




ABC ত্রিভুজে AD লম্বসমদ্বিখণ্ডক

$\therefore BD = CD = \frac{4}{2} = 2$

$\therefore$ উচ্চতা $AD = \sqrt{4^2 - 2^2} = \sqrt{16-4}$

$= \sqrt{12} = \sqrt{4 \times 3} = 2\sqrt{3}$

79. $x^2 = 2x$ এর সমাধান সেট কোনটি?

ⓐ {2} ⓑ {2, 1} ⓒ {2, 0} ⓓ {0}

(ব্যাখ্যা) $x^2 = 2x$

$\Rightarrow x^2 - 2x = 0$

$\Rightarrow x(x-2) = 0$

$\therefore x = 0$ অথবা, $x - 2 = 0$

$\Rightarrow x = 2$

$\therefore$ সমাধান সেট {2, 0}

80. 4 মিটার লম্বা খুঁটির ছায়ার দৈর্ঘ্য $4\sqrt{3}$ মিটার হলে, সূর্যের উন্নতি কোণ কত?

ⓐ 90° ⓑ 60° ⓒ 30° ⓓ 45°

(ব্যাখ্যা)




$\tan\angle ACB = \frac{AB}{BC}$ [$\angle ACB$ = উন্নতি কোণ]

$\Rightarrow \tan\angle ACB = \frac{4}{4\sqrt{3}}$

$\Rightarrow \tan\angle ACB = \frac{1}{\sqrt{3}}$

$\Rightarrow \tan\angle ACB = \tan 30°$

$\therefore \angle ACB = 30°$

81. মুক্তিযুদ্ধে অবদানের জন্য প্রবর্তিত সর্বোচ্চ খেতাব

ⓐ বীরউত্তম ⓑ বীরশ্রেষ্ঠ
ⓒ বীরবিক্রম ⓓ বীরপ্রতীক

(ব্যাখ্যা) মুক্তিযোদ্ধাদের সম্মানসূচক সর্বোচ্চ খেতাব হলো বীরশ্রেষ্ঠ। বাংলাদেশের মুক্তিযুদ্ধে অসামান্য অবদান রাখায় ৭ জন ব্যক্তিকে বীরশ্রেষ্ঠ খেতাব দেয়া হয়। দ্বিতীয় সর্বোচ্চ সম্মানসূচক খেতাব বীরউত্তম প্রাপ্ত হলেন ৬৮ জন, তৃতীয় সর্বোচ্চ সম্মানসূচক খেতাব বীরবিক্রম প্রাপ্ত হলেন ১৭৫ জন এবং চতুর্থ সর্বোচ্চ সম্মানসূচক খেতাব বীরপ্রতীক প্রাপ্ত হলেন ৪২৬ জন। এভাবে মোট ৬৭৬ জন মুক্তিযোদ্ধাকে সম্মানসূচক বিভিন্ন খেতাবে ভূষিত করা হয়।

82. আন্তর্জাতিক মানবাধিকার দিবস পালিত হয়—

ⓐ ৮ মার্চ ⓑ ৫ জুন
ⓒ ২৪ সেপ্টেম্বর ⓓ ১০ ডিসেম্বর

(ব্যাখ্যা) ১৯৪৮ সালের ১০ ডিসেম্বর জাতিসংঘের সাধারণ পরিষদের তৃতীয় অধিবেশনে 'মানবাধিকার সম্পর্কে সর্বজনীন ঘোষণা' অনুমোদিত হয়। অন্যদিকে, ৮ মার্চ 'আন্তর্জাতিক নারী দিবস'; ৫ জুন 'বিশ্ব পরিবেশ দিবস' এবং ২৪ সেপ্টেম্বর 'মীনা দিবস'।

83. উয়ারী-বটেশ্বর প্রত্নস্থলটির অবস্থান—

ⓐ ঢাকা ⓑ নরসিংদী
ⓒ নওগাঁ ⓓ বগুড়া

(ব্যাখ্যা) উয়ারী-বটেশ্বর বাংলাদেশের ঢাকা থেকে ৭০ কি.মি. উত্তর-পূর্বে নরসিংদীর বেলাব উপজেলায় অবস্থিত একটি প্রত্নতাত্ত্বিক স্থান। এটি মাটির নিচে অবস্থিত একটি দুর্গ নগরী। বিশেষজ্ঞদের ধারণা অনুযায়ী এটি প্রায় আড়াই হাজার বছরের পুরনো। ২০০০ খ্রিষ্টাব্দে আবিষ্কৃত কিছু প্রত্ন নিদর্শনের কার্বন-১৪ পরীক্ষার প্রেক্ষিতে উয়ারীর বসতিকে খ্রিষ্টপূর্ব ৪৫০ অব্দের বলে নিশ্চিত করা হয়েছে।

84. কত সালে পলাশীর যুদ্ধ সংঘটিত হয়?

ⓐ ১৭৫৪ ⓑ ১৭৫৭ ⓒ ১৮৫৭ ⓓ ১৮৫৮

(ব্যাখ্যা) পলাশীর যুদ্ধ সংঘটিত হয়েছিল ১৭৫৭ সালে। এ যুদ্ধে ইংরেজ বাহিনীর নেতৃত্ব দেন রবার্ট ক্লাইভ এবং নবাব বাহিনীর নেতৃত্ব দেন মীরজাফর। অবশেষে পলাশী যুদ্ধে মরণান্ত সূচক বিশ্বাসঘাতকতার উপহার স্বরূপ মীরজাফরকে সিংহাসনে বসান লর্ড ক্লাইভ। এই যুদ্ধের পর ইংরেজরা আড়ালে থেকে ধীরে, ধীরে বাংলার ক্ষমতা গ্রাস করেছিল।

85. বাংলাদেশের প্রশস্ততম নদী—

ⓐ পদ্মা ⓑ মেঘনা ⓒ যমুনা ⓓ ব্রহ্মপুত্র

(ব্যাখ্যা) পদ্মা হলো গঙ্গা নদীর বাংলাদেশ অংশের নাম। এর কীর্তিনাশাও বলা হয়। এদেশের দীর্ঘতম, প্রশস্ততম, নাব্য ও চিরযৌবনা নদী হলো মেঘনা। যমুনা নদী ব্রহ্মপুত্র নদ হতে উৎপন্ন হয়ে গোয়ালন্দে পদ্মায় মিলিত হয়। বুড়িগঙ্গা ও শীতলক্ষ্যা যমুনার শাখা নদী। গোমতী নদীকে কুমিল্লার দুঃখ বলা হয়।

86. মুক্তিযুদ্ধে নৌবন্দরগুলো কত নম্বর সেক্টরের অধীনে ছিল?

ⓐ ২ নম্বর সেক্টর ⓑ ৬ নম্বর সেক্টর
ⓒ ১০ নম্বর সেক্টর ⓓ ১১ নম্বর সেক্টর

(ব্যাখ্যা) মুক্তিযুদ্ধের সময় দেশের নৌবন্দরগুলো ১০নং সেক্টরের অধীনে ছিল। এই সেক্টরের নির্ধারিত কোনো কমান্ডার না থাকায় নৌবাহিনীর ৮ জন বাঙালি কর্মকর্তা সেক্টর পরিচালনার দায়িত্বে নিয়োজিত ছিলেন। বীরশ্রেষ্ঠ রুহুল আমীন ছিলেন এ ১০ নং সেক্টরের একজন কর্মকর্তা।

87. অধিকাংশ গারোদের বসবাসের জেলা—

ⓐ রাঙামাটি ⓑ কক্সবাজার
ⓒ দিনাজপুর ⓓ ময়মনসিংহ

**উত্তর**

| | |
|---|---|
| 79 | c |
| 80 | c |
| 81 | b |
| 82 | d |
| 83 | b |
| 84 | b |
| 85 | b |
| 86 | c |
| 87 | d |

**ব্যাখ্যা** ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা, টাঙ্গাইল, শেরপুর জেলা সদর ও জেলা-উপজেলার বনাঞ্চলে অধিকাংশ গারোদের বসবাস। উল্লেখ্য মাতৃতান্ত্রিক-এ ক্ষুদ্র-জাতিগোষ্ঠীর প্রকৃত নাম মান্দি।

88. নেপালের মুদ্রার নাম—
ⓐ রুপি ⓑ রুপিয়া ⓒ গুলট্রাম ⓓ বাথ

**ব্যাখ্যা** নেপালের মুদ্রার নাম রুপি। এছাড়াও ভারত, পাকিস্তান, শ্রীলংকা, মরিশাস এবং সিচেলেসের মুদ্রার নাম রুপি।

89. বাংলাদেশ মিলিটারি একাডেমি অবস্থিত—
ⓐ সারদা ⓑ ঢাকা ⓒ ভাটিয়ারি ⓓ ময়নামতি

**ব্যাখ্যা** বাংলাদেশ মিলিটারি একাডেমি (BMA) ১৯৭৪ সালের ১১ জানুয়ারি কুমিল্লা ক্যান্টনমেন্টে যাত্রা শুরু করে। এ একাডেমির মূল লক্ষ্য সামরিক বাহিনী তথা সেনা, নৌ ও বিমান বাহিনীতে ভবিষ্যৎ নেতৃত্বদানকারী অফিসার গড়ে তোলা। ১৯৭৬ সালে এ একাডেমিটি কুমিল্লা থেকে চট্টগ্রামের ভাটিয়ারীতে স্থানান্তর করা হয়।

90. সম্প্রতি ভারত-চীন চরম উত্তেজনা সৃষ্টি হয়েছে—
ⓐ তিব্বতে ⓑ কাশ্মিরে
ⓒ ডোকালামে ⓓ অরুণাচলে

**ব্যাখ্যা** ভারত-ভুটান-চীনের সীমানায় ত্রিভুজাকৃতি বিন্দুতে অবস্থিত ডোকলাম তরাই এলাকা। ৬ জুন ২০১৭ এ স্থানটিতে ভারত ও চীনের মধ্যে উত্তেজনা শুরু হয়। উল্লেখ্য, ভুটান একে বলে 'ডোকলাম', ভারত বলে 'ডোকা লা' আর চীন বলে 'ডংল্যাং'।

91. 'গেরিলা' চলচ্চিত্রের পরিচালক—
ⓐ তানভীর মোকাম্মেল ⓑ চাষী নজরুল ইসলাম
ⓒ নাসিরউদ্দিন ইউসুফ বাচ্চু ⓓ আমজাদ হোসেন

**ব্যাখ্যা** মুক্তিযুদ্ধের ওপর নির্মিত 'গেরিলা' চলচ্চিত্রের পরিচালক নাসির উদ্দীন ইউসুফ। ২০১১ সালের ১০-১৭ নভেম্বর ভারতের কলকাতায় অনুষ্ঠিত '১৭তম কলকাতা ফিল্ম ফেস্টিভাল'-এ সেরা চলচ্চিত্রের পুরস্কার নেটপ্যাক (নেটওয়ার্ক ফর দ্যা প্রমোশন অব এশিয়ান সিনেমা) লাভ করে বাংলাদেশের চলচ্চিত্র 'গেরিলা'।

92. কোন সালে বাংলাদেশ জাতিসংঘের সদস্যপদ লাভ করে?
ⓐ ১৯৭২ ⓑ ১৯৭৩ ⓒ ১৯৭৪ ⓓ ১৯৭৫

**ব্যাখ্যা** বাংলাদেশ ১৩৬তম দেশ হিসেবে ১৯৭৪ সালের ১৭ সেপ্টেম্বর জাতিসংঘের সদস্যপদ লাভ করে। বাংলাদেশের সদস্যপদ লাভের সময় গিনিবিসাউ ও গ্রানাডা জাতিসংঘের সদস্যপদ লাভ করে। ১৯৭৩ সালে বাংলাদেশ ন্যাম, এডিবি, রেডক্রিসেন্ট প্রভৃতির সদস্যপদ লাভ করে। অন্যদিকে বাংলাদেশ কমনওয়েলথ, আইএমএফ, আইএলও, বিশ্বস্বাস্থ্য সংস্থা, আইবিআরডি ইত্যাদির সদস্যপদ লাভ করে ১৯৭২ সালে।

93. চিকুনগুনিয়া একটি—
ⓐ ভাইরাসজনিত রোগ ⓑ ব্যাকটেরিয়াজনিত রোগ
ⓒ ছোঁয়াচে রোগ ⓓ কোনোটিই নয়

**ব্যাখ্যা** ডেঙ্গু ও চিকুনগুনিয়া ভাইরাসজনিত রোগ, যা এডিস মশকীর কামড়ে ছড়ায়। প্রধানত Aedes aegypti ও Aedes albopictus মশকীর কামড়ে মানব শরীরে ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোগের সংক্রমণ ঘটে। এরা সংশ্লিষ্ট ভাইরাসের বাহক।

94. বাংলাদেশের 'সাদা সোনা' বলা হয় কোনটিকে?
ⓐ চিংড়ি ⓑ ইলিশ ⓒ চিনামাটি ⓓ চুনাপাথর

**ব্যাখ্যা** বাংলাদেশ অপ্রচলিত পণ্যের মধ্যে চিংড়ি মাছ রপ্তানি করে বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জন করে। এজন্য বাংলাদেশের চিংড়ি সম্পদকে 'সাদা সোনা' (white gold) বলা হয়। আর, ইলিশ বাংলাদেশের জাতীয় মাছ ও ভৌগোলিক নির্দেশক (GI) পণ্য।

95. কোন সালে সাংবিধানিকভাবে বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষার মর্যাদা দেয়া হয়?
ⓐ ১৯৫২ ⓑ ১৯৫৬ ⓒ ১৯৫৩ ⓓ ১৯৫৪

**ব্যাখ্যা** ২৯ ফেব্রুয়ারি ১৯৫৬ সাংবিধানিকভাবে উর্দুর পাশাপাশি বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়া হয়। এর পূর্বে ৭ মে ১৯৫৪ পাকিস্তান গণপরিষদ বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়। [সূত্র : বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র; প্রথম খণ্ড; পৃষ্ঠা ৩৯৫]

96. অ্যাঙ্গেলা মারকেল হলেন জার্মানির—
ⓐ প্রধানমন্ত্রী ⓑ বিরোধী দলীয় নেতা
ⓒ প্রেসিডেন্ট ⓓ চ্যান্সেলর

**ব্যাখ্যা** অ্যাঙ্গেলা মার্কেল জার্মানির বর্তমান চ্যান্সেলর (২২ নভেম্বর ২০০৫-বর্তমান)। তিনি দেশটির প্রথম নারী চ্যান্সেলর।

97. ২০১৯ সালের ক্রিকেট বিশ্বকাপের আয়োজক দেশ—
ⓐ অস্ট্রেলিয়া ⓑ ইংল্যান্ড
ⓒ ইংল্যান্ড ও ওয়েলস ⓓ কেনিয়া

**ব্যাখ্যা** ২০১৯ সালে ১২তম বিশ্বকাপ ক্রিকেট অনুষ্ঠিত হয় ইংল্যান্ড ও ওয়েলসে (৩০ মে - ১৪ জুলাই ২০১৯ পর্যন্ত)। উল্লেখ্য, ২০২৩ সালে এর পরবর্তী ১৩তম বিশ্বকাপ ক্রিকেট অনুষ্ঠিত হবে ভারতে।

98. সতীদাহ প্রথা বিলুপ্ত করেন—
ⓐ মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর ⓑ রাজা রামমোহন রায়
ⓒ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ⓓ অক্ষয় কুমার দত্ত

**ব্যাখ্যা** সতীদাহ প্রথা হলো হিন্দু ধর্মাবলম্বী বিধবা নারীদের স্বামীর চিতায় সহমরণে বা আত্মাহুতি দেবার বর্বর প্রথা, যা রাজা রামমোহন রায়ের ঐকান্তিক প্রচেষ্টায় ১৮২৯ সালে বিলুপ্ত হয়।

99. লালমাই পাহাড় কোন জেলায় অবস্থিত?
ⓐ কুমিল্লা ⓑ সিলেট ⓒ রাঙামাটি ⓓ ময়মনসিংহ

**ব্যাখ্যা** কুমিল্লা জেলায় অবস্থিত লালমাই পাহাড় প্লাইস্টোসিন যুগে গঠিত হয়। এ পাহাড়ের গড় উচ্চতা ২১ মিটার এবং আয়তন ৩৩.৬৫ বর্গ কিলোমিটার।

100. সার্কের সচিবালয় কোথায় অবস্থিত?
ⓐ ঢাকা ⓑ কাঠমান্ডু
ⓒ নয়াদিল্লি ⓓ ইসলামাবাদ

**ব্যাখ্যা** ১৯৮৫ সালের ৮ ডিসেম্বর প্রতিষ্ঠিত South Asian Association for Regional Co-operation (SAARC)-এর সদর দপ্তর নেপালের রাজধানী কাঠমান্ডুতে অবস্থিত। এর বর্তমান সদস্য দেশের সংখ্যা ৮টি।

**উত্তর**

| | |
|---|---|
| 88 | a |
| 89 | c |
| 90 | c |
| 91 | c |
| 92 | c |
| 93 | a |
| 94 | a |
| 95 | b |
| 96 | d |
| 97 | c |
| 98 | b |
| 99 | a |
| 100 | b |

পরীক্ষার তারিখ : ০৬.১০.২০১৭; নির্ধারিত সময় : ৯০ মিনিট; পূর্ণমান : ১০০

১. নিম্নোক্ত বিষয়ে ১০ (দশ)টি বাক্যে একটি অনুচ্ছেদ লিখুন। ১০

সবাই মিলে দেব কর
দেশ হবে স্বনির্ভর

উত্তর : 'সবাই মিলে দেব কর, দেশ হবে স্বনির্ভর' এই স্লোগান নিয়ে ২০১৯ সালে সপ্তাহব্যাপী 'আয়কর মেলা ২০১৯' শুরু হয়েছিল। কর প্রদানের প্রতি ব্যক্তি শ্রেণির করদাতাদের উৎসাহ দানের লক্ষ্যে মেলার আয়োজন করেছে জাতীয় রাজস্ব বোর্ড। সরকারি আয়ের সিংহভাগ আসে রাজস্বখাত থেকে। আর রাজস্ব আয়ের সিংহভাগ আসে ব্যক্তিগত আয়কর অর্থাৎ প্রত্যক্ষ কর থেকে। তাই সরকারের বিশেষ করে অর্থ মন্ত্রণালয়ের প্রধান লক্ষ্য কীভাবে সর্বোচ্চ সংখ্যক ব্যক্তিকে কর প্রদানের আওতায় আনা যায়। অন্যদিকে যারা কর প্রদানের আওতায় আছেন তাদের সকলেই যেন যথাযথভাবে সঠিক সময়ে কর প্রদান করে। দেশের বিত্তবান এবং সামর্থ্যবান ব্যক্তি, প্রতিষ্ঠান যেন দেশপ্রেমে উজ্জীবিত হয়ে সোনার বাংলাকে স্বনির্ভর বাংলাদেশ গড়ে তোলার প্রতিযোগিতায় অবতীর্ণ হয়, কর ফাঁকির প্রবণতাকে গ্লানিকর মনে করে, দেশ ও জনগণের স্বার্থে অপ্রদর্শিত আয় না রেখে অর্জিত সম্পদের যথাযথ কর প্রদান করে সেজন্যই প্রতিবছর আয়োজন করা হয় আয়কর মেলার।

করদাতাদের 'সম্মানিত করদাতা' সম্বোধনের সরকারি রীতি এবং একই সাথে 'আয়কর মেলা' আয়োজনের ফলে মানুষ সচেতন হয়ে কর প্রদান করছে। যা বাংলাদেশকে অর্থনৈতিকভাবে একটি স্বনির্ভর দেশ হিসেবে প্রতিষ্ঠা লাভের ক্ষেত্রে সাহায্য করছে। নিয়মিত কর প্রদানের মাধ্যমেই বাংলাদেশকে আন্তর্জাতিক ও আঞ্চলিক সাহায্য নামক ভিক্ষাবৃত্তি থেকে নিষ্কৃতি দিয়ে স্বনির্ভর দেশ হিসেবে গড়ে তোলা সম্ভব হবে। সে লক্ষ্যেই জাতীয় রাজস্ব বোর্ড সময়োপযোগী ও তাৎপর্যময় এ স্লোগান নিয়ে আয়কর মেলা ২০১৯ আয়োজন করে।

২. সন্ধি বিচ্ছেদ করুন : ৫

পরীক্ষা, পবিত্র, গবেষণা, পবন, সদাশয়

উত্তর :

| প্রদত্ত শব্দ | সন্ধি বিচ্ছেদ |
|---|---|
| পরীক্ষা | পরি + ঈক্ষা |
| পবিত্র | পো + ইত্র |
| গবেষণা | গো + এষণা |
| পবন | পো + অন |
| সদাশয় | সদা + আশয় |

৩. ব্যাসবাক্যসহ সমাসের নাম লিখুন :

সেতার, কুসুম কোমল, হাসাহাসি, কল্পনাবিলাস, অতিমাত্র

উত্তর :

| প্রদত্ত শব্দ | ব্যাসবাক্য | সমাসের নাম |
|---|---|---|
| সেতার | সে (তিন) তার যে যন্ত্রের | সংখ্যাবাচক বহুব্রীহি |
| কুসুম কোমল | কুসুমের ন্যায় কোমল | উপমান কর্মধারয় |
| হাসাহাসি | হাসিতে হাসিতে যে ক্রিয়া | ব্যতিহার বহুব্রীহি |
| কল্পনাবিলাস | কল্পনাতে বিলাস | সপ্তমী তৎপুরুষ |
| অতিমাত্র | মাত্রাকে অতিক্রান্ত | অব্যয়ীভাব |

৪. প্রকৃতি ও প্রত্যয় লিখুন : ৫

নীলিমা, শৈশব, শান্তি, জয়, মাতা

উত্তর :

| প্রদত্ত শব্দ | প্রত্যয় শব্দ |
|---|---|
| নীলিমা | নীল + ইমন |
| শৈশব | শিশু + ষ্ণ |
| শান্তি | √শম্ + ক্তি |
| জয় | √জি + অল্ |
| মাতা | √মা + তৃচ্ |

৫. শুদ্ধ করে লিখুন : ৫

ক্ষীণজিবী, দুর্নিরিক্ষ্য, প্রতিদন্দী, ব্যাবধান, ব্যার্থ

উত্তর :

| প্রদত্ত শব্দ | শুদ্ধ শব্দ |
|---|---|
| ক্ষীনজিবী | ক্ষীণজীবী |
| দুর্নিরিক্ষ্য | দুর্নিরীক্ষ্য |
| প্রতিদন্দী | প্রতিদ্বন্দ্বী |
| ব্যাবধান | ব্যবধান |
| ব্যার্থ | ব্যর্থ |

৬. **Write a Short Paragraph (10 sentences) on 'Rohingya Crisis in Bangladesh'.** ১০

## Rohingya Crisis in Bangladesh

The Rohingya Crisis is a racial conflict between Buddhists and Muslims who live in Rakhine of Myanmar. The Rohingya a Muslim ethnic minority in Myanmar have been called the 'world's most persecuted minority' and recent events have added dramatically to their misery.

Because Myanmar's government does not recognize officially the Rohingya as lawful citizens. The government claims that they were brought to Rakhine from Bangladesh during the time when Myanmar was a British colony and they are living in Myanmar illegally. In August 2017, Myanmar's military allegedly opened fire on Rohingya civilians and mounted a brutal campaign that destroyed hundreds of Rohingya villages, raped murdered, arsoned and forced more than five hundred thousand Rohingya to leave Myanmar, approximately half of the estimated Rohingya population in the country. For ethinc cleansing, Rohingya, from the western region of Myanmar, Myanmar's government since the late 1970s has taken amid discriminatory policies on the Rohingya. Thousands of Muslim, Rohingya are fleeing their homes to save their lives into neighboring countries, crossed by land into Bangladesh, while others have taken to the sea to reach Indonesia, Malaysia and Thailand. Most Rohingya sought refuge in nearby Bangladesh which hosts tens of thousands of registered refugees. Hundreds of thousands of unregistered Rohingya refugees are also believed to live in the country. Conditions of refugee camps in Bangladesh are dire, driving many Rohingya there to risk a perilous voyage across the Bay of Bengal. Bangladesh announced that it would create special identity cards for Rohingya to help bring order to the surging migrant flow and expand the existing camps for refugees. Bangladesh tries to solve the problem in a diplomatic way and Myanmar has agreed to begin talks with Bangladesh on Rohingya, refugees.

Fill in the Blanks with Preposition : ৫

a. The murder was charged — the innocent man.
b. Bonus is incentive — workers.
c. The smell of this scent is offensive — me.
d. All are equal — eye of law.
e. A brave man does not hesitate — anything.

Ans : a. against; b. for; c. to; d. to; e. about.

Change the voice of the following sentences as directed : ৫

a. **We ought to obey your parents. (Passive)**

Ans : Your parents ought to be obeyed by us.

b. **He was killed by himself. (Active)**

Ans : He killed himself.

c. **Do not hate the poor. (Passive)**

Ans : Let not the poor be hated.

d. **By whom the work was done? (Active)**

Ans : Who did the work?

e. **His pen has been stolen. (Passive)**

Ans : Someone has stolen his pen.

৯. **Correct the following sentences :** ৫

a. **He is comparatively better today.**

Ans : He is better today

b. **He is in good health.**

Ans : He is in good health.

c. **We write by pen.**

Ans : We write with pen.

d. **My brother lives at Dhaka.**

Ans : My brother lives in Dhaka.

e. **You must do the work before a week.**

Ans : You must do the work in a week.

১০. **Write the meaning and make a sentence with the following :** ৫

**Ans : Laugh at** (উপহাস করা)—Don't laugh at the lame man.

**Mourn for** (শোক করা)— He mourns for his father's death.

**Bolt from the blue** (বিনা মেঘে বজ্রপাত)— The news of his father's death is like bolt from the blue to him.

**Out and out** (সম্পূর্ণরূপে)—Nazmul Islam was out and out a rebel poet.

**Black Sheep** (কুলাঙ্গার)— Kamal is the only black sheep in the entire family.

১১. **১টি কুকুর ১টি শিয়ালের ৫০০ মিটার পেছন থেকে তাড়া করল। ১ কিলোমিটার যেতে শিয়ালের ১০ মিনিট এবং কুকুরের ৬ মিনিট সময় লাগলে কতক্ষণ পর কুকুর শিয়ালটিকে ধরতে পারবে?** ৬

সমাধান ১ কিমি = ১০০০ মিটার

কুকুর ৬ মিনিটে যায় ১০০০ মিটার

$\therefore$ " ১ " " $\frac{১০০০}{৬}$ "

$\therefore$ " ১০ " " $\frac{১০০০ \times ১০}{৬}$ "

$= \frac{৫০০০}{৩}$ মিটার

$\therefore$ ১০ মিনিটে কুকুর বেশি যায় $= \left(\frac{৫০০০}{৩} - ১০০০\right)$ "

$= \frac{২০০০}{৩}$ মিটার

শিয়ালটি ধরতে হলে কুকুরটিকে বেশি যেতে হবে ৫০০ মিটার

কুকুর $\frac{২০০০}{৩}$ মিটার বেশি যায় ১০ মিনিটে

∴ " ১ " " " $\frac{১০\times৩}{২০০০}$ "

∴ " ৫০০ " " " $\frac{১০\times৩\times৫০০}{২০০০}$ "

$=\frac{১৫}{২}$

বা $৭\frac{১}{২}$ মিনিটে

উত্তর : $৭\frac{১}{২}$ মিনিট।

১২. একজন বিক্রেতা একটি ঘড়ি ১০০০ টাকায় বিক্রি করলে ২০% লোকসান হয়। যদি সে ১০% লাভ করতে চায় তবে, ঘড়িটি কত টাকায় বিক্রি করতে হবে? ৬

সমাধান ২০% ক্ষতিতে বিক্রয়মূল্য ৮০ টাকা

বিক্রয়মূল্য ৮০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

∴ " ১০০০ " " " $\frac{১০০\times১০০০}{৮০}$ "

= ১২৫০ টাকা

আবার, ১০% লাভে বিক্রয়মূল্য ১১০ টাকা

ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১১০ টাকা

∴ " ১২৫০ " " " $\frac{১১০\times১২৫০}{১০০}$

= ১৩৭৫ টাকা

উত্তর : ১৩৭৫ টাকা

১৩. উৎপাদকে বিশ্লেষণ করুন : $8x^4-25x^2\times36$ ৪

[Note : রাশিটির ১ম পদে 8 এর পরিবর্তে 4 হবে।]

সমাধান $4x^4-25x^2+36$

$=(2x^2)-2.2x^2.6+(6)^2-x^2$

$=(2x^2-6)^2-(x)^2$

$=(2x^2+x-6)(2x^2-x-6)$

$=(2x^2+4x-3x-6)(2x^2-4x+3x-6)$

$=\{2x(x+2)-3(x+2)\}\{2x(x-2)+3(x-2)\}$

$=(x+2)(2x-3)(x-2)(2x+3)$ Ans.

১৪. চিত্রসহ সংজ্ঞা লিখুন : ৪

ক. রম্বস এবং খ. স্থূলকোণ

সমাধান

রম্বস : যে চতুর্ভুজের সবগুলো বাহুই পরস্পর সমান কিন্তু কোনো কোণ সমকোণ নয় তাকে, রম্বস বলে। অথবা

যে সামান্তরিকের সন্নিহিত বাহুদ্বয় পরস্পর সমান কিন্তু অন্তর্ভুক্ত একটি কোণও সমকোণ নয় তাকে রম্বস বলে।




ABCD সামান্তরিকের AB = BC = CD = DA এবং কোনো কোণই সমকোণ নয়।

খ. স্থূলকোণ : 90° এর চেয়ে বড় কিন্তু 180° এর চেয়ে ছোট কোণকে স্থূলকোণ বলে। অর্থাৎ $180° > x > 90°$ হলে x একটি স্থূলকোণ




১৫. ক. প্রথম টুয়েন্টি টুয়েন্টি ক্রিকেট টুর্নামেন্ট কোন সালে অনুষ্ঠিত হয়? ২

উত্তর : প্রথম টুয়েন্টি টুয়েন্টি ক্রিকেট টুর্নামেন্ট অনুষ্ঠিত হয় ১৭ ফেব্রুয়ারি ২০০৫ (অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ডের মধ্যে)।

খ. গীতাঞ্জলি'র ইংরেজি অনূদিত গ্রন্থের নাম কি? ২

উত্তর : 'গীতাঞ্জলি' বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের একটি বিখ্যাত কাব্যগ্রন্থ, যা ১৯১০ সালে প্রকাশিত হয়। ১৯১২ সালে রবীন্দ্রনাথ 'Song Offerings' নামে গীতাঞ্জলি'র ইংরেজি অনুবাদ করেন, যার জন্য ১৯১৩ সালে তিনি নোবেল পুরস্কার পান।

গ. তরঙ্গভঙ্গ নাটকের রচয়িতা কে? ২

উত্তর : 'তরঙ্গভঙ্গ' নাটকের রচয়িতা বিশিষ্ট কথাসাহিত্যিক সৈয়দ ওয়ালীউল্লাহ। নাটকটি ১৯৬৪ সালে প্রকাশিত হয়।

ঘ. জাতীয় রাজস্ব বোর্ড কত সালে প্রতিষ্ঠিত হয়? ২

উত্তর : জাতীয় রাজস্ব বোর্ড বাংলাদেশ সরকারের সামগ্রিক রাজস্ব ব্যবস্থাপনার কাজে নিয়োজিত অর্থ মন্ত্রণালয়াধীন একটি সংস্থা। ১৯৭২ সালে রাষ্ট্রপতির আদেশ নং ৭৬ (The National Board of Revenue Order, 1972) বলে এ বোর্ড প্রতিষ্ঠিত হয়।

ঙ. বর্তমান সংসদ কত তম সংসদ এবং জাতীয় সংসদের বর্তমান আসন সংখ্যা কত? ২

উত্তর : বাংলাদেশের বর্তমান জাতীয় সংসদ একাদশ সংসদ। জাতীয় সংসদের বর্তমান মোট আসন সংখ্যা ৩৫০টি। এর মধ্যে সাধারণ আসন ৩০০টি এবং সংরক্ষিত মহিলা আসন ৫০টি।

চ. পূর্ণাঙ্গ রূপ লিখুন : BADC, BEPZA, CIRDAP, ECNEC, IBRD ৫×২

উত্তর : পূর্ণরূপ : BADC = Bangladesh Agricultural Development Corporation.

BEPZA = Bangladesh Export Processing Zones Authority.

CIRDAP = Centre on Integrated Rural Development for Asia and the Pacific.

ECNEC = Executive Committee of National Economic Council

IBRD = International Bank for Reconstruction and Development.

১. এক কথায় প্রকাশ করুন : ৫

উত্তর :

ক. পরকে প্রতিপালন করে যে— পরভৃৎ।

খ. জাহাজের খালাশী— লস্কর।

গ. সম্পূর্ণরূপে বিবেচনা করা হয় নাই এমন— অবিবেচনাপ্রসূত।

ঘ. যে ব্যক্তি এক দরজা থেকে অন্য দরজায় ভিক্ষা করে বেড়ায়— মাধুকরী।

ঙ. কাচের তৈরি ঘর— শিশমহল।

২. অর্থসহ বাক্য রচনা করুন : ৫

উত্তর :

ক. খোদার খাসি (হৃষ্টপুষ্ট ব্যক্তি)— চাঁদাবাজদের চেহারা যেন এক একটা খোদার খাসি।

খ. টি টি পড়া (দুর্নাম প্রচার হওয়া)— তোমার কেলেঙ্কারিতে পুরো গ্রামে টি টি পড়ে গেছে। পরিবারের কেউ আর গ্রামে মুখ দেখাতে পারছে না।

গ. থৈ পাওয়া (সীমা পাওয়া)— এত করলাম অথচ তোমাকে খুশি করা গেল না, তোমার মনের থৈ পাওয়া অসম্ভব।

ঘ. ধোপে টেকা (নানা বাধা-বিপত্তির মধ্য দিয়ে টিকে যাওয়া)— শিপনের চাকরি ধোপে টেকে না, বাবা মুক্তিযোদ্ধা বলে কোনোমতে এ যাত্রা রেহাই পেল।

ঙ. পদ্ম পাতার জল (ক্ষণস্থায়ী)— সেলিমের রাগ পদ্মপাতার জলের মতো।

৩. ব্যাস বাক্যসহ সমাস নির্ণয় করুন : ৫

উত্তর :

ক. মহাশোকাকুল— মহাশোক দ্বারা আকুল (তৃতীয়া তৎপুরুষ)।

খ. যাতায়াত— যাত ও আয়াত (দ্বন্দ্ব সমাস)।

গ. কীটনাশক— কীটের নাশক (ষষ্ঠী তৎপুরুষ সমাস)।

ঘ. প্রত্যহ— অহ অহ (অব্যয়ীভাব)।

ঙ. অবুঝ— নেই বুঝ যার (নঞ বহুব্রীহি)।

৪. সন্ধি বিচ্ছেদ করুন : ৫

উত্তর :

| প্রদত্ত শব্দ | সন্ধি বিচ্ছেদ |
|---|---|
| ক. সন্তাপ | সম + তাপ |
| খ. কর্ত্রী | কর্তৃ + ঈ |
| গ. মৃদঙ্গ | মৃদ + অঙ্গ |
| ঘ. নদ্যম্বু | নদী + অম্বু |
| ঙ. পশ্চার্ধ | পশ্চ + অর্ধ |

৫. রচনা লিখুন : শিক্ষার মানোন্নয়নে করণীয় ১০

উত্তর : শিক্ষার উন্নতি ও উন্নয়নে স্বাধীনতা পূর্ববর্তী ও পরবর্তী সময়ে বহু শিক্ষা কমিশন গঠন হলেও প্রকৃতপক্ষে শিক্ষার উন্নয়ন হয়নি। তথাপি প্রচেষ্টা থেমে নেই। প্রতিটি সরকারই আপন আপন দৃষ্টিভঙ্গি ও চিন্তা-চেতনার আলোকে পদক্ষেপ গ্রহণ করেছে। তবে বর্তমান অবস্থা থেকে উত্তরণ এবং উন্নয়নের জন্য নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ জরুরি :

১. প্রাথমিক থেকে উচ্চ মাধ্যমিক পর্যায় পর্যন্ত সিলেবাসের ক্ষেত্রে সমন্বয় সাধন জরুরি। বিশেষ করে বিজ্ঞান, তথ্য-প্রযুক্তি ও ইংরেজি শিক্ষার ক্ষেত্রে তা অত্যাবশ্যক। হঠাৎ করে এসএসসি কিংবা এইচএসসি পর্যায়ে উন্নত সিলেবাস প্রণয়ন করলেও তা ছাত্রছাত্রীরা কার্যকরভাবে গ্রহণ করতে পারছে কিনা সে বিষয়টি বিবেচনায় আনতে হবে।

২. দেশে প্রচলিত বিভিন্ন প্রকার শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যকার সমন্বয় সাধন অত্যাবশ্যক। বিশেষ করে সরকারি প্রাথমিক শিক্ষা কার্যক্রমের সাথে কিন্ডারগার্টেন ও মাদ্রাসা শিক্ষার সমন্বয় সাধন জরুরি।

৩. প্রাথমিক পর্যায় থেকেই ইংরেজি শিক্ষার ওপর জোর দেয়া আবশ্যক। বিশেষ করে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ইংরেজি মাধ্যমে পড়াশোনাকে বাধ্যতামূলক করা উচিত।

৪. পরীক্ষায় নকল বন্ধের জন্য প্রথমেই স্কুল-কলেজগুলোতে বিনা-নকলে পাস করার উপযোগী পড়াশোনা হচ্ছে কিনা তা নিশ্চিত করা আবশ্যক। নতুবা নকল বন্ধ করে পাসের হার কমানো যাবে, শিক্ষার মান বাড়ানো যাবে না। আর শিক্ষার মান বাড়াতে না পারলে নকল প্রতিরোধের কোনো প্রচেষ্টাই কাজে আসবে না।

৫. শিক্ষকদের যোগ্যতা ও দক্ষতা বৃদ্ধির জন্য শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম জোরদার করা আবশ্যক। শিক্ষকদের যথাযথ প্রশিক্ষণ দিতে না পারলে যত ভালো সিলেবাসই হোক না কেন তা ফলপ্রসূ হবে না।

৬. বেসরকারি বিশ্ববিদ্যালয়ে উচ্চ শিক্ষার মান নিরূপণ ও বজায় রাখার জন্য সরকারের আরো দৃঢ় কার্যক্রম গ্রহণ করতে হবে। শিক্ষাকে বাণিজ্যিক পণ্য হিসেবে যথেচ্ছা বেচাকেনা করার সুযোগ দেয়া অনৈতিক। এক্ষেত্রে মেধার ভিত্তিতে নির্দিষ্ট সংখ্যক কোটা পূরণের বিধান করে দেয়া যেতে পারে, যেখানে মেধাবীরা বিশেষ সুযোগ-সুবিধায় পড়ার সুযোগ পাবে।

পরিশেষে বলা যায়, আমাদের জাতিকে শিক্ষিত করে একটি উন্নত জাতি হিসেবে গড়ে তুলতে হলে অবশ্যই শিক্ষার প্রয়োজনীয়তা সম্পর্কে গণসচেতনতা সৃষ্টি করতে হবে। সচেতনতা ছাড়া কেবল পৃষ্ঠপোষকতা দিয়ে জাতির উন্নতি সম্ভব নয়।

৬. **Fill in the blanks :** ৫

a. It will take — hour to reach our destination.
b. Every body listened — the arguments with attention.
c. I shall look — the matter.
d. The teacher pulled the boy by — ear.
e. I am having — in my math class.

**Ans :** a. an; b. to; c. into; d. the; e. pleasure.

৭. **Make Sentence with meaning :** ৫

**Ans :**

a. **In due course** (যথাসময়ে)— They will join the meeting in due course.
b. **Follow on** (কিছুকাল পর অনুসরণ করা)— A new proposal followed on from the discussions.
c. **Along with** (সাথে)— He along with his father went to the school.
d. **Bread and butter** (জীবিকার উৎস)— Father's small income is the bread and butter of our family.
e. **Bolt from the blue** (বিনা মেঘে বজ্রপাত)— The news came to him like a bolt from the blue.

৮. **Translation :** ৫

**Ans :**

a. **বারেক আলুর খোসা ছাড়াচ্ছিল।**
**Ans :** Barek is peeling off the potatoes.

b. **করিম সাহেব প্রতিদিন তিনবার গোসল করতেন।**
**Ans :** Mr. Karim used to take bath three times a day.

c. **আমি ২০১৫ সাল থেকে এই স্কুলে পড়ছি।**
**Ans :** I have been reading in this school since 2015.

d. **তার ঠান্ডা লেগেছে।**
**Ans :** He has caught cold.

e. **আমি চাবির গোছা হারিয়ে ফেলেছি।**
**Ans :** I have lost my bunch of keys.

৯. **Correct the following sentences :** 5

a. **One of my friends are a lawyer**
**Ans :** One of my friends is a lawyer.

b. **You are the man who has always troubled me.**
**Ans :** You are the man who always troube me.
Or, You are the man who have always troubled me.

c. **Twentey kilometre are a long distance.**
**Ans :** Twenty kilometres is a long distance.

d. **At least, one of the students get full marks every time.**
**Ans :** Al least, one of the students gets full marks every time.

e. **One should be careful about his duty.**
**Ans :** One should be careful about one's duty.

১০. **Write a letter to the Principal for school fee waiver.** ১০

30.01.2020

To
The Principal
Adamjee Cantonment Public School and College
Dhaka Cantonment, Dhaka-1206

**Subject : Application for school fee waiver.**

Sir,

With due respects, I beg to say that I am a student of your school with an outstanding academic record. I would like to inform you that my family's financial condition is not stable and even it is hard to meet the minimum household expenses and thus, I cannot afford to pay the school fee. Hence, I request you to waiver my school fee on humanitarian grounds to enable me to pursue my studies further.

Kindly consider my case with a positive outlook and help me to study further.

Your most obediently

Rokon Ahmed
Class— IX
Roll – 02
Section-A

১১. **৭৫ মিটার দীর্ঘ একটি ট্রেনের গতিবেগ ঘণ্টায় ৫৫ কিলোমিটার। রেল লাইনের পাশের একটি খুঁটিকে অতিক্রম করতে ট্রেনটির কত সময় লাগবে?** ৬

**সমাধান** ১ কিমি = ১০০০ মিটার

∴ ৫৫ কিমি = (৫৫ × ১০০০) মিটার
= ৫৫০০০ মিটার

১ ঘণ্টা = (৬০ × ৬০) সেকেন্ড = ৩৬০০ সেকেন্ড

৫৫০০০ মিটার যায় ৩৬০০ সেকেন্ডে

∴ ১ " " $\frac{৩৬০০}{৫৫০০০}$ "

∴ ৭৫ " " $\frac{৩৬০০ \times ৭৫}{৫৫০০০}$

= ৪.৯০৯ সেকেন্ড

≈ ৫ সেকেন্ড

১২. একটি ফ্লাট মালিক কল্যাণ সমিতি আদায়কৃত সার্ভিস চার্জ থেকে উদ্বৃত্ত ৩,০০,০০০ টাকা ব্যাংকে ছয় মাস অন্তর চক্রবৃদ্ধি মুনাফা ভিত্তিক স্থায়ী আমানত রাখলেন। মুনাফার হার বার্ষিক ১৫ টাকা হলে, ছয় মাস পর ঐ সমিতির হিসাবে কত টাকা মুনাফা জমা হবে? একবছর পর চক্রবৃদ্ধি মূলধন কত হবে? ৬

সমাধান ১০০ টাকায় ১ বছরের মুনাফা ১৫ টাকা

$\therefore$ ১০০ " $\frac{১}{২}$ " " $\frac{১৫}{২}$ "

$\therefore$ ৩,০০,০০০ " $\frac{১}{২}$ " " $\frac{১৫\times ৩,০০,০০০}{১০০\times ২}$

= ২২,৫০০ টাকা।

১ বছর পর চক্রবৃদ্ধি মূলধন $A = P\left(১+\frac{r}{m}\right)^{mn}$

এখানে, $r = ১৫\% = \frac{১৫}{১০০}$, $m = ২$, $n = ১$

$= ৩,০,০০০\left(১+\frac{১৫}{২\times ১০০}\right)^{২\times ১}$

$= ৩,০০,০০০ (১ + ০.০৭৫)^২$

$= ৩,০০,০০০ \times ১.১৫৬$

$\therefore A = ৩৪৬৮০০$

উত্তর : ছয় মাস পর মুনাফা জমা হবে ২২,৫০০ টাকা এবং এক বছর পর চক্রবৃদ্ধি মূলধন ৩,৪৬,৮০০ টাকা।

১৩. মান নির্ণয় করুন : $a + b + c = 9$, $a^2 + b^2 + c^2 = 29$ হলে $ab + bc + ca$ এর মান কত? ৪

সমাধান দেয়া আছে, $a + b + c = 9$, $a^2 + b^2 + c^2 = 29$

আমরা জানি,

$a^2 + b^2 + c^2 = (a + b + c)^2 - 2(ab + bc + ca)$

$\Rightarrow ab + bc + ca = \frac{(a+b+c)^2 - (a^2+b^2+c^2)}{2}$

$= \frac{(9)^2 - 29}{2}$

$= \frac{81-29}{2}$

$= 26$

১৪. উৎপাদকে বিশ্লেষণ করুন : $x^2 - x - (a + 1)(a - 2)$ ৪

সমাধান $x^2 + x - (a + 1)(a + 2)$

$= x^2 + x - (a + 1)(a + 1 + 1)$

$= x^2 + x - p(p + 1)$ [ধরি $a + 1 = p$]

$= x^2 + x - p^2 - p$

$= x^2 - p^2 + x - p$

$= (x + p)(x - p) + 1(x - p)$

$= (x - p)(x + p + 1)$

$= \{x - (a + 1)\}\{x + (a + 1) + 1\}$ [মান বসিয়ে]

$= (x - a - 1)(x + a + 2)$

১৫. সংক্ষেপে উত্তর লিখুন :

ক. বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম আরব দেশ কোনটি?
উত্তর : বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম আরব দেশ ইরাক (৮ জুলাই, ১৯৭২)।

খ. মুজিবনগর সরকারের প্রতিরক্ষামন্ত্রী কে ছিলেন?
উত্তর : মুজিবনগর সরকারের প্রতিরক্ষামন্ত্রী ছিলেন তাজউদ্দীন আহমদ।

গ. সোনারগাঁও এর পূর্বনাম কি?
উত্তর : সোনারগাঁও-এর পূর্বনাম সুবর্ণগ্রাম।

ঘ. বাংলাদেশের সংবিধান কত তারিখে কার্যকর করা হয়?
উত্তর : বাংলাদেশের সংবিধান কার্যকর হয় ১৬ ডিসেম্বর ১৯৭২।

ঙ. বাংলাদেশের প্রথম জাতীয় শিক্ষা কমিশন কত সালে গঠিত হয়?
উত্তর : বাংলাদেশের প্রথম জাতীয় শিক্ষা কমিশন গঠিত হয় ২৬ জুলাই ১৯৭২।

চ. জাতীয় শিক্ষা দিবস কত তারিখে পালিত হয়?
উত্তর : জাতীয় (ঐতিহাসিক) শিক্ষা দিবস পালিত হয় ১৭ সেপ্টেম্বর।

ছ. সিয়েরা লিওনের রাজধানীর নাম কি?
উত্তর : সিয়েরা লিওনের রাজধানীর নাম ফ্রিটাউন।

জ. NAFTA-এর পূর্ণরূপ লিখুন।
উত্তর : NAFTA-এর পূর্ণরূপ– North American Free Trade Agreement।

ঝ. UNESCO এর সদর দপ্তর কোথায়?
উত্তর : UNESCO-এর সদর দপ্তর প্যারিস, ফ্রান্স।

ঞ. বিজয়-৭১ ভাস্কর্যের স্থপতির নাম লিখুন।
উত্তর : শ্যামল চৌধুরী।

ট. 'বাঙালনামা' বইটির রচয়িতার নাম কি?
উত্তর : 'বাঙালনামা' বইটির রচয়িতা তপন রায় চৌধুরী।

ঠ. বিশ্ব পাট সংস্থার নাম কি?
উত্তর : International Jute Study Group (IJSG).

ড. কোন দেশকে মুক্তার দেশ বলা হয়?
উত্তর : কিউবাকে মুক্তার দেশ বলা হয়।

ঢ. আলজেরিয়ার মুদ্রার নাম কি?
উত্তর : আলজেরিয়ার মুদ্রার নাম দিনার।

ণ. UPU-এর পূর্ণরূপ লিখুন।
উত্তর : UPU-এর পূর্ণরূপ–Universal Postal Union।

ত. ২০১৮ সালের বিশ্বকাপ ফুটবল কোথায় অনুষ্ঠিত হয়?
উত্তর : ২০১৮ সালে বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হয় রাশিয়ায়। উল্লেখ্য, ২০২২ সালে বিশ্বকাপ ফুটবল কাতারে এবং ২০২৬ সালে যুক্তরাষ্ট্র, কানাডা এবং মেক্সিকোতে অনুষ্ঠিত হবে।

থ. এভারেস্ট জয়ী প্রথম বাংলাদেশি নারীর নাম কি?
উত্তর : এভারেস্ট জয়ী প্রথম বাংলাদেশি নারী নিশাত মজুমদার (১৯ মে ২০১২)।

দ. বাংলাদেশের রাষ্ট্রীয় প্রতীকের নকশা তৈরি করেন?
উত্তর : বাংলাদেশের রাষ্ট্রীয় প্রতীকের নকশা করেন কামরুল হাসান।

ধ. সিন্ধু সভ্যতা কত সালে আবিষ্কৃত হয়?
উত্তর : সিন্ধু সভ্যতা আবিষ্কৃত হয় ১৯২২ সালে।

ন. ষাটগম্বুজ মসজিদ কোন জেলায় অবস্থিত?
উত্তর : ষাট গম্বুজ মসজিদ অবস্থিত বাগেরহাট জেলায়।

১. সন্ধি বিচ্ছেদ করুন : ৫

ক. উপর্যুক্ত; খ. অন্বেষণ; গ. শুভেচ্ছা; ঘ. দ্যুলোক; ঙ. প্রত্যুষ।

উত্তর :

| প্রদত্ত শব্দ | সন্ধি বিচ্ছেদ |
|---|---|
| উপর্যুক্ত | উপরি + উক্ত |
| অন্বেষণ | অনু + এষণ |
| শুভেচ্ছা | শুভ + ইচ্ছা |
| দ্যুলোক | দিব্ + লোক |
| প্রত্যুষ | প্রতি + উষ |

২. এককথায় প্রকাশ করুন : ৫

ক. একই কালে বর্তমান; খ. যা নত করা যায় না; গ. যা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে; ঘ. উপকার মনে রাখে যে; ঙ. যা আঘাত পায়নি।

উত্তর : ক. একই কালে বর্তমান– সমসাময়িক।
খ. যা নত করা যায় না– অনত।
গ. যা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে– বর্ধিষ্ণু।
ঘ. উপকার মনে রাখে যে– কৃতজ্ঞ।
ঙ. যা আঘাত পায়নি– অনাহত।

৩. অর্থসহ বাক্য রচনা লিখুন : ৫

ক. অদৃষ্টের পরিহাস; খ. চোখের বালি; গ. বর্ণচোরা; ঘ. হাতটান; ঙ. মাছের মা।

উত্তর :

ক. **অদৃষ্টের পরিহাস (ভাগ্যের বিড়ম্বনা)**– অদৃষ্টের পরিহাসে রাজা ফকির হয়েছেন।

খ. **চোখের বালি (চক্ষুশূল)**– সৎমার চোখের বালি হয়ে বাঁচতে ইচ্ছে হয় না।

গ. **বর্ণচোরা (কপট ব্যক্তি)**– লোকটা বর্ণচোরা, তার আসল রূপ ধরা যায় না।

ঘ. **হাতটান (চুরির অভ্যাস)**– দামি জিনিসপত্র সাবধানে রেখ, ছেলেটার হাতটানের অভ্যাস আছে।

ঙ. **মাছের মা (নির্মম)**– জাহানারার নিজের পেটের ছেলের উপর দয়ামায়া নেই, সে যেন মাছের মা।

৪. বিপরীত শব্দ লিখুন : ৫

চঞ্চল, বিনীত, প্রসন্ন, নৈসর্গিক, হাল

উত্তর :

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| চঞ্চল | স্থির |
| বিনীত | দুর্বিনীত |
| প্রসন্ন | বিষণ্ন |
| নৈসর্গিক | কৃত্রিম |
| হাল | বেহাল |

৫. ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন : ৫

ক. মনমাঝি; খ. নরাধম; গ. দম্পতি; ঘ. নদীমাতৃক; ঙ. নীলকণ্ঠ।

উত্তর :

| প্রদত্ত শব্দ | ব্যাসবাক্য | সমাসের নাম |
|---|---|---|
| মনমাঝি | মন রূপ মাঝি | রূপক কর্মধারয় |
| নরাধম | অধম যে নর | কর্মধারয় |
| দম্পতি | জায়া ও পতি | দ্বন্দ্ব |
| নদীমাতৃক | নদী মাতা (মাতৃ) যার | বহুব্রীহি |
| নীলকণ্ঠ | নীল কণ্ঠ যার | বহুব্রীহি |

৬. শুদ্ধ বানান লিখ : ৫

ক. হৃৎরোগ; খ. সাচ্ছন্দ্য; গ. স্বরনীয়; ঘ. চত্তর; ঙ. ততধিক।

উত্তর :

| প্রদত্ত শব্দ | শুদ্ধরূপ |
|---|---|
| হৃৎযোগ | হৃদরোগ |
| সাচ্ছন্দা | স্বাচ্ছন্দ্য |
| স্বরনীয় | স্মরণীয় |
| চত্তর | চত্বর |
| ততধিক | ততোধিক |

৭. **Translate to English :** ৫

বাংলাদেশ আমাদের জন্মভূমি। এ দেশের নীল আকাশ এবং নির্মল বায়ু আমাদের নিকট খুবই প্রিয়। আমাদের প্রিয় বাংলাদেশকে গড়ে তোলার দায়িত্ব আমাদের। এটি আমাদের পবিত্র দায়িত্ব। আমরা যদি নিজ নিজ দায়িত্ব পালন করি, কেবল তাহলে আমাদের দেশ উন্নতি লাভ করবে।

অনুবাদ : Bangladesh is our fatherland. The blue sky and fresh air of this country are very favourite to us. It is our responsibility to build up our beloved country. It is our holy duty. If we accomplish individual duty, only then our country will develop.

8. **Fill in the blanks :** ৫

a. The climate is congenial — health.
b. Bangladesh was liberated — 1971.
c. The teacher is popular — his students.
d. The chairman presided — the senate meeting.
e. I warned him — the danger.

Ans : a. to; b. in; c. with; d. over; e. of.

9. Make sentences : ৫

a. A bone of contention, b. Bring to book, c. Crying need, d. Eat a humble pie, e. In a fix.

Ans :

a. **A bone of contention** (বিবাদের বিষয়)– Their father's land is a bone of contention between the two brothers.

b. **Bring to book** (শাস্তি দেওয়া)– He was brought to book for telling lies.

c. **Crying need** (জরুরি প্রয়োজন)– Female education is a crying need in our country.

d. **Eat a humble pie** (অপমান হজম করা)– The chairman had to eat a humble pie for his misdeeds.

e. **In a fix** (খারাপ অবস্থা)– I am in a fix because I have lost my wallet.

10. Correct Sentences : ৫

a. **It is I who is responsible for this**

— It is I who <u>am</u> responsible for this.

b. **He will come here just now**

— He <u>has come</u> here just now

c. **The man has died at 3 pm**

— The man <u>died</u> at 3 pm.

d. **One should do his duty**

— One should do <u>one's</u> duty.

e. **No less than 50 persons came**

— No <u>fewer</u> than 50 persons came.

11. **Write a paragraph on 'Role of Metro Rail to Reduce Traffic Congestion in Dhaka City'** ১০

## Role of Metro Rail to Reduce Traffic Congestion in Dhaka City

Dhaka, capital of Bangladesh is one of the faster-growing megacities in the world. It has more than twelve million people. Day by day the number is increasing for many reasons. As a result, many new problems are being created in the city life every day. Traffic jam in Dhaka city is one of the greatest problems in our country. Due to it, a substantial portion of working hours has to be left in vain on streets which indirectly put adverse impact on our country's economy. To reduce the problem of traffic jam from Dhaka city our present government has taken an initial step to construct the Metro Rail giving priority to easy transportation of commuters in the capital and its adjoining areas. The Dhaka Metro Rail is one of the few milestone communication infrastructure development projects in the nation's history that is expected to partially alleviate the extreme traffic congestion in the over crowded capital city of Dhaka. The Metro Rail Service will be implemented in three steps-in the first phase, 11 kilometers will be finished by 2019; another 4.4 kilometers by 2020 and the remaining 4.7 kilometers by 2022. There will be no traffic jam in the city and adjoining areas when all the projects will be implemented.

12. এখন থেকে ৬ বছর পরে সুমির বয়স হবে তার ৬ বছর পূর্বের বয়সের বর্গের সমান। সুমির বর্তমান বয়স কত? ৫

**সমাধান**

ধরি, সুমির বর্তমান বয়স $x$ বছর

প্রশ্নমতে,

$(x-৬)^২ = x + ৬$

বা, $x^২ - ২.x.৬ + ৬^২ = x + ৬$

বা, $x^২ - ১২x - x + ৩৬ - ৬ = ০$

বা, $x^২ - ১৩x + ৩০ = ০$

বা, $x^২ - ১০x - ৩x + ৩০ = ০$

বা, $x(x-১০) - ৩(x-১০) = ০$

বা, $(x-১০)(x-৩) = ০$

এখন,

$x - ১০ = ০$

বা, $x = ১০$

$\therefore x = ১০$

অথবা

$x - ৩ = ০$

$x = ৩$

কিন্তু $x = ৩$ গ্রহণযোগ্য নয়, কারণ প্রশ্নের শর্তে ৬ বছর পূর্বের বয়সের কথা উল্লেখ আছে।

$\therefore$ সুমির বর্তমান বয়স ১০ বছর।

উত্তর : ১০ বছর।

১৩. যদি ৫টি ক্রমিক বিজোড় সংখ্যার গড় ৫৫ হয় তবে শেষ দুটি সংখ্যার গড় কত? ৫

**সমাধান**

ধরি, ১ম ক্রমিক বিজোড় সংখ্যাটি $x + ১$

| | | | | |
|---|---|---|---|---|
| $\therefore$ ২য় | " | " | " | $x + ৩$ |
| ৩য় | " | " | " | $x + ৫$ |
| ৪র্থ | " | " | " | $x + ৭$ |
| ৫ম | " | " | " | $x + ৯$ |

প্রশ্নমতে,

$x+১+x+৩+x+৫+x+৭+x+৯=৫৫$

বা, $৫x+২৫=৫৫$

বা, $৫x=৫৫-২৫$

বা, $৫x=৩০$

বা, $x=\frac{৩০}{৫}$

$\therefore x=৬$

$\therefore$ ৪র্থ ক্রমিক সংখ্যা $(৬+৭)=১৩$

৫ম " " $(৬+৯)=১৫$

$\therefore$ ৪র্থ ও ৫ম ক্রমিক সংখ্যার গড় $=\frac{১৩+১৫}{২}=\frac{২৮}{২}=১৪$

উত্তর : শেষ ক্রমিক সংখ্যা দুটির গড় ১৪।

**১৪. যদি $\left(x+\frac{1}{x}\right)^2=3$ হয়, তবে $\left(x^3+\frac{1}{x^3}\right)$ এর মান কত? ৫**

**সমাধান**

দেয়া আছে,

$$\left(x+\frac{1}{x}\right)^2=3$$

বা, $\sqrt{\left(x+\frac{1}{x}\right)^2}=\sqrt{3}$

$\therefore x+\frac{1}{x}=\sqrt{3}$

এখন, $x^3+\frac{1}{x^3}=\left(x+\frac{1}{x}\right)^3-3.x\frac{1}{x}\left(x+\frac{1}{x}\right)$

$=\left(\sqrt{3}\right)^3-3\sqrt{3}$

$=\sqrt{3}^2.\sqrt{3}-3\sqrt{3}$

$=3\sqrt{3}-3\sqrt{3}=0$

$\therefore x^3+\frac{1}{x^3}=0$

**১৫. কলার মূল্য ২০% কমে যাওয়ায় বর্তমানে ৭৫ টাকায় পূর্বাপেক্ষা ৫টি কলা বেশি পাওয়া যায়। ১ ডজন কলার বর্তমান মূল্য কত? ৫**

**সমাধান**

২০% কমে,

১০০ টাকায় কলার দাম কমে ২০ টাকা

$\therefore$ ১ " " " " $\frac{২০}{১০০}$ "

$\therefore$ ৭৫ " " " " $\frac{২০\times৭৫}{১০০}$ "

$=১৫$ "

$\therefore$ ৫টি কলার বর্তমান মূল্য ১৫ টাকা

$\therefore$ ১ " " " $\frac{১৫}{৫}$ "

$\therefore$ ১২ " " " $\frac{১৫\times১২}{৫}$ "

$=৩৬$ "

$\therefore$ ১ ডজন কলার বর্তমান মূল্য ৩৬ টাকা

উত্তর : ৩৬ টাকা।

**১৬. সংক্ষেপে উত্তর লিখ : ২০**

**ক. পাকিস্তান গণপরিষদের প্রথম অধিবেশনে রাষ্ট্রভাষা বাংলার দাবি জানান কে?**

উত্তর : ১৯৪৮ সালের ২৩ ফেব্রুয়ারি পাকিস্তানের গণপরিষদের প্রথম অধিবেশনে কুমিল্লার ধীরেন্দ্রনাথ দত্ত ইংরেজি ও উর্দুর পাশাপাশি বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা করার দাবি জানান।

**খ. মুক্তিযুদ্ধের নৌ সেক্টর কোনটি?**

উত্তর : মুক্তিযুদ্ধের ১১টি সেক্টরের মধ্যে অভ্যন্তরীণ নৌপথ ও সমুদ্র উপকূলীয় অঞ্চল– চট্টগ্রাম ও চালনায় নৌবাহিনীর আটজন বাঙালি কর্মকর্তার অধীনে গঠিত ১০ নম্বর সেক্টরটি মুক্তিযুদ্ধের নৌ সেক্টর।

**গ. NAPE এর পূর্ণরূপ কী?**

উত্তর : NAPE-এর পূর্ণরূপ National Academy for Primary Education। ১৯৭৮ সালে ময়মনসিংহ শহরে জাতীয় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বা NAPE প্রতিষ্ঠিত হয়।

**ঘ. 'সঞ্চয়িতা' কে রচনা করেছেন?**

উত্তর : 'সঞ্চয়িতা' (১৯৩১) কাব্যগ্রন্থটি রবীন্দ্রনাথ ঠাকুরের কবিতার সংকলন, যা কবি নিজেই সম্পাদনা ও সংকলিত করেছেন।

**ঙ. 'উয়ারী বটেশ্বর' কোন জেলায়?**

উত্তর : বাংলাদেশের অন্যতম গুরুত্বপূর্ণ প্রত্নস্থান উয়ারি-বটেশ্বর নরসিংদী জেলায় অবস্থিত। অনুমান করা হয় উয়ারি বটেশ্বর এ অঞ্চলের প্রথম নগরায়ণ চিহ্ন বহন করে এবং মৌর্য সাম্রাজ্যের সর্বপূর্ব সীমানা ছিল এটি।

**চ. ইরানের মুদ্রার নাম কি?**

উত্তর : ইরানের মুদ্রার নাম রিয়াল। এছাড়াও ব্রাজিল, কম্বোডিয়া, ওমান, কাতার, সৌদি আরব, ইয়েমেন-এর মুদ্রার নামও রিয়াল।

**ছ. হিমছড়ি জলপ্রপাত কোন দেশে অবস্থিত?**

উত্তর : বাংলাদেশের কক্সবাজারের হিমছড়ি পাহাড়ে শীতল পানির হিমছড়ি জলপ্রপাতটি অবস্থিত।

ছ. বাংলাদেশের প্রায় মধ্যভাগ দিয়ে কোন গুরুত্বপূর্ণ রেখা অতিক্রম করেছে?

উত্তর : কর্কটক্রান্তি রেখা বা ট্রপিক অব ক্যান্সার বা ৯০° পূর্ব দ্রাঘিমা রেখা বাংলাদেশের প্রায় মধ্যভাগ দিয়ে অতিক্রম করেছে। এটি চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, মাগুরা, রাজবাড়ী হয়ে ফরিদপুরে ৯০° ছেদবিন্দুতে অবস্থান করে ঢাকা, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, কুমিল্লা, খাগড়াছড়ি হয়ে রাঙামাটি দিয়ে বের হয়েছে বলে বাংলাদেশের জন্য গুরুত্বপূর্ণ।

জ. 'বীরপ্রতীক' খেতাবপ্রাপ্ত একজন নারী মুক্তিযোদ্ধা কে?

উত্তর : স্বাধীনতা যুদ্ধে অবদান রাখার জন্য ক্যাপ্টেন ডা. সিতারা বেগমকে বীরপ্রতীক উপাধিতে ভূষিত করা হয়। উল্লেখ্য, বীরপ্রতীক খেতাবপ্রাপ্ত দ্বিতীয় নারী হলেন তারামন বিবি।

ঞ. আন্তর্জাতিক সাক্ষরতা দিবস কোন তারিখে?

উত্তর : ৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালন করা হয়। ১৯৬৬ সালে প্রথম দিবসটি পালিত হলেও ইরানের তেহরানে ৮-১৯ সেপ্টেম্বর ১৯৬৫ সালে 'বিশ্ব সাক্ষরতা সম্মেলন' অনুষ্ঠিত হয়।

ট. এশীয় উন্নয়ন ব্যাংকের (ADB) সদর দপ্তর কোথায়?

উত্তর : এশীয় উন্নয়ন ব্যাংক (ADB)-এর সদর দপ্তর ম্যানিলা (ফিলিপাইন)। এটি ১৯৬৬ সালের ২২ আগস্ট প্রতিষ্ঠিত হয়ে ১৯ ডিসেম্বর ১৯৬৬ আনুষ্ঠানিকভাবে কাজ শুরু করে। বর্তমানে ৬৮টি দেশ এর সদস্য এবং বর্তমান প্রেসিডেন্ট মাসাতসুগু আসাকাওয়া (১৭ জানুয়ারি ২০২০-বর্তমান)।

ঠ. কঙ্গোর রাজধানীর নাম কি?

উত্তর : মধ্য আফ্রিকার দেশ কঙ্গো প্রজাতন্ত্রের রাজধানীর নাম ব্রাজাভিল।

ড. আয়তনে বিশ্বের বৃহত্তম দেশ কোনটি?

উত্তর : আয়তনে বিশ্বের সর্ববৃহৎ দেশ রাশিয়া। এটি ভৌগোলিকভাবে এশিয়া ও ইউরোপ মহাদেশজুড়ে অবস্থিত।

ঢ. বিশ্বের কোন দেশের সংবিধান অলিখিত?

উত্তর : আধুনিক গণতন্ত্রের সূতিকাগার এবং সংসদীয় গণতন্ত্রের উৎপত্তি হওয়া 'যুক্তরাজ্যের সংবিধান' অলিখিত। যুক্তরাজ্যের অধিকাংশ আইন প্রথার উপর গড়ে উঠেছে।

ণ. UNFCCC-এর পূর্ণরূপ কি?

উত্তর : UNFCCC-এর পূর্ণরূপ United Nations Framework Convention on Climate Change। এর সদর দপ্তর অবস্থিত জার্মানির বন-এ। ২১ মার্চ ১৯৯৪ এটি কার্যকর হয়। এর বর্তমান সদস্য ১৯৭টি দেশ ও সংস্থা।

ত. বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু হয় কবে?

উত্তর : প্রাথমিক শিক্ষাকে অবৈতনিক, সর্বজনীন ও বাধ্যতামূলক করার সুপারিশ ১৯৭৪ সালে কুদরাত-এ-খুদা কমিশনে উল্লেখ করা হলেও ১ জানুয়ারি ১৯৯৩ সালে তা চালু করা হয়।

থ. ঐতিহাসিক ট্রয় নগরী কোথায়?

উত্তর : ঐতিহাসিক ট্রয় নগরী প্রাচীন অটোমান সাম্রাজ্যের কেন্দ্রভূমি বর্তমান তুরস্কে অবস্থিত।

দ. ভারতের বর্তমান রাষ্ট্রপতির নাম কি?

উত্তর : ভারতের বর্তমান (১৪তম) রাষ্ট্রপতির নাম রামনাথ কোবিন্দ। ২৫ জুলাই ২০১৭ তিনি রাষ্ট্রপতির দায়িত্ব গ্রহণ করেন।

ধ. WiMax কি?

উত্তর : WiMax এর পূর্ণরূপ Worldwide Interopertability for Microwave Access। এটি দ্রুতগতির যোগাযোগ প্রযুক্তি, যা প্রচলিত DSL (Digital Subscriber Line) ও তারযুক্ত ইন্টারনেটের পরিবর্তে ওয়ারলেস ইন্টারনেট প্রদান করে। এর দ্বারা দ্রুত ডেটা স্থানান্তর ও ৫০ কিলোমিটার পর্যন্ত কার্য ক্ষমতা প্রয়োগ করা যায়।

ন. ROM কি?

উত্তর : ROM (Read Only Memory) কম্পিউটারের স্থায়ী স্মৃতি। কম্পিউটার বন্ধ করলে বা বিদ্যুৎ চলে গেলে এর স্মৃতিতে রক্ষিত সব তথ্যাবলি অক্ষত বা অপরিবর্তিত থাকে। রম এ রক্ষিত তথ্যের কোনো সংশোধন, পরিবর্ধন বা পরিবর্তন করা যায় না।

১. এক কথায় প্রকাশ করুন : ৫

উত্তর :

ক. অনুসন্ধান করার ইচ্ছা— অনুসন্ধিৎসা।
খ. অসম্ভব কাণ্ড ঘটাতে যিনি অতিশয় পটু—অঘটন-ঘটনপটিয়সী।
গ. দূরকে যিনি দেখতে পান — দূরদর্শী।
ঘ. অন্তিমকাল যার উপস্থিত— মুমূর্ষু।
ঙ. অনুকরণ করতে ইচ্ছুক— অনুচিকীর্ষু।

২. শুদ্ধ বাক্য লিখুন : ৫

ক. তুমি কী ঢাকা যাবে?
শুদ্ধ : তুমি কি ঢাকা যাবে?
খ. জ্ঞানি মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর
শুদ্ধ : জ্ঞানী মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ।
গ. দুর্বলবশতঃ অনাথিনী বসে পড়ল
শুদ্ধ : দুর্বলতাবশত অনাথা বসে পড়ল।
ঘ. তিনি আরোগ্য হয়েছেন
শুদ্ধ : তিনি আরোগ্য লাভ করেছেন।
ঙ. দৈন্যতা প্রশংসনীয় নয়
শুদ্ধ : দৈন্য/দীনতা প্রশংসনীয় নয়।

৩. অর্থসহ বাক্য রচনা করুন : ৫

ক. অচল পয়সা, খ. আক্কেল সেলামি, গ. ইঁদুর কপালে, ঘ. কেঁচে গণ্ডূষ করা, ঙ. কানে ওঠা।

উত্তর :

ক. অচল পয়সা (মূল্যহীন) : প্রতিবন্ধিদের অচল পয়সা ভাবা ঠিক নয়।
খ. আক্কেল সেলামি (বোকামির দণ্ড) : বিনা টিকেটে গাড়িতে চড়ে বেশি টাকা আক্কেল সেলামি দিতে হলো।
গ. ইঁদুর কপালে (মন্দভাগ্য) : ইঁদুর কপালে বেশি কিছু কি জোটে?
ঘ. কেঁচে গণ্ডূষ করা (পুনরায় শুরু) : কেঁচে গণ্ডূষ মনোভাব থাকা ভালো।
ঙ. কানে ওঠা (গুরুত্ব দেয়া) : যাক ভালো, আমার ভালো কথা তার কানে উঠেছে।

৪. অনুচ্ছেদ লিখুন : ভিশন ২০২১ (১০টি বাক্য) ৫

উত্তর : বাংলাদেশ আওয়ামী লীগ ২০০৮ সালে সর্বপ্রথম 'ভিশন : ২০২১' বা 'ডিজিটাল বাংলাদেশ' নামটি প্রচার করে। ২০২১ সাল নাগাদ বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দারিদ্র্যমুক্ত এবং প্রযুক্তি নির্ভর দেশ গঠন করাই 'ভিশন : ২০২১'-এর প্রধান লক্ষ্য। এগারো বছর মেয়াদি (২০১০ : ২০২১) একটি প্রেক্ষিত পরিকল্পনা (Perspective plan) এবং ষষ্ঠ ও সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনার ওপর ভিত্তি করে এর বাস্তবায়নের মাধ্যমে এ রূপকল্প অর্জিত হবে। উল্লিখিত সময়ে বাংলাদেশ একটি অসাম্প্রদায়িক, প্রগতিশীল ও উদার গণতান্ত্রিক রাষ্ট্রে পরিণত হবে। রূপকল্পের অন্য বিষয়গুলো হলো প্রকৃত অংশীদারিত্বমূলক সহিষ্ণু গণতান্ত্রিক ব্যবস্থা, সামাজিক ন্যায়বিচারের নিশ্চয়তা, নারীর অধিকার ও সুযোগের সমতা, আইনের শাসন, মানবাধিকার, সুশাসন, দূষণমুক্ত পরিবেশ, সবার জন্য শিক্ষা এবং স্বাস্থ্য অধিকার নিশ্চিতকরণ, সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠা, জলবায়ু পরিবর্তনের কারণে সৃষ্ট বিপর্যয়ের মোকাবিলার সক্ষমতা অর্জন প্রভৃতি। তথ্য প্রযুক্তিতে বিকশিত হয়ে রূপকল্প বাস্তবায়নের মধ্য দিয়ে সেই সময়ে বাংলাদেশ পরিচিতি পাবে 'ডিজিটাল বাংলাদেশ' নামে।

৫. সন্ধি বিচ্ছেদ করুন : ৫

ক. ষড়ঋতু, খ. চয়ন, গ. সন্ধান, ঘ. বনস্পতি, ঙ. মনোযোগ।

উত্তর : ক. ষড়ঋতু = ষট্ + ঋতু।
খ. চয়ন = চি + অন।
গ. সন্ধান = সম্ + ধান।
ঘ. বনস্পতি = বন + পতি।
ঙ. মনোযোগ = মনঃ + যোগ।

৬. ব্যাস বাক্যসহ সমাস নির্ণয় করুন : ৫

ক. দম্পতি, খ. উপজেলা, গ. অনুদৈর্ঘ্য, ঘ. বিজ্ঞানসম্মত, ঙ. হিমশীতল।

উত্তর : ক. দম্পতি = জায়া ও পতি (দ্বন্দ্ব সমাস)।
খ. উপজেলা = জেলার সদৃশ (অব্যয়ীভাব সমাস)।
গ. অনুদৈর্ঘ্য = দৈর্ঘ্যের অনুরূপ (অব্যয়ীভাব সমাস)।
ঘ. বিজ্ঞানসম্মত = বিজ্ঞান দ্বারা সম্মত (তৃতীয়া তৎপুরুষ সমাস)।
ঙ. হিমশীতল = হিমের ন্যায় শীতল (উপমান কর্মধারয়)।

৭. **Fill in the blanks :** ৫

ক. I went out — a walk.
খ. He reached here — 8 a.m.
গ. He sat — me.
ঘ. He is — university student.
ঙ. Slow and steady — the race.

**Ans :** ক. for; খ. at; গ. beside; ঘ. a; ঙ. wins.

৮. অর্থসহ বাক্য রচনা করুন : ৫

ক. **At a loss** (হতবুদ্ধি) : I was at a loss to hear my secret from my foe.
খ. **Below the mark** (নিম্নমানের) : His performance was below the mark.
গ. **Come into force** (প্রয়োগ করা/হওয়া) : The new law came into force through a unanimous approval.
ঘ. **Dead letter** (অকেজো, অচল) : The care-taker government system is a dead letter now.
ঙ. **Fresh blood** (অনভিজ্ঞ) : Our office accepts fresh blood.

৯. Write a paragraph on 'Digital Bangladesh' [10 sentences] ৫

### Digital Bangladesh

**Ans :** Digital Bangladesh is the mostly discussed issue in our country in the recent years. Really it is our dream to make Bangladesh digitalized. The word digital derives from digit that indicates to computer. Digital Bangladesh is an initiative to make Bangladesh an ICT based country. To meet the challenge of modern world there is no alternative than have efficiency in ICT. We must go ahead in this very sector. Digital Bangladesh is really the dream project of the present government. This is giving us a bigger hope. Once implemented, this will be the biggest milestone in our national life.

১০. ইংরেজিতে অনুবাদ করুন : ৫

ক. সে সাঁতার জানে না— He doesn't know how to swim.

খ. চোরটা হাতে নাতে ধরা পড়ল— The thief was caught red handed.

গ. তিনি হঠাৎ জেগে উঠলেন— He suddenly wake up.

ঘ. সে খুবই লোভী ও স্বার্থপর ব্যক্তি ছিল—He was very greedy and selfish.

ঙ. অনেক লোক পদে আবেদন করল— Many people applied for the post.

১১. **Correct the following sentences :** ৫

**ক. He always went there.**

**Ans :** He always goes there.

**খ. Did you see her lately?**

**Ans :** Have you seen her lately?

**গ. He is working for five hours.**

**Ans :** He has been working for five hours.

**ঘ. I like my son.**

**Ans :** I love my son.

**ঙ. If you study hard, you succeed.**

**Ans :** If you study hard, you will succeed

১২. বাংলায় অনুবাদ করুন :

Captain Mohiuddin Jahangir was an officer in the Bangladesh Army during the 1971 liberation war. He was an officer in sector 7 of the Mukti Bahini. He was given the responsibility to fight at the Chapai Nawabganj border at Rajshahi district in 14 December. In recognition of his valour and sacrifice in the War of Liberation. Mohiuddin Jahangir was awarded with the highest state honour of Birsreshtha.

অনুবাদ : ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের সময় ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর বাংলাদেশ সেনাবাহিনীর একজন কর্মকর্তা ছিলেন। তিনি মুক্তিবাহিনীর ৭নং সেক্টরের একজন কর্মকর্তা হিসেবে যুদ্ধে অংশ নিয়েছিলেন। তাকে ১৪ ডিসেম্বর রাজশাহী বিভাগের চাপাইনবাবগঞ্জ সীমান্তে যুদ্ধের দায়িত্ব দেয়া হয়। বীরত্ব ও আত্মত্যাগের স্বীকৃতিস্বরূপ মহিউদ্দিন জাহাঙ্গীরকে রাষ্ট্রের সর্বোচ্চ সম্মান 'বীরশ্রেষ্ঠ' উপাধিতে ভূষিত করা হয়।

১৩. কোনো স্কুলে ৭০% শিক্ষার্থী ইংরেজি এবং ৮০% শিক্ষার্থী বাংলায় পাস করেছে। কিন্তু ১০% উভয় বিষয়ে ফেল করেছে। যদি উভয় বিষয়ে ৩০০ জন শিক্ষার্থী পাস করে থাকে তবে ঐ স্কুলে কতজন শিক্ষার্থী পরীক্ষা দিয়েছে? ৫

**সমাধান**

ইংরেজিতে ফেল করেছে (১০০ – ৭০)% বা ৩০% শিক্ষার্থী

বাংলায় „ „ (১০০ – ৮০)% বা ২০% „

উভয় বিষয়ে „ „ (৩০ – ২০)% বা ১০% „

∴ উভয় বিষয় বা যেকোনা এক বিষয়ে ফেল করেছে (৩০ + ২০ – ১০)% বা ৪০% শিক্ষার্থী

∴ উভয় বিষয়ে পাশ করেছে (১০০ – ৪০) বা ৬০% শিক্ষার্থী।

তাহলে,

উভয় বিষয়ে ৬০ জন পাশ করলে মোট শিক্ষার্থী ১০০ জন

∴ „ „ ১ „ „ „ „ $\frac{১০০}{৬০}$ „

∴ „ „ ৩০০ „ „ „ „ $\frac{১০০ \times ৩০০}{৬০}$

= ৫০০ „

উত্তর : ৫০০ টাকা।

১৪. বার্ষিক ৮% সরল সুদে কত টাকা ৬ বছরে সুদে আসলে ১০৩৬ টাকা হবে? ৫

**সমাধান**

৮% সুদে, ১০০ টাকার ৬ বছরের সুদ (৮ × ৬) বা ৪৮ টাকা

এখন, সুদে-আসলে ১৪৮ টাকা হলে আসল ১০০ টাকা

∴ „ ১ „ „ „ $\frac{১০০}{১৪৮}$ „

∴ „ ১০৩৬ „ „ „ $\frac{১০০ \times ১০৩৬}{১৪৮}$ „

= ৭০০ „

উত্তর : ৭০০ টাকা।

১৫. উৎপাদকে বিশ্লেষণ করুন : $2x^2 + x - 15$ ৫

**সমাধান**

$2x^2 + x - 15$

$= 2x^2 + 6x - 5x - 15$

$= 2x(x + 3) - 5(x + 3)$

$= (x + 3)(2x - 5)$ (Ans.)

১৬. $\frac{3}{x}+\frac{4}{x+1}=2$ হলে, x এর মান কত? ৫

**সমাধান** $\frac{3}{x}+\frac{4}{x+1}=2$

বা, $\frac{3(x+1)+4x}{x(x+1)}=2$

বা, $3x+3+4x=2x(x+1)$

বা, $7x+3=2x^2+2x$

বা, $2x^2+2x-7x-3=0$

বা, $2x^2-5x-3=0$

বা, $2x^2-6x+x-3=0$

বা, $2x(x-3)+1(x-3)=0$

বা, $(x-3)(2x+1)=0$

$\therefore x-3=0$ অথবা $2x+1=0$

বা, $x=3$ বা, $2x=-1$

$\therefore x=-\frac{1}{2}$

Ans. $x=3$ অথবা $-\frac{1}{2}$

১৭. সংক্ষেপে উত্তর দিন : ২০

ক. মহান স্বাধীনতা ও জাতীয় দিবস কোন তারিখে? ১

উত্তর : মহান স্বাধীনতা ও জাতীয় দিবস হলো ২৬ মার্চ।

খ. জাতীয় শিশু দিবস কোন তারিখে? ১

উত্তর : জাতীয় শিশু দিবস হলো ১৭ মার্চ।

গ. বাংলাদেশের প্রথম শিক্ষা কমিশনের চেয়ারম্যান কে ছিলেন? ১

উত্তর : বাংলাদেশের প্রথম শিক্ষা কমিশনের চেয়ারম্যান ছিলেন ড. মুহাম্মদ কুদরত-ই-খুদা। উল্লেখ্য, তখন শিক্ষা কমিশনের নাম দেয়া হয়েছিল কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন।

ঘ. স্বাধীন বাংলাদেশের প্রথম সরকার গঠিত হয় কোন তারিখে? ১

উত্তর : স্বাধীন বাংলাদেশের প্রথম সরকার গঠিত হয় ১৯৭১ সালের ১০ এপ্রিল।

ঙ. 'ছয় দফা' কোন সালে ঘোষিত হয়? ১

উত্তর : 'ছয় দফা' ঘোষিত হয় ১৯৬৬ সালে।

চ. জাতীয় শিক্ষানীতি কোন সনে প্রণীত হয়? ১

উত্তর : জাতীয় শিক্ষানীতি প্রণীত হয় ২০১০ সালে।

ছ. 3G বলতে কী বোঝায়? ১

উত্তর : 3G-এর পূর্ণরূপ হলো Third Generation বা তৃতীয় প্রজন্ম। এটি মূলত মোবাইলে কিংবা কম্পিউটারে উচ্চগতিসম্পন্ন ইন্টারনেট সুবিধা, ভিডিও কলিং সুবিধা, অ্যাপস ব্যবহারের সুবিধা, মোবাইল টিভি ইত্যাদি সেবা দ্রুততার সাথে প্রদান করে।

জ. DOS কী? ১

উত্তর : DOS-এর পূর্ণরূপ হলো Disk Operating System। এটি একটি অপারেটিং সিস্টেম, যা প্রথম দিকের আইবিএম কম্পিউটারগুলোতে ব্যবহার হতো।

ঝ. 'সেন্টমার্টিন' ও 'নিঝুম দ্বীপ' কোন জেলায় অবস্থিত? ১

উত্তর : বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপ সেন্টমার্টিন-এর অবস্থান কক্সবাজার জেলায় এবং নিঝুম দ্বীপ-এর অবস্থান নোয়াখালী জেলায়।

ঞ. 'মহাস্থানগড়' ও 'ওয়ারী বটেশ্বর' কোন জেলায় অবস্থিত? ১

উত্তর : মহাস্থানগড় ও ওয়ারী বটেশ্বরের অবস্থান যথাক্রমে বগুড়া জেলায় ও নরসিংদী জেলায়।

ট. কোন ভিটামিনের অভাবে রাতকানা রোগ হয়? ১

উত্তর : ভিটামিন-এ এর অভাবে রাতকানা রোগ হয়।

ঠ. মালয়েশিয়ার রাজধানী ও ভারতের মুদ্রার নাম কী? ১

উত্তর : মালয়েশিয়ার রাজধানী ২টি। প্রশাসনিক রাজধানী হলো পুত্রজায়া এবং বাণিজ্যিক রাজধানী হলো কুয়ালালামপুর। অন্যদিকে ভারতের মুদ্রার নাম হলো রুপি।

ড. রবীন্দ্রনাথ ঠাকুর কীসের জন্য নোবেল পুরস্কার লাভ করেন? ১

উত্তর : রবীন্দ্রনাথ ঠাকুর ১৯১৩ সালে সাহিত্যে নোবেল পদক লাভ করেন। গীতাঞ্জলি বা Song Offerings গ্রন্থের জন্য রবীন্দ্রনাথ ঠাকুর নোবেল পেয়েছেন এ কথা বলা হলেও মূলত কবিতায় সুগভীর, সূক্ষ্ম অনুভূতিসম্পন্ন অভিনবত্ব এবং নিজস্ব ইংরেজি রচনা শৈলী যা পাশ্চাত্য সাহিত্যে অবদান রেখেছে— প্রভৃতির জন্য তিনি সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন।

ঢ. সিলেট ও রাজশাহী কোন নদীর তীরে অবস্থিত? ১

উত্তর : সিলেট ও রাজশাহী যথাক্রমে সুরমা ও পদ্মা নদীর তীরে অবস্থিত।

ণ. বাংলাদেশের সর্বোচ্চ পর্বত শৃঙ্গের নাম কী? ১

উত্তর : বাংলাদেশের সর্বোচ্চ পর্বতশৃঙ্গের নাম হলো তাজিংডং বা বিজয়। এর উচ্চতা ১২৩১ মিটার, মতান্তরে ১৩৭২ মিটার।

ত. কম্পিউটারের ৪টি হার্ডওয়্যারের নাম কী লিখুন। ১

উত্তর : কম্পিউটারের ৪টি হার্ডওয়্যারের নাম হলো—
১. মাদারবোর্ড, ২. হার্ডডিস্ক, ৩. চিপ, ৪. গ্রাফিক্স কার্ড।

থ. 'চৌরঙ্গী ভাস্কর্য' কোথায় অবস্থিত? ১

উত্তর : বাংলাদেশের স্বাধীনতার ওপর নির্মিত প্রথম ভাস্কর্য হলো জাগ্রত চৌরঙ্গী। এর অবস্থান গাজীপুরের জয়দেবপুরের চৌরাস্তায়। ১৯৭৩ সালে ভাস্কর আবদুর রাজ্জাক এটি নির্মাণ করেন।

দ. 'সাঁঝের মায়া' ও 'শ্রীকান্ত' কার লেখা? ১

উত্তর : সাঁঝের মায়া (কাব্যগ্রন্থ) ও শ্রীকান্ত (উপন্যাস)-এর লেখকদ্বয় হলেন যথাক্রমে সুফিয়া কামাল এবং শরৎচন্দ্র চট্টোপাধ্যায়।

ধ. UNESCO-এর পূর্ণরূপ লিখুন। ১

উত্তর : UNESCO-এর পূর্ণরূপ হলো United Nations Educational, Scientific and Cultural Organization.

ন. BANBEIS-এর পূর্ণরূপ লিখুন। ১

উত্তর : BANBEIS-এর পূর্ণরূপ হলো Bangladesh Bureau of Educational Information and Statistics.

## বাংলা—৩০

১. অর্থসহ বাক্য রচনা করুন ৫

ক. আদায় কাঁচকলায় (ঘোর শত্রুতা)—খালিদ ও রফিকের মধ্যে মুখ দেখাদেখি পর্যন্ত নেই, উভয়ের সম্পর্কটা একেবারে আদায় কাঁচকলায়।

খ. আঠার মাসে বছর (দীর্ঘসূত্রতা)— তোমার তো আঠার মাসে বছর, কোনো কাজই তাড়াতাড়ি করতে পার না।

গ. তামার বিষ (অর্থের কুপ্রভাব)—মানুষকে মানুষ বলে গ্রাহ্য কর না, তোমাকে তামার বিষে পেয়েছে বুঝি?

ঘ. গোঁফ খেজুরে (নিতান্ত অলস)— গোঁফ খেজুরে লোক দিয়ে কোনো কাজই হয় না।

ঙ. দুধের মাছি (সুসময়ের বন্ধু)—সুদিনে যে দুধের মাছি, দুর্দিনে তার সাক্ষাৎ মেলে না।

২. সন্ধি বিচ্ছেদ করুন :

| প্রদত্ত শব্দ | সন্ধি বিচ্ছেদ |
|---|---|
| নায়ক | নৈ + অক |
| ইত্যাদি | ইতি + আদি |
| মহেশ্বর | মহা + ঈশ্বর |
| অন্বেষণ | অনু + এষণ |

৩. এক কথায় প্রকাশ করুন :

| প্রদত্ত বাক্য | এক কথায় প্রকাশ |
|---|---|
| ক. যা বলা হয়নি | অনুক্ত |
| খ. যা অধ্যয়ন করা হয়েছে | অধীত |
| গ. যা পূর্বে শোনা যায়নি | অশ্রুতপূর্ব |
| ঘ. লাভ করার ইচ্ছা | লিপ্সা |
| ঙ. এক থেকে শুরু করে ক্রমাগত | একদিক্রমে |

৪. 'ডিজিটাল শিক্ষা পদ্ধতি' বিষয়টির উপর রচনা লিখুন। ১০

৫. বাংলায় অনুবাদ করুন : ৫

ক. I am not on good terms with him.
উত্তর : তার সাথে আমার ভাল সম্পর্ক নেই।

খ. Greed leads to sin and sin to death.
উত্তর : লোভে পাপ, পাপে মৃত্যু।

গ. The bicycle was beyond repair.
উত্তর : সাইকেলটি মেরামতের অযোগ্য।

ঘ. He started to the west.
উত্তর : সে পশ্চিমে যাত্রা শুরু করল।

ঙ. We had to work by candle light.
উত্তর : আমাদের মোমের আলোতে কাজ করতে হয়েছিল।

## ইংরেজি—৩০

৬. Write 10 sentences on 'Role of Female Education in Nation Building'. ১০

**'Role of Female Education in Nation Building'**

A woman is an architect of society. No nation can rise to the height of glory unless women work side by side with men. If the women of a country are confined within the four walls of the house as prisonars, that country will not go towards the development. Because women are one half of the population in our country. She establishes the institution of family life, builds the home, brings up the children and makes them good citizens. Her strength in totality contributes in making an ideal family, ideal society and an ideal state. The first condition of development for a country is education that is for all. If women are well-educated, they can play a vital role to build the nation. An educated mother can bring up her children by the light of her own education that plays an important role to make them as good citizens for a country. The educated women play an important role in many economic sectors like men by virtue of their devoted efforts.

৭. Write sentences with meaning : 5

a. At sixes and sevens (এলোমেলো)—When he entered the hours, everything was at sixes and sevens.

b. Swan song (শেষ কর্ম)— 'Tempest' is a swan song of Shakespeare.

c. Red letter day (স্মরণীয় দিন)—The 26th March is a red letter day to the people of Bangladesh.

d. Slow coach (অলস লোক)—A slow coach can not shine in life.

e. ABC (প্রাথমিক জ্ঞান)—Kader has no ABC about the computer.

৮. Fill in the blanks :

a. He is capable — doing it. b. Morning breeze is beneficial — health. c. Two and two — four. d. Nazrul is — Byron of Bangladesh. e. He is covetous — money.

Ans : (a) of, (b) to, (c) makes, (d) the, (e) of.

৯. **Write a letter to your mayor for construction of a road in your area.** ১০

Ans :

03, February 2019

The Mayor
Munshiganj Paurashava
Munshiganj.

Subject : Application for construction of a road.

Sir

We with all modesty would like to inform you of the fact that we are the inhabitants of your elected area, Talbag. Almost five thousand people live in the area. But it is a matter of great regreat that there is no a concrete road. As a result we face toward a great problem, cannot go and come easily from one place to another. During the rainy season, it creates a vital impediment for school going students. Only a concrete road in the area can remove all these problems. In the circumstances stated above, we, therefore, pray and hope that you would take necessary steps to construct a concrete road in our area and oblige thereby.

Yours faithfully
The inhabitants of Talbag

## গণিত—২০

**১০. উৎপাদকে বিশ্লেষণ করুন :** ২ $\frac{১}{২}$ × ২

**ক.** $9x^2 + 18x - 40$

সমাধান

$9x^2 + 18x - 40$

$= 9x^2 + 30x - 12x - 40$

$= 3x(3x + 10) - 4(3x + 10)$

$= (3x + 10)(3x - 4)$

**খ.** $3p^2 + 7p - 20$

সমাধান

$3p^2 + 7p - 20$

$= 3p^2 + 12p - 5p - 20$

$= 3p(p + 4) - 5(p + 4)$

$= (p + 4)(3p - 5)$

**১১. একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে ৬০ মিটার ও ৪০ মিটার। এর ভিতরের চতুর্দিকে ২০০ সেমি চওড়া একটি রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল কত?** ৫

সমাধান

আয়তাকার বাগানটির দৈর্ঘ্য ৬০ মিটার ও প্রস্থ ৪০ মিটার

∴ বাগানের ক্ষেত্রফল (৬০ × ৪০) বর্গমিটার = ২৪০০ বর্গমিটার

আবার, রাস্তার চওড়া ২০০ সেমি = ২ মি

∴ রাস্তাবাদে ভিতরের অংশের দৈর্ঘ্য = (৬০ − ২ × ২) মি.
= (৬০ − ৪) মিটার
= ৫৬ মিটার

এবং ,, ,, ,, প্রস্থ = (৪০ − ২ × ২) মি.
= ৩৬ মি.

∴ রাস্তাবাদে ভিতরের অংশের ক্ষেত্রফল = (৫৬ × ৩৬) বর্গমিটার
= ২০১৬ বর্গ মি.

∴ রাস্তার ক্ষেত্রফল (২৪০০ − ২০১৬) বর্গ মি = ৩৮৪ বর্গমিটার।

**১২. একটি বাড়িতে ১০ জন লোকের ২৮ দিনের খাবার আছে। ঐ বাড়িতে ৪ জন অতিথি বেড়াতে এলে ঐ খাবারে কত দিন চলবে?** ৫

সমাধান

নতুন ৪ জন আসায় মোট লোকসংখ্যা (১০+৪) বা ১৪ জন।

এখন, ১০ জন লোকের খাবার আছে ২৮ দিনের

∴ ১ ,, ,, ,, ,, ২৮ × ১০ ,,

∴ ১৪ ,, ,, ,, ,, $\frac{২৮ \times ১০}{১৪}$ = ২০ দিনের।

উত্তর : ২০ দিন।

**১৩. মান নির্ণয় করুন।** $2\frac{1}{2} \times 2$

**ক.** $p + q = 3, pq = 2$ হলে $p^2 + q^2$ এর মান কত?

সমাধান

$p + q = 3, pq = 2$

এখন, $p^2 + q^2 = (p + q)^2 - 2pq$

$= 3^2 - 2.2 = 9 - 4 = 5$

**খ.** $x + \frac{1}{x} = 4$ হলে $x^2 + \frac{1}{x^2}$ এর মান কত?

সমাধান

দেয়া আছে, $x + \frac{1}{x} = 4$

এখন, $x^2 + \frac{1}{x^2} = (x)^2 + \left(\frac{1}{x}\right)^2$

$= \left(x + \frac{1}{x}\right)^2 - 2x.\frac{1}{x}$

$= 4^2 - 2 = 16 - 2 = 14$

## সাধারণ জ্ঞান—২০

**১৪. ক. স্বাধীনতা যুদ্ধের সময় বাংলাদেশ কয়টি সেক্টরে বিভক্ত এবং কুমিল্লা কোন সেক্টরের অধীন ছিল?**

উত্তর : স্বাধীনতা যুদ্ধের সময় বাংলাদেশকে ১১টি সেক্টরে ভাগ করা হয়েছিল। কুমিল্লা ২নং সেক্টরের অধীনে ছিল।

**খ. কুয়াকাটা সমুদ্র সৈকত কোন জেলায় অবস্থিত এবং চন্দ্রদ্বীপ কোন জেলার প্রাচীন নাম?**

উত্তর : কুয়াকাটা সমুদ্রসৈকত পটুয়াখালী জেলায় অবস্থিত। বরিশাল জেলার প্রাচীন নাম চন্দ্রদ্বীপ।

# বাংলাদেশ বেতারের সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর/ সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর/অনুষ্ঠান সচিব ২০১৫

পরীক্ষার তারিখ : ২৩.০৩.২০১৫; সময় : ১ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান : ১০০

১. সংক্ষিপ্ত রচনা লিখুন : স্বাধীন বাংলা বেতার কেন্দ্র ১০

## স্বাধীন বাংলা বেতার কেন্দ্র

বাংলাদেশের মুক্তিযুদ্ধে 'স্বাধীন বাংলা বেতার কেন্দ্র'-এর ভূমিকা ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ। পাকবাহিনীর হঠাৎ আক্রমণে সাড়ে সাত কোটি বাঙালি যখন দিশেহারা, অসহায় অবস্থায় তখন চট্টগ্রামের কালুরঘাট ট্রান্সমিটার (২৬ মার্চ) পরিণত হয় 'স্বাধীন বাংলা বিপ্লবী বেতার কেন্দ্রে'। এই বেতার কেন্দ্রের প্রথম অনুষ্ঠান দেশের মানুষকে সাহস যোগায় আর স্বাধীনতার জন্য অনুপ্রাণিত করে। হতবিহ্বল জাতিকে প্রথম আশার বাণী শোনান চট্টগ্রাম আওয়ামী লীগের নেতা আবদুল হান্নান। তার ভাষণ কালুরঘাট ট্রান্সমিটার থেকে প্রচারিত হয় ২৬ মার্চ ১৯৭১। এই বিপ্লবী বেতার কেন্দ্র থেকেই মেজর জিয়াউর রহমান ২৭, ২৮ ও ৩০ মার্চ দেশবাসীর উদ্দেশ্যে ভাষণ দিয়েছিলেন। ৩০ মার্চ পাকবাহিনী আক্রমণ চালায় এই বেতার কেন্দ্রের ওপর। বেলাল মোহাম্মদ আবুল হোসেন সন্দ্বীপ উদ্যোগী হয়ে এক কিলোওয়াট ট্রান্সমিটারটি প্রথমে রামগড় এবং পরে ভারতের আগরতলায় নিয়ে যান। এই ট্রান্সমিটারের সাহায্যেই ২৪ মে ১৯৭১ পর্যন্ত অনিয়মিতভাবে 'স্বাধীন বাংলা বেতার কেন্দ্র'-এর প্রচার কাজ চলে।

মুজিবনগর সরকার প্রতিষ্ঠার পর আবদুল মান্নান, এমএনএকে দায়িত্ব দেয়া হয় বেতার কেন্দ্রের। ২৫ মে ১৯৭১ পঞ্চাশ কিলোওয়াট মধ্যম তরঙ্গ ট্রান্সমিটার নিয়ে নতুন করে যাত্রা শুরু করে। প্রতিদিন দুটি অধিবেশনে শুরু হতো সম্প্রচার। সকাল সাতটা ও সন্ধ্যা সাতটা। বেতার কেন্দ্রে প্রচারিত অনুষ্ঠানগুলো হলো— ৭ টায় পবিত্র কোরআন তেলাওয়াত ও তরজমা, ৭ : ১০ মিনিটে প্রচার সংক্রান্ত ঘোষণা, ৭ : ১৫ মিনিটে বাংলা সংবাদ ও মুক্তিযোদ্ধাদের বিশেষ অনুষ্ঠান 'অগ্নিশিখা', সাহিত্যানুষ্ঠান 'রক্ত স্বাক্ষর', বঙ্গবন্ধুর ভাষণভিত্তিক অনুষ্ঠান 'বজ্রকণ্ঠ', বাংলা ও ইংরেজি সংবাদ এবং 'চরমপত্র'। গ্রামেগঞ্জে গোপনে লুকিয়ে এই বেতার কেন্দ্রের অনুষ্ঠান শুনতেন মুক্তিযোদ্ধাসহ আপামর জনতা। বেতার কেন্দ্রের অনুষ্ঠানমালা মুক্তিযোদ্ধাদের আরো সাহস ও দেশপ্রেমে উজ্জীবিত করে তোলে। মুক্তিযুদ্ধের পক্ষে প্রচার-প্রচারণার ক্ষেত্রে স্বাধীন বাংলা বেতার কেন্দ্র অনন্য ভূমিকা পালন করে।

২. অর্থসহ বাক্য রচনা করুন : ৫

ক. অঞ্চল প্রভাব (স্ত্রী বা প্রণয়িনীর প্রভাব)– মনির অঞ্চল প্রভাবে ভাই-বোনদের সঙ্গে পৈতৃক সম্পত্তি নিয়ে ঝগড়া করে।

খ. আমড়া কাঠের ঢেঁকি (অপদার্থ) – আমড়া কাঠের ঢেঁকি লোক দিয়ে সংসারে কোনো উন্নতি হয় না।

গ. ঊনপাঁজুরে (মন্দভাগ্য)– তোমার মতো ঊনপাঁজুরে লোক এ গ্রামে আর দুটি নেই।

ঘ. নেই আঁকড়া (নাছোড়বান্দা, একগুঁয়ে) –তুমি দেখছি জোঁকের মতো আমার গায়ে লেগে রয়েছে, এত বলছি ছাড়ো কিন্তু ছাড়বে না, তুমি একটি নেই আঁকড়া লোক।

ঙ. ভাঁড়ে মা ভবানী (নিঃস্ব অবস্থা) – টাকা দেবে কোত্থেকে ভাঁড়ে যে মা ভবানী।

৩. সকল কারকে শূন্য বিভক্তির রূপ লিখুন : ৫

উত্তর : কর্তৃকারকে — হামিদ বাড়ি যায়।

কর্মকারকে — ডাক্তার ডাক।

করণে — ঝরনাকে চাবুক মার।

অপাদানে — গাড়ি স্টেশন ছাড়ে।

অধিকরণে — সারারাত বৃষ্টি হয়েছে।

৪. ভাবসম্প্রসারণ করুন : ৫

## দুর্জন বিদ্বান হইলেও পরিত্যাজ্য

ভাবসম্প্রসারণ : দুর্জনের স্বভাব-ধর্ম অন্যের ক্ষতি করা। তাই কোনো শিক্ষিত লোক যদি চরিত্রহীন হন, তবে অবশ্যই তার সঙ্গ পরিহার করা উচিত। কারণ, তার কাছ থেকে উপকার পাওয়ার চেয়ে ক্ষতি হওয়ার সম্ভাবনাই বেশি। বিদ্বান লোক সুজন না হলে তার সান্নিধ্য কাম্য বলে গণ্য হয় না। মনুষ্যত্ব-বিরোধী কুপ্রবৃত্তিগুলো দুর্জন লোকের নিত্যসঙ্গী। এই ধরনের ব্যক্তির নৈতিক চরিত্র দুর্বল, ব্যবহারে এরা রূঢ় চিন্তায় তরল। সমাজ, দেশ বা জাতি কেউ এদের দ্বারা উপকৃত হয় না। এরা সমাজের কলঙ্ক। এরা আত্মকেন্দ্রিক, লোভী এবং স্বার্থপর। কোনো কোনো দুর্জন লোক প্রাতিষ্ঠানিক শিক্ষায় শিক্ষিত হয় বটে, কিন্তু বাস্তবে জ্ঞানী হয় না। তাদের শিক্ষার সার্টিফিকেট একটি কাগজ ছাড়া অন্য কিছু নয়। সার্টিফিকেট-সর্বস্ব শিক্ষা এদের চরিত্র ও মানসিকতায় কোনো পরিবর্তন ঘটাতে পারে না। এরা শিক্ষিত হয়ে আরো ভয়ঙ্কর হয়ে ওঠে। চাতুরি ও ছলনায় আরও কূটকৌশলী হয়ে এরা সহজ-সরল মানুষকে প্রতারিত করে। এদের সাহচর্যে সততার অপমৃত্যু ঘটে। মানুষের সবচেয়ে বড় গুণ তার চরিত্র। মানুষের এই চারিত্রিক বৈশিষ্ট্য ঠিক রেখে অপরাপর বৈশিষ্ট্যের বিকাশ ঘটানো আবশ্যক। তেমনি, বিদ্বান হওয়াও একটি গুণ। বিদ্যা অর্জনের মাধ্যমে মানুষ যথার্থ মানুষ হয়ে ওঠে। বিদ্যা মানুষের মনের চোখ খুলে দেয়। বিদ্যা মানব জীবনের সফলতার সহায়ক। বিদ্বানের সংস্পর্শে এলে জ্ঞানের আলোয় মন আলোকিত হয়। কিন্তু বিদ্বান ব্যক্তি যদি চরিত্রহীন হয়, তবে তার বিদ্যার কোনো মূল্য থাকে না, সে তার বিদ্যাকে অন্যায় কাজে লাগায়। এরা নিজের স্বার্থ বা অসৎ উদ্দেশ্য চরিতার্থ করার জন্য যে কোনো কৌশলের

আশ্রয় নিতে পারে। চরিত্রহীন বিদ্বান ব্যক্তির কাছ থেকে বিদ্যা লাভ করে জীবনের কোনো কল্যাণ সাধন করা যায় না। তাই দুর্জন যদি বিদ্বানও হয়, তবু তার সান্নিধ্য ও সংশ্রব ত্যাগ করাই মঙ্গলজনক।

৫. ক. বৈষ্ণব পদাবলীর রচয়িতা কে?

উত্তর : বিদ্যাপতি, চণ্ডীদাস, জ্ঞানদাস, গোবিন্দদাস, বলরাম দাস প্রমুখ।

খ. 'হাঙ্গর নদী গ্রেনেড' এর লেখক কে?

উত্তর : সেলিনা হোসেন।

গ. রবীন্দ্রনাথ ঠাকুরের ছদ্মনাম কি?

উত্তর : ভানুসিংহ।

ঘ. 'রূপসী বাংলা'র কবি কাকে বলা হয়?

উত্তর : জীবনানন্দ দাশ।

ঙ. 'ধূমকেতু' পত্রিকাটি কে সম্পাদনা করেন?

উত্তর : কাজী নজরুল ইসলাম।

৬. Write an essay of Mass Media ১০

**Mass Media**

The sources of information and news such as newspapers, magazines, radio and television, that reach and influence large numbers of people are called mass media. They are the powerful means of disseminating news, views and advertisements etc. There are two types of mass media such as electronic media and print media. Both electronic media such as radio, television and internet and print media such as newspapers, magazines play a significant role in a modern society. They have made the world a global village. Mass media have a great influence on both our social and political life. They provide common people with latest news, views and ideologies of different political parties and recreation. They also play a vital role in raising awareness among the people. But they often mislead people by disseminating false and baseless information. Even maintenance of secrecy of the state policies becomes difficult. In fact, mass media are vital means of making people aware of everything both cheaply and instantaneously.

৭. Translate into English ৫

ক. হযরত ওমর (রা) একজন ন্যায়পরায়ণ শাসক ছিলেন।

— Hazrat Omar (R) was a just ruler.

খ. সে না আসা পর্যন্ত আমরা অপেক্ষা করতে থাকব।

— We will be waiting until he comes.

গ. কঠিন পরিশ্রমের উপর জীবনের সফলতা নির্ভর করে।

— The success of life depends on hard labour.

ঘ. ফুলটি রক্তের মতো লাল।

— The flower is as red as blood.

ঙ. গরীবের প্রতি আমাদের রূঢ় হওয়া উচিত নয়।

— We should not be cruel towards the poor.

৮. **Fill in the blanks :** ৫

a. He abides — me.
b. I am not ambitious — fame.
c. The authoress relied — Jerry.
d. I saw — one-eyed man on the street.
e. Karim is senior — Rahim.

**Ans :** a. by; b. to; c. on; d. a; e. to

৯. **'Eat' verb দিয়ে tense-এর সকল রূপ লিখুন।** ৫

উত্তর : 'Eat' verb দিয়ে tense-এর সকল রূপ নিচে দেয়া হলো :

**Present Tense**

**Ans :** We eat rice
We are eating rice.
We have eaten rice.
We have been eating rice for ten minutes.

**Past Tense**

We ate rice.
We were eating rice.
We had eaten rice before father came.
We had been eating rice for ten minutes.

**Future Tense**

We will eat rice.
We will be eating rice.
We will have eaten rice.
We will have been eating rice for ten minutes.

১০. **Write sentence with the following phrases :** ৫

a. **Hard times** — We should save something for our hard times.
b. **Rank and file**—The rank and file must do exactly as they are ordered.
c. **Open mind** —You should have an open mind to gain knowledge.
d. **Tall talk** — I personally don't like his tall talk.
e. **Small fry** — You seem to be a small fry.

১১. **শতকরা বার্ষিক ৫ টাকা হার সুদে কোন আসল কত বছরে সুদে-আসলে দ্বিগুণ হবে?** ৫

**সমাধান**

ধরি, আসল ১০০ টাকা

∴ ১ বছরে সুদাসল ১০৫ টাকা

সুদে আসলে দ্বিগুণ হলে এক্ষেত্রে সুদাসল ২০০ টাকা।

অর্থাৎ সুদ (২০০−১০০) টাকা = ১০০ টাকা।

এখন, ১০০ টাকার

৫ টাকা সুদ হয় ১ বছরে

$\therefore$ ১ " " " " $\frac{১}{৫}$ "

$\therefore$ ১০০ " " " $\frac{১০০}{৫}$ = ২০ বছরে

১২. একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য ৪০ মিটার ও প্রস্থ ৩০ মিটার। এর ভিতরে চতুর্দিকে ১ মিটার চওড়া একটি রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল কত?

**সমাধান**

আয়তাকার বাগানটির দৈর্ঘ্য ৪০ মিটার

" " প্রস্থ ৩০ "

$\therefore$ আয়তাকার বাগানটির ক্ষেত্রফল = (৪০×৩০) বর্গ মিটার

= ১২০০ বর্গ মিটার

আবার, ভিতরের রাস্তাবাদে বাগানটির দৈর্ঘ্য (৪০ − ২×১) মি.

= ৩৮ মি.

এবং " " " " প্রস্থ = (৩০ − ২ × ১) মি.

= ২৮ মি.

$\therefore$ রাস্তাবাদে বাগানের ক্ষেত্রফল = (৩৮×২৮) বর্গ মি.

= ১০৬৪ বর্গ মিটার

$\therefore$ রাস্তার ক্ষেত্রফল = (১২০০ − ১০৬৪) বর্গ মি.

= ১৩৬ বর্গ মি.

১৩. $x - (1/x) = 4$ হলে $x^3 - (1/x^3)$ এর মান কত? ৫

**সমাধান**

$$x - \frac{1}{x} = 4$$

এখন, $x^3 - \frac{1}{x^3}$

$$= \left(x - \frac{1}{x}\right)^3 + 3x.\frac{1}{x}\left(x - \frac{1}{x}\right)$$

$= 4^3 + 3.4$

$= 64 + 12$

$= 76$

১৪. উৎপাদকে বিশ্লেষণ কর : $4x^2 + 5x - 6$ ৫

**সমাধান**

$4x^2 + 5x - 6$

$= 4x^2 + 8x - 3x - 6$

$= 4x(x + 2) - 3(x + 2)$

$= (x + 2)(4x - 3)$

১৫. টীকা লিখুন : ১০

ক. সেলফি : সেলফি (selfie) একটি ইংরেজি শব্দ, যার অর্থ–হলো নিজস্বী বা আত্ম-প্রতিকৃতি। অর্থাৎ হাতে ধরা ডিজিটাল ক্যামেরা বা ক্যামেরা ফোনের মাধ্যমে নিজের আলোকচিত্র নিজেই ধারণ করাকে সেলফি বলে। সেলফি প্রায়ই ফেসবুক, গুগল, ইন্সটাগ্রাম, স্ন্যাপচ্যাট, টাম্বলার এবং টুইটার ইত্যাদি সামাজিক যোগাযোগের মাধ্যমগুলোতে শেয়ার করা হয়ে থাকে। সেলফি শব্দটি প্রথম এসেছে ইংরেজি সেলফিশ থেকে। সেলফি অর্থ প্রতিকৃতি। অক্সফোর্ড অভিধানের মতে, সেলফি হলো একটি ছবি (আলোকচিত্র) যা নিজের তোলা নিজের প্রতিকৃতি, যা সাধারণত স্মার্টফোন বা ওয়েবক্যামে ধারণকৃত এবং যে কোনো সামাজিক মাধ্যমে আপলোড (তুলে দেয়া) করা হয়ে থাকে। বেশিরভাগ সেলফি হাত সামনে তুলে বা আয়নার সামনে দাঁড়িয়ে, কখনো-কখনো সেলুফ টাইমার ব্যবহার করেও নেয়া হয়।

খ. কমিউনিটি রেডিও : কমিউনিটি রেডিও-এর উৎপত্তি ল্যাটিন আমেরিকায়। দারিদ্র্য ও সামাজিক অনাচারের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে এ রেডিও যাত্রা শুরু করে ১৯৪৮ সালে। বলিভিয়ার 'মাইনার্স রেডিও' এবং কলম্বিয়ায় 'রেডিও সুতাতেনজা' কমিউনিটি রেডিওর প্রতিষ্ঠার ইতিহাসে অগ্রদূত। সে প্রেরণায় এখনো বিশ্বের বিভিন্ন স্থানে এই রেডিও স্থাপন হচ্ছে। কমিউনিটি হচ্ছে একটি নির্দিষ্ট জনগোষ্ঠী, যার অন্তর্ভুক্ত ব্যক্তির্বা সমধর্মী কিছু লোকজ, আর্থসামাজিক ও সাংস্কৃতিক বৈশিষ্ট্যের অধিকারী। আর কমিউনিটি রেডিও এসব জনগোষ্ঠীকে সচেতন করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। তাই বিশ্বে কমিউনিটি রেডিও স্থাপনের চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

কমিউনিটি রেডিওর কয়েকটি বৈশিষ্ট্য ও উদ্দেশ্য হলো :

১. প্রান্তিক জনগোষ্ঠীর মুখের ভাষায় অনুষ্ঠান প্রচার করা।
২. প্রান্তিক মানুষের আশা আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটানো।
৩. স্থানীয় জনগণের লোকজ জ্ঞান, সম্পদ ও সংস্কৃতি, আধুনিক জ্ঞান ও প্রযুক্তির সমন্বয় ঘটানো।
৪. প্রান্তিক জনগণের জন্য, জনগণের দ্বারা ও তাদের মালিকানায় পরিচালিত।
৫. এটি লোকালয়ের জনগোষ্ঠীর কল্যাণকে প্রাধান্য দেয়–বাণিজ্যিক স্বার্থকে নয়।
৬. কমিউনিটি রেডিও-এর সবচেয়ে বড় বৈশিষ্ট্য হলো সেই লোকালয়ের মানুষের সরাসরি অংশগ্রহণ। এখানে লোকালয়ের কৃষক তার কৃষির কথা বলতে পারছে, কবি তার লেখা কবিতা পাঠ করতে পারছে।

গ. বোকো হারাম : 'বোকো হারাম' নাইজেরিয়ার উত্তর-পূর্বাঞ্চলভিত্তিক একটি জঙ্গি সংগঠন যার পূর্ণ নাম– জামায়াত আহল আস-সুন্নাহ লিদ দাওয়াহ ওয়াল জিহাদ। এ সংগঠনটিও আল-কায়েদার মতো পশ্চিমা শিক্ষা-সংস্কৃতির বিরুদ্ধে। আত্মঘাতী বোমা হামলা তাদের প্রধান যুদ্ধ পদ্ধতি এবং আল-কায়েদার মতো আদর্শ বাস্তবায়নে চরমপন্থী। বোকো হারামের যোদ্ধারা প্রশিক্ষণের জন্য সোমালিয়া যেয়ে থাকে। কেউ কেউ আফগানিস্তান পর্যন্ত গেছে বলে মনে করা হয়। বোকো হারাম সক্রিয় কর্মকাণ্ড পরিচালনা করে আসছে ২০০১ সাল থেকে। এর সদর দপ্তর নাইজেরিয়ার বোরনো স্টেট-এ। বোকো শব্দটি হাউসা ভাষার শব্দ

আর হারাম শব্দটি এসেছে আরবি থেকে। বোকো অর্থ পশ্চিমা শিক্ষা এবং হারাম অর্থ নিষিদ্ধ। অর্থাৎ বোকো হারাম অর্থ পশ্চিমা শিক্ষা পাপ/নিষিদ্ধ। এ সংগঠনের তাই মূল লক্ষ্যই হলো পশ্চিমা শিক্ষা সংস্কৃতিকে প্রতিরোধ করা এবং শরিয়া আইন চালু করা।

ঘ. সমুদ্র বিজয় : ভারত ও মিয়ানমারের সাথে ৩৫ বছরে দ্বিপক্ষীয় আলোচনা করেও সমুদ্রসীমা সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি করতে না পেরে ২০০৯ সালের ৮ অক্টোবর বাংলাদেশ বিষয়টি আন্তর্জাতিক সালিসে নিয়ে যায়। এ বিষয়ে বাংলাদেশের পক্ষ থেকে ভারত ও মিয়ানমারকে সালিসের নোটিশ দেয়া হয়। সালিসে সমুদ্রসীমা সংক্রান্ত বিরোধ নিষ্পত্তির নোটিশ পাওয়ার পর ভারত ও মিয়ানমার তা গ্রহণ করে নোটিশের জবাবও দেয়। কিন্তু তারপর বাংলাদেশের সাথে দ্বিপক্ষীয় আলোচনার পরিপ্রেক্ষিতে মিয়ানমার সালিস থেকে বিষয়টি প্রত্যাহার করে ITLOS-এর মাধ্যমে নিষ্পত্তির প্রস্তাব করে। সে অনুযায়ী ২০০৯ সালের ১৪ ডিসেম্বর সমঝোতার ভিত্তিতে ITLOS-এ মামলা করে মিয়ানমার ও বাংলাদেশ। এরপর ২০১০ সালের ১ জুলাই বাংলাদেশ এবং ঐ বছরই ১ ডিসেম্বর মিয়ানমার নিজেদের দাবির পক্ষে নথিপত্র জমা দেয়। ২০১১ সালের সেপ্টেম্বর মাসে দুই দফায় শুনানি হয়। প্রথম দফায় বাংলাদেশের মৌখিক শুনানি ৮ সেপ্টেম্বর শুরু হয়ে ১৩ সেপ্টেম্বর ২০১১ পর্যন্ত চলে। আর ১৫-২০ সেপ্টেম্বর ২০১১ পর্যন্ত মিয়ানমারের বক্তব্য শোনে ট্রাইব্যুনাল। ২১-২২ সেপ্টেম্বর ২০১১ পর্যন্ত দ্বিতীয় দফায় আবারো বাংলাদেশ তার যুক্তিতর্ক উপস্থাপন করে। মিয়ানমার ২৪ ও ২৫ সেপ্টেম্বর দ্বিতীয় দফায় তার বক্তব্য তুলে ধরে। এরপর ২০১২ সালের ১৪ মার্চ আদালতের চূড়ান্ত রায়ে বলা হয়, বাংলাদেশের সমুদ্র উপকূলের দৈর্ঘ্য ৪১৩ কিমি এবং মিয়ানমারের ৫৮৭ কিমি, যার আনুপাতিক হার ১ : ১.৪২। সে অনুযায়ী সমুদ্র এলাকায় বাংলাদেশের প্রাপ্য ১,১১,৬৩১ বর্গকিমি এবং মিয়ানমার পাবে ১,৭১,৮৩২ বর্গকিমি। বাংলাদেশের প্রাপ্য এ সমুদ্রসীমা যেন আরেকটি বাংলাদেশ। কেননা বাংলাদেশের মোট আয়তন ১,৪৭,৫৭০ বর্গ কিমি। এতে—

* বাংলাদেশ লাভ করে ২০০ নটিক্যাল মাইলের একচ্ছত্র অর্থনৈতিক অঞ্চল (EEZ)
* ১২ নটিক্যাল মাইল রাষ্ট্রীয় বা আঞ্চলিক সমুদ্র অঞ্চল (Territorial Sea)
* EEZ-এর পরে বর্ধিত মহীসোপানে নিরঙ্কুশ অধিকারের বৈধতা সমুদ্রবক্ষে তেল গ্যাসসহ সম্পদ আহরণের অধিকার গভীর সাগরে ও সমুদ্র তলদেশের সম্পদে অধিকার।

এরপর হেগভিত্তিক স্থায়ী সালিসি আদালত (PCA) কর্তৃক ২০১৪ সালের ৭ জুলাই ভারতের সাথে বাংলাদেশের সমুদ্রসীমা নির্ধারণের রায় প্রদানের ফলে বাংলাদেশ এক বিপুল অঞ্চলে তার পূর্ণ অধিকার ও সার্বভৌমত্ব প্রতিষ্ঠিত করতে পেরেছে। রায় অনুযায়ী দুই দেশের মধ্যে বঙ্গোপসাগরের বিরোধপূর্ণ ২৫,৬০২ বর্গ কিলোমিটারের মধ্যে বাংলাদেশ পাবে ১৯,৪৬৭ বর্গ কিমি আর ভারত পাবে ৬,১৩৫ বর্গ কিমি।

এ রায়ের ফলে ১,১৮,৮১৩ বর্গ কিলোমিটারের বেশি টেরিটোরিয়াল সমুদ্র, ২০০ নটিক্যাল মাইল পর্যন্ত অর্থনৈতিক অঞ্চল ও চট্টগ্রাম উপকূল থেকে ৩৫৪ নটিক্যাল মাইল পর্যন্ত মহীসোপানের তলদেশে অবস্থিত সবধরনের প্রাণিজ ও অপ্রাণিজ সম্পদের ওপর বাংলাদেশের সার্বভৌমত্ব প্রতিষ্ঠা পেয়েছে।

**১৬. ক. ভোমরা স্থল বন্দর কোন জেলায় অবস্থিত?**

উত্তর : ভোমরা স্থলবন্দরের অবস্থান সাতক্ষীরা জেলায়। এটি স্থলবন্দর হিসেবে ঘোষণা করা হয় ১২ জানুয়ারি ২০০২ সালে। এ বন্দরের অপরপ্রান্তের এলাকা হলো ঘোজাডাঙ্গা, পশ্চিমবঙ্গ।

**খ. জাতীয় শিশু দিবস কত তারিখে?**

উত্তর : বাংলাদেশে প্রতিবছর ১৭ মার্চ জাতীয় শিশু দিবস হিসেবে পালিত হয়। ১৯৯৬ সালে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিনটিকে শিশু দিবস হিসেবে পালনের সিদ্ধান্ত নেয়া হয়।

**গ. বিশ্বকাপ ফুটবল ২০১৪ এর ফুটবলের নাম কি ছিল?**

উত্তর : ২০১৪ ফিফা বিশ্বকাপের অফিসিয়াল বল 'অ্যাডিডাস ব্রাজুকা'। ১০ লক্ষেরও বেশি ফুটবল ভক্তের গণভোটে ৭০ শতাংশ ভোট পেয়ে বিজয়ী হয় 'ব্রাজুকা' নামটি। আর এ বল সরবরাহের দায়িত্ব পালন করে বিখ্যাত প্রতিষ্ঠান অ্যাডিডাস। ২১তম বিশ্বকাপ ২০১৮, বলের নাম ছিল টেলস্টার ১৮; নকআউট পর্বের বলের নাম ছিল টেলস্টার মেচতা।

**ঘ. আইসিসি ক্রিকেট বিশ্বকাপ ২০১৫ তে কতটি দেশ অংশগ্রহণ করছে?**

উত্তর : ICC কর্তৃক আয়োজিত ক্রিকেট বিশ্বকাপ ২০১৫ ছিল ১১তম আসর। অস্ট্রেলিয়া এবং নিউজিল্যান্ডে অনুষ্ঠিত এ আসরে ১৪টি দল অংশগ্রহণ করেছিল। উল্লেখ্য, ২০১৯ সালে ইংল্যান্ড ও ওয়েলসে অনুষ্ঠিত ১২তম বিশ্বকাপ ক্রিকেটে ১০টি দেশ অংশগ্রহণ করে।

**ঙ. মালয়েশিয়ার প্রধানমন্ত্রীর নাম কি?**

উত্তর : মালয়েশিয়ার বর্তমান প্রধানমন্ত্রী মাহাথির মোহাম্মদ।

**চ. UNHCR এর পূর্ণরূপ লিখুন।**

উত্তর : UNHCR—United Nations High Commissioner for Refugees।

**ছ. জগদ্দল বিহার কোন জেলায় অবস্থিত?**

উত্তর : জগদ্দল বিহার বাংলাদেশের নওগাঁ জেলার ধামুরহাট উপজেলার একটি প্রাচীন প্রত্নতাত্ত্বিক স্থান। স্থানীয় জনগণ এটিকে বটকৃষ্ণ রায় নামক একজন জমিদারের বাড়ির ধ্বংসাবশেষ বলে মনে করে।

**জ. বাংলাদেশের সংবিধানের কতটি অনুচ্ছেদ?**

উত্তর : ১৯৭২ সালের ১৬ ডিসেম্বর থেকে কার্যকর হওয়া গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান-এর মোট অনুচ্ছেদ সংখ্যা ১৫৩টি। এছাড়া এ সংবিধানে ১টি প্রস্তাবনা, ৭টি তফসিল এবং ১১টি ভাগ রয়েছে।

**ঝ. ফেসবুকের প্রতিষ্ঠাতার নাম কি?**

উত্তর : বিশ্ব-সামাজিক ও আন্তঃযোগাযোগের বহুল ব্যবহৃত ওয়েবসাইট Facebook.com ২০০৪ সালের ৪ ফেব্রুয়ারি থেকে চালু হয়। এর প্রধান প্রতিষ্ঠাতার নাম মার্ক জাকারবার্গ এবং সহযোগী প্রতিষ্ঠান হলো– এডওয়ার্ডো সেভারিন, ডাস্টিন মস্কোভিত্স এবং ক্রিস হিউজেস।

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর/অফিস সহকারী/অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ২০১৫

পরীক্ষার তারিখ : ৩০.০১.২০১৫; সময় : ১ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান : ১০০

(ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক)

১. 'বাংলাদেশে জলবায়ু পরিবর্তনের প্রভাব' বিষয়ে অনধিক ১০০ শব্দের একটি অনুচ্ছেদ লিখুন। ৭

### বাংলাদেশে জলবায়ু পরিবর্তনের প্রভাব

পরিবেশ বিজ্ঞানীদের মতে বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধির ফলে সবচেয়ে ক্ষতিগ্রস্ত দেশের মধ্যে বাংলাদেশ অন্যতম। সম্প্রতি বাংলাদেশে যেসব বড় ধরনের প্রাকৃতিক দুর্যোগ দেখা দিচ্ছে তা মূলত জলবায়ু পরিবর্তনের কারণেই দেখা দিচ্ছে। বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধিই মূলত এ পরিবর্তিত জলবায়ুর জন্য দায়ী। বৈশ্বিক উষ্ণায়নের ফলে বাংলাদেশে সম্ভাব্য ভয়ানক পরিণতিসমূহের মধ্যে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি, উত্তরাঞ্চলে মরুভূমির বৈশিষ্ট্য দৃশ্যমান হচ্ছে। নিম্নভূমিতে প্লাবন, জীববৈচিত্র্য ধ্বংস, নদ-নদীর প্রবাহ হ্রাস এবং পানির লবণাক্ততা বৃদ্ধি, আকস্মিক বন্যা, নদী ভাঙন, খরা, সামুদ্রিক ঝড় ও জলোচ্ছ্বাসের মতো প্রাকৃতিক দুর্যোগগুলো দৃশ্যমান হচ্ছে।

জলবায়ু পরিবর্তনের ফলে ঘটমান বিপর্যয় ও প্রাকৃতিক দুর্যোগ প্রশমন এবং স্থানচ্যুত মানুষের পুনর্বাসনের প্রয়োজন বিবেচনা করে রাজস্ব বাজেটের আওতায় ২০০৯-১০ অর্থবছরে তহবিল গঠন করা হয় এবং ২০১৯-২০২০ অর্থবছর পর্যন্ত মোট ৩,৮০০ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়। দুর্যোগকে কেন্দ্র করে তহবিল গঠনের দিক থেকে বাংলাদেশই বিশ্বে প্রথম এবং রোলমডেল হিসেবে বিবেচিত হচ্ছে। এর ফলে পলিসি লিডারশীপে বাংলাদেশের বর্তমান সরকার প্রধান শেখ হাসিনা জাতিসংঘের চ্যাম্পিয়ন 'অব দা আর্থ' পুরস্কার অর্জন করেন। জলবায়ু পরিবর্তনে ঝুঁকি মোকাবিলায় জাতিসংঘ শেখ হাসিনাকে এই পুরস্কারে ভূষিত করে।

২. অর্থসহ বাক্য রচনা করুন : ৫

ক. আমড়া কাঠের ঢেঁকি (অকেজো লোক)— এমন আমড়া কাঠের ঢেঁকি আমার কোন কাজে লাগবে?

খ. সুখের মাছি (সুসময়ের বন্ধু)—সুদিনে সুখের মাছির অভাব হয় না, কিন্তু দুর্দিনে একজনও মিলে না।

গ. পুঁটি মাছের প্রাণ (ক্ষীণজীবী লোক)—একটু পরিশ্রমেই আমাদের পুঁটি মাছের প্রাণ যেন যায় যায়।

ঘ. একাদশে বৃহস্পতি (মহাসৌভাগ্য)—ব্যবসায় লাভ, ছেলের বিদেশ যাত্রা, এ বছর চৌধুরী সাহেবের একাদশে বৃহস্পতি।

ঙ. গাঁয়ে মানে না আপনি মোড়ল (গ্রামবাসী না মানলেও নিজেই নিজেকে কর্তা বলে জাহির করা)— তুমি বাপু অপর দালালি করছ কেন, গাঁয়ে মানে না আপনি মোড়ল হয়ে বসেছ দেখছি।

৩. সন্ধি বিচ্ছেদ করুন : ৪

| প্রদত্ত শব্দ | সন্ধি বিচ্ছেদ |
|---|---|
| ক. পরীক্ষা | পরি + ঈক্ষা |
| খ. ইত্যাদি | ইতি + আদি |
| গ. গবেষণা | গো + এষণা |
| ঘ. শুভেচ্ছা | শুভ + ইচ্ছা |

৪. এক কথায় প্রকাশ করুন : ৪

| প্রদত্ত বাক্য | এক কথায় প্রকাশ |
|---|---|
| ক. উপকারীর অপকার করে যে | কৃতঘ্ন |
| খ. উপস্থিত বুদ্ধি আছে যার | প্রত্যুৎপন্নমতি |
| গ. যার দুই হাত সমান চলে | সব্যসাচী |
| ঘ. একই গুরুর শিষ্য | সতীর্থ |

৫. শুদ্ধ করে লিখুন : ৫

| প্রদত্তশব্দ | শুদ্ধরূপ |
|---|---|
| জৈষ্ঠতা | জ্যেষ্ঠতা |
| সমিচীন | সমীচীন |
| পোষ্ট অফিস | পোস্ট অফিস |
| মেজিষ্ট্রেট | ম্যাজিস্ট্রেট |
| অনুভুমিক | অনুভূমিক |

৬. সংক্ষিপ্ত উত্তর লিখুন : ৫

ক. 'শেষের কবিতা' কোন ধরনের সাহিত্যকর্ম?

উত্তর : 'শেষের কবিতা' (১৯২৯) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত উপন্যাস। 'প্রবাসী' পত্রিকায় ছাপানো হয় ১৯২৮ সালে। তবে অসামান্য ঔজ্জ্বল্য, দৃপ্তশক্তি ও কবিত্বের দীপ্তি এই গ্রন্থটিকে এমন স্বাতন্ত্র্য দিয়েছে, যার জন্য এই গ্রন্থটি রবীন্দ্রনাথের বিস্ময়কর সৃষ্টির অন্যতম। 'কালের যাত্রার ধ্বনি শুনিতে কি পাও'—এই কবিতা দিয়ে উপন্যাসটি শেষ হয়েছে।

খ. 'স্বাধীনতা তুমি' কবিতাটির রচয়িতা কে?

উত্তর : শামসুর রাহমান রচিত 'স্বাধীনতা তুমি' কবিতাটি কবির 'উদ্ভট উটের পিঠে চলছে স্বদেশ' কাব্যগ্রন্থের অন্তর্গত।

গ. বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন কোনটি?

উত্তর : বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন 'চর্যাপদ'। মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী ১৯০৭ সালে নেপালের রয়েল লাইব্রেরি থেকে চর্যাপদ আবিষ্কার করেন। তার সম্পাদনায় ১৯১৬ সালে কলকাতার বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে আধুনিক লিপিতে এটি প্রকাশিত হয়।

ঘ. বাংলা সাহিত্যে 'সনেট' এর প্রবর্তক কে?

উত্তর : বাংলা সাহিত্যে সনেটের প্রবর্তক মাইকেল মধুসূদন দত্ত (১৮২৪-১৮৭৩)। ইতালীয় কবি পেত্রার্ক এবং ইংরেজি নাট্যকার উইলিয়াম শেকস্পিয়রের সনেটের ঢঙে তার 'চতুর্দশপদী কবিতাবলি' (১৮৬৬) রচনা করেন।

ঙ. কাজী নজরুল ইসলাম এর 'বিদ্রোহী' কবিতাটি কোন কাব্য গ্রন্থের অন্তর্ভুক্ত?

উত্তর : কাজী নজরুল ইসলামের 'বিদ্রোহী' কবিতাটি তার প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ 'অগ্নি-বীণা' (সেপ্টেম্বর, ১৯২২)-এর অন্তর্গত। 'বিদ্রোহী' কবিতার জন্য প্রথমে তাকে 'বিদ্রোহীর কবি' বলা হয়, পরে তিনি 'বিদ্রোহী কবি' নামে পরিচিতি লাভ করেন।

৭. Suppose you are 'X'. Write a letter to your younger brother 'Y' describing the danger of taking drugs. ৫

21 January 2015
Mohipur

My dear Y

I am terribly concerned to know that of late, you have started taking drugs. This is the worst news of the year for me.

I do urge upon you to get out of the nightmarish world of drug-addicts and give up the habit of taking drugs. Drugs bring about a dreadful change on a human body and no medical science on earth can stop the change.

The weight of the addict begins to drop. His skin begins to change. It becomes sickly yellow and seems to hang on his bones. Drugs kill the addict's desire for food and sleep. He is always obsessed with drug and remains drowsy. Drugs affect and endanger all the internal functions of the body. Drug addicts die mostly from malnutrition. When they realize the mischief, they want to shirk off the habit but they cannot. If an addict is deprived of the drug, he shakes and shivers and sweats. Then he gets cramped in his stomach. He becomes desperate and does not hesitate to commit any crime. We do not want to see you in that condition. As you are still in the primary stage, you will be able to give it up only if you have a strong will. I expect to know from your next letter that you have given up taking drug. I pray to Almighty for your riddance from it.

Yours ever
X

৮. Make sentences with the following phrases and idioms (with Bengali meaning) : $৫ \times ২ = ১০$

a. Abide by (মেনে চলা)—You should abide by your teacher's advice.

b. Fair weather friend (সুসময়ের বন্ধু)— We should avoid fair weather friends.

c. Crocodile tears (মায়াকান্না)— Don't believe in her crocodile tears.

d. Bad blood (শত্রুতা)—There has been bad blood between two families for years.

e. By dint of (বলে)—The man became successful in his life by dint of hard labour.

৯. Fill in the blanks : ৫

a. He lives — Shahbag.
b. It is 5 O'clock — my watch.
c. The man is devoted — God.
d. He is accused — theft.
e. She died — hunger.

Ans. a. at; b. by; c. to; d. of; e. from.

১০. Translate into English : $৫ \times ২ = ১০$

ক. সে কি ক্রিকেট খেলে?

Ans : Does he play cricket?

খ. লোকটি তিন দিন যাবত অসুস্থ।

Ans : The man has been ill for three days.

গ. আম খাওয়া ভাল।

Ans : Eating mangoes is good.

ঘ. সে সকাল সাতটায় ঘুম থেকে ওঠে।

Ans : He gets up at 7 am.

ঙ. চাঁদের নিজস্ব আলো নেই।

Ans : The moon has no light of its own.

১১. একটি ঘড়ি ৬২৫ টাকায় বিক্রয় করলে ১০% ক্ষতি হয়। ঘড়িটি কত টাকায় বিক্রয় করলে ১০% লাভ হবে? ৬

সমাধান

১০% ক্ষতিতে বিক্রয়মূল্য (১০০−১০) = ৯০ টাকা

১০% লাভে " " (১০০+১০) = ১১০ টাকা

৯০ টাকায় বিক্রয় করতে হবে ১১০ টাকা

$\therefore$ ১ " " " " $\frac{১১০}{৯০}$ "

$\therefore$ ৬২৫ " " " " $\frac{১১০ \times ৬২৫}{৯০} = ৭৬৩.৮৮$ টাকা

$\therefore$ ঘড়িটি ৭৬৩.৮৮ টাকায় বিক্রয় করলে ১০% লাভ হবে।

উত্তর : ৭৬৩.৮৮ টাকা

১২. একটি ঘরের দৈর্ঘ্য প্রস্থের তিনগুণ। প্রতি বর্গমিটারে ৭.৫০ টাকা দরে ঘরের মেঝে কার্পেট দিয়ে মুড়তে মোট ১১০২.৫০ টাকা ব্যয় হয়। ঘরটির দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় করুন। ৬

**সমাধান** ধরি, প্রস্থ x মি.

$\therefore$ দৈর্ঘ্য $(৩ \times x) = ৩x$ মি.

৭.৫০ টাকায় কার্পেট দিয়ে মুড়াতে পারে ১ বর্গ মি.

$\therefore$ ১ " " " " " $\frac{১}{৭.৫০}$ "

$\therefore$ ১১০২.৫০ " " " " " $\frac{১১০২.৫০}{৭.৫০}$ "

$= ১৪৭$ বর্গ মি.

প্রশ্নমতে, $x \times ৩x = ১৪৭$

$\Rightarrow ৩x^২ = ১৪৭$

$\Rightarrow x^২ = \frac{১৪৭}{৩}$

$\Rightarrow x^২ = ৪৯$

$\Rightarrow x^২ = ৭^২$

$\therefore x = ৭$

$\therefore$ ঘরটির প্রস্থ ৭ মিটার এবং দৈর্ঘ্য $(৭ \times ৩) = ২১$ মিটার

উত্তর : দৈর্ঘ্য ২১ মিটার এবং প্রস্থ ৭ মিটার।

১৩. $p - 1/p = 8$ হলে প্রমাণ করুন যে, $p^2 + 1/p^2 = 66$ ৪

**সমাধান** দেয়া আছে,

$$p-\frac{1}{p}=8$$

$$\Rightarrow\left(p-\frac{1}{p}\right)^2=8^2 \Rightarrow\left(p+\frac{1}{p}\right)^2-4.p\frac{1}{p}=8^2$$

$$\Rightarrow p^2+2.p.\frac{1}{p}+\frac{1}{p^2}-4=64$$

$$\Rightarrow p^2+\frac{1}{p^2}-2=64$$

$$\Rightarrow p^2+\frac{1}{p^2}=64+2$$

$$\therefore p^2+\frac{1}{p^2}=66 \text{ (Proved)}$$

১৪. $x + y = 7$ এবং $xy = 10$ হলে $x^2 + y^2 + 5xy$ এর মান কত? ৪

**সমাধান** দেয়া আছে,

$x + y = 7$ এবং $xy = 10$

$\therefore x^2 + y^2 + 5xy$

$= x^2 + 2xy + y^2 + 3xy$

$= (x + y)^2 + 3xy$

$= 7^2 + 3.10$

$= 49 + 30$

$= 79$

১৫. পূর্ণরূপ লিখুন : ৫

a. ADB— Asian Development Bank.

b. WWW—World Wide Web.

c. WTO—World Trade Organization.

d. SAARC—South Asian Association for Regional Co-operation.

e. ICDDR,B—International Centre for Diarrhoeal Diseases Research, Bangladesh.

১৬. সংক্ষিপ্ত উত্তর লিখুন : ১৫

ক. 'মুজিবনগর সরকার' কোন তারিখে গঠিত হয়?
উত্তর : ১০ এপ্রিল ১৯৭১।

খ. মুক্তিযুদ্ধে বীরত্বসূচক রাষ্ট্রীয় উপাধি কয়টি ও কি কি?
উত্তর : ৪টি। যথা : বীরশ্রেষ্ঠ, বীর উত্তম, বীর বিক্রম ও বীর প্রতীক।

গ. 'মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি'—গানটির রচয়িতা কে?
উত্তর : গোবিন্দ হালদার।

ঘ. উয়ারি-বটেশ্বর কোন জেলায় অবস্থিত?
উত্তর : নরসিংদী।

ঙ. ভৌগোলিক কোন রেখাটি বাংলাদেশের উপর দিয়ে গেছে?
উত্তর : কর্কটক্রান্তি রেখা এবং ৯০° পূর্ব দ্রাঘিমা রেখা।

চ. বাংলাদেশে জাতীয় শিশু দিবস কোন তারিখে পালিত হয়?
উত্তর : ১৭ মার্চ।

ছ. বাংলাদেশ কত সালে জাতিসংঘের সদস্য পদ লাভ করে?
উত্তর : ১৭ সেপ্টেম্বর ১৯৭৪।

জ. নারিকেল জিঞ্জিরার অপর নাম কি?
উত্তর : সেন্টমার্টিন।

ঝ. বাংলাদেশের সাথে কয়টি দেশের স্থল সীমান্ত আছে?
উত্তর : ২টি।

ঞ. বাংলাদেশের স্থলবন্দরসমূহ কোন মন্ত্রণালয়ের আওতাধীন?
উত্তর : নৌপরিবহন মন্ত্রণালয়।

ট. জাতীয় সংসদ ভবনের স্থপতি কে?
উত্তর : প্রফেসর লুই আই কান।

ঠ. বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার কে?
উত্তর : কামরুল হাসান।

ড. বাংলাদেশের সংবিধান কত তারিখে গৃহিত হয়?
উত্তর : ৪ নভেম্বর ১৯৭২।

ঢ. জাতিসংঘের বর্তমান মহাসচিব কোন দেশের নাগরিক?
উত্তর : পর্তুগাল।

ণ. 'Windows 10' কোন ধরনের সফটওয়ার?
উত্তর : সিস্টেম সফ্টওয়্যার (System Software)।

# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর ২০১৪

পরীক্ষার তারিখ : ১৭.১০.২০১৪; সময় : ১ ঘন্টা; পূর্ণমান : ৭৫

১. অর্থসহ (বাগধারা) বাক্য রচনা করুন : ১০

ক. অন্ধের যষ্টি (একমাত্র অবলম্বন)— বিধবার একমাত্র সন্তান তার অন্ধের যষ্টি।

খ. ইনিয়ে বিনিয়ে (ঘুরিয়ে ফিরিয়ে/নানাভাবে)—ইনিয়ে বিনিয়ে না বলে সরাসরি বলো।

গ. উত্তম-মধ্যম (প্রহার, পিটুনি)— গৃহস্থ চোরটাকে উত্তম-মধ্যম দিয়ে ছেড়ে দিল।

ঘ. গৌরচন্দ্রিকা (ভূমিকা)— গৌরচন্দ্রিকা না করে আসল কথা বলো।

ঙ. চশমখোর (লজ্জাহীন)— তোমার মতো চশমখোর লোক ভূ-মণ্ডলে বিরল।

২. এক কথায় প্রকাশ করুন : ৫

| প্রদত্ত বাক্য | এক কথায় প্রকাশ |
|---|---|
| ক. অগ্রে গমন করে যে | অগ্রগামী |
| খ. ইন্দ্রিয়কে জয় করেছেন যিনি | জিতেন্দ্রিয় |
| গ. যার চক্ষু লজ্জা নেই | চশমখোর |
| ঘ. ভবিষ্যৎ চিন্তা করে কাজ করে যে | দূরদর্শী |
| ঙ. যে নারী স্বয়ং পতি বরণ করে | স্বয়ংবরা |

৩. নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দিন : ৫

ক. 'পায়ের আওয়াজ পাওয়া যায়' কোন শ্রেণির নাটক?

উত্তর : 'পায়ের আওয়াজ পাওয়া যায়' মুক্তিযুদ্ধভিত্তিক কাব্যনাট্য (রচয়িতা সৈয়দ শামসুল হক)।

খ. 'ঠাকুর মার ঝুলির' রচয়িতা কে?

উত্তর : 'ঠাকুরমার ঝুলি'র সম্পাদনা ও প্রকাশ করেন দক্ষিণারঞ্জন মিত্রমজুমদার। [উল্লেখ্য, 'ঠাকুরমার ঝুলি' বাংলাদেশে প্রচলিত বিভিন্ন রূপকথার সংকলন। এগুলোর রচয়িতার নাম অজ্ঞাত।]

গ. 'সেবক' এর স্ত্রীলিঙ্গ কি?

উত্তর : 'সেবক' এর স্ত্রীলিঙ্গ 'সেবিকা'।

ঘ. উল্লাস' সন্ধি বিচ্ছেদ করুন।

উত্তর : উৎ + লাস = উল্লাস।

ঙ. 'কিংবধন্তি' শুদ্ধ করে লিখুন।

উত্তর : 'কিংবধন্তি'-এর শুদ্ধরূপ 'কিংবদন্তি'।

৪. ইংরেজিতে অনুবাদ করুন : ১০

ক. সে ইংরেজীতে কাঁচা।

Ans : He is dull at English.

খ. তার হাতের লেখা ভাল।

Ans : His hand writing is well.

গ. আল্লাহ তোমার মঙ্গল করুন।

Ans : May Allah bless you.

ঘ. সে পায়ে হেঁটে স্কুলে যায়।

Ans : He goes to school on foot.

ঙ. তিনি আজ বাড়ি যাবেন না।

Ans : He will not go home today.

৫. শূন্যস্থান পূরণ করুন : ১০

i. Do not tell — lie.

ii. Always speak — truth.

iii. He is — honest man.

iv. What is the plural of deer?

v. Dhaka stands on — Buriganga.

Ans : i. a; ii. the; iii. an; iv. The plural of deer is deer; v. the।

৬. ইংরেজিতে পূর্ণরূপ লিখুন : ১০

i. WTO— World Trade Organization.

ii. OIC— Organization of Islamic Cooperation.

iii. RAM— Random Access Memory.

iv. BARD— Bangladesh Academy for Rural Development.

v. NGO— Non Governmental Organization.

৭. মান নির্ণয় করুন : ১০

$a - b = 4$, $ab = 3$ হলে $a^3 - b^3 = ?$

**সমাধান**

$a - b = 4$

$ab = 3$

এখন, $a^3 - b^3 = (a - b)^3 + 3ab(a - b)$

$= 4^3 + 3.3(4)$

$= 64 + 36$

$\therefore a^3 - b^3 = 100$

৮. চিনির মূল্য ১৫% বৃদ্ধি পাওয়ায় এক ব্যক্তির চিনি বাবদ খরচ ২২.৫০ টাকা বৃদ্ধি পায়। পূর্বে ঐ ব্যক্তির চিনি বাবদ খরচ কত ছিল? ৬

**সমাধান** বর্তমানে,

১৫ টাকা খরচ বৃদ্ধি পেলে পূর্বে খরচ ছিল ১০০ টাকা

∴ ১ " " " " " " $\frac{১০০}{১৫}$ "

∴ ২২.৫০ " " " " " " $\frac{১০০ \times ২২.৫০}{১৫}$ "

= ১৫০ টাকা

৯. সংক্ষেপে উত্তর দিন : ৮

ক. ১৫০ এর ৮% কত?

সমাধান

১৫০এর ৮%

$= ১৫০ \times \frac{৮}{১০০} = ১২$

খ. .০২ × .০০২ = কত?

সমাধান

.০২ × .০০২ = .০০০০৪ [পাঁচ অঙ্ক বামে দশমিক হবে]

গ. ১ হতে ৩০ পর্যন্ত কতটি মৌলিক সংখ্যা আছে?

সমাধান

১ হতে ৩০ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলো হলো— ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩ ও ২৯ অর্থাৎ মোট ১০টি।

ঘ. ১ কুইন্টাল সমান কত কেজি?

সমাধান ১ কুইন্টাল = ১০০ কেজি।

১০. এক কথায় উত্তর দিন :

ক. বঙ্গভঙ্গ কোন তারিখে কার্যকর হয়?

উত্তর : ১৬ অক্টোবর ১৯০৫ বঙ্গভঙ্গ কার্যকর হয়।

খ. অসমাপ্ত আত্মজীবনীর লেখক কে?

উত্তর : 'অসমাপ্ত আত্মজীবনী'র লেখক জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

গ. মহিলা বীরপ্রতীক কত জন ও কে কে?

উত্তর : মহিলা বীর প্রতীক দুইজন। তারা হলেন– i. তারামন বিবি ও ii. ড. সিতারা বেগম।

ঘ. বাংলাদেশের সমুদ্র বন্দর কয়টি ও কি কি?

উত্তর : বাংলাদেশের সমুদ্রবন্দর ৩টি। যথা : i. চট্টগ্রাম সমুদ্রবন্দর; ii. মোংলা সমুদ্রবন্দর ও iii. পায়রা সমুদ্রবন্দর।

ঙ. জাতীয় পতাকার নকশা প্রথম কে তৈরি করেন?

উত্তর : জাতীয় পতাকার নকশা প্রথম তৈরি করেন শিব নারায়ণ দাস (৬ জুন ১৯৭০)।

## ১২২ সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)-এর হিসাবরক্ষক ২০১৪

পরীক্ষার তারিখ : ২৬.০৯.২০১৪; সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ৭০

১. প্রোগ্রাম পরিচালক, সেসিপ এর নিকট হিসাবরক্ষক পদে চাকুরি চেয়ে একটি আবেদনপত্র লিখুন। ৮

২৬ সেপ্টেম্বর ২০১৪

বরাবর
প্রোগ্রাম পরিচালক
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)
ঢাকা।

বিষয় : হিসাবরক্ষক পদে চাকরির জন্য আবেদন।

মহোদয়,

সবিনয় নিবেদন এই যে, গত ২২/০৯/২০১৪ তারিখের দৈনিক যুগান্তর পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির মাধ্যমে জানতে পারলাম আপনার পরিচালিত সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রামে হিসাবরক্ষক পদে লোক নিয়োগ করা হবে। আমি উক্ত পদের একজন প্রার্থী। আপনার সদয় বিবেচনার জন্য নিচে আমার প্রয়োজনীয় তথ্যাবলি পেশ করলাম :

নাম : মোঃ ইকরাম হোসেন
পিতার নাম : মোঃ মোহন মিয়া
মাতার নাম : রেণু বেগম
জন্মতারিখ : ২৬ জানুয়ারি ১৯৯২
বর্তমান ঠিকানা : ১৩৬ বক্সী বাজার, ঢাকা
স্থায়ী ঠিকানা : ১৩৬ বক্সী বাজার, ঢাকা
বয়স : ২৫ বছর ২ মাস ৬ দিন
ধর্ম : ইসলাম
জাতীয়তা : বাংলাদেশি

শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষার নাম | শাখা | ফল | পাসের বছর | বোর্ড/বিশ্ব. |
|---|---|---|---|---|
| এসএসসি | বিজ্ঞান | জিপিএ ৪.৮ | ২০০৭ | ঢাকা |
| এইচএসসি | বিজ্ঞান | জিপিএ ৪.৫ | ২০০৯ | ঢাকা |
| বিকম (অনার্স) | হিসাববিজ্ঞান | দ্বিতীয় শ্রেণি | ২০১৪ | ঢাকা বিশ্ব. |
| এমকম | হিসাববিজ্ঞান | দ্বিতীয় শ্রেণি | ২০১৫ | ঢাকা বিশ্ব. |

অভিজ্ঞতা : উক্ত কাজে এক বছরের অভিজ্ঞতা

অতএব, মহোদয়ের নিকট বিনীত প্রার্থনা, উপর্যুক্ত তথ্যাদির আলোকে আমাকে উক্ত পদে নিয়োগ করলে আমার কর্মদক্ষতার দ্বারা আপনার সন্তুষ্টি অর্জনে সচেষ্ট হব।

বিনীত নিবেদক
মোঃ ইকরাম হোসেন

সংযুক্তি :

১. মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, বিকম (অনার্স) ও এমকম পরীক্ষা পাসের সত্যায়িত সনদপত্র।
২. সদ্য তোলা ৩ কপি ছবি।
৩. অভিজ্ঞতার সার্টিফিকেট।

২. চলতি ভাষায় রূপান্তর করুন : ৫

বাড়িটি তাহারা দখল করিয়াছে। অবশ্য যুদ্ধ না করিয়াই তাহাদের সামরিক শক্তি অনুমান করিয়া গৃহকর্তা যে পৃষ্ঠ প্রদর্শন করিয়াছিল তাহা নহে। সংবাদ পাইয়া অনেকেই দেখিতে আসে।

উত্তর : বাড়িটি তারা দখল করেছে। অবশ্য যুদ্ধ না করে তাদের সামরিক শক্তি অনুমান করে গৃহকর্তা যে পৃষ্ঠ প্রদর্শন করেছিল তা নয়। সংবাদ পেয়ে অনেকেই দেখতে আসে।

# সমাজসেবা অধিদপ্তরের অফিস সহকারী/ কম্পিউটার অপারেটর ২০১২

পরীক্ষার তারিখ : ১৫.০৬.২০১২; সময় : ১ ঘন্টা ৩০ মিনিট; পূর্ণমান : ১০০; সেট কোড : গোলাপ

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]

## বাংলা—৩০

১. সন্ধি বিচ্ছেদ করুন : ৫

| প্রদত্ত শব্দ | সন্ধি বিচ্ছেদ |
|---|---|
| বিদ্যালয় | বিদ্যা + আলয় |
| নায়ক | নৈ + অক |
| পরীক্ষা | পরি + ঈক্ষা |
| উদ্ধার | উৎ + হার |
| সংবাদ | সম্ + বাদ |

২. অর্থসহ বাক্য রচনা করুন : ৫

আকাশ কুসুম (অসম্ভব কল্পনা) : একজন পরিশ্রমী কখনও আকাশ-কুসুম ভেবে দিন কাটায় না, কাজ নিয়েই পরিকল্পনা বাস্তবায়িত করে।

চাঁদের হাট (ধনেজনে পরিপূর্ণ সংসার) : ছেলেমেয়েরা সবাই প্রতিষ্ঠিত এখন তোমার সংসার তো চাঁদের হাট।

অকাল কুষ্মাণ্ড (অপদার্থ) : হাসান একটা অকাল কুষ্মাণ্ড ছেলে, ওর দ্বারা কিছু হবে না।

ইঁদুর কপালে (মন্দভাগ্য) : টিটু এমএ পাস করেও চাকরি পেল না, এমন ইঁদুর কপালে আর দেখিনি।

কাঁঠালের আমসত্ত্ব : (অসম্ভব বস্তু)— ক্লাস না করেও একবারে প্রথম বিভাগে পাস! এ যে দেখছি কাঁঠালের আমসত্ত্ব।

৩. এককথায় প্রকাশ করুন : ৫

| প্রদত্ত বাক্য | এক কথায় প্রকাশ |
|---|---|
| ক. যিনি বক্তৃতা দানে পটু | বাগ্মী |
| খ. যা আঘাত পায়নি | অনাহত |
| গ. উপকারীর অপকার করে যে | কৃতঘ্ন |
| ঘ. যা বলা হয়নি | অনুক্ত |
| ঙ. একই গুরুর শিষ্য | সতীর্থ |

৪. নিচের শব্দগুলো শুদ্ধ করে লিখুন : ৫

মুমূর্ষ, প্রত্যয়ন, অশ্রুজল, সমিচিন, দুরবস্থা।

উত্তর : মুমূর্ষু, প্রত্যয়ন, অশ্রু, সমীচীন, দুরবস্থা।

৫. নিম্নোধৃত বিষয়ে ১৫০ শব্দের একটি অনুচ্ছেদ রচনা করুন : ১০

### নগরায়ন ও প্রাকৃতিক ভারসাম্য

নগরায়ন প্রক্রিয়া বর্তমান বিশ্বের প্রগতি ও উন্নয়নের অন্যতম মানদণ্ড হিসেবে চিহ্নিত। বড় বড় শহরগুলো সাধারণত আধুনিক উৎপাদন ব্যবস্থা, শিল্প, ব্যবসা-বাণিজ্য, অভ্যন্তরীণ ও বৈদেশিক অর্থনৈতিক কর্মকাণ্ড, শিক্ষা ও প্রশাসনের গতিশীল প্রাণকেন্দ্র হিসেবে কাজ করে। শুধু তাই নয়, নগর আধুনিক মননশীলতা, সংস্কৃতিচর্চা, উদ্ভাবন ও সচেতন জীবনমুখী দৃষ্টিভঙ্গি অনুশীলনের অন্যতম কেন্দ্রবিন্দু। এ কারণে বিশ্বব্যাপী নগরায়ন ঘটে চলেছে দ্রুত, গ্রামীণ জীবনযাত্রা ও অবকাঠামোর রূপান্তর ঘটছে প্রতিনিয়ত। অনেকে মনে করেন, মানব সভ্যতার ইতিহাসে নানা আবিষ্কারের মধ্যে কৃষির পরেই নগরের স্থান। নগরের উৎপত্তি এবং প্রসারের ফলে মানুষ আদিম অবস্থা থেকে মুক্তি লাভ করেছে। জীবনকে সহজ এবং উপযোগী করে তোলার ব্যাপারে নগরের দান অপরিসীম।

নগরায়নের ইংরেজি প্রতিশব্দ Urbanization। এই Urban শব্দটির সংজ্ঞায় বলা হয়েছে, 'The concentration of people in cities and towns.

নেলস এন্ডারসন নগরায়ন সম্পর্কে বলেন, 'নগরায়ন মানুষের চিন্তা, ব্যবহার ও মূল্যবোধের পরিবর্তন সাধন করে। এটি শুধু কোনো ব্যক্তি বা দলের পরিবর্তন নয়, বরং কাজের প্রতি মানুষের মনোবৃত্তির এবং শ্রমবিভাগের ক্রমাগত পরিবর্তন।'

সার্বিকভাবে বলা যায়, ধারাবাহিক, দীর্ঘমেয়াদি এবং অবিচ্ছিন্ন প্রক্রিয়ায় কোনো নির্দিষ্ট অঞ্চলে অধিক সংখ্যক জনগোষ্ঠীর স্থানান্তরের ফলে সম্পূর্ণ নতুন ধরনের অর্থনীতি, সমাজব্যবস্থা এবং ভৌত কাঠামোর বিকাশ ঘটলে, তাকে নগরায়ন বলা হয়।

সারা বিশ্বে নগর বৃদ্ধির সাথে সাথে পরিবেশের ভারসাম্যহীনতা ও অবক্ষয় ঘটছে। অত্যধিক জনসংখ্যা, ভূমির অপরিকল্পিত ও যথেচ্ছ ব্যবহার, শিল্পোৎপাদন, বন উজাড় করে কৃষি উৎপাদন ও বাসস্থান নির্মাণ প্রভৃতি কারণে মাটি, পানি, বায়ু, শব্দদূষণসহ নানা পরিবেশগত সমস্যা জটিল আকার নিয়েছে। গ্রিন হাউস প্রভাব ও ওজোন স্তরের ক্ষয়কে নগরায়নজনিত অর্থনৈতিক কর্মকাণ্ড ও জীবনযাত্রার পরোক্ষ ফলাফল হিসেবে চিহ্নিত করা যায়। নগর জীবনযাত্রার আরেকটি ক্ষতিকর দিক শব্দদূষণ। যুক্তরাষ্ট্রের Environmental Protection Agency (EPA) সাধারণভাবে ৭০ ডেসিবল শব্দমাত্রা ২৪ ঘন্টার ভিত্তিতে কোনো ব্যক্তির জন্য নিরাপদ বলে ঘোষণা করেছে। এ মাত্রার অতিরিক্ত শব্দকে শব্দসন্ত্রাস বলে তারা আখ্যায়িত করেছেন।

কৃষিনির্ভর বাংলাদেশে নগরায়ন সবার কাম্য। কেননা নগরায়ন ব্যবসা-বাণিজ্য, শিক্ষা ও প্রশাসনের গতিশীল প্রাণকেন্দ্র হিসেবে বিবেচিত। কিন্তু নগরায়নজনিত সমস্যার যথাযথ ও সুষ্ঠু প্রতিকার অত্যাবশ্যক। বাংলাদেশ সরকারের পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক দশ বছর মেয়াদি (১৯৯৫-২০০৫) National

Environment Management Action Plan (NEMAP) প্রণীত হয়েছে, যার আওতায় নগরায়ন ও গৃহায়নসহ সকল উন্নয়ন ক্ষেত্রে পরিবেশ সচেতনতা বৃদ্ধির তাগিদ রয়েছে। বর্তমান বিশ্বায়ন প্রক্রিয়ায় পরিকল্পিত ও আধুনিক নগরায়নের কোনো বিকল্প নেই এবং সে লক্ষ্যে বাংলাদেশে নগরকেন্দ্রিক উন্নয়ন পরিকল্পনাকে আরো গতিশীল ও জোরদার করে তুলতে হবে।

## English—30

6. **Write a paragraph on "Deforestation."** 10

### Deforestation

Deforestation means cutting down trees at a large scale. The causes of deforestation are many. Bangladesh is the most densely populated country in the world. Its population is much more in proportion to its area. This huge number of population needs more shelter, agricultural land, fuel, furniture etc. For all these reasons, people cut trees. Moreover, there are some dishonest people who cut trees in our forests to make money. The effects of deforestation are too many to describe. This destruction disturbs our ecological balance. The existence of animals is at a risk. Due to deforestation, carbon dioxide is increasing worldwide. As a result, the world is becoming warmer. The sea level is rising and many parts of the world are going to be engulfed by the result of deforestation. The removal of trees causes the world turning into deserts as a result of deforestation. The removal of trees causes birds and other animals living on them to leave. In the end, the soil gets sediment in the river bed and causes frequent floods. So, if we destroy trees at random, one day the country will turn into a great crisis. The temperature will rise and it will cause green house effect. The country will be unsuitable for living and various natural calamities like flood, drought, storm etc. will visit our country. Immediate measures should be taken to prevent deforestation. People should be aware of tree plantation through mass media. Tree plantation programme should be extended throughout the country.

7. **Make sentences with appropriate meaning:** 5

**Cats and dogs** (মুষলধারে) — It was raining cats and dogs.

**By virtue of** (বলে) — I am a member on the committee by virtue of my seniority.

**At sixes and sevens** (এলোমেলো) — The books are at sixes and sevens on the table.

**Pros and cons** (খুঁটিনাটি) — I know the pros and cons of the matter.

**To and fro** (এদিক-ওদিক) — He is moving to and fro.

8. **Fill in the blank with appropriate preposition:** 5

a. He is senior —— me.
b. The snack is made —— rice.
c. Bangladesh won —— three wickets.
d. I have no money —— hand.
e. The statement is supported —— necessary documents.

**Ans:** (a) to; (b) by; (c) by; (d) in; (e) with.

9. **Translate into English:** 5

a. রামেরা পাঁচ ভাই।
— Ram has four brothers.

b. পাখি আকাশে উড়ে।
— Birds fly in the sky.

c. সে সাঁতার জানে না।
— He doesn't know how to swim.

d. বাংলাদেশ নদীমাতৃক দেশ।
— Bangladesh is riverine country.

e. স্টেশনে পৌঁছাতে না পৌঁছাতে ট্রেন ছেড়ে দিল।
— No sooner had arrived the station he the train than left.

10. **Change the voice:** 5

a. **The mango tastes sweet.**
— The mango is sweet when it is tasted.

b. **Who killed the snake?**
— By whom was the snake killed.

c. **Do it.**
— Let it be done.

d. **She fans herself.**
— She is fanned by herself.

e. **People laugh at him.**
— He was laughed at by people.

## গণিত—২০

১১. **৮% হার সুদে ৭৫০ টাকা এবং ৬% হার সুদে ১২৫০ টাকা বিনিয়োগ করলে মোট মূলধনের উপর গড়ে শতকরা কত হারে সুদ পাওয়া যাবে?** ৫

**সমাধান**

১০০ টাকার ১ বছরের সুদ ৮ টাকা

∴ ১ " ১ " " $\frac{৮}{১০০}$ "

$\therefore$ ৭৫০ " ১ " " $\frac{৭৫০\times ৮}{১০০}$ = ৬০ টাকা

এবং ১০০ টাকার ১ বছরের সুদ ৬ টাকা

$\therefore$ ১ " ১ " " $\frac{৬}{১০০}$ "

$\therefore$ ১,২৫০ " ১ " " $\frac{১২৫০\times ৬}{১০০}$ = ৭৫ টাকা

১ বছরে মোট বিনিয়োগ = (৭৫০ + ১,২৫০) টাকা = ২,০০০ টাকা।

$\therefore$ ১ " " সুদ = (৬০ + ৭৫) টাকা = ১৩৫ টাকা।

২,০০০ টাকার ১ বছরের সুদ ১৩৫ টাকা

$\therefore$ ১ " ১ " " $\frac{১৩৫}{২০০০}$ "

$\therefore$ ১০০ " ১ " " $\frac{১৩৫\times ১০০}{২০০০} = \frac{২৭}{৪}$

= ৬.৭৫ টাকা।

$\therefore$ মোট মূলধনের উপর সুদের গড় হার ৬.৭৫%

উত্তর : ৬.৭৫%।

১২. একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য ৩২ মিটার এবং প্রস্থ ২৪ মিটার। এর ভিতরে চারদিকে ২ মিটার চওড়া একটি রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল কত? ৫

**সমাধান**

রাস্তাসহ বাগানের ক্ষেত্রফল = (৩২ × ২৪) বর্গ মি. = ৭৬৮ "

রাস্তাবাদে বাগানের ক্ষেত্রফল = (৩২ − ২ × ২) × (২৪ − ২ × ২) বর্গ মি.

= ৫৬০ বর্গ মি.

$\therefore$ রাস্তার ক্ষেত্রফল = (৭৬৮−৫৬০) বর্গ মি. = ২০৮ বর্গ মি.

উত্তর : রাস্তার ক্ষেত্রফল ২০৮ বর্গ মি.

১৩. $a+\frac{1}{a}=3$ হলে প্রমাণ করুন যে, $a^3+\frac{1}{a^3}=18$ ৫

**সমাধান**

দেয়া আছে, $a+\frac{1}{a}=3$

বা, $\left(a+\frac{1}{a}\right)^3=3^3$

বা, $a^3+\frac{1}{a^3}+3.a.\frac{1}{a}\left(a+\frac{1}{a}\right)=27$

বা, $a^3+\frac{1}{a^3}+3.3=27$

বা, $a^3+\frac{1}{a^3}=27-9$

$\therefore a^3+\frac{1}{a^3}=18$ (প্রমাণিত)

১৪. দুটি সংখ্যার সমষ্টি 75, বৃহত্তর সংখ্যাটির এক-তৃতীয়াংশ 30 অপেক্ষা যত কম, ক্ষুদ্রতর সংখ্যাটির চারগুণ 50 অপেক্ষা তত বেশি। সংখ্যা দুটি নির্ণয় করুন। ৫

**সমাধান**

মনে করি, বৃহত্তর সংখ্যাটি = x

$\therefore$ ক্ষুদ্রতর " = 75 − x

প্রশ্নানুসারে,

$30-\frac{x}{3}=4(75-x)-50$

বা, $\frac{90-x}{3}=300-4x-50$

বা, $\frac{90-x}{3}=250-4x$

বা, $750-12x=90-x$

বা, $-12x+x=90-750$

বা, $-11x=-660$

$\therefore x=60$

$\therefore$ বৃহত্তর সংখ্যাটি 60

ক্ষুদ্রতর সংখ্যাটি (75 − 60) বা 15

## সাধারণ জ্ঞান—২০

১৫. নিম্নোধৃত বিষয়ে ৫ (পাঁচটি) বাক্যে একটি অনুচ্ছেদ লিখুন : ৫

### বাংলাদেশের সাম্প্রতিক সমুদ্র বিজয়

১৪ মার্চ ২০১২ জার্মানির হামবুর্গস্থ আন্তর্জাতিক সমুদ্র আইন বিষয়ক ট্রাইব্যুনাল তথা ইটলস (ITLOS) কর্তৃক বঙ্গোপসাগরের বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যকার দীর্ঘদিনের অমীমাংসিত সমুদ্রসীমা চূড়ান্তভাবে নির্ধারিত হয়েছে। আর ৭ জুলাই ২০১৪ স্থায়ী সালিশি আদালত (PCA) বাংলাদেশ ও ভারতের সমুদ্রসীমা মামলার রায় প্রদান করে। ভারত ও মিয়ানমারের সাথে বাংলাদেশের সমুদ্রসীমা নির্ধারণের রায়ের ফলে বাংলাদেশ এক বিপুল অঞ্চলে তার পূর্ণ অধিকার ও সার্বভৌমত্ব প্রতিষ্ঠিত করতে পেরেছে। রায় অনুযায়ী দুই দেশের মধ্যে বঙ্গোপসাগরের বিরোধপূর্ণ ২৫,৬০২ বর্গ কিলোমিটারের মধ্যে বাংলাদেশ পাবে ১৯,৪৬৭ বর্গ কিলোমিটার আর ভারত পাবে ৬,১৩৫ বর্গ কিলোমিটার। এ রায়ের ফলে ১,১৮,৮১৩ বর্গ কিলোমিটারের বেশি টেরিটোরিয়াল সমুদ্র, ২০০ নটিক্যাল মাইল পর্যন্ত অর্থনৈতিক অঞ্চল ও চট্টগ্রাম উপকূল থেকে ৩৫৪ নটিক্যাল মাইল পর্যন্ত মহীসোপানের তলদেশে অবস্থিত সবধরনের প্রাণিজ ও অপ্রাণিজ সম্পদের ওপর বাংলাদেশের সার্বভৌমত্ব প্রতিষ্ঠা পেয়েছে।

১৬. নিচের শব্দগুলোর পূর্ণরূপ লিখুন : ৫

**BBC**—British Broadcasting Corporation.

**BGB** — Border Guard Bangladesh.

**ICDDR,B** — International Centre for Diarrhoeal Diseases Rescarch, Bangladesh.